# বার্ষিক প্রতিবেদন

## অর্থবছর: ২০২৩-২০২৪



# বাংলাদেশ জাতীয় জাদুঘর

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

# বার্ষিক প্রতিবেদন

**অর্থবছর : ২০২৩-২০২৪**

**বাংলাদেশ জাতীয় জাদুঘর**

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

# বার্ষিক প্রতিবেদন

জুলাই ২০২৩-জুন ২০২৪


**প্রধান সম্পাদক**

মহাপরিচালক

বাংলাদেশ জাতীয় জাদুঘর

**নির্বাহী সম্পাদক**

সচিব

বাংলাদেশ জাতীয় জাদুঘর

**সম্পাদনা পরিষদ**

আসমা ফেরদৌসি

দিবাকর সিকদার

জান্নাতুন নাঈম

রাশেদুল আলম প্রদীপ

মো. মোজাহার রহমান শাহ্

লুৎফুন নাহার

মো. জুয়েল রানা

সুবীর সিকদার

মো. আছাদুজ্জামান

**প্রকাশক**

বাংলাদেশ জাতীয় জাদুঘর

**প্রকাশকাল**

৩০ সেপ্টেম্বর ২০২৪

**মুদ্রণ**

**ডিএস প্রিন্টিং এন্ড প্যাকেজিং**

২৩৪/ডি, নিউ এলিফ্যান্ট রোড, ঢাকা-১২০৫



**© বাংলাদেশ জাতীয় জাদুঘর**



**প্রচ্ছদ**

বাংলাদেশ জাতীয় জাদুঘরের থ্রিডি আলোকচিত্র



**মহাপরিচালক**
বাংলাদেশ জাতীয় জাদুঘর

# মুখবন্ধ

বাংলাদেশ জাতীয় জাদুঘর দেশের ইতিহাস, শিল্পকলা, শিক্ষা, সংস্কৃতি এবং প্রাকৃতিক ঐতিহ্যের নিদর্শনাদি সংগ্রহ, সংরক্ষণ, প্রদর্শন ও গবেষণায় নিয়োজিত একটি জাতীয় প্রতিষ্ঠান। নিদর্শনাদি সংগ্রহ, সংরক্ষণ, প্রদর্শন ও গবেষণার মাধ্যমে জাদুঘরে আগত দর্শনার্থী বিশেষ করে তরুণ প্রজন্মকে হাজার বছরের গৌরবগাঁথা ও জাতীয় বীরদের সাথে পরিচিত করে তোলার উদ্দেশ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর নিরন্তর কাজ করে যাচ্ছে। প্রাচীন ইতিহাসের স্মারক, ভাস্কর্য, পোড়ামাটির ফলক, মুদ্রা, পাণ্ডুলিপি, অলংকার, বিভিন্ন নৃগোষ্ঠির ব্যবহার্য উপাদান, জাতীয় ও আন্তর্জাতিক চিত্রকলা এবং প্রাকৃতিক সম্পদের বিশাল সমারোহ দর্শনার্থীদের সামনে উন্মোচন করেছে নতুন সম্ভাবনার দুয়ার।

১৯১৩ সালের ৭ আগস্ট পূর্ববাংলা ও আসাম প্রদেশের রাজধানী ঢাকায় নবনির্মিত সচিবালয়ের (বর্তমান ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে) একটি কক্ষে 'ঢাকা যাদুঘর' উদ্বোধন করেন গভর্নর লর্ড কারমাইকেল। শতবর্ষ অতিক্রম জাদুঘরের বর্তমান নিদর্শন সংখ্যা ৯৩,৯০১টি (৩০ জুন ২০২৪ পর্যন্ত)। ১৯১৫ সালে জুলাই মাসে তৎকালীন সচিবালয়ের কক্ষ থেকে 'ঢাকা যাদুঘর' স্থানান্তরিত হয় ঢাকার নিমতলীর নায়েব নাজিমের বারোদুয়ারি ও দেউরিতে। ১৯৮৩ সালের ২০ সেপ্টেম্বর 'ঢাকা যাদুঘর' আত্মীকরণ করে বাংলাদেশ জাতীয় জাদুঘর প্রতিষ্ঠিত হয় ও নিমতলী থেকে শাহবাগের বর্তমান স্থানে স্থানান্তরিত হয় এবং ১৭ নভেম্বর আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়। ১৯৮৩ থেকে ২০২৪ এই ৪১ বছরে বাংলাদেশ জাতীয় জাদুঘর উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত রেখে বৈচিত্র্যময় নিদর্শন প্রদর্শনের মাধ্যমে প্রতিবছর ১০ থেকে ১২ লক্ষ দেশি-বিদেশি দর্শকদের আকৃষ্ট করে চলেছে। বর্তমানে ৪৬টি গ্যালারিত ৪,১৭৮টি নিদর্শন প্রদর্শিত হচ্ছে।

মহান মুক্তিযুদ্ধের আলোকচিত্র, ব্যবহৃত অস্ত্রশস্ত্র, প্রকাশিত পত্রিকা, মুক্তিযোদ্ধাদের ব্যবহৃত ব্যাজ, পরিচয়পত্রসহ বিভিন্ন নিদর্শন; ভাষা আন্দোলনের আলোকচিত্র এবং ভাষা শহিদ ও সংগ্রামীদের স্মৃতি নিদর্শন এবং শহীদ বুদ্ধিজীবীদের স্মৃতি নিদর্শন সংগ্রহ, সংরক্ষণ ও প্রদর্শন সংক্রান্ত কার্যক্রম জাদুঘর নিষ্ঠার সাথে বাস্তবায়ন করে চলেছে। একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবিলায় ডিজিটালাইজেশন প্রক্রিয়ার মাধ্যমে জাদুঘরের নিদর্শনের Object ID কাজ সম্পন্ন করে নিদর্শন-সামগ্রীর তথ্য সংরক্ষণ করা, বিষয়ভিত্তিক প্রদর্শনী স্থাপনের মাধ্যমে মুক্তিযুদ্ধের পটভূমি ও প্রকৃত ইতিহাস ভবিষ্যৎ প্রজন্মের কাছে পৌঁছে দেয়া এবং জাদুঘরের নিদর্শনের সার্বক্ষণিক নিরাপত্তা ব্যবস্থা সুরক্ষিত করা হয়েছে। বাংলাদেশের প্রথম সংবিধান ছাপানোর বৃহৎ আকারের মুদ্রণ যন্ত্রটি বি.জি. প্রেস থেকে বাংলাদেশ জাতীয় জাদুঘরে এনে জনসাধারণের জন্য উন্মুক্ত স্থানে প্রদর্শন করা হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরে বাংলাদেশ জাতীয় জাদুঘরের ৩টি গ্যালারি আধুনিকায়ন করা হয়েছে এবং একটি নতুন গ্যালারি (পুতুল শীর্ষক ৪৬ নম্বর গ্যালারি) স্থাপন করা হয়েছে।

২০২৩-২০২৪ অর্থবছরে ভারতের পশ্চিমবঙ্গের শান্তিনিকেতনে 'বাংলাদেশ ভবন জাদুঘর সজ্জিতকরণ কাজ ২য় পর্যায়' সম্পন্ন করা হয়েছে। জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে 'বাংলাদেশ ও রবীন্দ্রনাথ গ্যালারি স্থাপন কাজ (১ম পর্যায়)' বাস্তবায়নের পর্যায়ে রয়েছে। জাপানের বিশ্ববিখ্যাত আর্কিটেক্ট মি. তাদাও অ্যান্দো'র ডিজাইনে এবং জাপানের অর্থায়নে জাতীয় জাদুঘর প্রাঙ্গণে ৬০০০ বইসহ শিশুদের জন্য একটি আইকনিক চিলড্রেন লাইব্রেরি স্থাপনের MoU স্বাক্ষরিত হয়েছে এবং এর কার্যক্রম বাস্তবায়নাধীন। UNESCO কর্তৃক ২০২৫ সালে Intangible Cultural Heritage (ICH) হিসেবে স্বীকৃতি প্রাপ্তির লক্ষ্যে ঐতিহ্যবাহী টাঙ্গাইলের শাড়ি বুনন শিল্প সংক্রান্ত নমিনেশন ফাইল প্রেরণ করা হয়েছে। শিক্ষা বিস্তারে কর্মসূচি সম্প্রসারণের লক্ষ্যে জাদুঘর সম্প্রতি Art History and Museology Certificate কোর্স চালু করেছে। নতুন শাখা জাদুঘর হিসেবে কুমিল্লার লাকসামে নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ি জাদুঘর এবং ঢাকায় শহীদ জননী জাহানারা ইমাম স্মৃতি জাদুঘর ২০২৩-২০২৪ অর্থবছরে বাংলাদেশ জাতীয় জাদুঘরের শাখা হিসেবে যুক্ত হয়েছে।

বার্ষিক প্রতিবেদন নিয়মিত প্রকাশনার অংশ হিসেবে ২০২৩-২০২৪ অর্থবছরের প্রতিবেদন প্রকাশ করার জন্য জাতীয় জাদুঘরের কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত কমিটির ঐকান্তিক প্রচেষ্টায় জাদুঘরের সার্বিক কর্মকাণ্ডের বিভিন্ন তথ্য ও উপাত্ত সমন্বয় করে এই বার্ষিক প্রতিবেদন তৈরি করা হয়েছে। এ কাজে বিজ্ঞ পর্ষদ-এর পরামর্শ ও নির্দেশনার গুরুত্ব অপরিসীম। এ প্রতিবেদনে জাতীয় জাদুঘরের সামগ্রিক কর্মকাণ্ডের প্রতিফলন ঘটেছে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, পর্ষদ, জাদুঘর সুহৃদ, গবেষক, উপহারদাতা ও জাদুঘরে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি যাদের পরামর্শ ও সহযোগিতা বাংলাদেশ জাতীয় জাদুঘরকে একটি আধুনিক, গতিশীল ও সেবামূলক প্রতিষ্ঠানে পরিণত করার প্রতিনিয়ত অনুপ্রেরণা যোগাবে।

**(মো. কামরুজ্জামান)**



**সচিব (অতিরিক্ত সচিব)**
বাংলাদেশ জাতীয় জাদুঘর

# প্রসঙ্গ কথা

জাদুঘর গণমানুষের শিক্ষা প্রতিষ্ঠান। জাদুঘর অতীতের সাথে বর্তমানের যোগসূত্র স্থাপন করে। বাংলাদেশ জাতীয় জাদুঘর ১৯১৩ সালে প্রতিষ্ঠার পর থেকে অদ্যাবধি দেশের মানুষকে অতীতের সাথে বর্তমানের পরিচিতি ঘটিয়ে আসছে। জাদুঘর প্রতিষ্ঠায় সরকারের পাশাপাশি দেশের তৎকালীন বরেণ্য ব্যক্তিত্ব ও গুণীজন বিশেষ ভূমিকা রেখেছেন এবং তাঁদের সংগৃহিত নিদর্শন সৌজন্য হিসেবে প্রদান করে জাদুঘরের সংগ্রহ ভান্ডারকে সমৃদ্ধ করেছেন। বর্তমানে প্রায় ৯৪ হাজার নিদর্শন জাতীয় জাদুঘরের সংগ্রহশালায় রয়েছে। বাংলাদেশের হিন্দু, মুসলিম, বৌদ্ধ, খ্রিস্টান, আদিবাসী জনগোষ্ঠীর ইতিহাস, ঐতিহ্য, সাংস্কৃতিক উপাদান, প্রত্ননিদর্শন, ধর্মীয় আচার-অনুষ্ঠান, সমাজ জীবন, লোকশিল্প, মহান ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল নিদর্শন, দারুশিল্প, চারু ও কারুশিল্প, নকশীকাঁথা, শীতলপাটী, চিত্রকলা, শিল্পকলা ও ভাস্কর্য, গাছপালা, পশুপাখি, শিলা ও খনিজ সম্পদ ইত্যাদি ৩,৭৯৯ টি নিদর্শন জাদুঘরের ৪টি কিউরেটরিয়াল বিভাগের তত্ত্বাবধানে ৪৫ টি গ্যালারিতে প্রদর্শিত হচ্ছে। প্রতিদিন হাজারো দর্শনার্থী জাদুঘর পরিদর্শন করছেন। সংরক্ষণ রসায়নাগার বিভাগ জাতীয় জাদুঘরের নিদর্শনের পরিচর্যা করছে। কিউরেটরিয়াল বিভাগগুলোকে সচল রাখতে জাদুঘরের প্রশাসন শাখা, হিসাব শাখা, প্রকৌশল শাখা ও নিরাপত্তা শাখা কাজ করে যাচ্ছে। গবেষকদের জন্য রয়েছে ৪০,০০০ বই সমৃদ্ধ একটি সুবিশাল লাইব্রেরি।

জাদুঘরের নিজস্ব কার্যক্রমের অংশ হিসেবে নিদর্শন বিষয়ক প্রদর্শনী, সভা-সেমিনার, আলোচনা সভার পাশাপাশি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় নির্দেশিত বিভিন্ন অনুষ্ঠান, সেমিনার এবং দেশের বরেণ্য ব্যক্তিবর্গের স্মরনে আলোচনা সভা, স্মরন সভা আয়োজন করে থাকে। জনশিক্ষা বিভাগ অনুষ্ঠানাদি আয়োজন এবং দর্শনার্থীদের জাদুঘর পরিদর্শনে সহায়তা করে। জিয়া স্মৃতি জাদুঘর ও আব্দুল হক চৌধুরী সংগ্রহশালা, চট্টগ্রাম; ওসমানী জাদুঘর, সিলেট; শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা, ময়মনসিংহ; পল্লীকবি জসীম উদ্‌দীন জাদুঘর ও সাংস্কৃতিক কেন্দ্র, ফরিদপুর; কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর, কুষ্টিয়া; নবাব ফয়জুন্নেছা চৌধুরী জমিদার বাড়ী জাদুঘর, কুমিল্লা এবং ঢাকার আহসান মঞ্জিল জাদুঘর, স্বাধীনতা জাদুঘর ও শহীদ জননী জাহানারা ইমাম জাদুঘরসহ ১০টি শাখা জাদুঘর নিয়ে বাংলাদেশ জাতীয় জাদুঘর-এর বর্তমান পথচলা। এসব শাখা জাদুঘরের কর্মীগণও দর্শনার্থীদের সেবা প্রদানে সদাপ্রস্তুত।

বার্ষিক প্রতিবেদন কোন প্রতিষ্ঠানের সফলতা-ব্যর্থতার দলিল বা জনগনের কাছে জবাবদিহিতার প্রমাণক। বাংলাদেশ জাতীয় জাদুঘর গত ০১ জুলাই ২০২৩ হতে ৩০ জুন ২০২৪ পর্যন্ত সময়ে যেসব ক্ষেত্রে সফলতা অর্জন করেছে এ প্রতিবেদনে তাই লিপিবদ্ধ হয়েছে। কোন ব্যর্থতা থাকলে তা সদিচ্ছা থাকা সত্ত্বেও আর্থিক এবং প্রশাসনিক সীমাবদ্ধতার জন্যই হয়েছে।

বার্ষিক প্রতিবেদন প্রস্তুত অসাধ্য না হলেও কষ্টসাধ্য। তাই বার্ষিক প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তাদের আন্তরিক ধন্যবাদ জানাই। আমাদের পাশে থাকার জন্য কৃতজ্ঞতা জানাই দর্শক, পাঠক ও শুভানুধ্যায়ীদের। বাংলাদেশ জাতীয় জাদুঘরকে নিরন্তর সহযোগিতা, সমর্থন ও নির্দেশনা প্রদানের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নিকট আমরা কৃতজ্ঞ।

সবার সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করছি। আল্লাহ হাফেজ



**(গাজী মোঃ ওয়ালি-উল-হক)**

# সূচিপত্র

**প্রথম অধ্যায়**

- বাংলাদেশ জাতীয় জাদুঘর পরিচিতি ৭
- রূপকল্প ও অভিলক্ষ্য ৮
- আইন/বিধি ও নীতিমালা ৮
- বাংলাদেশ জাতীয় জাদুঘরের ভবিষ্যৎ পরিকল্পনা ৯
- বাংলাদেশ জাতীয় জাদুঘর পর্ষদ ১০
- বাংলাদেশ জাতীয় জাদুঘর পর্ষদ সভার আলোকচিত্র ১১
- বাংলাদেশ জাতীয় জাদুঘরের বিভাগ ও শাখা ১২

**দ্বিতীয় অধ্যায়**

- মহাপরিচালকের দপ্তর ১৩
- সেন্টার ফর আর্ট হিস্ট্রি এন্ড মিউজিওলজি ১৪
- নিবন্ধন ও নিদর্শন নিয়ন্ত্রণ শাখা ১৬
- এক্সপ্লোরেশন এন্ড ব্রাঞ্চ মিউজিয়াম ২০

**তৃতীয় অধ্যায়**

- প্রশাসন, অর্থ ও হিসাব ২১
- প্রশাসন ও সংস্থাপন শাখা ২৩
- আয়োজিত প্রশিক্ষণ ২৪
- দিবস উদযাপন ৩১
- জনবল নিয়োগ, অবসর ও অন্যান্য ৩৮
- সাধারণ সেবা শাখা ৪১
- হিসাব ও বাজেট শাখা ৪২
- নিরাপত্তা শাখা ৪৪
- পর্ষদ শাখা ৪৫
- প্রকৌশল শাখা ৪৫
- উন্নয়ন ও পরিকল্পনা কোষ ৪৭
- আইসিটি শাখা (প্রস্তাবিত) ৪৯
- আর্কাইভস শাখা (প্রস্তাবিত) ৫০

**চতুর্থ অধ্যায়**

- ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগ ৫২
- জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগ ৫৫
- সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগ ৫৮
- প্রাকৃতিক ইতিহাস বিভাগ ৬১
- সংরক্ষণ রসায়নাগার বিভাগ ৬৩

- জনশিক্ষা বিভাগ ৭৩
- শিক্ষা শাখা ৭৩
- শিক্ষার্থীদের জাদুঘর পরিদর্শন ৭৪
- আয়োজিত অনুষ্ঠানমালা ৭৬
- বিশিষ্ট ব্যক্তিবর্গ কর্তৃক জাদুঘর পরিদর্শন ৯০
- ডিসপ্লে শাখা ৯২
- অডিটোরিয়াম শাখা ৯৩
- শ্রুতিচিত্রণ শাখা ৯৪
- গ্রন্থাগার শাখা ৯৯
- প্রকাশনা শাখা ১০১
- ফটোগ্রাফি শাখা ১০৪

**পঞ্চম অধ্যায়**

- বিশেষ প্রদর্শনী ১০৫
- গ্যালারি সংস্কার, আধুনিকায়ন ও উন্নয়ন ১১০
- গ্যালারিতে উপস্থাপিত নিদর্শন ১১২

**ষষ্ঠ অধ্যায়**

শাখা জাদুঘরসমূহের কার্যক্রম

- আহসান মঞ্জিল জাদুঘর ১১৩
- শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা ১১৬
- ওসমানী জাদুঘর ১২১
- জিয়া স্মৃতি জাদুঘর ১২৪
- সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর ১২৮
- স্বাধীনতা জাদুঘর ১৩১
- পল্লীকবি জসীম উদ্‌দীন জাদুঘর ও লোক সাংস্কৃতিক কেন্দ্র ১৩৭
- নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ি জাদুঘর ১৩৯
- শহীদ জননী জাহানারা ইমাম স্মৃতি জাদুঘর ১৪২

# প্রথম অধ্যায়

## বাংলাদেশ জাতীয় জাদুঘর পরিচিতি

জাদুঘর বা মিউজিয়াম বলতে, আমরা এমন একটি স্থান বা জায়গাকে বুঝি, যার কাজ হলো আমাদের জীবনের এক সময়কার প্রতিদিনের ব্যবহার্য উপাদানসমূহ যা বর্তমানে লুপ্তপ্রায়, যেগুলোকে সংগ্রহ, সংরক্ষণ ও প্রদর্শন করে সর্বসাধারণের নিকট উপস্থাপনের মাধ্যমে আমাদের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতিকে তুলে ধরা। সে কারণে জাদুঘর হলো, একটি জাতির সভ্যতা, ঐতিহ্য, ইতিহাস, শিক্ষা ও সংস্কৃতির ভাণ্ডার। জাদুঘরের মাধ্যমেই একটি জাতির শেকড় সন্ধান করা যায়। আজ তাই পৃথিবীর প্রায় প্রত্যেক দেশেই জাদুঘর প্রতিষ্ঠিত হয়েছে। তবে এই জাদুঘরগুলো কোথাও বিষয়ভিত্তিক, কোথাও সর্ববিষয়কেন্দ্রিক। International Council for Museum (ICOM) এর সংজ্ঞার সঙ্গে সঙ্গতি রেখেই সর্ববিষয়কেন্দ্রিক অর্থাৎ বাংলাদেশের হাজার বছরের ইতিহাস, ঐতিহ্য, প্রত্নতত্ত্ব, সমাজ ও সংস্কৃতি সম্পর্কিত উপাদান বা নিদর্শন এবং পাশাপাশি বর্তমানে বিশ্বের বিভিন্ন দেশের ঐতিহাসিক নিদর্শন সংগ্রহ, সংরক্ষণ, প্রদর্শন ও এইসব নিদর্শনসমূহ নিয়ে নিয়ত গবেষণা পরিচালনা করছে বাংলাদেশ জাতীয় জাদুঘর।

বাংলাদেশ জাতীয় জাদুঘর ১৯১৩ সালে 'ঢাকা যাদুঘর' নামে যাত্রা শুরু করে। ১৯০৫ সালে বঙ্গভঙ্গ সংঘটিত হবার পরে পূর্ববাংলা ও আসাম প্রদেশের গভর্নর স্যার ল্যান্সলট হেয়ারের কাছে ঢাকায় জাদুঘর প্রতিষ্ঠার জন্য বিশিষ্ট মুদ্রাতত্ত্ববিদ এইচ. ই. স্টেপালটন কর্তৃক ১৯০৯ সালে পেশকৃত প্রস্তাব বাস্তবায়ন হয়নি বিভিন্ন কারণে। এরপর বঙ্গভঙ্গ রদ হলে ১৯১২ সালের ২৫ জুলাই তারিখে ঢাকার নর্থব্রুক হলে পূর্ববাংলা ও আসামের তৎকালীন গভর্নর লর্ড কারমাইকেলকে দেয়া সংবর্ধনা সভায় স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ঢাকায় জাদুঘর প্রতিষ্ঠার জন্য পুনরায় প্রস্তাব করেন এবং ১৯১৩ সালের ৫ মার্চ তারিখে জাদুঘর প্রতিষ্ঠা সম্পর্কে সরকারি অনুমোদনের গেজেট প্রকাশিত হয়। গেজেট প্রকাশের কয়েক মাস পরে অর্থাৎ ঐ বছরের ৭ আগস্ট পূর্ববাংলা ও আসাম প্রদেশের রাজধানী ঢাকায় নবনির্মিত সচিবালয়ের (বর্তমান ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে) একটি কক্ষে 'ঢাকা যাদুঘর' উদ্বোধন করেন গভর্নর লর্ড কারমাইকেল। মোট ৩৭৯টি ঐতিহাসিক নিদর্শন নিয়ে প্রতিষ্ঠিত এই জাদুঘরটি ১৯১৪ সালের ২৫ আগস্ট দর্শকদের জন্য খুলে দেয়া হয়। ১৯১৫ সালে জুলাই মাসে তৎকালীন সচিবালয়ের কক্ষ থেকে 'ঢাকা যাদুঘর' স্থানান্তরিত হয় ঢাকার নিমতলীর নায়েব নাজিমের বারোদুয়ারি ও দেউরিতে। ১৯৮৩ সালের ২০ সেপ্টেম্বর 'ঢাকা যাদুঘর' আত্মীকরণ করে বাংলাদেশ জাতীয় জাদুঘর প্রতিষ্ঠিত হয় ও নিমতলী থেকে শাহবাগের বর্তমান স্থানে স্থানান্তরিত হয় এবং ১৭ নভেম্বর আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়। বর্তমানে ৪৬টি গ্যালারিত ৪,১৭৮টি নিদর্শন প্রদর্শিত হচ্ছে।

বাংলা ভাষার প্রাচীন পাণ্ডুলিপি, পুঁথি, লেখমালা, শিলালিপি, তালপাতার পুঁথি, বিয়ের দলিল, মানুষ বিক্রির দলিল দস্তাবেজ, প্রত্নতাত্ত্বিক নিদর্শন, পোড়ামাটির ফলক, ধাতব ও পাথরের ভাস্কর্য, মুদ্রা ও পদক, প্রখ্যাত শিল্পীদের চিত্রকর্ম, সমকালীন ও বিশ্বসভ্যতার নিদর্শন, জনজীবন, গৃহসরঞ্জামাদি ও ক্ষুদ্র-নৃগোষ্ঠীর নিদর্শন, অস্ত্রশস্ত্র, আসবাবপত্র, পোশাক-পরিচ্ছদ, দেশিয় ফুল-ফল, লতা-পাতা, খনিজদ্রব্য, প্রাণীকুলের ট্যাক্সিডার্মিকৃত নিদর্শন উপস্থাপনের মাধ্যমে দেশের ঐতিহ্য ও সংস্কৃতির বিকাশ ও প্রসারে বাংলাদেশ জাতীয় জাদুঘর অবদান রেখে চলেছে। জাদুঘরের লাইব্রেরিতে রয়েছে ইতিহাস, প্রত্নতত্ত্ব, রাজনীতি, সমাজনীতি, অর্থনীতি ও মুক্তিযুদ্ধ বিষয়ক গ্রন্থসহ প্রায় ৪০ হাজার দুর্লভ গ্রন্থের এক বিশাল সম্ভার যা পাঠক ও গবেষকদের জ্ঞানতৃষ্ণা নিবারণে সহায়ক ভূমিকা পালন করছে। খ্রিষ্টপূর্ব তৃতীয় শতাব্দী থেকে বর্তমান সময় পর্যন্ত বাংলা লিপির উদ্ভাবন ও বিবর্তনের (স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ) ধারাবাহিক তথ্য জাদুঘরে প্রদর্শিত হচ্ছে।

বাংলাদেশ জাতীয় জাদুঘর অধীনে বর্তমানে ৯টি শাখা জাদুঘর রয়েছে। এগুলো হলো- ঢাকায় আহসান মঞ্জিল জাদুঘর, সিলেটে ওসমানী জাদুঘর, চট্টগ্রামে জিয়া স্মৃতি জাদুঘর, ময়মনসিংহে শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা, ঢাকায় স্বাধীনতা জাদুঘর, ফরিদপুরে পল্লীকবি জসীম উদদীন জাদুঘর ও লোক সাংস্কৃতিক কেন্দ্র, কুষ্টিয়ায় সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর, কুমিল্লার লাকসামে নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ী জাদুঘর এবং ঢাকায় শহীদ জননী জাহানারা ইমাম স্মৃতি জাদুঘর।

বাংলাদেশ জাতীয় জাদুঘর বিপুল সংখ্যক নিদর্শনের এক বিশাল সংগ্রহ ভাণ্ডার। জাদুঘরের বর্তমান নিদর্শন সংখ্যা ৯৩,৯০১টি (৩০ জুন ২০২৪ পর্যন্ত)। প্রাচীন ইতিহাসের স্মারক, ভাস্কর্য, পোড়ামাটির ফলক, মুদ্রা, পাণ্ডুলিপি, অলংকার, বিভিন্ন নৃগোষ্ঠির ব্যবহার্য উপাদান, জাতীয় ও আন্তর্জাতিক চিত্রকলা এবং প্রাকৃতিক সম্পদের বিশাল সমারোহ দর্শনার্থীদের সামনে উন্মোচন করেছে নতুন সম্ভাবনার দুয়ার। গ্যালারিতে এ সকল নিদর্শন প্রদর্শনের মাধ্যমে দর্শকদের চাহিদা পূরণেও জাদুঘর সচেষ্ট রয়েছে। নিদর্শনাদি সংগ্রহ, সংরক্ষণ, প্রদর্শন ও গবেষণার মাধ্যমে জাদুঘরে আগত দর্শনার্থী বিশেষ করে তরুণ প্রজন্মকে হাজার বছরের গৌরবগাঁথা ও জাতীয় বীরদের সাথে পরিচিত করে তোলার উদ্দেশ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর নিরন্তর কাজ করে যাচ্ছে। ২০২৩ সালে ২০ ফেব্রুয়ারি শিক্ষা ক্ষেত্রে গৌরবজনক অবদানের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ জাতীয় জাদুঘরকে 'একুশে পদক-২০২৩' প্রদান করা হয়। প্রতিবছর গড়ে প্রায় ১০ থেকে ১২ লক্ষ দেশি-বিদেশি দর্শক জাদুঘর পরিদর্শন করে থাকে।

## রূপকল্প

জাতীয় ইতিহাস, সাংস্কৃতিক ঐতিহ্য ও জীববৈচিত্র্য সংরক্ষণে সচেতন জাতি।

## অভিলক্ষ্য

জনসাধারণের জন্য স্মার্ট ও আধুনিক প্রযুক্তির সমন্বয়ে ঐতিহাসিক, সাংস্কৃতিক ও প্রাকৃতিক গুরুত্বপূর্ণ নিদর্শনসমূহ অনুসন্ধান,সংগ্রহ, সংরক্ষণ, গবেষণা, প্রদর্শন, প্রকাশনা এবং বিনোদনমূলক আকর্ষণীয় প্রদর্শনীর মাধ্যমে জাতির মানসিক বিকাশ ও উৎকর্ষ সাধন।

## আইন/বিধি ও নীতিমালা

- বাংলাদেশ জাতীয় জাদুঘর আইন, ২০২২
- বাংলাদেশ জাতীয় জাদুঘর প্রবিধানমালা, ২০০৫
- বাংলাদেশ জাতীয় জাদুঘর ম্যানুয়াল, ২০১১
- চাবি ও স্টোর সংক্রান্ত নীতিমালা
- শিল্পকর্ম সংগ্রহ নীতিমালা
- প্রাকৃতিক ইতিহাস বিভাগে সংগ্রহভুক্ত করার জন্য সংগৃহীত/ক্রয়কৃত জীবিত প্রাণী সাময়িক রক্ষণাবেক্ষণ নীতিমালা
- ভ্রাম্যমাণ প্রদর্শনী বাসের নীতিমালা
- সাধারণ তালা-চাবি ব্যবহার নীতিমালা
- জাদুঘরের নিদর্শন বিষয়ক স্টোর কন্টেইনার এবং ইনভেন্টরি রেকড রুমের চাবি ব্যবহার নীতিমালা
- মিলনায়তন, প্রদর্শনী গ্যালারি ইত্যাদি ব্যবহারের নীতিমালা
- প্রশিক্ষণ নীতিমালা
- নথিপত্র, রেজিস্টার খোলা, ব্যবহার ও সংরক্ষণের নিয়মাবলী
- নথিপত্র, রেজিস্টার খোলা, ব্যবহার ও সংরক্ষণের নিয়মাবলী
- যানবাহন ব্যবহার ও সংরক্ষণ নীতিমালা
- হাজিরা প্রদানের নীতিমালা
- গ্রন্থাগার ব্যবহারের নীতিমালা
- আসবাবপত্র তৈরির ম্যানুয়াল
- শীতাতাপ নিয়ন্ত্রণ কাজের নীতিমালা
- ফায়ার ও বার্গলার সিস্টেমের নীতিমালা
- ফায়ার ও বার্গলার এলার্ম বাজলে করণীয়
- সাব-স্টেশন সম্পর্কে নীতিমালা
- লিফ্‌ট পরিচালনার নীতিমালা
- শাখা জাদুঘর পরিচালনার জন্য প্রশাসনিক নীতিমালা
- কথ্য ইতিহাস সংরক্ষণ ও  ব্যবহারের নীতিমালা
- জার্নাল প্রকাশের নীতিমালা
- গবেষণা সংক্রান্ত নীতিমালা
- দুর্যোগ ব্যবস্থাপনা নীতিমালা
- বাসা বরাদ্দ নীতিমালা, ২০১৪
- তথ্য প্রকাশ নীতিমালা, ২০১৫

# বাংলাদেশ জাতীয় জাদুঘরের ভবিষ্যৎ পরিকল্পনা

## স্বল্পমেয়াদী ভবিষ্যৎ পরিকল্পনা:

১. ICH (Intangible Cultural Heritage) এর জাতীয় তালিকা প্রণয়ন।

## মধ্যমেয়াদী ভবিষ্যৎ পরিকল্পনা:

১. রোজ গার্ডেনের আবাসিক তিনতলা ভবনকে 'ঢাকা জাদুঘর'-এ রূপান্তর।

২. জাতীয় চার নেতার স্মৃতিকেন্দ্র নির্মাণ শীর্ষক প্রকল্পের মাধ্যমে জাতীয় চার নেতার নিজ জেলায় যথাক্রমে:

(১) সৈয়দ নজরুল ইসলাম স্মৃতিকেন্দ্র, কিশোরগঞ্জ

(২) তাজউদ্দিন আহমেদ স্মৃতিকেন্দ্র, গাজীপুর

(৩) আবুল হাসনাত মুহাম্মদ কামরুজ্জামান স্মৃতিকেন্দ্র, রাজশাহী এবং

(৪) ক্যাপ্টেন এম মনসুর আলী স্মৃতিকেন্দ্র, সিরাজগঞ্জ নির্মাণ।

৩. বাংলাদেশ জাতীয় জাদুঘর প্রাঙ্গনে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন জাপানী আর্কিটেক্ট Mr. Tadao Ando এর ডিজাইনে ৬০০০ বইসহ একটি দৃষ্টিনন্দন Iconic Children Library নির্মাণ।

৪. বাংলাদেশ জাতীয় জাদুঘরের ০৫ (পাঁচ) টি গ্যালারি সংস্কারের মাধ্যমে আধুনিকায়ন।

৫. বাংলাদেশ জাতীয় জাদুঘরকে স্মার্ট জাদুঘরে রুপান্তরের লক্ষ্যে ভার্চুয়াল গ্যালারি, অডিও গাইড অটোমেটিক সিকিউরিটি সিস্টেম এবং ই-বুক প্রবর্তনের কার্যক্রম গ্রহণ।

৬. Video Mapping, Projection Mapping ইত্যাদি প্রযুক্তি ব্যবহার করে ৩৬০০ স্ক্রীনের সাহায্যে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের নান্দনিক এবং প্রায় বাস্তব উপস্থাপন।

## দীর্ঘমেয়াদী ভবিষ্যৎ পরিকল্পনা:

১. বাংলাদেশ জাতীয় জাদুঘরের আধুনিকায়ন ও অবকাঠামোগত সুবিধা সম্প্রসারণ।

২. ময়মনসিংহস্থ শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালার নতুন ভবনসমূহ নির্মাণ।

৩. কক্সবাজারে প্রাকৃতিক ইতিহাস জাদুঘর স্থাপন।

৪. বিভাগীয় জাদুঘর নির্মাণ।

৫. বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়ন্ত্রণাধীনে 'সংরক্ষণ বিজ্ঞান ইনস্টিটিউট/কেন্দ্র' চালু।

৬. Holographic Display'র মাধ্যমে বিভিন্ন ঐতিহাসিক ব্যক্তিত্ব ও ঘটনার ত্রিমাত্রিক প্রদর্শনী চালু।

৭. VR (Virtual Reality) এবং AR (Augmented Reality) প্রযুক্তির মাধ্যমে বিভিন্ন পুরার্কীতি ও আকর্ষণীয় স্থান ও ঐতিহাসিক ঘটনার সাথে দর্শকের প্রায় বাস্তব অভিজ্ঞতা অর্জনের সুযোগ সৃষ্টি।

## বাংলাদেশ জাতীয় জাদুঘর পর্ষদ

### ২০২৩-২০২৪ অর্থবছরে বাংলাদেশ জাতীয় জাদুঘর পর্ষদ কাঠামো

| ক্র. নং. | নাম/পরিচিতি | পদবী |
|---|---|---|
| ১ | **অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক**<br>সাবেক উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়<br>বাসা নং-৯৮, সড়ক ৯/এ, ধানমন্ডি, ঢাকা | সভাপতি<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর পর্ষদ |
| ২ | **মহাপরিচালক**<br>প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৩ | **মহাপরিচালক**<br>আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর ঢাকা | সদস্য |
| ৪ | **মহাপরিচালক**<br>বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা | সদস্য |
| ৫ | **মহাপরিচালক**<br>বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা | সদস্য |
| ৬ | **যুগ্মসচিব (প্রত্নতত্ত্ব ও জাদুঘর)**<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| ৭ | **ড. নাজমুস সায়াদাত**<br>যুগ্মসচিব<br>পিপিপি ইউনিট, ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ,<br>অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| ৮ | **ডীন**<br>চারুকলা অনুষদ<br>ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৯ | **অধ্যাপক মাহফুজা খানম**<br>সাবেক প্রেসিডেন্ট<br>এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ, ঢাকা | সদস্য |
| ১০ | **অধ্যাপক ড. এ. কে. এম. খাদেমুল হক**<br>ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ<br>ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ১১ | **অধ্যাপক ড. ইসতিয়াক এম. সৈয়দ**<br>পদার্থ বিজ্ঞান বিভাগ<br>ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ১২ | **অধ্যাপক ড. ক্যাথরীন ডেইজী গোমেজ**<br>স্থাপত্য বিভাগ<br>বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ১৩ | **জনাব উজ্জ্বল বিকাশ দত্ত**<br>সচিব (অবসরপ্রাপ্ত)<br>৩/ডি, ইস্টার্ণ হাউজিং এপার্টমেন্ট, ৪, সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা | সদস্য |
| ১৪ | **অধ্যাপক ড. সোনিয়া নিশাত আমিন**<br>অ্যাডজাঙ্কট ফ্যাকাল্টি<br>নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১৫ | **জনাব আ.স.ম. আমিনুর রহমান**<br>সাবেক প্রধান স্থপতি<br>মোহাম্মদপুর, ঢাকা | সদস্য |
| ১৬ | **ড. ভুবন চন্দ্র বিশ্বাস**<br>অতিরিক্ত সচিব (পিআরএল), ফ্লাট নং-২৪/এ, ভবন নং-৪<br>গভঃ অফিসার্স কমপ্লেক্স, বড়বাগ রোড, ব্লক-আই, মিরপুর-২, ঢাকা-১২১৬ | সদস্য |
| ১৭ | **পরিচালক**<br>বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন,<br>সোনারগাঁও, নারায়ণগঞ্জ | সদস্য |
| ১৮ | **জনাব মো. কামরুজ্জামান**<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব)<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর | সদস্য-সচিব |


## বাংলাদেশ জাতীয় জাদুঘর পর্ষদ সভার আলোকচিত্র



০৯ আগস্ট ২০২৩ খ্রি. অনুষ্ঠিত বাংলাদেশ জাতীয় জাদুঘর-এর পর্ষদ সভা



২১ এপ্রিল ২০২৪ **খ্রি.** অনুষ্ঠিত বাংলাদেশ জাতীয় জাদুঘর-এর পর্ষদ সভা


বাংলাদেশ জাতীয় জাদুঘরের বিভাগ ও শাখা
মহাপরিচালক
প্রশাসন, অর্থ ও হিসাব
ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা
জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা
সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা
প্রাকৃতিক ইতিহাস
সংরক্ষণ রসায়নাগার
জনশিক্ষা
সেন্টার ফর আর্ট হিস্ট্রি এন্ড মিউজিওলোজি
এক্সপ্লোরেশন এন্ড ব্রাঞ্চ মিউজিয়াম
রেজিস্ট্রেশন
প্রশাসন ও সংস্থাপন
হিসাব ও বাজেট
নিরাপত্তা
প্রশাসন ও সংস্থাপন
উন্নয়ন ও পরিকল্পনা কোষ
বোর্ড অব ট্রাস্টিজ
প্রশাসন ও সংস্থাপন
সাধারণ সেবা
প্রকৌশল
ডেসপ্যাচ
শিক্ষা
ডিসপ্লে
অডিটোরিয়াম
শ্রুতিচিত্রণ
গ্রন্থাগার
প্রকাশনা
ফটোগ্রাফি
সূত্র: মূল অর্গানোগ্রাম, ১৯৮৩

# দ্বিতীয় অধ্যায়

## মহাপরিচালকের দপ্তর

বাংলাদেশ জাতীয় জাদুঘর এর বিভাগ, শাখা ও অধীন শাখা জাদুঘরসমূহের কার্যক্রম মহাপরিচালকের অধীনে নিয়ন্ত্রিত ও পরিচালিত হয়। সরাসরি মহাপরিচালকের দপ্তরের অধীনে সেন্টার ফর আর্ট হিস্ট্রি এন্ড মিউজিওলোজি, এক্সপ্লোরেশন এন্ড ব্রাঞ্চ মিউজিওয়াম, রেজিস্ট্রেশন শাখা।

### কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **মো. কামরুজ্জামান**<br>মহাপরিচালক<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর<br>ফোন নম্বর: ০২-২২৩৩৬৭৬৯৩ |  |

### ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

- ভারতের পশ্চিমবঙ্গের শান্তিনিকেতনে বাংলাদেশ ভবন নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। ২০১৮ সালের ২৫ মে বাংলাদেশ ভবনের শুভ উদ্বোধন করা হয়। ২০২৩-২০২৪ অর্থবছরে 'বাংলাদেশ ভবন জাদুঘর সজ্জিতকরণ কাজ ২য় পর্যায়' সম্পন্ন করা হয়েছে।
- জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে 'বাংলাদেশ ও রবীন্দ্রনাথ গ্যালারি স্থাপন কাজ (১ম পর্যায়)' বাস্তবায়নের পর্যায়ে রয়েছে।
- জাপানের বিশ্ববিখ্যাত আর্কিটেক্ট মি. তাদাও অ্যান্দো'র ডিজাইনে এবং জাপানের অর্থায়নে জাতীয় জাদুঘর প্রাঙ্গণে ৬০০০ বইসহ শিশুদের জন্য একটি আইকনিক চিলড্রেন লাইব্রেরি স্থাপনের MoU স্বাক্ষরিত হয়েছে এবং এর কার্যক্রম বাস্তবায়নাধীন।
- UNESCO কর্তৃক ২০২৫ সালে Intangible Cultural Heritage (ICH) হিসেবে স্বীকৃতি প্রাপ্তির লক্ষ্যে ঐতিহ্যবাহী টাঙ্গাইলের শাড়ি বুনন শিল্প এর একটি নমিনেশন ফাইল প্রেরণ করা হয়েছে।
- ২০২৩-২০২৪ অর্থবছরে বাংলাদেশ জাতীয় জাদুঘর প্রস্তাবিত বাংলাদেশের আটটি বিভাগের আটটি উপাদানকে সুরক্ষার জন্য 'Implementing community-based heritage festival in eight administrative division of Bangladesh' শীর্ষক প্রকল্পটি UNESCO'র ICH-এর অর্থায়নে বাস্তবায়নের বিষয়টি ইতোমধ্যে অনুমোদিত হয়েছে।



ভারতের পশ্চিমবঙ্গের শান্তিনিকেতনে বাংলাদেশ ভবন জাদুঘর সজ্জিতকরণ কাজ।

# সেন্টার ফর আর্ট হিস্ট্রি এন্ড মিউজিওলজি

সেন্টার ফর আর্ট হিস্ট্রি এন্ড মিউজিওলজির যাত্রা শুরু হয় এই সেন্টারের নিয়ন্ত্রণাধীন 'সার্টিফিকেট কোর্স অন আর্ট হিস্ট্রি এন্ড মিউজিওলজি' শীর্ষক প্রশিক্ষণ কোর্স এর প্রথম ব্যাচের যাত্রার মাধ্যমে। সাধারণ প্রশিক্ষণার্থী, জাদুঘরকর্মী এবং বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত তাৎপর্য সম্পন্ন প্রশিক্ষণার্থী ও জাদুঘর সম্পর্কে সম্যক ধারণা সম্পন্ন, কেতাবি বিদ্যায় পারদর্শী এবং ব্যবহারিক জ্ঞানসম্পন্ন প্রশিক্ষকবৃন্দের সংমিশ্রণে এই প্রশিক্ষণ কার্যক্রমের যাত্রা শুরু হয়। সেন্টার ফর আর্ট হিস্ট্রি এন্ড মিউজিওলজির নিয়ন্ত্রণাধীন 'সার্টিফিকেট কোর্স অন আর্ট হিস্ট্রি এন্ড মিউজিওলজি'-শীর্ষক প্রথম ব্যাচের প্রশিক্ষণ কোর্সটি ২০ ডিসেম্বর ২০২২ তারিখ শুরু হয় এবং সফলভাবে ১০ জানুয়ারি ২০২৩ তারিখ শেষ হয়। প্রথম ব্যাচে ২৫ জন প্রশিক্ষণার্থী এই কোর্সে অংশগ্রহণ করেন। এ পর্যন্ত এই সেন্টারের অধীনে তিনটি ব্যাচের কোর্স সফলভাবে সম্পন্ন করা হয়েছে।

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

- ২৬ জুলাই ২০২৩ তারিখ সেন্টার ফর আর্ট হিস্ট্রি এন্ড মিউজিওলজির নিয়ন্ত্রণাধীন 'সার্টিফিকেট কোর্স অন আর্ট হিস্ট্রি এন্ড মিউজিওলজি' শীর্ষক প্রশিক্ষণ কোর্স এর দ্বিতীয় ব্যাচের যাত্রা শুরু হয়। ১৯ আগস্ট ২০২৩ তারিখ সফলভাবে দ্বিতীয় ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম শেষ হয়। প্রথম ব্যাচের সাফল্যের ধারাবাহিকতায় দ্বিতীয় ব্যাচে ২৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।
- সেন্টার ফর আর্ট হিস্ট্রি এন্ড মিউজিওলজির নিয়ন্ত্রণাধীন 'সার্টিফিকেট কোর্স অন আর্ট হিস্ট্রি এন্ড মিউজিওলজি' শীর্ষক প্রশিক্ষণ কোর্স এর তৃতীয় ব্যাচের যাত্রা শুরু হয় ২৪ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে। ২০২৪ সালে ১৬ মার্চ পূর্বের দুই ব্যাচের সাফল্যের ধারাবাহিকতায় তৃতীয় ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম যথাযতভাবে সম্পন্ন হয়। তৃতীয় ব্যাচে ২৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।



২০২৩-২০২৪ অর্থবছরে দ্বিতীয় ব্যাচের প্রশিক্ষণার্থী ও অতিথিবৃন্দ



২০২৩-২০২৪ অর্থবছরে তৃতীয় ব্যাচের প্রশিক্ষণার্থী ও অতিথিবৃন্দ




২৬ জুলাই ২০২৩ তারিখ সেন্টার ফর আর্ট হিস্ট্রি এন্ড মিউজিওলজির নিয়ন্ত্রণাধীন 'সার্টিফিকেট কোর্স অন আর্ট হিস্ট্রি এন্ড মিউজিওলজি' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের দ্বিতীয় ব্যাচের কার্যক্রমের উদ্বোধন হয়।







প্রশিক্ষণ কার্যক্রমের আলোকচিত্র




২০২৪ সালে ১৬ মার্চ তারিখে সেন্টার ফর আর্ট হিস্ট্রি এন্ড মিউজিওলজির নিয়ন্ত্রণাধীন 'সার্টিফিকেট কোর্স অন আর্ট হিস্ট্রি এন্ড মিউজিওলজি' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের তৃতীয় ব্যাচের ২৯ জন প্রশিক্ষণার্থীকে সনদ প্রদান করা।

## নিবন্ধন ও নিদর্শন নিয়ন্ত্রণ শাখা

বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রত্যেক কিউরেটোরিয়াল বিভাগ/শাখার নিদর্শন সংক্রান্ত যাবতীয় গুরুত্বপূর্ণ ডকুমেন্টস নিবন্ধন ও নিদর্শন নিয়ন্ত্রণ শাখায় সংরক্ষিত থাকে। নিবন্ধন ও নিদর্শন নিয়ন্ত্রণ শাখা সংগৃহীত নিদর্শনসমূহের সংগ্রহ নম্বর প্রদান ও ডকুমেন্টসমূহ সংরক্ষণ করে। সংগৃহীত নিদর্শনের তথ্য সংগ্রহের প্রয়োজনে ইনভেন্টরি রেকর্ড রুম ব্যবহার, গ্যালারি ও স্টোরে নিদর্শন স্থানান্তর, নিদর্শন বিষয়ক প্রদর্শনী, নিদর্শন ইনভেন্টরি ও ভেরিফিকেশনের কাজে কিউরেটোরিয়াল বিভাগকে সহযোগিতা প্রদান করে থাকে। জাতীয় পত্রিকার নিদর্শন প্রাপ্তি সংক্রান্ত তথ্যের পেপারকাটিং মহাপরিচালক মহোদয়কে অবগত করা হয়ে থাকে। নিদর্শন উপহারদাতাদের তালিকা হালনাগাদ করা হয় এ শাখায়। সরকারের বিভিন্ন সংস্থা থেকে চাহিদামত নিদর্শন সংক্রান্ত তথ্য কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে এ শাখা সরবরাহ করে থাকে। জাদুঘরের ম্যানুয়াল অনুযায়ী জাদুঘর ও শাখা জাদুঘরের নবনিযুক্ত কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণের আয়োজন করার দায়িত্ব এ শাখার উপর ন্যস্ত করা আছে।

### কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **মো. লিয়াকত হোসেন**<br>রেজিস্ট্রেশন অফিসার<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর<br>ফোন নম্বর: ০১৭৩২১৮৩৫০৫ |  |

### বাংলাদেশ জাতীয় জাদুঘর ও শাখা জাদুঘরের ২০২৩-২০২৪ অর্থবছরে নিদর্শন নিবন্ধনের তথ্য

| ক্র. নং. | কিউরেটোরিয়াল বিভাগ/শাখা জাদুঘরের নাম | জুলাই - ডিসেম্বর ২০২৩ | জানুয়ারি - জুন ২০২৪ | অর্থবছর ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|
| ১ | ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগ | ৪৩টি | ৬২টি | ১০৫টি |
| ২ | জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগ | ১৭টি | ২১টি | ৩৮টি |
| ৩ | সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগ | ০৪টি | ০২টি | ০৬টি |
| ৪ | প্রাকৃতিক ইতিহাস বিভাগ | ০০টি | ১১টি | ১১টি |
| ৫ | কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর | ০১টি | ০০টি | ০১টি |
| ৬ | ওসমানী জাদুঘর | ০০টি | ০১টি | ০১টি |
| | **সর্বমোট=** | **৬৫টি** | **৯৭টি** | **১৬২টি** |

## ২০২৩-২০২৪ অর্থবছরে বাংলাদেশ জাতীয় জাদুঘর ও শাখা জাদুঘরসমূহ কর্তৃক সংগ্রহভুক্ত নিদর্শন

| ক্রমিক | নিদর্শনের নাম | সংগ্রহ নম্বর | পরিমাপ | নিদর্শনের পরিমাণ/সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | মুদ্রা: রৌপ্য, উম্মাইয়া-আব্বাসিয়। | ০১.০১.০০৩.২০২৩.০০০৯১ থেকে ০১.০১.০০৩.২০২৩.০০১০০ | ৪.৩ গ্রাম | ১০টি |
| ২. | চারুকলা: সমকালীন চিত্র শিরোনাম: মমতাময়ী | ০১.০৩.১০১.২০২৩.০০১০১ | ৭৬ × ৯১ সে.মি. | ১টি |
| ৩. | চারুকলা: সমকালীন চিত্র শিরোনাম: মাতৃত্ব | ০১.০৩.১০১.২০২৩.০০১০২ | ৭৬× ৬১ সে.মি. | ১টি |
| ৪. | চারুকলা: সমকালীন চিত্র শিরোনাম: বঙ্গজননী | ০১.০৩.১০১.২০২৩.০০১০৩ | ৭৬ × ৬১ সে.মি. | ১টি |
| ৫. | পাটি: শীতলপাটি, মূর্তা বেত। | ০১.০২.০৬৯.২০২৩.০০১০৪ | দৈ. ৩১০ সে.মি., প্র. ১২৬ সে.মি. | ১টি |
| ৬. | ধাতব শিল্পকর্ম: লোহা নির্মিত সিন্দুক | ০১.০২.০৬০.২০২৩.০০১০৫ | দৈ. ৫৮ সে.মি. প্র. ৪০.৫ সে.মি., উ. ৪৫.৫ সে.মি. | ১টি |
| ৭. | বাদ্যযন্ত্র: এ্যাকোস্টিক গিটার। | ০১.০২.০৬৭.২০২৩.০০১০৬ | দৈ. ১০০.৫ সে.মি., বডির ব্যাস: ৩৯ সে.মি. | ১টি |
| ৮. | কাঠের শিল্পকর্ম: সিন্দুক, কাঠ। | ০১.০২.০৫৯.২০২৩.০০১০৭ | দৈ. ১১৭ সে.মি.প্র. ৬০ সে.মি. উ. ৬৯ সে.মি. | ১টি |
| ৯. | লোকজ সংস্কৃতি: ফোল্ডার। | ০১.০২.০৫২.২০২৩.০০১০৮ | দৈ: ৩২.৩ সে.মি. প্রস্থ: ২২.৩ সে.মি. | ১টি |
| ১০. | বস্ত্র: শাড়ী। | ০১.০২.০৬৫.২০২৩.০০১০৯ | দৈ: ৫৩২ সে.মি. প্রস্থ: ১০৬ সে.মি. | ১টি |
| ১১. | রৌপ্যমুদ্রা: সম্রাট আকরব, শাহআলম ও ব্রিটিশ | ০১.০১.০০৩.২০২৩.০০১১০ থেকে ০১.০১.০০৩.২০২৩.০০১২৩ | ১০ গ্রাম, ৯ গ্রাম | ১৪টি |
| ১২. | (১) সূচিশিল্প: মুক্তিযুদ্ধের দৃশ্য (২) সূচিশিল্প: মুজিব বর্ষের লোগো | ০১.০২.০৮৩.২০২৩.০০১২৪ থেকে ০১.০২.০৮৩.২০২৩.০০১২৫ | (১) দৈ: ৬৭.৫ সে.মি. প্রস্থ: ৬৭,৫ সে.মি. (২) ৩৬.৫ সে.মি. প্রস্থ: ২৪.৫ সে.মি. | ২টি |
| ১৩. | প্রাগৈতিহাসিক নিদর্শন; হস্ত কুঠার। | ০১.০১.০০১.২০২৩.০০১২৬ | দৈ: ১০ সে.মি. প্র: ০৭ সে.মি. | ১টি |
| ১৪. | দলিল; জমি সংক্রান্ত চুক্তি। | ০১.০১.০০৯.২০২৩.০০১২৭ দৈ: ৮৯ সে.মি. প্র: ৭৬ সে.মি. | দলিল; জমি সংক্রান্ত চুক্তি। | ১টি |
| ১৫. | পাণ্ডুলিপি: জেনেভা বাইবেলের পৃষ্ঠা | ০১.০১.০০৫.২০২৩.০০১২৮ | (১) দৈ: ৮.৫ ইঞ্চি, প্র: ৬.৪৫ ইঞ্চি (২) ২১.৫×১৬ সে.মি. | ২টি |
| ১৬. | হিন্দু ভাস্কর্য: (১) বিষ্ণু, (২) গঙ্গা (৩) বিষ্ণু (ত্রিবিক্রম বিষ্ণু) | ০১.০১.০৩৩.২০২৩.০০১২৯ থেকে ০১.০১.০৩৩.২০২৩.০০১৩১ | (১) উচ্চতা: ৯৭ সে.মি., (২) উচ্চতা: ১০৪.৫ সে.মি. (৩) উচ্চতা: ৬০ সে.মি. | ৩টি |
| ১৭. | হিন্দু ভাস্কর্য: (১) বিষ্ণু (ত্রিবিক্রম বিষ্ণু) (২) বিষ্ণু (ত্রিবিক্রম বিষ্ণু) | ০১.০১.০৩৩.২০২৩.০০১৩২ থেকে ০১.০১.০৩৩.২০২৩.০০১৩৩ | (১) উচ্চতা: ৮৮.৫ সে.মি. (২) উচ্চতা: ৬৫.৫ সে.মি. | ২টি |
| ১৮. | হিন্দু ভাস্কর্য: (১) পার্বতী, (২) গরুড়। | ০১.০১.০৩৩.২০২৩.০০১৩৪ থেকে ০১.০১.০৩৩.২০২৩.০০১৩৫ | (১) উচ্চতা: ৭৭ সে.মি. (২) উচ্চতা: ৬৭.৫ সে.মি. | ২টি |
| ১৯. | ধাতব শিল্পকর্ম: কাঁসার থালা। | ০১.০২.০৬০.২০২৩.০০১৩৬ | ব্যাস: ২৯.৫ সে.মি. | ১টি |
| ২০. | চিঠি: কাগজ। | ০১.০১.০২২.২০২৩.০০১৩৭ | ১৪.৩দ্ধ২১.১ সে.মি. | ১টি |
| ২১. | সনদ: কাগজ | ০১.০১.০২২.২০২৩.০০১৩৮ | ২১.৫ × ১৭ সে.মি. | ১টি |
| ২২. | সনদ: কাগজ | ০১.০১.০২২.২০২৩.০০১৩৯ | ৩১ × ২১ সে.মি. | ১টি |
| ২৩. | সূচিশিল্প: সুতা ও কাপড় (১) শহীদ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান-এর প্রতিকৃতি (২) শহীদ বীরশ্রেষ্ঠ মুন্সি আব্দুর রউফ-এর প্রতিকৃতি (৩) শহীদ বীরশ্রেষ্ঠ রুহুল আমীন-এর প্রতিকৃতি (৪) শহীদ বীরশ্রেষ্ঠ সিপাহী নূর মোহাম্মদ শেখ-এর প্রতিকৃতি | ০১.০২.০৮৩.২০২৩.০০১৪০ থেকে ০১.০২.০৮৩.২০২৩.০০১৪৪ | দৈর্ঘ্য: ৭৬.৫ সে.মি. প্রস্থ: ৫৯ সে.মি. (০১ থেকে ০৫) | ৫টি |

| ক্রমিক | নিদর্শনের নাম | সংগ্রহ নম্বর | পরিমাপ | নিদর্শনের পরিমাণ/সংখ্যা |
|---|---|---|---|---|
| | (৫) শহীদ বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর-এর প্রতিকৃতি | | | |
| ২৪. | সুচিশিল্প: সূঁচ-সুতায় সেলাইয়ে (১) শহীদ বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান-এর প্রতিকৃতি, (২) শহীদ বীরশ্রেষ্ঠ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল-এর প্রতিকৃতি | ০১.০২.০৮৩.২০২৩.০০১৪৫ থেকে ০১.০২.০৮৩.২০২৩.০০১৪৬ | দৈ: ৭৬.৫ সে.মি.<br>প্রস্থ: ৫৯ সে.মি. (ফ্রেমসহ) | ২টি |
| ২৫. | চারুকলা: সমকালীন চিত্রকলা (ছাপচিত্র) | ০১.০৩.১০২.২০২৩.০০১৪৭ | ৮ ৬×১১৪সে.মি. | ১টি |
| ২৬. | হিন্দু ভাস্কর্য:<br>(১) বিষ্ণু, কালোপাথর, (২) বিষ্ণু, কালোপাথর, (৩) বিষ্ণু, কালোপাথর,<br>(৪) দূর্গা: কালোপাথর, (৫) শিবলিঙ্গ, কালোপাথর | ০১.০১.০৩৩.২০২৩.০০১৪৮ থেকে ০১.০১.০৩৩.২০২৩.০০১৫২ | ১. উচ্চতা: ১০৭.৫ সে.মি.<br>প্রস্থ: ৪৮ সে.মি.<br>২. উচ্চতা: উচ্চতা-৯৩ সে.মি. প্রস্থ: ৪৭ সে.মি.<br>৩. উচ্চতা: ৭৯ সে.মি.<br>প্রস্থ: ৩৭ সে.মি.<br>৪. উচ্চতা: ৪৯ সে.মি.<br>প্রস্থ: ২৮ সে.মি.<br>৫. উচ্চতা: ৩৮ সে.মি.<br>প্রস্থ: ২৭ সে.মি. | ৫টি |
| ২৭. | বৌদ্ধ ভাস্কর্য: হারীতী, কালোপাথর | ০১.০১.০৩৩.২০২৩.০০১৫৩ | উচ্চতা: ৩৮ সে.মি. প্রস্থ: ২২ সে.মি. | ১টি |
| ২৮. | বাদ্যযন্ত্র: হারমোনিয়াম। | ০১.০২.০৬৭.২০২৩.০০১৫৪ | উচ্চতা: ৫৪ সে.মি. প্রস্থ: ২৯ সে.মি. | ১টি |
| ২৯. | সমাবর্তন ক্যাপ | ০১.০১.০২২.২০২৪.০০০০১ | দৈর্ঘ্য : ২৫ সে.মি. | ১টি |
| ৩০. | সমাবর্তন ক্যাপ | ০১.০১.০২২.২০২৪.০০০০২ | দৈর্ঘ্য : ২৫ সে.মি. | ১টি |
| ৩১. | সমাবর্তন গাউন | ০১.০১.০২২.২০২৪.০০০০৩ | দৈর্ঘ্য:১৩০ সে.মি. | ১টি |
| ৩২. | সমাবর্তন গাউন | ০১.০১.০২২.২০২৪.০০০০৪ | দৈর্ঘ্য: ১৩০ সে.মি | ১টি |
| ৩৩. | পাঞ্জাবি | ০১.০১.০২২.২০২৪.০০০০৫ | দৈর্ঘ্য: ১১১ সে.মি. | ১টি |
| ৩৪. | পাঞ্জাবি | ০১.০১.০২২.২০২৪.০০০০৬ | দৈর্ঘ্য: ১১১ সে.মি. | ১টি |
| ৩৫. | পাঞ্জাবি | ০১.০১.০২২.২০২৪.০০০০৭ | দৈর্ঘ্য: ১১১ সে.মি. | ১টি |
| ৩৬. | পাঞ্জাবি | ০১.০১.০২২.২০২৪.০০০০৮ | দৈর্ঘ্য: ১১১ সে.মি. | ১টি |
| ৩৭. | প্যান্ট | ০১.০১.০২২.২০২৪.০০০০৯ | দৈর্ঘ্য: ১০০ সে.মি. | ১টি |
| ৩৮. | কোট | ০১.০১.০২২.২০২৪.০০০১০ | দৈর্ঘ্য: ৮১ সে.মি. | ১টি |
| ৩৯. | টাই | ০১.০১.০২২.২০২৪.০০০১১ | দৈর্ঘ্য: ১৪৭ সে.মি. | ১টি |
| ৪০. | টাই | ০১.০১.০২২.২০২৪.০০০১২ | দৈর্ঘ্য: ১৪৭ সে.মি. | ১টি |
| ৪১. | টাই | ০১.০১.০২২.২০২৪.০০০১৩ | দৈর্ঘ্য: ১৪৭ সে.মি. | ১টি |
| ৪২. | শাল/চাদর | ০১.০১.০২২.২০২৪.০০০১৪ | দৈর্ঘ্য: ২৬০ সে.মি. | ১টি |
| ৪৩. | গেঞ্জি | ০১.০১.০২২.২০২৪.০০০১৫ | দৈর্ঘ্য: ৭০ সে.মি. | ১টি |
| ৪৪. | সোয়েটার | ০১.০১.০২২.২০২৪.০০০১৬ | দৈর্ঘ্য: ৭৬ সে.মি. | ১টি |
| ৪৫. | পায়জামা | ০১.০১.০২২.২০২৪.০০০১৭ | দৈর্ঘ্য: ১০৫ সে.মি. | ১টি |
| ৪৬. | উত্তরীয় | ০১.০১.০২২.২০২৪.০০০১৮ | দৈর্ঘ্য: ১৬২ সে.মি | ১টি |
| ৪৭. | উত্তরীয় | ০১.০১.০২২.২০২৪.০০০১৯ | দৈর্ঘ্য: ১৭০ সে.মি. | ১টি |
| ৪৮. | উত্তরীয় | ০১.০১.০২২.২০২৪.০০০২০ | দৈর্ঘ্য: ২০৪ সে.মি. | ১টি |
| ৪৯. | শার্ট | ০১.০১.০২২.২০২৪.০০০২১ | দৈর্ঘ্য: ৭৬ সে.মি. | ১টি |
| ৫০. | ফতুয়া | ০১.০১.০২২.২০২৪.০০০২২ | দৈর্ঘ্য: ৭৬ সে.মি. | ১টি |
| ৫১. | চামড়ার ব্যাগ | ০১.০১.০২২.২০২৪.০০০২৩ | দৈর্ঘ্য : ৪১ সে.মি. প্রস্থ : ২৯ সে.মি. | ১টি |
| ৫২. | ক্রেস্ট | ০১.০১.০২২.২০২৪.০০০২৪ | উচ্চতা: ২৯ সে.মি. | ১টি |
| ৫৩. | ক্রেস্ট | ০১.০১.০২২.২০২৪.০০০২৫ | উচ্চতা: ২৭ সে.মি. | ১টি |
| ৫৪. | ক্রেস্ট | ০১.০১.০২২.২০২৪.০০০২৬ | উচ্চতা: ২৫ সে.মি. | ১টি |
| ৫৫. | ক্রেস্ট | ০১.০১.০২২.২০২৪.০০০২৭ | উচ্চতা: ২৩ সে.মি. | ১টি |
| ৫৬. | ক্রেস্ট | ০১.০১.০২২.২০২৪.০০০২৮ | ব্যাস: ২৩ সে.মি. | ১টি |
| ৫৭. | ক্রেস্ট | ০১.০১.০২২.২০২৪.০০০২৯ | উচ্চতা: ৪০ সে.মি. ব্যাস: ২৬ সে.মি. | ১টি |
| ৫৮. | ক্রেস্ট | ০১.০১.০২২.২০২৪.০০০৩০ | উচ্চতা: ২৬ সে.মি. | ১টি |

| ক্রমিক | নিদর্শনের নাম | সংগ্রহ নম্বর | পরিমাপ | নিদর্শনের পরিমাণ/সংখ্যা |
|---|---|---|---|---|
| ৫৯. | চশমা | ০১.০১.০২২.২০২৪.০০০৩১ | দৈর্ঘ্য: ১৩ সে.মি. | ১টি |
| ৬০. | চিরুনি | ০১.০১.০২২.২০২৪.০০০৩২ | দৈর্ঘ্য: ১৩ সে.মি. | ১টি |
| ৬১. | চিরুনি | ০১.০১.০২২.২০২৪.০০০৩৩ | দৈর্ঘ্য: ১৭ সে.মি. | ১টি |
| ৬২. | কলম | ০১.০১.০২২.২০২৪.০০০৩৪ | দৈর্ঘ্য: ১৩ সে.মি. | ১টি |
| ৬৩. | প্রাণিজ নিদর্শন: বনমোরগ | ০১.০৪.৪০২.২০২৪.০০০৩৫ | দৈর্ঘ্য: ৩৩ সে.মি. | ১টি |
| ৬৪. | প্রাণিজ নিদর্শন: বুনো মহিষের শিং | ০১.০৪.৪০২.২০২৪.০০০৩৬ | দৈর্ঘ্য: বাম পাশ- ১০৪ সে.মি. দৈর্ঘ্য: ডান পাশ ১০৩ সে.মি. | ১টি |
| ৬৫. | চারুকলা; সমকালীন চিত্র শিরোনাম: হিন্দু মুসলিম দাঙ্গা ও বঙ্গবন্ধু। | ০১.০৩.১০১.২০২৪.০০০৩৭ | ৭৬.২ × ১১৬.৮৪ সে.মি. | ১টি |
| ৬৬. | চারুকলা; সমকালীন চিত্র শিরোনাম: বঙ্গবন্ধুর পরিবার | ০১.০৩.১০১.২০২৪.০০০৩৮ | ৭৬.২ × ১১৬.৮৪ সে.মি. | ১টি |
| ৬৭. | কাঠের শিল্পকর্ম: কাঠ; পালঙ্ক। | ০১.০২.০৫৯.২০২৪.০০০৩৯ | উচ্চতা: ১২০ ইঞ্চি, দৈর্ঘ্য: ৯৯ ইঞ্চি, প্রস্থ: ৬৯ ইঞ্চি | ১টি |
| ৬৮. | গানের ডায়রি | ০১.০১.০২০.২০২৪.০০০৪০ | দৈর্ঘ্য: ২৩ সে.মি. প্রস্থ: ১৪ সে.মি. | ১টি |
| ৬৯. | সুপারিশ পত্র | ০১.০১.০২০.২০২৪.০০০৪১ | দৈর্ঘ্য: ২২ সে.মি. প্রস্থ: ১৪ সে.মি. | ১টি |
| ৭০. | মুভমেন্ট অর্ডার | ০১.০১.০২০.২০২৪.০০০৪২ | দৈর্ঘ্য: ২২ সে.মি. প্রস্থ: ১৪ সে.মি. | ১টি |
| ৭১. | টাইপ রাইটার (ইংরেজি) | ০১.০১.০২০.২০২৪.০০০৪৩ | দৈর্ঘ্য: ২৯.৫ সে.মি. প্রস্থ: ২৮ সে.মি. | ১টি |
| ৭২. | প্রবেশ সনদ (অনুমতিপত্র) | ০১.০১.০২০.২০২৪.০০০৪৪ | দৈর্ঘ্য: ৩২.৫ সে.মি. প্রস্থ: ২০ সে.মি. | ১টি |
| ৭৩. | প্রবেশ সনদ (অনুমতিপত্র) | ০১.০১.০২০.২০২৪.০০০৪৫ | দৈর্ঘ্য: ৩০.২ সে.মি. প্রস্থ: ২০ সে.মি. | ১টি |
| ৭৪. | প্রাণিজ নিদর্শন: কুড়া ঈগল পাখি | ০১.০৪.৪০২.২০২৪.০০০৪৬ | দৈ: ৮৮ সে.মি. | ১টি |
| ৭৫. | বেলেপাথর: পালক্বি শিলা | ০১.০৪.৪০১.২০২৪.০০০৪৭ | দৈর্ঘ্য: ১৫ সে.মি. | ১টি |
| ৭৬. | প্রস্তরীভূত কাঠ হলো জীবাশ্ম (fossil) | ০১.০৪.৪০১.২০২৪.০০০৪৮ থেকে ০১.০৪.৪০১.২০২৪.০০০৫১ | ১. দৈর্ঘ্য: ২৮ সে.মি., প্রস্থ: ১১ সে.মি.<br>২. দৈর্ঘ্য: ২২ সে.মি., প্রস্থ: ১৪ সে.মি.<br>৩. দৈর্ঘ্য: ১৮ সে.মি., প্রস্থ: ১১ সে.মি.<br>৪. দৈর্ঘ্য: ১৭ সে.মি., প্রস্থ: ১০ সে.মি. | ৪টি |
| ৭৭. | স্মারক নোট: বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত | ০১.০১.০০৩.২০২৪.০০০৫২ থেকে ০১.০১.০০৩.২০২৪.০০০৭৩ | | ২১টি |
| ৭৮. | প্রাণিজ নিদর্শন: বাঘের ছেদন দাঁত। | ০১.০৪.৪০২.২০২৪.০০০৭৪ থেকে ০১.০৪.৪০২.২০২৪.০০০৭৫ | ১. দৈর্ঘ্য: ৭ সে.মি., ব্যাস: ৬.৫ সে.মি. ২. দৈর্ঘ্য: ৭ সে.মি. ব্যাস: ৬.২ সে.মি | ২টি |
| ৭৯. | প্রাণিজ নিদর্শন: অমেরুদণ্ডী প্রাণী, ঝিনুক (মুক্তাসহ), | ০১.০৪.৪০২.২০২৪.০০০৭৬ | দৈর্ঘ্য: ১৭ সে.মি. প্রস্থ: ১১ সে.মি. | ১টি |
| ৮০. | ধাতব শিল্পকর্ম:<br>১. কাঁসা, তালা, ২. কাঁসা, আগরদান, ৩. কাঁসা, সিঁদুরদান, ৪. কাঁসা, পান-মসলাদান, ৫. কাঁসা, পঞ্চপ্রদীপ, ৬. কাঁসা, কুপি-বাতি, ৭. কাঁসা, মোমদানী, ৮. কাঁসা, এ্যাসট্রে | ০১.০২.০৬০.২০২৪.০০০৭৭ থেকে ০১.০২.০৬০.২০২৪.০০০৮৪ | ১. দৈর্ঘ্য: ৯ সে.মি.<br>প্রস্থ: ৮ সে.মি.<br>২. ব্যাস: ৯ সে.মি., উচ্চতা: ৮ সে.মি.<br>৩. ব্যাস: ৯.৫ সে.মি., উচ্চতা: ৭ সে.মি.<br>৪. ব্যাস: ১১.৫ সে.মি., উচ্চতা: ৯.৫ সে.মি.<br>৫, উচ্চতা: ১১.৩ সে.মি.<br>৬. ব্যা: ৬.৫ সে.মি., উ. ৮ সে.মি.<br>৭. উ. ২৯ সে.মি.<br>৮. দৈর্ঘ্য: ১৩ সে.মি. | ৮টি |
| ৮১. | পুতুল: কাঠ, | ০১.০২.০৮১.২০২৪.০০০৮৫ | উচ্চতা: ৪০ সে.মি., দৈর্ঘ্য: ৩৩ সে.মি. | ১টি |
| ৮২. | ১. পুতুল: কাঠ,<br>২. পুতুল: কাঠ | ১.০২.০৮১.২০২৪.০০০৮৬ থেকে ০১.০২.০৮১.২০২৪.০০০৮৭ | ১. উ: ৩৫ সে.মি.,<br>২. উ: ২৬.৫ সে.মি. | ২টি |
| ৮৩. | ১. পুতুল; কাঠ, হাতি<br>২. পুতুল; কাঠ, উলাফ্রন ঘোড়া<br>৩. পুতুল: কাঠ, শিকারী মানব<br>৪. পুতুল: কাঠ, ব্যাঘ্রশাবক | ০১.০২.০৮১.২০২৪.০০০৮৮ থেকে ০১.০২.০৮১.২০২৪.০০০৯১ | ১. উ. ৪৮ সে.মি., দৈ: ৫৬ সে.মি.<br>২. উ. ৫৬ সে.মি., দৈ: ৩০ সে.মি.<br>৩. উ. ৬৪.৫ সে.মি., দৈ: ৩৪ সে.মি.<br>৪. উ. ৪২ সে.মি., দৈ: ৭৩ সে.মি. | ৪টি |

| ক্রমিক | নিদর্শনের নাম | সংগ্রহ নম্বর | পরিমাপ | নিদর্শনের পরিমাণ/সংখ্যা |
|---|---|---|---|---|
| ৮৪. | লোকজ সংস্কৃতি: কাঠ ও রবার, গুলতি। | ০১.০২.০৫২.২০২৪.০০০৯২ | দৈ: ১৭ সে.মি. | ১টি |
| ৮৫. | চীনামাটির শিল্পকর্ম: লবনপাত্র। | ০১.০২.০৫৮.২০২৪.০০০৯৩ | উ: ৪২ সে.মি. মুখের ব্যাস: ১৫ সে.মি. | ১টি |
| ৮৬. | লোকজ সংস্কৃতি: মাকু; | ০১.০২.০৫২.২০২৪.০০০৯৪ | দৈর্ঘ্য: ২১ সে.মি. | ১টি |
| ৮৭. | বাদ্যযন্ত্র: বাঁশ; মুড়ালি বাঁশি (বড়) | ০১.০২.০৬৭.২০২৪.০০০৯৫ | দৈ: ৮৮ সে.মি. | ১টি |
| ৮৮. | ধাতব শিল্পকর্ম: পিতল, গাছপাত্র (টব) | ০১.০২.০৬৭.২০২৪.০০০৯৬ | উচ্চতা: ২২ সে.মি., ব্যাস: ২৬.৫ সে.মি. | ১টি |
| ৮৯. | মুদ্রণযন্ত্র | ০৮.০০.০২২.২০২৩.০০০০১ | দৈর্ঘ্য ১৬০ সে.মি., প্রস্থ: ১৪৭ সে.মি. | ১টি |
| ৯০. | হ্যান্ড মাইক | ০২.০০.০২২.২০২৪.০০০০১ | দৈর্ঘ্য: ৪৬ সে.মি. | ১টি |
| | | | **সর্বমোট** | **১৬২টি** |

## এক্সপ্লোরেশন এন্ড ব্রাঞ্চ মিউজিয়াম

বাংলাদেশ জাতীয় জাদুঘরের অন্যতম প্রধান কাজ হলো নিদর্শন সংগ্রহ করা। প্রতিদিনের জাতীয় ও স্থানীয় দৈনিক পত্রিকাসমূহ থেকে জাদুঘরে সংগ্রহযোগ্য নিদর্শনের তথ্যসমূহ সংগ্রহ করা এবং উক্ত তথ্যের উপর ভিত্তি করে মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক দ্রুত নিদর্শন সংগ্রহের ব্যবস্থা করা হয়। জাদুঘরের জন্য নিদর্শন সংগ্রহের কাজ কিউরেটরিয়াল বিভাগের সাথে এক্সপ্লোরেশন এন্ড ব্রাঞ্চ মিউজিয়াম শাখা সমন্বয় করে সম্পন্ন করে থাকে। বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়ন্ত্রণাধীন ১০ (দশ)টি শাখা জাদুঘরের প্রশাসনিক কার্যক্রম এক্সপ্লোরেশন এন্ড ব্রাঞ্চ মিউজিয়াম শাখার মাধ্যমে সম্পন্ন করা হয়ে থাকে।

### কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **আ. মোবিন**<br>সহকারী রেজিস্ট্রেশন অফিসার<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর<br>ফোন নম্বর: ০১৭২৩৭০৪৮২ |  |

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

**পদ সৃজন:** আবদুল হক চৌধুরী স্মৃতি জাদুঘরের জন্য বিভিন্ন ক্যাটাগরির ১৬ (ষোল) টি পদ সৃজন এর বিষয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

**শাখা জাদুঘর উদ্বোধন:** নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ী জাদুঘর ও শহীদ জননী জাহানারা ইমাম স্মৃতি জাদুঘর উদ্বোধনের কাজে সহায়তা প্রদান করা হয়।

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি:** বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরসমূহের ২০২৩-২৪ অর্থবছরের এপিএ মূল্যায়ন কাজ সম্পন্ন করা হয়েছে এবং বাংলাদেশ জাতীয় জাদুঘরের সাথে নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরের ২০২৪-২৫ অর্থবছরের চূড়ান্ত এপিএ স্বাক্ষর সম্পন্ন করা হয়েছে।

**পি.আর.এল ও পেনশন:** শাখা জাদুঘরের ০৪ (চার) জন কর্মচারীর পি.আর.এল ও ০৭ (সাত) জন কর্মচারীর পেনশন নিষ্পন্ন করা হয়েছে।

**উচ্চতর গ্রেড:** বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরসমূহের ০২ (দুই) জন কর্মচারীর উচ্চতর গ্রেড প্রদান সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে।

**জাতীয় দিবসসমূহ উদযাপন:** শাখা জাদুঘরসমূহে জাতীয় দিবসসমূহ উদযাপনের নিমিত্ত প্রয়োজনীয় প্রশাসনিক কার্যাদি সম্পন্ন করা হয়েছে। এছাড়াও শাখা জাদুঘরসমূহের প্রতিষ্ঠাবার্ষিকী, বিশিষ্ট ব্যক্তিবর্গের জন্ম-মৃত্যু দিবস উদযাপনে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হয়েছে।

# তৃতীয় অধ্যায়

## প্রশাসন, অর্থ ও হিসাব

### কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **গাজী মোঃ ওয়ালি-উল-হক**<br>সচিব (যুগ্মসচিব)<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর<br>ফোন নম্বর: ০২-২২৩৩৬৪৭৯৬ |  |

### ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

**পরিদর্শন/ভ্রমণ:** ২৪/০৮/২০২৩-২৫/০৮/২০২৩ তারিখ এবং ১৯/১০/২০২৩ তারিখ ১৯৭১: গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর ভবন নির্মাণ শীর্ষক প্রকল্প (১ম সংশোধিত) সরেজমিন পরিদর্শন উপলক্ষ্যে খুলনা ভ্রমণ করা হয়েছে, ০১/১২/২০২৩-০২/১২/২০২৩ তারিখ পর্যন্ত শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা, ময়মনসিংহ-এ তথ্য অধিকার আইন ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের করণীয় শীর্ষক সেমিনার-এ মূল প্রবন্ধ উপস্থাপন এবং শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা, ময়মনসিংহ আয়োজিত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন কর্মসূচির আওতায় অংশীজনের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে যোগদান উপলক্ষ্যে ময়মনসিংহ ভ্রমণ করা হয়েছে, ১৪/০২/২০২৪ তারিখ জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম-এ আয়োজিত তথ্য অধিকার আইন বিষয়ক সেমিনারে প্রশিক্ষক হিসেবে অংশগ্রহণ উপলক্ষ্যে চট্টগ্রাম ভ্রমণ, ১৫/০২/২০২৪ তারিখ কক্সবাজার প্রাকৃতিক ইতিহাস জাদুঘর স্থাপনের সম্ভাব্য স্থান পরিদর্শন উপলক্ষ্যে কক্সবাজার ভ্রমণ করা হয়েছে এবং ১১/০৩/২০২৪ তারিখ নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ী জাদুঘর সরেজমিন পরিদর্শন উপলক্ষ্যে কুমিল্লা ভ্রমণ।

**প্রশিক্ষণ প্রদান:** ২০২৩-২০২৪ অর্থবছরে বাংলাদেশ জাতীয় জাদুঘরের কর্মকর্তা ও কর্মচারীদের দাপ্তরিক কাজে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে অফিসের দৈনন্দিন কার্যক্রমের উপরে প্রশিক্ষণ প্রদান, বাংলাদেশ জাতীয় জাদুঘর কর্তৃক আয়োজিত সেন্টার ফর আর্ট হিস্ট্রি এন্ড মিউজিওলজি-এর আওতায় 'State Policy for the Protection and Promotion of Culture' শীর্ষক প্রশিক্ষণ প্রদান, ০২/১২/২০২৩ তারিখ শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা, ময়মনসিংহ-এ তথ্য অধিকার আইন ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের করণীয় শীর্ষক সেমিনার-এ মূল প্রবন্ধ উপস্থাপন এবং শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা, ময়মনসিংহ-এ আয়োজিত শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন কর্মসুচির আওতায় অংশীজনের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে যোগদান এবং ১৪/০২/২০২৪ তারিখ জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম-এ আয়োজিত তথ্য অধিকার আইন বিষয়ক সেমিনারে প্রশিক্ষক হিসেবে অংশগ্রহণ করা হয়েছে।




সেন্টার ফর আর্ট হিস্ট্রি এন্ড মিউজিওলজির ৩য় ব্যাচের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতির বক্তব্য রাখছেন গাজী মোঃ ওয়ালি-উল-হক সচিব (যুগ্মসচিব), বাংলাদেশ জাতীয় জাদুঘর।

**বাংলাদেশ জাতীয় জাদুঘরের বিভিন্ন দরপত্র আহ্বান ও দরপত্র মূল্যায়ন এবং কার্যাদেশ জারী:**

- ২০২৩-২০২৪ অর্থবছরে বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং নিয়ন্ত্রণাধীন আহসান মঞ্জিল জাদুঘর, জিয়া স্মৃতি জাদুঘর, ওসমানী জাদুঘর, শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা, স্বাধীনতা জাদুঘর-এর উন্নয়ন এবং সংস্কার ও মেরামত সংক্রান্ত কাজের দরপত্র বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ, দরপত্র মূল্যায়ন কমিটির সভায় সভাপতি হিসেবে দায়িত্ব পালন এবং কার্যাদেশ জারী করা হয়।
- ভারতের কোলকাতার রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ে জাদুঘর স্থাপন কাজের বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ, দরপত্র মূল্যায়ন কমিটির সভায় সভাপতি হিসেবে দায়িত্ব পালন এবং কার্যাদেশ জারী করা হয়।
- সেমিনার/আলোচনা/প্রদর্শনী উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণ:
- সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থবছরে দেশের বরেণ্য ব্যক্তিত্বদের স্মরণ সভা এবং বাংলাদেশ জাতীয় জাদুঘর কর্তৃক আয়োজিত বিভিন্ন জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে সেমিনার/আলোচনা সভায় যোগদান।
- বাংলাদেশ জাতীয় জাদুঘর কর্তৃক আয়োজিত বিভাগীয় নিদর্শন ও শিল্পকর্মের বিশেষ প্রদর্শনী ও প্রামাণ্যচিত্র প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত অনুষ্ঠান/সভায় যোগদান:** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ওসমানী মিলনায়তনে আয়োজিত ২১ শে পদক ২০২৪ এবং ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৪ পালন অনুষ্ঠানের ভিডিওচিত্র ও আলোকচিত্র ধারণ উপ-কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৩তম জন্মবার্ষিকী জাতীয় পর্যায়ে উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমী মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানমালার উদ্বোধনী অনুষ্ঠান ও জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৫তম জন্মবার্ষিকী ২০২৪ উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘরে আয়োজিত অনুষ্ঠানমালায় যোগদান এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত অন্যান্য অনুষ্ঠান, সভা ও কর্মশালায় যোগদান।

বাংলাদেশ জাতীয় জাদুঘর আয়োজিত বিভিন্ন সভায় যোগদান: ২০২৩-২০২৪ অর্থবছরে বাংলাদেশ জাতীয় জাদুঘরের মাসিক সমন্বয় সভা, ২০২৩-২০২৪ অর্থবছরে এপিএ পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটির সভা, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা কমিটির সভা, অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সভা, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সভা, ই-গভর্ন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সভা ও তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সভায় যথারীতি যোগদান, বাংলাদেশ জাতীয় জাদুঘরের বাসা বরাদ্দ সংক্রান্ত কমিটি, কম্পিউটার ক্রয়ের অগ্রিম প্রদান সংক্রান্ত কমিটি, গৃহ নির্মাণ/জমি ক্রয়ের অগ্রিম প্রদান সংক্রান্ত কমিটি, মটর সাইকেল/বাই সাইকেল ক্রয়ের অগ্রিম প্রদান সংক্রান্ত কমিটি, ২০২৩-২০২৪ অর্থবছরের সম্মানি ভাতা প্রদান বিষয়ে গঠিত কমিটি, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের বৃত্তি/অনুদান প্রদান বিষয়ে গঠিত কমিটি, কল্যাণ তহবিল থেকে আর্থিক সাহায্য প্রদানের সুপারিশ প্রদান সংক্রান্ত কমিটি, জাদুঘরের তৃতীয় শ্রেণী কর্মচারীদের সিলেকশন গ্রেড প্রদান বিষয়ে গঠিত কমিটি, জাদুঘরের ৩য় শ্রেণীর কর্মচারীদের টাইপ পরীক্ষায় ২টি অতিরিক্ত ইনক্রিমেন্ট প্রদান বিষয়ে গঠিত কমিটির সভায় সভাপতি হিসেবে যোগদান এবং জাদুঘরের কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে 'শুদ্ধাচার পুরস্কার ২০২৪ প্রদান' কমিটির সভায় সদস্য হিসেবে যোগদান করা হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং এর নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরসমূহের শূন্যপদে কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের লক্ষ্যে গঠিত বাছাই কমিটি-১ ও বাছাই কমিটির-২ এর সভায় সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন এবং বাংলাদেশ জাতীয় জাদুঘর ও এর নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরসমূহের পদসমূহ টিওএন্ডই হালনাগাদকরণের নিমিত্ত অনুষ্ঠিত সভায় সভাপতি হিসেবে যোগদান করা হয়েছে।

**প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি:**

- জাতীয় জাদুঘরের সাংগঠনিক কাঠামো হালনাগাদ করার লক্ষ্যে ১৩৮৪ জন জনবলের একটি সাংগঠনিক কাঠামো, আবসাবপত্র প্রাধিকার তৈরী করা হয়েছে। এ সাংগঠনিক কাঠামো বাস্তবায়িত হলে বাংলাদেশ জাতীয় জাদুঘর ও শাখা জাদুঘরসমূহের যে কোন কর্মচারী চাকুরীতে যোগদানের পর ন্যুনতম ৫টি পদোন্নতি পাবেন।
- বাংলাদেশ জাতীয় জাদুঘর ও শাখা জাদুঘরসমূহে শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগের নিমিত্তে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের মধ্যেমে প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ পূর্বক ৭ (সাত) জন জনবল (কর্মচারী) কে সরাসরি নিয়োগ প্রদান ও ১৩ (তের) জন কর্মকর্তা/কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে।
- জাতীয় জাদুঘরের কর্মকর্তা-কর্মচারীদের দীর্ঘদিনের দাবী পেনশন প্রবিধানমালা প্রণয়ন করে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক একচুয়ারি ফার্ম ও সিএ ফার্ম নিয়োগের কার্যক্রম শুরু করা হয়েছে।

# প্রশাসন ও সংস্থাপন শাখা

প্রশাসন ও সংস্থাপন শাখা বাংলাদেশ জাতীয় জাদুঘরের সকল প্রশাসনিক কর্মকাণ্ড পরিচালনায় সহায়তা করে। প্রতিমাসে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে বিভিন্ন প্রতিবেদন, চিঠিপত্র প্রেরণ, নথি উপস্থাপন, বার্ষিক প্রতিবেদন, ইনক্রিমেন্ট, টাইমস্কেল, সিলেকশন গ্রেড, ছুটি সংক্রান্ত, পিআরএল ও অবসর, চাকরি থেকে অব্যাহতি সংক্রান্ত, সাধারণ আচরণ ও শৃঙ্খলা এবং প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত কাজসহ অন্যান্য কাজ এই শাখা করে থাকে।

## কর্মকর্তাদের নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **মো. আব্দুল কুদ্দুস**<br>ঊর্ধ্বতন প্রশাসনিক অফিসার<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর<br>ফোন নম্বর: ০১৭১৫৮১৮৪৯৩ |  |
| ২ | **মো. জহিরুল হক**<br>সহকারী প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন ও সংস্থাপন)<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর<br>ফোন নম্বর: ০১৭১১-০০৪৮১৫ |  |

## অনুশাখা: সাধারন স্টোর শাখা

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **মো. আব্দুল মান্নান**<br>সহকারী প্রশাসনিক কর্মকর্তা (চলতি দায়িত্ব)<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর<br>ফোন নম্বর: ০১৫৫৪৮৬৫৭৭২ |  |

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত কার্যাবলি।
- মাসিক ও বার্ষিক প্রতিবেদন সংক্রান্ত কার্যাবলি।
- বিভিন্ন পদক সংক্রান্ত, প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি, রাষ্ট্রপতির ভাষণ, তথ্য প্রদান সংক্রান্ত কার্যাবলি।
- ইনক্রিমেন্ট, টাইমস্কেল, সিলেকশন গ্রেড, ছুটি সংক্রান্ত, পিআরএল ও অবসর, চাকরি থেকে অব্যাহতি, সাধারণ আচরণ ও শৃঙ্খলা সংক্রান্ত কার্যাবলি।
- পেনশন কেইস, অভিযোগ প্রতিকার, সমন্বয় সভা, বিদেশ ভ্রমণ এবং বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত কার্যাবলি।

# আয়োজিত প্রশিক্ষণ



২০২৩-২০২৪ অর্থবছরের এপিএ লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত ৩০ জন কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে ০১ আগস্ট ২০২৩- ০২ আগস্ট ২০২৩ পর্যন্ত ব্যবহারিকসহ ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা হয়।



বাংলাদেশ জাতীয় জাদুঘরের ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তাদের নিয়ে ২৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখে ২০২৩-২০২৪ অর্থবছরের এপিএ লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত আয়কর রিটার্ন ফরম পূরণ ও আয়কর নির্দেশিকা ২০২৩-২০২৪ বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়।



বাংলাদেশ জাতীয় জাদুঘরের তৃতীয় শ্রেণির কর্মচারীদের নিয়ে ২৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখে ২০২৩-২০২৪ অর্থবছরের এপিএ লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত আয়কর রিটার্ন ফরম পূরণ ও আয়কর নির্দেশিকা ২০২৩-২০২৪ বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়।



১৭ অক্টোবর ২০২৩ তারিখ বাংলাদেশ জাতীয় জাদুঘরের ড্রাইভার, পোশাকপ্রাপ্ত কর্মচারী ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের নিয়ে ২০২৩-২০২৪ অর্থবছরের এপিএ লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত পেনশন সংক্রান্ত কার্যক্রম, পেনশন ও আনুতোষিক, দৈনন্দিন চাকরির শৃঙ্খলা রক্ষা করা ও ছুটি বিধি বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়।




তথ্য অধিকার বিষয়ে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার নির্দেশনার আলোকে তথ্য অধিকার আইন, ২০০৯ ও জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৭ বিষয়ে ৩০ অক্টোবর ২০২৩ তারিখে প্রশিক্ষণ প্রদান করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মো. কামরুজ্জামান।



জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২০২৩-২০২৪ অর্থবছরের নির্দেশনার আলোকে দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন নির্দেশিকা, ২০২৩-২০২৪, প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার ও উত্তম চর্চা, সোনার বাংলা গড়ার প্রত্যয় : জাতীয় শুদ্ধাচার কৌশল ও দূর্নীতি প্রতিরোধে সচেতনতা বৃদ্ধিতে ৩১ অক্টোবর ২০২৩ তারিখে প্রশিক্ষণ আয়োজন করা হয়।



১১ নভেম্বর ২০২৩ তারিখে ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা নিয়ে বাংলাদেশ জাতীয় জাদুঘরের কর্মকর্তাদের নিয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়।



২৬ নভেম্বর ২০২৩ তারিখে গোপনীয় অনুবেদন দাখিল/ অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর/সংরক্ষণ ও ব্যবস্থাপনা সম্পর্কে করণীয় ও কর্মকর্তাগণের এসিআর প্রদানের সমস্যা ও উত্তরণের উপায় বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের সচিব (যুগ্মসচিব) গাজী মোঃ ওয়ালি-উল-হক।



বাংলাদেশ জাতীয় জাদুঘরের ড্রাইভার, পোশাকপ্রাপ্ত কর্মচারী ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের নিয়ে ১০ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে কর্মচারীগণের এসিআর প্রদানের সমস্যা ও উত্তরণের উপায় ও আবাসন নীতিমালা বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়।



১৮ মার্চ ২০২৪ তারিখে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রমাণক বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মো. কামরুজ্জামান।



৩০ এপ্রিল ২০২৪ খ্রি. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশ হিসেবে দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন নির্দেশিকা, ২০২৩-২০২৪, প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার ও উত্তম চর্চা, সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল ও নৈতিকতা ও সেবামুখীতা বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়।



০৮ মে ২০২৪ তারিখে দাপ্তরিক কাজে ভদ্রতা, শিষ্টাচার, নৈতিকতা ও সেবাধর্মিতা, নিয়োগ ও পদোন্নতি বিধিমালা ও পদ সৃজন ও পদ সংরক্ষণ বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়।



০৯ জুন ২০২৪ তারিখে ডি-নথি ব্যবহারিক বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়।



ফাইল ম্যানেজমেন্ট এন্ড রেকর্ড কিপিং, মাইগভ প্লাটফর্ম ও দাপ্তরিক কাজে টিমওয়ার্ক বিষয়ে ২৪ জুন ২০২৪ তারিখে কর্মচারীদের নিয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী, কলাকুশলী ও শব্দসৈনিকদের সংবর্ধনা




স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের ৮৮জন শিল্পী, কলাকুশলী ও শব্দসৈনিকদের অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ ২৪ ডিসেম্বর ২০২৩ বাংলাদেশ জাতীয় জাদুঘরের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়।

## দিবস উদযাপন




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ উপলক্ষ্যে ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু প্রতিকৃতি এবং বাংলাদেশ জাতীয় জাদুঘরের বঙ্গবন্ধু কর্নারে বাংলাদেশ জাতীয় জাদুঘরের পুষ্পাঞ্জলি অর্পণ।




শেখ রাসেল দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রধান লবীতে 'শেখ রাসেল দীপ্তিময় নির্ভীক নির্মল দুর্জয়' শেখ রাসেল ম্যুরালে ১৮ অক্টোবর ২০২৩ তারিখে পুষ্পস্তবক অর্পণ।




মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে সাভারস্থ স্মৃতিসৌধে বাংলাদেশ জাতীয় জাদুঘরের শ্রদ্ধাঞ্জলি অর্পণ।




বাংলাদেশ জাতীয় জাদুঘর থেকে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষ্যে ২১ ফেব্রুয়ারি ২০২৪ শহীদ মিনারে পুষ্পাঞ্জলি অর্পণ করা হয়।




১৭ই মার্চ ২০২৪ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদযাপনে দোয়া মাহফিল।




২৫ মার্চ ২০২৪ তারিখে ২৫ মার্চ ১৯৭১ এ পাকিস্তানী হানাদার বাহিনীর হাতে নিহতদের স্মরণে কবি সুফিয়া কামাল মিলনায়তনে বাদ যোহর বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়।




বাংলাদেশ জাতীয় জাদুঘরের পক্ষ থেকে ২৬ মার্চ ২০২৪ তারিখে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উপলক্ষ্যে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পার্ঘ অর্পণ করা হয়।



১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ, ১৪ এপ্রিল ২০২৪ তারিখে বাংলাদেশ জাতীয় জাদুঘর ও শাখা জাদুঘরের গ্যালারি শিশু-কিশোর, শিক্ষার্থী, প্রতিবন্ধী ও বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সৌজন্য প্রবেশপত্র সুবিধাসহ জনসাধারণের পরিদর্শনের জন্য খোলা রাখা হয়।




১৮ মে ২০২৪ তারিখে আন্তর্জাতিক জাদুঘর দিবস উদযাপন উপলক্ষ্যে ভ্রাম্যমাণ জাদুঘর বাসের শুভ উদ্বোধন করা হয়।




আন্তর্জাতিক জাদুঘর দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে বর্ণাঢ্য র‍্যালি আয়োজন।




আন্তর্জাতিক জাদুঘর দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন আহসান মঞ্জিল জাদুঘরের উপকীপার ও আইকম বাংলাদেশ জাতীয় কমিটির সেক্রেটারি জনাব মো. সেরাজুল ইসলাম।




আন্তর্জাতিক জাদুঘর দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন শিল্পী সুজিত মোস্তফা ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের শিল্পীগোষ্ঠী।




২৫ মে ২০২৪ খ্রি. বাংলাদেশের জাতীয় কবি এবং বাংলা ভাষা ও সাহিত্যের অন্যতম প্রাণপুরুষ বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১২৫তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে কবির সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

# জনবল নিয়োগ, অবসর ও অন্যান্য

## ২০২৩-২০২৪ অর্থবছরে নতুন জনবল নিয়োগ

| ক্র. নং. | নাম | পদবি | যোগদানের তারিখ | ছবি |
|---|---|---|---|---|
| ১ | মোঃ সালাহ্উদ্দিন মোস্তফা | প্রদর্শক প্রভাষক | ১৩/১২/২০২৩ |  |
| ২ | বাধন সরকার | প্রদর্শক প্রভাষক | ১৩/১২/২০২৩ |  |
| ৩ | ইকরাম মাহমুদ | হিসাবরক্ষক | ১৩/১২/২০২৩ |  |
| ৪ | মোঃ আরিফ হোসেন | হিসাবরক্ষক | ১৭/১২/২০২৩ |  |
| ৫ | মোঃ নাসির উদ্দিন | প্রদর্শক প্রভাষক | ১৯/১২/২০২৩ |  |
| ৬ | মোছাঃ তানজিলা খাতুন | রেজিস্ট্রেশন সহকারী | ১২/১২/২০২৩ |  |
| ৭ | মোঃ আনোয়ার হোসেন | সহকারী লাইব্রেরিয়ান-কাম-ক্যাটালগার | ২০/১২/২০২৩ |  |

## ২০২৩-২০২৪ অর্থবছরে অবসরোত্তর ছুটিতে গমনকৃত কর্মকর্তা-কর্মচারীদের তালিকা

| ক্র. নং. | নাম ও পদবি | যোগদানের তারিখ | অবসরোত্তর ছুটিতে গমনের তারিখ | মন্তব্য | ছবি |
|---|---|---|---|---|---|
| ১. | **ড. শিহাব শাহরিয়ার**<br>কীপার (জনশিক্ষা বিভাগ) | ২৪/০১/২০০০ | ১৬/০৯/২০২৩ | স্বেচ্ছায় অবসরে গমন |  |
| ২. | **মো. এমাদুল হক**<br>সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিঃঅপাঃ | ০৮/০৯/১৯৮৭ | ০১/১০/২০২৩ | |  |
| ৩. | **মো. জিয়ারত হোসেন**<br>সহকারী কীপার (রু.দা.) | ২৫/০৩/১৯৮৯ | ১২/০১/২০২৪ | |  |
| ৪. | **মো. শামছুল হক-৩**<br>নিরাপত্তা প্রহরী | ০৯/০৬/১৯৯৭ | ০১/০১/২০২৪ | স্বেচ্ছায় অবসরে গমন | |
| ৫. | **মো. এমদাদুল হক**<br>রেজিস্ট্রেশন সহকারী | ০৭/০৪/১৯৯০ | ০১/০২/২০২৪ | স্বেচ্ছায় অবসরে গমন |  |

## ২০২৩-২০২৪ অর্থবছরে চূড়ান্ত অবসরে গমনকৃত কর্মকর্তা-কর্মচারীদের তালিকা

| ক্র. নং | নাম ও পদবি | যোগদানের তারিখ | চূড়ান্ত অবসরে গমনের তারিখ | ছবি |
|---|---|---|---|---|
| ১. | **মো. তিজারত হোসেন**<br>সহকারী নিরাপত্তা পরিদর্শক | ২৪/০৫/১৯৮৯ | ২৮/০৭/২০২৩ |  |
| ২. | **মো. আবুল কালাম আজাদ**<br>ডিসপ্লে এ্যাটেনডেন্ট | ০১/০৫/১৯৮৯ | ০১/০৮/২০২৩ |  |
| ৩. | **কাজী মো. নজরুল ইসলাম**<br>নিরাপত্তা প্রহরী | ০১/১২/১৯৯৫ | ০১/০৯/২০২৩ |  |

| ক্র. নং | নাম ও পদবি | যোগদানের তারিখ | চূড়ান্ত অবসরে গমনের তারিখ | ছবি |
|---|---|---|---|---|
| ৪. | **মো. আবুল কাশেম-১**<br>অডিটরিয়াম এ্যাটেনডেন্ট | ২৪/১০/১৯৮৪ | ২৪/১০/২০২৩ |  |
| ৫. | **মো. টিপু সুলতান**<br>নিরাপত্তা প্রহরী | ০১/১২/১৯৯৫ | ০১/১১/২০২৩ |  |
| ৬. | **মো. বাবুল মিয়া**<br>ড্রাইভার | ০১/১২/১৯৯৫ | ০১/১১/২০২৩ |  |
| ৭. | **মো. রাজ্জাক মিয়া**<br>মালি | ০১/১২/১৯৯৫ | ১৬/১১/২০২৩ |  |
| ৮. | **মো. আলমগীর চৌধুরী**<br>নিরাপত্তা প্রহরী | ০১/১২/১৯৯৫ | ০১/১২/২০২৩ |  |
| ৯. | **মো. আকতার হোসেন**<br>ল্যাবেরেটরি এ্যাটেনমেন্ট | ০১/০৬/১৯৮৫ | ০১/০১/২০২৪ |  |
| ১০. | **মো. আব্দুল জলিল**<br>কাঠমিস্ত্রী | ২২/০৭/২০০০ | ০১/০১/২০২৪ | |
| ১১. | **মোসাম্মৎ রেজিয়া বেগম**<br>পরিচ্ছন্নতা কর্মী | ০১/০৬/১৯৯৭ | ০১/০১/২০২৪ | |
| ১২. | **জনাব ছফুরা খাতুন**<br>অফিস সহায়ক | ০১/০৬/১৯৯৭ | ০১/০২/২০২৪ | |
| ১৩. | **মো. মোস্তাফিজুর রহমান**<br>সাব-স্টেশন মোকনিক | ১৫/০১/১৯৮৫ | ১২/০২/২০২৪ | |
| ১৪. | **মো. আবু বকর সিদ্দিক**<br>অফিস সহকারী-কাম-কম্পি.মুদ্রাক্ষরিক | ১৬/০৭/১৯৯৬ | ১২/০২/২০২৪ | |
| ১৫. | **মো. নূরুজ্জামান**<br>নিরাপত্তা পরিদর্শক | ২০/১০/১৯৮৪ | ১৮/০২/২০২৪ | |
| ১৬. | **জনাব কঙ্কন কান্তি বড়ুয়া**<br>কীপার (চলতি দায়িত্ব) (প) | ০৭/০৪/১৯৯০ | ১৯/০৪/২০২৪ | |
| ১৭. | **মো. আবুল বাশার**<br>প্রশাসনিক কর্মকর্তা (চলতি দায়িত্ব) | ০২/০৪/১৯৯০ | ০১/০৬/২০২৪ | |

## ২০২৩-২০২৪ অর্থবছরে চাকুরীরত অবস্থায় যাদের হারিয়েছি

| ক্র. নং | নাম ও পদবি | চাকুরীতে যোগদানের তারিখ | মৃত্যু বরণের তারিখ | ছবি |
|---|---|---|---|---|
| ১. | **মো. ওয়াহিদুর রহমান**<br>বিক্রয় সহকারী | ১৭/০৪/২০০০ | ০৫/১১/২০২৩ |  |
| ২. | **মো. শহিদ মিয়া-২**<br>পরিচ্ছান্নতা কর্মী | ০১/০৬/১৯৯৭ | ২৭/১১/২০২৩ | |

## শতভাগ পেনশন সমর্পণকারী কর্মচারীর অবসরে গমনের ১৫ বছর পর পেনশন পুনঃস্থাপন

| ক্র. নং | নাম ও পদবি | অবসরে গমনের তারিখ | পেনশন পুনঃ স্থাপনের তারিখ |
|---|---|---|---|
| ১. | মো. শাহজাহান মিয়া<br>নিরাপত্তা প্রহরী | ০৭/০৩/২০০৯ | ০৮/০৩/২০২৪ |

# সাধারণ সেবা শাখা

সাধারণ সেবা শাখা বাংলাদেশ জাতীয় জাদুঘরের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ শাখা। জাদুঘর পরিদর্শনে আগত দেশি-বিদেশি দর্শকদের কাছে এর পরিচ্ছন্নতা ও বাগানের ফুলের সৌন্দর্য প্রদর্শনের মাধ্যমে দর্শনীয় করে তোলার জন্য নানাবিধ এই শাখা কাজ করে থাকে।

## কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **কাজী ফরিদ আহমেদ**<br>উর্ধ্বতন প্রদর্শক প্রভাষক<br>জনশিক্ষা বিভাগ<br>ফোন নম্বর: ০১৯১৬৫৭২১০১ |  |

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

- বাংলাদেশ জাতীয় জাদুঘরের গ্যালারি, অফিস কক্ষ, ওয়াশরুম, মাঠ/বাগান, রাস্তা, আবাসিক এলাকা ও মিলনায়তন পরিষ্কার করা।
- জাদুঘরের সৌন্দর্য বৃদ্ধিকরণের লক্ষ্যে জাদুঘরের বাগানসমূহে শীতকালীন ফুলের চারা রোপন করা।
- জাতীয় দিবস, বিজয় দিবস, শোক দিবস, কবি/সাহিত্যিক ও বিশিষ্ট ব্যক্তিদের জন্ম ও মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে পুস্পস্তবক তৈরি করা ও অর্পণে সহায়তা করা।
- বিশুদ্ধ খাবার পানি পানের ব্যবস্থা করা।
- মাতৃদুগ্ধ পান কর্নার রক্ষণাবেক্ষণ করা।
- বাংলাদেশ জাতীয় জাদুঘরের বিভিন্ন অনুষ্ঠানের জন্য ফুলের টব তৈরি করা ও অনুষ্ঠানের সৌন্দর্য বৃদ্ধির জন্য মিলনায়তনের ভিতরে ফুলের টব স্থাপন করা।
- সিটি কর্পোরেশন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে ফগার মেশিনের মাধ্যমে জাদুঘর ও এর আবাসিক এলাকার মশা নিধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- দাপ্তরিক কাজ সুচারুপে সম্পন্ন করার জন্য জাদুঘরের যানবাহনসমূহ পরিচালনা করা।
- এই অর্থবছরে সরকারি যানবাহন অধিদপ্তর থেকে ০৩(তিন)টি গাড়ি (একটি ভ্রাম্যমাণ প্রদর্শনী বাস, একটি কোস্টার বাস ও একটি মাইক্রোবাস) জাদুঘরের দাপ্তরিক কাজের প্রয়োজনে আনা হয়েছে।
- জাদুঘরের দাপ্তরিক কাজের সকল চিঠি-পত্র যথাসময়ে প্রাপকের নিকট পৌঁছে দেয়ার ব্যবস্থা করা।
- জাদুঘরের টেলিফোন প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের দাপ্তরিক ও আবাসিক ভবনে বিটিসিএল এর টেলিফোন সংযোগের ব্যবস্থা করা।

# হিসাব ও বাজেট শাখা

বাংলাদেশ জাতীয় জাদুঘরের কর্মকর্তা কর্মচারীদের বেতন-ভাতাদি প্রদান, অফিস কার্যক্রম পরিচালনার জন্য সাধারণ খরচাবলি এবং উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় চাহিদার আলোকে সরকারি বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে খরচ নির্বাহ করতে গেলেই হিসাব পরিচালনার ক্ষেত্রে সুষ্ঠুভাবে প্রাপ্তি ও খরচের হিসাব তৈরি ও এতদসংক্রান্ত ডকুমেন্ট সংরক্ষণের বাধ্যবাধকতা দেখা দেয়। যে কোন অফিসের অর্থনৈতিক কার্যক্রম পরিচালনার জন্য হিসাব শাখার প্রয়োজন হয়ে থাকে। বাংলাদেশ জাতীয় জাদুঘর ১৯৮৩ সালে রূপান্তরিত হওয়ার পূর্বে ঢাকা জাদুঘর নামে ১৯১৩ সাল হতে পরিচালিত হয়ে এসেছে এবং তখন থেকেই অর্থনৈতিক লেনদেনের হিসাব পরিচালনার জন্য নির্দিষ্ট ব্যক্তিদেরকে দায়িত্ব পালন করতে হয়েছে। সময়ের পরিক্রমায় চাহিদার বিষয় ও খরচের পরিধি বিবেচনায় হিসাব শাখা খোলা হয়। অর্গানোগ্রাম অনুযায়ী জনবল অনুমোদন প্রাপ্ত হয়। বাংলাদেশ জাতীয় জাদুঘরের হিসাব শাখার বাজেটের পরিধি বর্তমানে অনেকগুণ বৃদ্ধি পেয়েছে বলে হিসাব শাখার সাথে বাজেট কথাটি সংযুক্ত করে নামকরণ করা হয়েছে হিসাব ও বাজেট শাখা। অর্গানোগ্রাম অনুযায়ী বর্তমানে হিসাব ও বাজেট শাখার মোট ১৪ জনবল রয়েছে। উক্ত জনবল যখন সৃজিত হয় তখন জাদুঘর কেন্দ্রিক কাজের পরিধি বিবেচনা করে জনবল অনুমোদন হয়। এছাড়া বিভিন্ন সময়ে জাদুঘরের হিসাব শাখার জনবল দিয়ে সংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অর্পিত প্রকল্প বাস্তবায়নে সহায়তা করা হয়। সবদিক বিবেচনায় বাংলাদেশ জাতীয় জাদুঘরের হিসাব ও বাজেট শাখা এক গুরুত্বপূর্ণ শাখা হিসাবে বিবেচনা করা হয়ে থাকে।

## কর্মকর্তাদের নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **সমীরন রায়**<br>উর্ধ্বতন হিসাবরক্ষণ অফিসার<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর<br>ফোন নম্বর : ০১৭১০-৬১২৮৬৮ |  |
| ২ | **এস.এম. নজরুল ইসলাম**<br>হিসাবরক্ষণ অফিসার (চলতি দায়িত্ব)<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর<br>ফোন নম্বর : ০১৫৫২-৪০২৮০৭ |  |
| ৩ | **এস.এম. আজিজুর রহমান**<br>সহকারি হিসাবরক্ষণ কর্মকর্তা (চ.দা)<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর<br>ফোন নম্বর : ০১৭১৬-৯৮৭৪৫০ |  |

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

বাংলাদেশ জাতীয় জাদুঘরের ২০২৩-২০২৪ অর্থবছরে সংশোধিত বাজেটে বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয় থেকে ৪৪,৭৬,৩৮,০০০/- (চুয়াল্লিশ কোটি ছিয়াত্তর লক্ষ আটত্রিশ হাজার) টাকা মাত্র বরাদ্দ পাওয়া যায়। উক্ত টাকা ৪(চার)টি সমান কিস্তিতে পায়। প্রাপ্ত অর্থ বাংলাদেশ জাতীয় জাদুঘরের কর্মকর্তা-কর্মচারীদের বেতন ভাতাদি, পণ্য ও সেবা বাবদ সহায়তা, পেনশন ও অবসর সহায়তা, গবেষণা অনুদান, যন্ত্রপাতি অনুদান, তথ্য যোগাযোগ প্রযুক্তি অনুদান এবং অন্যান্য মূলধন অনুদানে ব্যয় করা হয়েছে। অব্যয়িত অর্থ (৪৪,৭৬,৩৮,০০০-৪১,৮৭,৬১,৬৩৯.০৪)=২,৮৮,৭৬,৩৬০.৯৬ (দুই কোটি আটাশি লক্ষ ছিয়াত্তর হাজার তিনশত ষাট টাকা ছিয়ানব্বই পয়সা মাত্র) মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেট এর সাথে সমন্বয় করা হবে। এছাড়া বিভিন্ন সময়ে জাদুঘরের জনবল দিয়ে সংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অর্পিত প্রকল্প বাস্তবায়নের হিসাব নিকাশ সংক্রান্ত কাজে সহযোগিতা করা হয়।

## ২০২৩-২০২৪ অর্থবছরে বাংলাদেশ জাতীয় জাদুঘরের দর্শক সংখ্যা

| দেশি দর্শক সংখ্যা (জন) | সার্কভুক্ত দেশের দর্শক সংখ্যা (জন) | সার্কভুক্ত দেশ ব্যতীত দর্শক সংখ্যা (জন) | শিশু দর্শক সংখ্যা (জন) | সৌজন্য দর্শক সংখ্যা (জন) | শিক্ষার্থী/ প্রশিক্ষণার্থীদর্শক সংখ্যা (জন) | প্রতিবন্ধী দর্শক সংখ্যা (জন) | ভিআইপি/ গুরুত্বপূর্ণ দর্শক সংখ্যা (জন) | মোট দর্শক সংখ্যা (জন) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৩,১৮,৪৬৪ | ৪৮৪ | ২,৭৭২ | ৬৬,৯৩৮ | ৫,৬৮৯ | ১৩৭৭৭ | ৯০ | ১৮০৩ | ৪,১০,০১৭ |

## বাংলাদেশ জাতীয় জাদুঘরের ২০২৩-২০২৪ অর্থবছরের নিজস্ব আয় ও ব্যয়ের বিবরণী

| আয় | | | ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| কোড নং | খাতের বিবরণ | প্রকৃত ব্যয় ২০২৩-২০২৪ | কোড নং | খাতের বিবরণ | প্রকৃত ব্যয় ২০২৩-২০২৪ |
| ২৬১৪১০১ | প্রবেশ টিকেট বিক্রয় | ২,৯৯,৮৮,২৬০.০০ | ২৬১৪১১৫ | প্রবেশ টিকেট মুদ্রণ | ২,৪০,০০০.০০ |
| ২৬১৪১০২ | বিবিধ ভবন (ব্যাংক) ভাড়া | ২৩,১২,৩১০.০০ | ২৬১৪১১৬ | প্রকাশনা সামগ্রী মুদ্রণ | ০.০০ |
| ২৬১৪১০৩ | বিবিধ ভবন (পাঠক সমাবেশ) ভাড়া | ৯,২৪,০০০.০০ | ২৬১৪১১৭ | গৃহনির্মাণ ঋণ প্রদান | ৬,০০,০০০.০০ |
| ২৬১৪১০৪ | অডিটরিয়াম ভাড়া | ২৪,৩৫,১৩৫.০০ | ২৬১৪১১৮ | হোন্ডা/বাইসাইকেল ঋণ প্রদান | ৭০,০০০.০০ |
| ২৬১৪১০৫ | দরপত্র বিক্রয় | ০.০০ | ২৬১৪১১৯ | কম্পিউটার ঋণ প্রদান | ৩,৫০,০০০.০০ |
| ২৬১৪১০৬ | প্রকাশনা সামগ্রী বিক্রয় | ২,২৪,৯৩২.০০ | ২৬১৪১২০ | নিয়োগ পরীক্ষার ব্যয় | ১৩,৬৮,৬০৬.০০ |
| ২৬১৪১০৭ | গৃহনির্মাণ ঋণ আদায় | ১৮,০৯,৭৪৮.০০ | ২৬১৪১২১ | বার্ষিক ক্রিড়া, সংস্কৃতি ও শিক্ষা সফর | ৯,৯৯,২৫৩.০০ |
| ২৬১৪১০৮ | হোন্ডা/বাইসাইকেল ঋণ আদায় | ১,২১,৮৯০.০০ | ২৬১৪১২২ | জাতীয় জাদুঘর কল্যাণ তহবিল | ৪,০০,০০০.০০ |
| ২৬১৪১০৯ | কম্পিউটার ঋণ আদায় | ৪২,০০০.০০ | ২৬১৪১২৩ | সম্মানী ভাতা/ পারিশ্রমিক | ২৬,০৯,২০০.০০ |
| ২৬১৪১১০ | নিয়োগ পরীক্ষার ফি | ৭৯,১০০.০০ | ২৬১৪১২৪ | অন্যান্য ভবন ও স্থাপনা (গ্যালারি উন্নয়ন) | ১,৯৯,৩৩,২৫১.০০ |
| ২৬১৪১১১ | যানবাহন ভাড়া আদায় | ৪,৪৩,০৪৭.০০ | ২৬১৪১২৫ | বুনিয়াদি প্রশিক্ষণ/বিবিধ প্রশিক্ষণ | ৫,৭০,০০০.০০ |
| ২৬১৪১১২ | গাড়ি পার্কিং টিকেট বিক্রয় | ৯৬,৯৮০.০০ | ২৬১৪১২৬ | অধিকাল ভাতা | ১,১৬,৮৩,৮৫১.০০ |
| ২৬১৪১১৩ | অন্যান্য আয়/বিবিধ আয় | ৬,১১,৩৮৭.০০ | ২৬১৪১২৭ | অন্যান্য/বিবিধ ব্যয় | ২,০৫,৫০০.০০ |
| | ২০২৩-২০২৪ অর্থবছরে সর্বমোট আয়= | | | ৩,৯০,৮৮,৭৮৯.০০ | |
| | ২০২৩-২০২৪ অর্থবছরে সর্বমোট ব্যয়= | | | ৩,৯০,২৯,৬৬১.০০ | |
| | ২০২৩-২০২৪ অর্থবছরে সর্বমোট স্থিতি | | | ৫৯,১২৮.০০ | |

# নিরাপত্তা শাখা

বাংলাদেশ জাতীয় জাদুঘরে 'প্রশাসন, অর্থ এবং নিরাপত্তা' নামক একটি বিভাগ রয়েছে। নিরাপত্তা শাখা এ বিভাগের অধীন একটি সর্ববৃহৎ শাখা। বাংলাদেশ জাতীয় জাদুঘর কর্তৃক নিয়োগকৃত নিরাপত্তা কর্মকর্তা-কর্মচারীর মাধ্যমে জাদুঘরের নিরাপত্তা শাখার কার্যক্রম পরিচালিত হয়। নিরাপত্তা নিয়ন্ত্রণ কক্ষ (সিসিটিভি কন্ট্রোল রুম) থেকে সিসিটিভির মাধ্যমে সার্বক্ষণিক নিরাপত্তা ব্যবস্থা মনিটরিং করা হয়। জাদুঘরের নিজস্ব নিরাপত্তা কর্মীর পাশাপাশি জাদুঘর ভবন ও বহিরঙ্গণ এলাকার নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য আনসার কর্মী নিয়োজিত আছেন। জাদুঘরে দিন-রাত ২৪ ঘণ্টায় নিরাপত্তা কর্মীদের শিফটিং ডিউটি চালু আছে। জাদুঘর পরিদর্শনে আগত দর্শনার্থী/বিভিন্ন অনুষ্ঠানে আগত অতিথিদের সুষ্ঠু সেবা ও নিরাপত্তা নিশ্চিত করা এ শাখার দৈনন্দিন দায়িত্ব। নিরাপত্তা শাখা জাদুঘরের গ্যালারিতে প্রদর্শিত নিদর্শনাদি ও সকল সম্পদের নিরাপত্তা বিধানসহ সার্বক্ষণিকভাবে জাদুঘরের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করে থাকে। এ শাখার কার্যক্রম সরাসরি জাদুঘরের সচিব এবং মহাপরিচালক এর নিয়ন্ত্রণে পরিচালিত হয়।

বাংলার গভর্নর লর্ড কারমাইকেল তৎকালীন সচিবালয়ের (বর্তমান ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল) একটি কক্ষে ১৯১৩ সালে 'ঢাকা যাদুঘর' আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। ১৯১৫ সালের জুলাই মাসে নিমতলিস্থ প্রাসাদের বারদুয়ারী ও দেউরিতে স্থানান্তরিত 'ঢাকা যাদুঘরে' স্বল্প পরিসরে যাদুঘরের নিরাপত্তা কার্যক্রম শুরু হয়। পরবর্তীতে ১৯৮৩ সালে ঢাকার শাহবাগে স্থানান্তরিত বাংলাদেশ জাতীয় জাদুঘরে নিরাপত্তা শাখা পূর্ণরূপ নেয়। বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রশাসন শাখা, হিসাব শাখা, নিরাপত্তা শাখা এবং প্রকৌশল শাখার সমন্বয়ে গঠিত প্রশাসনিক বিভাগের অধীনে নিরাপত্তা শাখা পরিচালিত হয়। এ শাখায় নিরাপত্তা প্রহরীর ১০০ (একশত)টি পদসহ সর্বমোট ১১৪ (একশত চৌদ্দ)টি অনুমোদিত পদ রয়েছে। তন্মধ্যে ১১০ (একশত দশ) জন নিরাপত্তা সংশ্লিষ্ট কাজে দায়িত্ব পালন করে থাকেন। এছাড়া, আনসার প্রহরীরা দায়িত্ব পালন করেন। বাংলাদেশ জাতীয় জাদুঘর কেপিআইভুক্ত প্রতিষ্ঠান না হলেও এর নিরাপত্তা ব্যবস্থা কেপিআইভুক্ত প্রতিষ্ঠানের ন্যায় পরিচালিত হয়।

## কর্মকর্তাদের নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **মো. সুলতান মাহমুদ**<br>ঊর্ধ্বতন নিরাপত্তা অফিসার<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর<br>ফোন নম্বর: ০১৭৬৫-০৩৭৪৯০ |  |
| ২ | **সৈয়দ সারোয়ার হোসেন**<br>নিরাপত্তা অফিসার<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর<br>ফোন নম্বর: ০১৭১০৮২৯৯৮২ |  |

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

১. বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করণ এবং নিরাপত্তা ব্যবস্থা সুষ্ঠুভাবে সম্পন্ন করার স্বার্থে ২ টি NVR এবং জাদুঘরের ২য়, ৩য় এবং ৪র্থ তলার গ্যালারিসমূহে, জাদুঘর মূলভবন অভ্যন্তর এবং মূলভবন বহিরঙ্গণে গুরুত্বপূর্ণ নিরাপত্তা এলাকায় ৭০টি সিসিটিভি ক্যামোরা সংস্থাপন করা হয়।

২. বাংলাদেশ জাতীয় জাদুঘরের গ্যালারিতে প্রদর্শিত নিদর্শনাদি, মূলভবনের অভ্যন্তর এবং বহিরাঙ্গণ ক্যাম্পাস এলাকার নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করণ।

৩. গ্যালারিতে প্রদর্শিত নিদর্শনাদির তথ্য প্রতি মাসের শেষ বুধবার মহাপরিচালক মহোদয় বরাবর দাখিল।

৪. প্রতি মাসের কার্যাবলির প্রতিবেদন নির্ধারিত ছকে মাসের শেষ কার্যদিবসে মহাপরিচালক মহোদয় বরাবর দাখিল।

৫. নিরাপত্তা প্রহরী ও আনসার সদস্য দ্বারা শিফটিং ডিউটির মাধ্যমে দিবা-রাত্রি ২৪(চব্বিশ) ঘণ্টায় মূলভবন বহিরঙ্গণের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা হয়।

৬. ওয়াকিটকি, সিসিটিভি, হ্যান্ডমেটাল ডিটেক্টর, আর্চওয়ে মেটাল ডিটেক্টর গেট, লাগেজ স্ক্যানার, গাড়ি চেকিং মিরর ইত্যাদি যন্ত্রপাতি নিরাপত্তা সংশ্লিষ্ট কাজে ব্যবহার করা হয়।

৭. জাদুঘরে ২ (দুই)টি মিলনায়তন এবং ১ (এক)টি প্রদর্শনী গ্যালারিতে নিজস্ব ও অন্যান্য প্রতিষ্ঠানের (ভাড়া নেয়া সাপেক্ষে) অনুষ্ঠানে আগত বিশিষ্ট ব্যক্তিবর্গ ও ভিআইপিদের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা হয়।

৮. জাদুঘরের সুষ্ঠু নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার স্বার্থে স্থানীয় পুলিশ প্রশাসনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখা হয়।

৯. এছাড়াও কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক অর্পিত দায়িত্ব নিরাপত্তা শাখা পালন করেছে।

## পর্ষদ শাখা

বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হলো বাংলাদেশ জাতীয় জাদুঘর। এটি পরিচালিত হয় সরকার কর্তৃক গঠিত একটি পর্ষদের তত্ত্বাবধানে। বাংলাদেশ জাতীয় জাদুঘর আইন ২০২২ এর ধারা ৭-এ পর্ষদ গঠনের বিষয়ে বিস্তারিত উল্লেখ রয়েছে। এ শাখা থেকে বাংলাদেশ জাতীয় সংসদ এর প্রশ্নোত্তর, সংসদীয় কমিটি কর্তৃক চাহিত তথ্য প্রদান করা হয়ে থাকে। বাংলাদেশ জাতীয় জাদুঘর ও এর নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরসমূহে বিভিন্ন গ্রেডের কর্মচারী নিয়োগ, পদোন্নতি প্রদান, পদ সৃজন, পদ সংরক্ষণ, পর্ষদ সভা আয়োজন ইত্যাদি বহুবিধ কাজ অত্র শাখার মাধ্যমে সম্পন্ন করা হয়ে থাকে।

### কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **আবুল হাসানাত মো. ফজলে রাব্বি**<br>গ্রন্থাগারিক (জি.জা.)<br>ফোন নম্বর: ০১৭১২১৩৬৬১২ |  |

### ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

**নিয়োগ প্রদান:** বাংলাদেশ জাতীয় জাদুঘরে ০২(দুই) জন ১৩তম গ্রেডের কর্মচারী, নিয়ন্ত্রণাধীন স্বাধীনতা জাদুঘরে ০২(দুই) জন ১৩তম গ্রেডের কর্মচারী, আহসান মঞ্জিল জাদুঘরে ০১ (এক) জন ১৩তম গ্রেডের কর্মচারী নিয়োগ দেয়া হয়েছে। এছাড়াও বাংলাদেশ জাতীয় জাদুঘরে ০২(দুই) জন ১৪তম গ্রেডের কর্মচারী নিয়োগ দেয়া হয়েছে।

**পদোন্নতি:** বাংলাদেশ জাতীয় জাদুঘর ও এর নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরসমূহের মোট ১৩(তের) জন বিভিন্ন গ্রেডের কর্মচারী পদোন্নতির কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

**পর্ষদ সভা:** মোট ০৫(পাঁচ) টি পর্ষদ সভার আয়োজন করা হয়েছে।

## প্রকৌশল শাখা

বাংলাদেশ জাতীয় জাদুঘরের ০৭টি বিভাগ এবং ৩০টি শাখার মধ্যে প্রকৌশল শাখা একটি গুরুত্বপূর্ণ শাখা। শাখাটি জাদুঘরের বিবিধ ভবন-০১ এর ২য় তলায় অবস্থিত। প্রকৌশল শাখা ২৪ (চব্বিশ) ঘণ্টা পানি, বিদ্যুৎ ও গ্যাস সেবা নিশ্চিতকরণসহ আনুষঙ্গিক সেবা প্রদান করে আসছে। এছাড়াও প্রকৌশল শাখা জাদুঘরের গ্যালারিসমূহের উন্নয়ন, আধুনিকায়ন, সংস্কার, মেরামত ও রংকরণ কাজসহ শাখা জাদুঘরের সকল অবকাঠামো কাজ বাস্তবায়ন করে থাকে। প্রকৌশল শাখা নতুন প্রকল্প প্রণয়নের নকশা, স্ট্রাকচারাল ডিজাইনসহ প্রাক্কলণ তৈরিতে সহায়তা প্রদান করে। শাখা জাদুঘরসহ জাদুঘরের বিভাগ ও শাখার সকল প্রকার টেন্ডার সংক্রান্ত কাজ PPR অনুযায়ী বাস্তবায়ন করে থাকে। এছাড়াও মন্ত্রণালয় ও অন্যান্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে প্রকৌশলগত সকল কার্যক্রমে সহযোগিতা করে থাকে।

### কর্মকর্তাদের নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **সৈয়দা বিলকিস সুলতানা**<br>সহকারী প্রকৌশলী<br>মোবাইল নম্বর: ০১৭১৫৫৫৩৪৬৮ |  |
| ২ | **মো. শাহাদাৎ হোসেন**<br>উপসহকারী প্রকৌশলী(সিভিল)(প্রেষণে)<br>মোবাইল নম্বর: ০১৭৯৮৫৯৬২৪১ |  |
| ৩ | **খ. ইমরান রহমান**<br>উপসহকারী প্রকৌশলী (বৈদ্যুতিক)<br>মোবাইল নম্বর: ০১৭৪০৪১৭৪৫৯ |  |

# ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

১. ‘বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মিলনায়তনের গ্রিনরুম সংস্কার, ডিজিটাল সাইনবোর্ড স্থাপন ও বিবিধ’ কাজ করা হয়েছে।

২. বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়ন্ত্রণাধীন আহসান মঞ্জিল জাদুঘরের ৭, ৮ ও ১০ নম্বর গ্যালারির সংস্কার, মেরামত ও রংকরণ’ করা হয়েছে।

৩. ‘বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়ন্ত্রণাধীন জিয়া স্মৃতি জাদুঘরের ১৭ নং গ্যালারির শোকেস মেরামত এবং বৈদ্যুতিক, প্লাম্বিং ও স্যানিটারি’ করা হয়েছে।

৪. বাংলাদেশ জাতীয় জাদুঘরে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিল্পী শাহাবুদ্দিন আহমদ-এর শিল্পকর্ম নিয়ে ‘শাহাবুদ্দিন : এ রেট্রোস্পেক্টিভ (১৯৭৩-২০২৩)' শিরোনামে মাসব্যাপী একক চিত্রকর্ম প্রদর্শনী এবং প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষ্যে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মিলনায়তন ও নলিনীকান্ত ভট্টশালী গ্যালারির প্রয়োজনীয় সংস্কার, রংকরণ ও বৈদ্যুতিক কাজসহ অনুষ্ঠান পরিচালনা সংক্রান্ত আনুষঙ্গিক’ করা হয়েছে।

৫. Monthly Basis Annual Servicing, testing, repair, Operation & maintenance of split type Air Cooler, Air Curtain and others AC of Bangladesh National Museum. শীর্ষক (প্রতি মাসে ৬৪,২০০.০০১/-

৬. বাংলাদেশ জাতীয় জাদুঘরের অধীনে পরিচালিত কুমিল্লা জেলার লাকসামে অবস্থিত নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ি জাদুঘর মেরামত ও সংস্কার (পূর্ত ও বৈদ্যুতিক), গ্যালারি সজ্জিতকরণ ও জাদুঘর উদ্বোধনী অনুষ্ঠান পরিচালনা এবং অন্যান্য আনুষঙ্গিক করা হয়েছে।

৭. পল্লীকবি জসীম উদদীন জাদুঘর ও লোক সাংস্কৃতি কেন্দ্রের মূল গেইটসহ বাউন্ডারি ওয়াল সংস্কার ও রংকরণ করা হয়েছে।

৮. বাংলাদেশ জাতীয় জাদুঘরের আবাসিক এলাকার সেপটিক ট্যাংক, সোকওয়েল ট্যাংক, পিট, ম্যানহোল ও স্যুয়ারেজ লাইন পরিষ্কার করা হয়েছে।

৯. ক) স্বাধীনতা জাদুঘরের প্রবেশ এবং বাহির পথের ছাদের টেম্পার্ড গ্যাস পরিবর্তন, সার্ভার কক্ষে এ.সি সংস্থাপন ও বিবিধ সরবরাহ কাজ এবং খ) বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিরাপত্তা নিয়ন্ত্রণ কক্ষে (সিসিটিভি কন্ট্রোল রুম) এ.সি সরবরাহ ও সংস্থাপন করা হয়েছে।

১০. বাংলাদেশ জাতীয় জাদুঘরের জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের আওতাধীন ১৫ নম্বর গ্যালারির সিলিং ডেকোরেশন এবং ২৯ নম্বর গ্যালারির ডিসপ্লে-বোর্ডের কাপড় সরবরাহ ও সংস্থাপন করা হয়েছে।

১১. বাংলাদেশ জাতীয় জাদুঘরের পাম্প মোটর পরিচালনার জন্য ০৯ (নয়) টি অটোকন্ট্রোলার এবং ০৩ (তিন) টি নতুন পাম্প মোটর সরবরাহ ও সংস্থাপন” করা হয়েছে।

১২. বাংলাদেশ জাতীয় জাদুঘরের ২৫ নম্বর গ্যালারির সংস্কার ও আধুনিকায়ন (পূর্ত ও বৈদ্যুতিক) করা হয়েছে।

১৩. বাংলাদেশ জাতীয় জাদুঘরের ২১ নম্বর (মুদ্রা ও পদক) গ্যালারির সংস্কার ও আধুনিকায়ন করা হয়েছে।

১৪. আহসান মঞ্জিল জাদুঘরের আনসার-পুলিশ ব্যারাকের এক্সটেনশন করা হয়েছে।

১৫. `Supply and installation of HT switchgear and spare parts of 250 KVA Electrical sub-station of Ahsan Manzil Museum’ শীর্ষক করা হয়েছে।

১৬. বাংলাদেশ জাতীয় জাদুঘরের আওতাধীন আহসান মঞ্জিল জাদুঘরের কীপারের অফিস কক্ষে ব্যবহারের নিমিত্ত আসবাবপত্র, কম্পিউটার সামগ্রী ও ক্রোকারিজ সরবরাহ এবং অফিস কক্ষের সংস্কার ও মেরামতসহ বিভিন্ন বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় ও সংস্থাপন করা হয়েছে।

১৭. “Repair and ancillary works of Hi-Trax Electr of Baggage X-ray machine used in Baggage Counter of Bangladesh National Museum” শীর্ষক করা হয়েছে।

১৮. বাংলা একাডেমি কর্তৃক আয়োজিত অমর একুশে বইমেলা ২০২৪-এ বাংলাদেশ জাতীয় জাদুঘরের জন্য ২(দুই) ইউনিটের ১(এক) টি স্টল নির্মাণ করা হয়েছে।

১৯. বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়ন্ত্রণাধীন শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা ও আহসান মঞ্জিল জাদুঘরের জন্য ইঞ্জিন চালিত ঘাস কাটার মেশিন সরবরাহ করা হয়েছে।

২০. বাংলাদেশ জাতীয় জাদুঘরের সচিব মহোদয়ের অফিস কক্ষে ব্যবহৃত সিলিং, কার্পেট, পর্দা ও আনুষঙ্গিক সংস্কার কাজ।

২১. বাংলাদেশ জাতীয় জাদুঘরের ফায়ার এক্সটিংগুইশার রিফিলিং ও আনুষঙ্গিক মেরামত করা হয়েছে।

২২. বাংলাদেশ জাতীয় জাদুঘর ও শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালার কর্মচারীদের সাজ-পোশাক সরবরাহ করা হয়েছে।

২৩. ‘বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়ন্ত্রণাধীন আহসান মঞ্জিল জাদুঘরের অন্দরমহল ও প্রাসাদ ভবনের সংযোগ সেতু (গ্যাংওয়ে) মেরামত, সংস্কার ও উন্নয়ন’ করা হয়েছে।

২৪. বাংলাদেশ জাতীয় জাদুঘরের আবাসিক ভবন-০২ ও ০৪ এবং উত্তর-পশ্চিম মাঠে অবস্থিত স্টোর রুমের সার্ভিস ক্যাবল পরিবর্তনসহ অন্যান্য বৈদ্যুতিক করা হয়েছে।

২৫. বাংলাদেশ জাতীয় জাদুঘরের পুতুল গ্যালারি তৈরিসহ সংস্কার ও আধুনিকায়ন করা হয়েছে।

২৬. বাংলাদেশ জাতীয় জাদুঘরের গ্যালারি ও অফিসের এ.সি.সমূহ মেরামতের জন্য এ.সি.র বিভিন্ন খুচরা যন্ত্রাংশ সরবরাহ করা হয়েছে।

২৭. আহসান মঞ্জিল জাদুঘরের ফায়ার এক্সটিংগুইশার রিফিলিং ও মেরামত এবং নতুন ফায়ার এক্সটিংগুইশার ক্রয় করা হয়েছে।

২৮. বাংলাদেশ জাতীয় জাদুঘরের ৪র্থ তলার ৪২, ৪৩, ৪৪ নম্বর গ্যালারি ও কবি সুফিয়া কামাল মিলনায়তনে নতুন এ.সি সরবরাহ ও সংস্থাপনসহ অন্যান্য পুরাতন এ.সি. মেরামত ও পুনঃসংস্থাপন’ করা হয়েছে।

২৯. বাংলাদেশ জাতীয় জাদুঘরের আওতাধীন সিলেটস্থ ওসমানী জাদুঘরের ক্যাম্পাসে আউটডোর এলইডি মনিটর ও সংশ্লিষ্ট যন্ত্রপাতি সরবরাহ ও সংস্থাপন করা হয়েছে।

৩০. আহসান মঞ্জিল জাদুঘরে ২০২৩-২০২৪ অর্থবছরের ১৭-২০ নম্বর গ্রেডভুক্ত কর্মচারীদের দাপ্তরিক পোশাক ও আনুষঙ্গিক দ্রব্যাদি সরবরাহ করা হয়েছে।

৩১. বাংলাদেশ জাতীয় জাদুঘরের সিকিউরিটি ল্যাম্প পোস্টের জন্য ফ্লাড লাইট সরবরাহ ও সংস্থাপন, গার্ডেন ল্যাম্প পোস্ট মেরামতসহ অন্যান্য বৈদ্যুতিক করা হয়েছে।।

৩২. ওসমানী জাদুঘরের নিরাপত্তা সরঞ্জামাদি ক্রয় করা হয়েছে।

৩৩. ওসমানী জাদুঘরের থাই পার্টিশন, বাউন্ডারি ওয়াল মেরামত ইত্যাদি করা হয়েছে।

৩৪. বাংলাদেশ জাতীয় জাদুঘরের ৩০০০ কেভি ক্ষমতাসম্পন্ন সাবস্টেশনের পুরাতন এল.টি প্যানেল, পিএফআই প্যানেল, ট্রান্সফরমারের প্রয়োজনীয় মেরামতসহ সাবস্টেশন সার্ভিসিং ও রক্ষণাবেক্ষণ করা হয়েছে।

৩৫. বাংলাদেশ জাতীয় জাদুঘর কর্তৃক প্রকাশিত Descriptive Catalogue সংরক্ষণের প্রয়োজনে বুক স্টোরের জন্য স্টোর কক্ষ মেরামত ও স্টিলের র‍্যাক স্থাপন করা হয়েছে।

৩৬. বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়ন্ত্রণাধীন জিয়া স্মৃতি জাদুঘরের মূল ভবনের কাঠ মেরামত, সংস্কার ও রংকরণসহ আনুষঙ্গিক কাজ করা হয়েছে।

## উন্নয়ন ও পরিকল্পনা কোষ

বাংলাদেশ জাতীয় জাদুঘরের উন্নয়ন খাতের প্রকল্পগুলোর ডিপিপি, পিসিআর, বাস্তবায়ন ও পরিবীক্ষণ কার্যক্রমের জন্য উন্নয়ন ও পরিকল্পনা শাখাটি সৃষ্টি করা হয়। এ শাখার মাধ্যমে উন্নয়ন প্রকল্পের ডিপিপি প্রণয়ন, এডিপি/আরএডিপি প্রস্তাব প্রেরণ করা হয়।

### কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম,পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **ছালেহা খাতুন**<br>পরিকল্পনা উন্নয়ন অফিসার<br>ফোন নম্বর: ০১৯১২-৯১৪৩০৫ |  |

### প্রস্তাবিত কর্মসূচি

| ক্র. নং. | প্রকল্প/প্রোগ্রামের নাম (বাস্তবায়নকাল) | প্রকল্প/প্রোগ্রাম ব্যয় (লক্ষ টাকা) | | | প্রকল্প সাহায্যের উৎস | প্রকল্প দলিল প্রক্রিয়াকরণের পর্যায় | অবস্থান |
|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি (বৈঃ মুদ্রা) | প্রকল্প সাহায্য (আরপিএ) | | | |
| ১ | জাতীয় চার নেতার স্মৃতিকেন্দ্র নির্মাণ (০১-০৭-২০২৩ থেকে ৩০-০৬-২০২৬) | ১৪,৭৪৮.৮১ | ১৪,৭৪৮.৮১ (--) | ০.০০ (--) | | প্রকল্প যাচাই কমিটি সভা অনুষ্ঠিত হয়েছে | মন্ত্রণালয় অপারেটর |
| ২ | শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা নতুন ভবন নির্মাণ (০১-০৭-২০২৩ থেকে ০১-০৬-২০২৬) | ১১,২৯৭.৩৮ | ১১,২৯৭.৩৮ (--) | ০.০০ (--) | | প্রকল্প যাচাই কমিটি সভা অনুষ্ঠিত হয়েছে | মন্ত্রণালয় অপারেটর |
| ৩ | "বাংলাদেশ জাতীয় জাদুঘরের আধুনিকায়ন এবং অবকাঠামোগত সুবিধা সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প। (০১-০৭-২০২৩ থেকে ০১-০৬-২০২৭) | ৩০,০৯৮.০৩ | ৩০,০৯৮.০৩ (--) | ০.০০ (--) | | পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে | মন্ত্রণালয় অপারেটর |
| | মোট | ৫৬,১৪৪.২২ | ৫৬,১৪৪.২২ (০.০০) | ০.০০ (০.০০) | | | |

# প্রস্তাবিত কর্মসূচির বিবরণ

**১। বাংলাদেশ জাতীয় জাদুঘরের আধুনিকায়ন এবং অবকাঠামোগত সুবিধা সম্প্রসারণ শীর্ষক প্রকল্প:**

ক) উদ্দেশ্য : (১) বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রধান ভবন থেকে অফিস ও স্টোর স্থানান্তর করে বহির্বিশ্বের সাথে সামঞ্জস্য রেখে গ্যালারি সংখ্যা বৃদ্ধি ও গ্যালারিসমূহে নতুন আঙ্গিকে দর্শকদের পরিদর্শনের জন্য নিদর্শন সমূহ উপস্থাপন করা।
(২) সকল ধরনের নিদর্শনসমূহ যথাযথভাবে সংরক্ষণের লক্ষ্যে উন্নতমানের প্রযুক্তি ও সুবিধা সম্বলিত নিদর্শন স্টোর স্থাপন।
(৩) প্রশাসনিক কর্মকাণ্ড বৃদ্ধির জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।

(খ) প্রাক্কলিত ব্যয় : ৩৭৪৩৭.০২ লক্ষ
(গ) বাস্তবায়ন কাল : জুলাই, ২০২২ হতে- জুন, ২০২৬
(ঘ) মোট ব্যয় :
(ঙ) ভৌত অগ্রগতি :
(চ) অর্জিত লক্ষমাত্রা :
(ছ) লক্ষ্য অর্জনের ফলাফল (কমপক্ষে প্রতিটির দুটি ছবিসহ)। :

**২। জাতীয় চারনেতা স্মৃতিকেন্দ্র নির্মাণ শীর্ষক প্রকল্প**

ক) উদ্দেশ্য : (ক) জাতীয় চার নেতার স্মৃতি জাদুঘর নির্মাণ
(খ) জাদুঘর স্থাপনের মাধ্যমে সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দিন আহমদ, ক্যাপ্টেন এম, মনসুর আলী , এএইচএম কামরুজ্জামান এর স্মৃতি সংরক্ষণ এবং স্ব স্ব ক্ষেত্রে তাঁদের অবদান ও সাহসী ভূমিকা নব প্রজন্মের নিকট তুলে ধরা।

(খ) প্রাক্কলিত ব্যয়
(গ) বাস্তবায়ন কাল
(ঘ) মোট ব্যয়
(ঙ) ভৌত অগ্রগতি
(চ) অর্জিত লক্ষমাত্রা
(ছ) লক্ষ্য অর্জনের ফলাফল

**৩। বাংলাদেশ প্রাকৃতিক ইতিহাস জাদুঘর (বাপ্রাইজ) শীর্ষক প্রকল্প:**

ক) উদ্দেশ্য : বাংলাদেশের প্রাকৃতিক সম্পদ-ঐতিহ্য সংগ্রহ, সংরক্ষণ প্রদর্শন ও ব্যবস্থাপনা করা।
(খ) প্রাক্কলিত ব্যয়
(গ) বাস্তবায়ন কাল
(ঘ) মোট ব্যয়
(ঙ) ভৌত অগ্রগতি
(চ) অর্জিত লক্ষ্যমাত্রা
(ছ) লক্ষ্য অর্জনের ফলাফল

**৪। শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা নতুন ভবন নির্মাণ**

ক) উদ্দেশ্য : ১) জয়নুল আবেদিনের বিভিন্ন শিল্পকর্ম সংগ্রহ, সংরক্ষণ, প্রদর্শন ও গবেষণার সুযোগ বৃদ্ধিকরণ।
২) আধুনিক সকল প্রকার সুযোগ সুবিধাসহ শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালার ভবন নির্মাণ।
৩) জয়নুল শিশু চারুপীঠের জন্য স্কুল ঘর নির্মাণ।

(খ) প্রাক্কলিত ব্যয় :
(গ) বাস্তবায়ন কাল :
(ঘ) মোট ব্যয় :
(ঙ) ভৌত অগ্রগতি :
(চ) অর্জিত লক্ষ্যমাত্রা :
(ছ) লক্ষ্য অর্জনের ফলাফল :

**৫। ফরিদপুর পল্লীকবি জসিম উদদীন জাদুঘর ও লোক সংকৃতি কেন্দ্র সম্প্রসারণঃ**

ক) উদ্দেশ্য: : (১) পল্লী কবি জসীম উদদীনের বাড়িটি নিদর্শন হিসেবে গ্রহণ করে জনসাধারণের জ্ঞান অর্জনের জন্য উন্মুক্ত করা।
(২) দেশি-বিদেশি শিক্ষার্থীদের পল্লী কবি জসীম উদদীনের সম্পর্কে গবেষণার সুযোগ তৈরি করা।

(খ) প্রাক্কলিত ব্যয় :
(গ) বাস্তবায়ন কাল :
(ঘ) মোট ব্যয় :
(ঙ) ভৌত অগ্রগতি :
(চ) অর্জিত লক্ষ্যমাত্রা :
(ছ) লক্ষ্য অর্জনের ফলাফল :

## আইসিটি শাখা (প্রস্তাবিত)

'বাংলাদেশ জাতীয় জাদুঘর তথ্য যোগাযোগ ও ডিজিটালাইজেশন কার্যক্রম' শীর্ষক কর্মসূচি বাস্তবায়নকালে (২০১০-২০১২ সাল) জাদুঘরের নিজস্ব সার্ভার অবকাঠামো, নেটওয়ার্কিং ও ডাটাবেস সফটওয়্যার সংস্থাপিত হয়। অফিস আদেশ নং: ৬৮/২০১৩-২০১৪, তারিখ: ০৯/০৯/২০১৩ মোতাবেক জনাব শহিদুর রহমান খান, তৎকালীন সহকারী রেজিস্ট্রেশন অফিসারকে আইসিটি শাখা প্রধানের দায়িত্ব প্রদান করা হয় এবং আইসিটি শাখা দাপ্তরিকভাবে কার্যক্রম শুরু করে। এরপর থেকে বাংলাদেশ জাতীয় জাদুঘরের সকল প্রকার ডিজিটাল/আইসিটি কার্যক্রম এই শাখার তত্ত্বাবধানে সম্পাদিত হচ্ছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডিজিটাল কার্যক্রম এর সাথে সঙ্গতি রেখে বাংলাদেশ জাতীয় জাদুঘর ন্যাশনাল ওয়েব পোর্টাল, ই-জিপি, ই-নথি, আই-বাস, জিআরএস, একসেবা, এপিএএমএস ইত্যাদি সিস্টেমের সাথে সংযুক্ত হয়ে সমান্তরাল ভাবে কার্যক্রম পরিচালনা করে আসছে। তবে শাখাটির জনবল সৃজনের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।

### কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম,পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **রাশেদুল আলম প্রদীপ**<br>সহকারী কীপার (ও.জা.) ও আইসিটি শাখা প্রধান<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর<br>ফোন নম্বর: ০১৯৩২৪৪৬৫৫৬ |  |

### ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

১. জাদুঘরের সংরক্ষিত নিদর্শনসমূহের তথ্য সংযোজন, পরিমার্জন, সংশোধন, যাচাইকরণ এবং তথ্য ও আলোকচিত্র ডিজিটাল ডাটাবেজে সংরক্ষণ।
২. বাংলাদেশ জাতীয় জাদুঘরের অনলাইন লাইব্রেরি ক্যাটালগ প্রস্তুতকরণ।
৩. বাংলাদেশ জাতীয় জাদুঘরের অনলাইন টিকেটিং সিস্টেম প্রস্তুতকরণ।
৪. বাংলাদেশ জাতীয় জাদুঘরের ন্যাশনাল ওয়েব পোর্টাল/ওয়েবসাইট রক্ষণাবেক্ষণ, ডাটা আপলোড ও হালনাগাদকরণ।
৫. হেরিটেজ হাব ওয়েবসাইট রক্ষণাবেক্ষণ, ডাটা আপলোড ও হালনাগাদকরণ।
৬. পাঞ্চকার্ড অ্যাটেনডেন্স ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তন।
৭. বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিজস্ব ডাটা সেন্টার রক্ষণাবেক্ষণ।
৮. বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিজস্ব ডাটা সেন্টারে তথ্য সুরক্ষায় ফরটিনেট ফায়ারওয়াল সংস্থাপন।
৯. বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিজস্ব ডাটা সেন্টারের মাধ্যমে সংযুক্ত ইউজারদের ম্যালওয়ার সুরক্ষায় ম্যাকফি এন্টারপ্রাইজ সংস্থাপন।
১০. বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিজস্ব ডাটা সেন্টারের সুরক্ষায় ইএমএস ইকুইপমেন্ট সংস্থাপন।
১১. এপিএমএস সিস্টেমে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সন্নিবেশ।
১২. অফিস এডমিন হিসেবে বাংলাদেশ জাতীয় জাদুঘরের ডি-নথি ব্যবস্থাপনা।
১৩. বাংলাদেশ জাতীয় জাদুঘরের সকল ইউজারের নিরবচ্ছিন্ন ওয়াই-ফাই ইন্টারনেট ব্যবস্থাপনা।
১৪. বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রকল্পসমূহের অনলাইন ব্যবস্থাপনা।
১৫. বাংলাদেশ জাতীয় জাদুঘরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা।
১৬. বাংলাদেশ জাতীয় জাদুঘরের সেবাসমূহ একটি অভিন্ন প্লাটফর্মে একীভূতকরণ, মনিটরিং ও হালনাগাদকরণ।
১৭. বাংলাদেশ জাতীয় জাদুঘরের বিভিন্ন গ্যালারি ও কর্নারে ডিজিটাল সাইনেজ, ভার্টিক্যাল মনিটর ও বহিরঙ্গনে পি-৬ মনিটর সংস্থাপন, মনিটরিং ও ট্রাবলস্যুটিং।
১৮. বাংলাদেশ জাতীয় জাদুঘরের বিভিন্ন সভা, সেমিনারে ভিডিও কনফারেন্সিং/অনলাইন মিটিং পরিচালনা।
১৯. বাংলাদেশ জাতীয় জাদুঘরের অফিসিয়াল ইউটিউব, ফেসবুক, এক্স, লিংকডইন পরিচালনা।
২০. বাংলাদেশ জাতীয় জাদুঘরের আইসিএইচ সেলের কারিগরি কার্যক্রম পরিচালনা।
২১. বাংলাদেশ জাতীয় জাদুঘরের অনলাইন অ্যাপ্লিকেশন কার্যক্রমে সহায়তা।
২২. বাংলাদেশ জাতীয় জাদুঘরের আইসিটি সরঞ্জাম সংক্রান্ত সহযোগিতা প্রদান।
২৩. বাংলাদেশ জাতীয় জাদুঘর আয়োজিত প্রশিক্ষণ/কর্মশালায় আইসিটি সহায়তা প্রদান।
২৪. বাংলাদেশ জাতীয় জাদুঘরের বিভিন্ন গ্যালারি ও কর্নারে ডিজিটাল কম্পোনেন্ট সংস্থাপন, মনিটরিং ও ট্রাবলস্যুটিং।
২৫. বাংলাদেশ জাতীয় জাদুঘরের বিভিন্ন গ্যালারিতে প্রদর্শিত নিদর্শনের নিরাপত্তা বিধানে অ্যান্টি-থেফট ডোরওয়ে, ভেরিফোকাল সিসিটিভি ক্যামেরা, ম্যাগনেটিক ডোর কন্টাক্ট ও আরএফআইডি চিপ সংস্থাপন।

## আলোকচিত্র



Object Identification System (OIS)



**হেরিটেজ হাব**

## আর্কাইভস শাখা (প্রস্তাবিত)

বাংলাদেশ জাতীয় জাদুঘরে আর্কাইভস শাখার যাত্রা শুরু ০৫ ফেব্রুয়ারি ২০১৩ খ্রিস্টাব্দে। বাংলাদেশ জাতীয় জাদুঘর লাইব্রেরির পাঠকক্ষে বাংলাদেশ জাতীয় জাদুঘরের বোর্ড আব ট্রাস্টিজ-এর সভাপতি জনাব এম. আজিজুর রহমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নতুন এ শাখার শুভ উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক এবং বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজ-এর সাবেক সদস্য ড. তাইবুল হাসান খান এবং ডিজিটাল লাইব্রেরি নেটওয়ার্ক সাউথ এশিয়া কান্ট্রি কো-অর্ডিনেটর এবং নর্থ সাউথ ইউনিভার্সিটির হেড অব দ্য লাইব্রেরি জনাব দিলারা বেগম। জাদুঘরের গুরুত্বপূর্ণ তথ্যাদি যুগোপযোগী করার লক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর, বাংলাদেশ আরকাইভস এবং রেকর্ডস ম্যানেজমেন্ট সোসাইটির যৌথ উদ্যোগে ২৭/০৪/২০১৩ থেকে ২৯/০৪/২০১৩ তারিখ পর্যন্ত ৩ দিনব্যাপী বাংলাদেশ জাতীয় জাদুঘরের কর্মকর্তা-কর্মচারীকে আরকাইভস ও রেকর্ড ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। শাখাটির জনবল নেই ও জনবলের জন্য প্রস্তাব করা হয় নাই।

আর্কাইভস শাখা নিম্নোক্ত কার্যাবলির সঙ্গে সম্পৃক্ত-
ক) গুরুত্বপূর্ণ দুষ্প্রাপ্য পুস্তকাদি ও জার্নালের ই-বুক নির্মাণ।
খ) প্রয়োজনীয় তথ্য-উপাত্ত ডিজিটাল মাধ্যমে সংরক্ষণ।
গ) জাদুঘর সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ দলিল-দস্তাবেজ-নথি, সংবাদপত্রের অংশ, প্রকাশনা সামগ্রী সংরক্ষণ।
ঘ) আর্কাইভযোগ্য সরঞ্জামাদি সংরক্ষণ।
ঙ) প্রযুক্তিনির্ভর কার্যাবলির তথ্য সহায়তা প্রদান।

### কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম,পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **রাশেদুল আলম প্রদীপ**<br>সহকারী কীপার (ও.জা.) ও আর্কাইভস শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর<br>ফোন নম্বর: ০১৯৩২৪৪৬৫৫৬ |  |

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

- বাংলাদেশ জাতীয় জাদুঘরে রক্ষিত ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ সম্পর্কিত দলিলপত্র,বাংলাদেশের প্রথম হাতে লেখা সংবিধান, ঐতিহাসিক চিঠিপত্র, দলিল-দস্তাবেজ, ম্যাপ ইত্যাদি যার অধিকাংশই নষ্ট হবার উপক্রম, সেগুলো স্ক্যান এবং Indexing। এগুলো জাপানিজ টিস্যু পেপার/সমমানের ম্যাটেরিয়ালের মাধ্যমে treatment প্রদান করে আর্কাইভাল মেথড অনুসারে সংরক্ষণ করার কাজে সহযোগিতা করা হয়।
- দুষ্প্রাপ্য বই-পুস্তকের ই-বুক নির্মান।
- আর্কাইভস্ শাখার প্রাপ্ত তথ্যাদির স্টেরিওটাইপিক ক্লাসিফিকেশন করা হয়।
- E-book Indexing এর জন্য code লেখা সম্পন্ন করা হয়। Page remapping, color range editing,page formatting, page makeup, OCR এর কাজ শেষ করে ই-বুক তৈরি করা হয়।



আর্কাইভস শাখার কার্যক্রম পরিদর্শন করছেন মহাপরিচালক জনাব মো.কামরুজ্জামান মহোদয় ও অন্যান্য অতিথি

## আর্কাইভকৃত উল্লেখযোগ্য গ্রন্থ/ডকুমেন্টের সংখ্যা: ই-বুক ৩২টি

১. নববাবু বিলাস
২. মেঘদূত
৩. প্রাচীন বাংলা সাহিত্যের কালক্রম
৪. কারকচক্রম
৫. বঙ্গবিজেতা
৬. ভারতের কারুশিল্প
৭. Notes on Shooting
৮. Aristotle on the art of poetry
৯. গীতলেখা
১০. কলিকাতা সংস্কৃত কলেজের ইতিহাস
১১. সাহিত্য ও সংস্কৃতি
১২. Catalogue of Coins of the Guptas
১৩. The Malers of Rajmahal Hills
১৪. The Bower Manuscript
১৫. Shakespeare
১৬. Prison Reform in India
১৭. The Taj
১৮. হিতোপদেশ
১৯. Memoirs of the Geological Survey of India
২০. Man-Social Moral and Intellectual
২১. Account of the Pearl Fisheries
২২. A History of Hindu Chemistry
২৩. American Lectures on the History of Religions
২৪. Groundwork of Educational Psychology
২৫. সাবিত্রী
২৬. জাতক
২৭. ধম্মপদ
২৮. The Game Bird & Water Fowl of South Africa
২৯. Principals of Islam
৩০. Three Principal School Of Buddhism
৩১. রবীন্দ্র নির্দেশিকা
৩২. সমালোচনা সমগ্র

লিংক-https://pubhtml5.com/bookcase/qrmmi

**ই-বুকের কিউআর কোড**

# চতুর্থ অধ্যায়

## ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগ

ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগ বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রাচীনতম কিউরেটোরিয়াল বিভাগ। সংগৃহীত নিদর্শনের দিক থেকে জাদুঘরের সর্ববৃহৎ এই কিউরেটোরিয়াল বিভাগটি ১৯৮৩ সালে যাত্রা শুরু করলেও ১৯১৩ সালে জাদুঘরের উদ্বোধন হয়েছিল এই বিভাগের নিদর্শন নিয়ে। বাংলাদেশ জাতীয় জাদুঘরের ৩০ জুন, ২০২৪ তারিখ পর্যন্ত সংগ্রহভুক্ত ৯৩,৯০১ টি নিদর্শনের মধ্যে ৭৩,১০৩ টি নিদর্শন ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের সংগ্রহভুক্ত। বিভাগে প্রাগৈতিহাসিক, ঐতিহাসিক, প্রত্নতাত্ত্বিক, মুদ্রা, পদক, লিপি, ব্যক্তিগত স্মৃতিনিদর্শন ও বাংলাদেশের মুক্তিযুদ্ধের সাথে সম্পর্কযুক্ত নিদর্শন ইত্যাদি রয়েছে। সবচেয়ে পুরাতন নিদর্শন হলো প্রস্তরীভূত কাঠের টুকরা এবং মানব সভ্যতার সবচেয়ে প্রাচীন নিদর্শন হলো প্রস্তর নির্মিত হস্তকুঠার। বিভাগের নিয়ন্ত্রণাধীন গ্যালারি সংখ্যা ১২টি এবং নিয়ন্ত্রণাধীন স্টোর ০৬টি।

### কর্মকর্তাদের নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **মোহাম্মদ মনিরুল হক**<br>কীপার (চলতি দায়িত্ব)<br>ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগ<br>ফোন নম্বর: ০১৭১৭১৬৬৬৪৬ |  |
| ২ | **দিবাকর সিকদার**<br>উপকীপার<br>ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগ<br>ফোন নম্বর: ০১৭১৮৭৪০৯৬১ |  |
| ৩ | **সাইদ সামসুল করীম**<br>উপকীপার (ই) (রু.দা.) ও শিক্ষা অফিসার<br>ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগ<br>ফোন নম্বর: ০১৫৫২-৩৭৫৬৪৭ |  |
| ৪ | **মো. গোলাম কাউছার**<br>সহকারী কীপার<br>ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগ<br>ফোন নম্বর: ০১৭৪৬৭৬৩২৪৫ |  |
| ৫ | **তাহমিদুন নবী**<br>সহকারী কীপার<br>ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগ<br>ফোন নম্বর: ০১৭১৯৩৪৪৮০১ |  |
| ৬ | **মো. জুয়েল রানা**<br>সহকারী কীপার<br>ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগ<br>ফোন নম্বর: ০১৬২৩৪৮৬০৪০ |  |

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

**নিদর্শন সংগ্রহ:** ১ জুলাই ২০২৩ থেকে ৩০ জুন ২০২৪ পর্যন্ত ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের সংগৃহীত নিবন্ধিত নিদর্শনের সর্বমোট সংখ্যা ১০৫ (একশত পাঁচ)টি।

**নিদর্শন উপস্থাপন:** এই বিভাগের নিয়ন্ত্রণাধীন **১২**টি গ্যালারিতে **১১৯০**টি সংগ্রহভুক্ত নিদর্শন এবং ৯২৮টি সংগ্রহ নম্বর বহির্ভূত আলোকচিত্র ও বস্তুসামগ্রী গ্যালারিতে প্রদর্শিত হচ্ছে।

**নিদর্শন প্রতিস্থাপন:** এই অর্থবছরে ৬০ টি নিদর্শন **২১** নম্বর গ্যালারিতে প্রতিস্থাপন করা হয়েছে।

**বিশেষ প্রদর্শনী:** ২০২৩-২০২৪ অর্থবছরে ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগ ০২ টি বিশেষ প্রদর্শনীর আয়োজন করেছে।

**নিদর্শন ভেরিফিকেশন:** ২০২৩-২০২৪ অর্থবছরে ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগ কর্তৃক **১**,২২৬ টি নিদর্শন ভেরিফিকেশন করা হয়েছে।

**লাইট এন্ড সাউন্ড শো চালুকরণ:** বাংলাদেশ জাতীয় জাদুঘরের ৩৮ নম্বর গ্যালারিতে ০৭.০২.২০২৪ তারিখে লাইট এন্ড সাউন্ড শো চালু করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রিপরিষদ সচিব জনাব মোঃ মাহবুব হোসেন অনুষ্ঠানে উপস্থিত থেকে লাইট এন্ড সাউন্ড শো'র শুভ উদ্বোধন করেন।

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংগ্রহভুক্ত উল্লেখযোগ্য নিদর্শনের আলোকচিত্র



স্মৃতি নিদর্শন: সমাবর্তন ক্যাপ, অধ্যাপক ড. আনিসুজ্জামান-এর ব্যবহৃত
সংগ্রহ নম্বর: ০১.০১.০২২.২০২৪.০০০০১



স্মৃতি নিদর্শন: চামড়ার ব্যাগ, অধ্যাপক ড. আনিসুজ্জামান-এর ব্যবহৃত
সংগ্রহ নম্বর: ০১.০১.০২২.২০২৪.০০০২৩



স্মৃতি নিদর্শন: ক্রেস্ট, অধ্যাপক ড. আনিসুজ্জামান-এর ব্যবহৃত
সংগ্রহ নম্বর: ০১.০১.০২২.২০২৪.০০০২৭



স্মৃতি নিদর্শন: চশমা, অধ্যাপক ড. আনিসুজ্জামান- এর ব্যবহৃত
সংগ্রহ নম্বর: ০১.০১.০২২.২০২৪.০০০৩১




টাইপ রাইটার (ইংরেজি)
সংগ্রহ নম্বর: ০১.০১.০২০.২০২৪.০০০৪৩

# জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগ

জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগ বাংলাদেশের জনগণের আবহমান সাংস্কৃতিক ঐতিহ্য ও জীবনধারা সম্পৃক্ত লোকজ এবং ধ্রুপদী আঙ্গিকের ঐতিহ্যমণ্ডিত শিল্পকর্ম সংগ্রহ ও সংরক্ষণ করে থাকে। জাতিতত্ত্ব অংশে বাংলাদেশের জনজীবনের সাংস্কৃতিক ও প্রাত্যহিক কর্মে ব্যবহার্য দ্রব্যাদি, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীসমূহের জীবনযাত্রায় নিত্যব্যবহার্য সামগ্রী এবং বিভিন্ন সামাজিক আচার-অনুষ্ঠানে ব্যবহার্য নিদর্শন স্থান পেয়েছে। অলংকরণ শিল্পকলা অংশে বাংলাদেশে তৈরি নিজস্ব কারুশিল্পসহ বাংলাদেশে প্রাপ্ত বিদেশি শিল্পকর্ম স্থান পেয়েছে। এর মধ্যে দৈনন্দিন ব্যবহারের দ্রব্য-সামগ্রী, অস্ত্রশস্ত্র, ধাতব শিল্পকর্ম, অলংকার, দারুশিল্প, পোশাক-পরিচ্ছদ, নকশিকাঁথা, মৃৎশিল্প, পুতুল, নৌকার মডেল ও হাতির দাঁতের শিল্পকর্ম উল্লেখযোগ্য। জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগ ১৬টি গ্যালারিতে এ সকল নিদর্শন উপস্থাপন করেছে। উপস্থাপিত নিদর্শন থেকে দর্শকরা বাংলাদেশের আবহমান সংস্কৃতিক লোকজ ও ধ্রুপদী শিল্পসহ কারুশিল্পের উৎস, বিকাশ এবং এর উৎকর্ষ ও সমৃদ্ধি সম্পর্কে সম্যক ধারণা লাভ করছেন।

## কর্মকর্তাদের নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **মো. মতিয়ার রহমান**<br>কীপার (চলতি দায়িত্ব)<br>জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগ<br>ফোন নম্বর: ০১৭৭১-২২২ ৯৯৯ |  |
| ২ | **নাছির উদ্দিন আহমেদ খান**<br>উপকীপার<br>জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগ<br>ফোন নম্বর: ০১৭১৭১২৪২৭৭ |  |
| ৩ | **জান্নাতুন নাঈম**<br>সহকারী কীপার<br>জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগ<br>ফোন নম্বর: ০১৭৬২০৮২০১৬ |  |
| ৪ | **লাকী বিশ্বাস**<br>সহকারী কীপার<br>জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগ<br>ফোন নম্বর: ০১৭৪৮৬৪৮০৮০ |  |
| ৫ | **মো. মোজাহার রহমান শাহ্**<br>সহকারী কীপার<br>জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগ<br>ফোন নম্বর: ০১৭৪৩৪৬৯৮৪৪ |  |

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

**নিদর্শন সংগ্রহ:** ২০২৩-২০২৪ অর্থবছরে ৩৮ (আটত্রিশ) টি নতুন নিদর্শন সংগ্রহ করা হয়েছে।

**গ্যালারি উন্নয়ন:** ২৫ নং গ্যালারি (চীনামাটির শিল্পকর্ম) আধুনিকায়ন কাজ করা হয়েছে।

**নিদর্শন সংরক্ষণ:** ২০২৩-২০২৪ অর্থবছরে ৫৭ (সাতান্ন) নিদর্শন সংরক্ষণ কাজ করা হয়েছে।

**নিদর্শন প্রতিস্থাপন:** ২০২৩-২০২৪ অর্থবছরের ৩০ (ত্রিশ)টি নিদর্শন প্রতিস্থাপন করা হয়েছে।

**নিদর্শন বিষয়ক বিশেষ প্রদর্শনী:** দেশের স্মরণীয় বরণীয় কৃতি সন্তানদের স্মৃতি নিদর্শন নিয়ে 'স্মৃতি চিরন্তন' শিরোনামে ০১ (এক) প্রদর্শনী আয়োজন করা হয়েছে।

**ডাটা এন্ট্রি ফরমে নিদর্শনের বিস্তারিত তথ্য সংযোজন:** ২০২৩-২০২৪ অর্থবছরে ৩৮ (আটত্রিশ)টি নিদর্শনের তথ্য সংযোজন করা হয়েছে।

**বিভাগে যোগদান:** জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগে জনাব নাছির উদ্দিন আহমেদ খান ১৭ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দে উপকীপার পদে যোগদান করেন।

**নিদর্শন হস্তান্তর বিষয়ক কাজ:** জনাব নাছির উদ্দিন আহমেদ খান, উপকীপারকে ২৩৭টি পুতুল নিদর্শন  ৬৬৮ টি ছাঁচ নিদর্শন হস্তান্তর করা হয়েছে।

**নিদর্শন উপস্থাপন কাজ:** ২৫ নং গ্যালারিতে ২০৭(দুইশত সাত)টি নিদর্শন উপস্থাপন করা হয়েছে।

## ২০২৩-২০২৪ অর্থবছরে সংগ্রহভুক্ত উল্লেখযোগ্য নিদর্শনের আলোকচিত্র



ধাতব শিল্পকর্ম: কাঁসা; পান-মসলাদান
সংগ্রহ নম্বর: ০১.০২.০৬০.২০২৪.০০০৮০



পুতুল: কাঠ; হাতি
সংগ্রহ নম্বর: ০১.০২.০৮১.২০২৪.০০০৮৮



ধাতব শিল্পকর্ম: পিতল; গাছপাত্র (টব)
সংগ্রহ নম্বর: ০১.০২.০৬৭.২০২৪.০০০৯৬




সূচিশিল্প: মুক্তিযুদ্ধের দৃশ্য
সংগ্রহ নম্বর: ০১.০২.০৮৩.২০২৩.০০১২৪

## সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগ

বাংলাদেশ জাতীয় জাদুঘরের ৪টি কিউরেটরিয়াল বিভাগের মধ্যে সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগ অন্যতম। সৃজনশীল ধারার সমকালীন শিল্পকর্মের সংগ্রহ, সংরক্ষণ, প্রদর্শন ও গবেষণা সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগের অন্যতম কাজ। আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের খ্যাতিমান চারুশিল্পী শিল্পাচার্য জয়নুল আবেদিন, পটুয়া কামরুল হাসান, এস.এম.সুলতানসহ দেশ বরেণ্য প্রবীণ ও নবীন শিল্পীদের শিল্পসম্ভারে এ বিভাগের সংগ্রহভান্ডার সমৃদ্ধ। এছাড়াও পৃথিবীর বিভিন্ন দেশ বা অঞ্চলের সংস্কৃতি ও সভ্যতার উল্লেখযোগ্য নিদর্শন সংগ্রহ ও প্রদর্শন এ বিভাগের অন্যতম উদ্দেশ্য। এ লক্ষ্যে ইতোমধ্যে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, সুইডেন, সুইজারল্যাণ্ড, মিশর, ইরান, কেনিয়া, শ্রীলংকা, ভারত, নেপাল, ভুটান, চীন, জাপান, কোরিয়া, মালদ্বীপ, ইন্দোনেশিয়াসহ বিভিন্ন দেশ থেকে বিশ্বসভ্যতা ও সংস্কৃতির মূল নিদর্শন এবং উল্লেখযোগ্য নিদর্শনের অনুকৃতি সংগ্রহ করা হয়েছে। এ বিভাগের নিয়ন্ত্রণে মোট ০৯ টি গ্যালারি মধ্যে ৩৪, ৩৫, ৩৬, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪ ও ৪৫ নম্বর গ্যালারিতে নিদর্শন এবং ২৬ নং গ্যালারিটিতে দর্শকদের বিশ্রামের ব্যবস্থা, দেশের বিখ্যাত কবি ও সাহিত্যিকদের জীবনী ও তাদের রচিত বই ও সাময়িকী, ইন্টারনেট ব্রাউজিং-এর সুবিধা, মোবাইল চার্জ এবং ওজন মাপার ব্যবস্থা রয়েছে। দেশের প্রথিতযশা শিল্পীদের মধ্যে শিল্পাচার্য জয়নুল আবেদিনের ৮০৭টি, কামরুল হাসানের ১,৮৪৫টি, এস এম সুলতানের ৩৪টি, নভেরা আহমদের ৪৭টি, মুর্তজা বশিরের ৬টি, কাইয়ুম চৌধুরীর ৬টি, হামিদুর রহমানের ৮টি শিল্পকর্ম সংগৃহীত রযেছে। বিভাগের প্রথম সংগৃহীত নিদর্শনটি হলো কাজী আব্দুর রউফ-এর আঁকা 'পুথিপাঁঠ' শিরোনামের শিল্পকর্মটি।

## কর্মকর্তাদের নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **শক্তি পদ হালদার**<br>কীপার (চলতি দায়িত্ব)<br>সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগ<br>মোবাইল: ০১৭১২ ৬৫৩০২৬ |  |
| ২ | **সেলিনা বেগম**<br>উপকীপার (রুটিন দায়িত্ব)<br>সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগ<br>মোবাইল: ০১৫৫৬৬৩০৫১৭ |  |
| ৩. | **সুস্মিতা বিশ্বাস**<br>সহকারী কীপার<br>সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগ<br>মোবাইল: ০১৭১৭২৮৪৮০৪ |  |

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

**নিদর্শন সংগ্রহ:** বিভাগে মোট ৬(ছয়)টি নিদর্শন সংগ্রহ ও নিবন্ধন করা হয়েছে।

**নিদর্শনের ভৌত ও রাসায়নিক পরিচর্যা গ্রহণ:** গ্যালারি ও স্টোর রক্ষিত নিদর্শনের মধ্য থেকে মোট ৮টি নিদর্শনের ভৌত ও রাসায়নিক পরিচর্যা গ্রহণ করা হয়েছে।

**নিদর্শন ভেরিফিকেশন:** ২০২৩- ২০২৪ অর্থবছরে বিভাগের মোট ১,৫০৭টি নিদর্শনের ভেরিফিকেশন কাজ সম্পন্ন করা হয়েছে।

**নারী মুক্তিযোদ্ধাদের নিকট (বীরাঙ্গনাদের) অর্থ হস্তান্তর:** বাংলাদেশ জাতীয় জাদুঘর ও আমেরিকা প্রবাসী শিল্পী সিলভীয়া পান্ডিত-এর যৌথ উদ্যোগে অনুষ্ঠিত চিত্রকর্ম প্রদর্শনী থেকে চিত্রকর্ম বিক্রয়ের অর্থ ২৭ মার্চ ২০২৪ তারিখ নারী মুক্তিযোদ্ধাদের নিকট (বীরাঙ্গনাদের ) হস্তান্তর ও আলোচনা সভার আয়োজন করা হয়।




বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং শিল্পী সিলভিয়া পাভীত-এর যৌথ উদ্যোগে আয়োজিত প্রদর্শনীর ছবি বিক্রি থেকে সংগৃহীত অর্থ হস্তান্তর ও আলোচনা অনুষ্ঠানে আগত নারী বীর মুক্তিযোদ্ধাগণ।

## ২০২৩-২০২৪ অর্থবছরে সংগ্রহভুক্ত উল্লেখযোগ্য নিদর্শনের আলোকচিত্র




A crowchick from the nest fallen (কাকছানা ও কাকের ঝাঁক)
সংগ্রহ নম্বর: ০১.০৩.১০২.২০২৩.০০১৪৭

**বিভাগের সম্পাদিত গবেষণা:** বিভাগের কর্মকর্তাগণ গবেষণার মাধ্যমে Further scope and Development : Department of Contemporary art and World Civilization শিরোনামে একটি গবেষণাপত্র প্রস্তুত করা হয়। পরবর্তীতে Role and contributions of Bangladesh National Museum in preservstion and promotion of contemporary cultural heritage and works of art শিরোনামে Canadian journal of business and information studies-এ গবেষণা প্রবন্ধটি প্রকাশিত হয়।


মূলত ২০২৩-২০২৪ অর্থবছরে বাংলাদেশ জাতীয় জাদুঘরের বিভাগ ও শাখাসমূহের কর্মকর্তাদের নিয়ে বিভিন্ন গবেষণা প্রকল্প বিশেষজ্ঞ গবেষকের তত্ত্বাবধানে পরিচালিত হয়। উক্ত গবেষণা প্রকল্পগুলো থেকে Bangladesh National Museum: Role and Further Scope of Development শিরোনামে একটি গবেষণামূলক গ্রন্থ প্রকাশ করা হয়।




**প্রকাশনা:** আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ও বীর মুক্তিযোদ্ধা শিল্পী শাহাবুদ্দিন আহমেদের শিল্পকর্ম নিয়ে বাংলাদেশ জাতীয় জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী গ্যালারিতে এক মাসব্যাপী (১৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. থেকে ১৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. পর্যন্ত) অনুষ্ঠিত 'শাহাবুদ্দিন: এ রেট্রোস্পেক্টিভ (১৯৭৩-২০২৩)' শিরোনামে বিশেষ প্রদর্শনী উপলক্ষ্যে ০১ (এক)টি ক্যাটালগ ও ০১ (এক)টি বই প্রকাশ করা হয়েছে।





ক্যাটালগ




বই

**ক্যাটালগ বই:** বাংলাদেশ জাতীয় জাদুঘর ও জনাব আমিনুর রহমান স্থপতি ও লেখক এবং বাংলাদেশ জাতীয় জাদুঘর পর্ষদ সদস্য এর যৌথ উদ্যোগে ২৭ এপ্রিল থেকে ১৫ মে ২০২৪ খ্রি. পর্যন্ত নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারিতে অনুষ্ঠিত কলের গান : সেকাল-একাল শীরোনামে বিশেষ প্রদর্শনী উপলক্ষ্যে ০১(এক)টি ক্যাটালগ প্রকাশ করা হয়েছে।




**নিদর্শন প্রতিস্থাপন:** বিভাগের নিয়ন্ত্রণাধীন গ্যালারিসমূহের মধ্যে ৩৫ নম্বর শিল্পাচার্য জয়নুল আবেদিন গ্যালারিতে ১৩ টি নিদর্শন এবং ৪২ নম্বর গ্যালারির (খ) অংশে শিল্পী পটুয়া কামরুল হাসান গ্যালারিতে ১২ টি নিদর্শনসহ মোট ২৫টি নিদর্শন প্রতিস্থাপন করা হয়েছে ।

**গ্যালারিতে নতুন নিদর্শন উপস্থাপন:** বিভাগের নিয়ন্ত্রণাধীন ৩৬ নম্বর গ্যালারিতে শিল্পী এস এম সুলতানের ০৯ টি নিদর্শন প্রদর্শনীর জন্য নতুনভাবে উপস্থাপন করা হয়েছে।

**গবেষণা ও প্রকাশনার জন্য নিদর্শনের তথ্য ও আলোকচিত্র প্রদান:** গবেষক ড. হীরা সোবাহান, প্রফেসর, রাজশাহী বিশ্ববিদ্যালয়-এর আবেদনের পরিপ্রেক্ষিতে গবেষণা ও প্রকাশনার জন্য শিল্পচার্য জয়নুল অবেদিনের দুর্ভিক্ষ চিত্রমালার ১৯ টি নিদর্শনের আলোকচিত্র ও তথ্য প্রদান করা হয়েছে।

# প্রাকৃতিক ইতিহাস বিভাগ

প্রকৃতি ও প্রাকৃতিক পরিবেশের আন্তঃসম্পর্ককে দৃষ্টিনন্দন করে উপস্থাপনের উদ্দেশ্যে প্রাকৃতিক ইতিহাস বিভাগের যাত্রা শুরু হয়। প্রাণিজ, উদ্ভিজ এবং ভূতাত্ত্বিক মোট ২,৫৭৩ টি আকর্ষণীয় নিদর্শন রয়েছে এই বিভাগের সংগ্রহে। এই বিভাগের অধীন গ্যালারিসমূহে প্রদর্শিত উপস্থাপনার মধ্যে রয়েছে বাংলাদেশের মানচিত্র, শিলা ও খনিজ, প্রস্তরীভূত কাঠ, প্রবাল, দুর্লভ প্রজাতির শামুক ও ঝিনুক, সামুদ্রিক মাছ, গ্রীষ্মমণ্ডলীয় উদ্ভিদ, ফুল ও ফলের নমুনা, ভেষজ উদ্ভিদ ও মসলা জাতীয় নমুনা, জীবন্ত জীবাশ্ম সাইকাস-এর কোন, ট্যাক্সিডার্মিকৃত পাখি, সরীসৃপ, স্তন্যপায়ী প্রাণীসহ অনান্য নিদর্শন। সুন্দরবন, হাম্পব্যাক তিমির কঙ্কাল এবং প্রস্তরীভূত কাঠ দর্শকদের বিশেষভাবে আকর্ষণ করে। এই বিভাগ জনগণকে প্রকৃতি ও প্রাকৃতিক সম্পদ সংরক্ষণে সচেতন করার লক্ষ্যে বিশেষ প্রদর্শনী, বিভিন্ন ধরনের সেমিনার ও সিম্পোজিয়াম আয়োজন করে থাকে।

## কর্মকর্তাদের নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **ড. সুমনা আফরোজ**<br>কীপার (রুটিন দায়িত্ব)<br>প্রাকৃতিক ইতিহাস বিভাগ<br>ফোন নম্বর: ০১৫৫২৪৩১৩৭২ |  |
| ২ | **নাজমুল হায়দার**<br>সহকারী কীপার (ভূতত্ত্ব)<br>প্রাকৃতিক ইতিহাস বিভাগ<br>ফোন নম্বর: ০১৫১৮৯৩৬৯৬৪ |  |
| ৩ | **মমতা রানী দাস**<br>টেক্সিডার্মিস্ট<br>প্রাকৃতিক ইতিহাস বিভাগ<br>ফোন নম্বর: ০১৫৫৬৬২৫২০৮ |  |

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

**নিদর্শন সংগ্রহ:** প্রাকৃতিক ইতিহাস বিভাগের ২০২৩-২০২৪ অর্থবছরে সংগৃহীত মোট নিদর্শন সংখ্যা **১১**(এগারো) টি।

**নিদর্শন প্রতিস্থাপন:** ২০২৩-২০২৪ অর্থবছরে প্রাকৃতিক ইতিহাস বিভাগের 'জীবজন্তু' শীর্ষক গ্যালারি নম্বর ৭-এ মোট **১০**(দশ) টি নিদর্শন প্রতিস্থাপন করা হয়েছে।

**OIS ডাটাবেইজে এন্ট্রি:** ২০২৩-২০২৪ অর্থবছরে প্রাকৃতিক ইতিহাস বিভাগের সর্বমোট ৩১(একত্রিশ) টি নিদর্শনের তথ্য OIS ডাটাবেইজে সংযোজন করা হয়েছে।

**নিদর্শন ভেরিফিকেশন:** ২০২৩-২০২৪ অর্থবছরে গত ০২ জানুয়ারি ২০২৪ তারিখে প্রাকৃতিক ইতিহাস বিভাগের নিদর্শন ভেরিফিকেশন প্রতিবেদন জমা দেয়া হয়েছে (১,০০৬ টি)।

**নিদর্শনের তথ্য সন্নিবেশ:** ২০২৩-২০২৪ অর্থবছরে প্রাকৃতিক ইতিহাস বিভাগের নতুন সংগৃহীত **১১**(এগারো) টি নিদর্শনের তথ্য ছক পূরণ করা হয়েছে।

**গ্যালারি সংস্কার/আধুনিকায়ন:** 'গ্রামীণ বাংলাদেশ শীর্ষক ২ নম্বর গ্যালারির সংস্কার, উন্নয়ন ও আধুনিকায়ন কাজ শেষে ২৯ জানুয়ারি ২০২৪ তারিখে দর্শকদের জন্য গ্যালারিটি শুভ উদ্বোধন করা হয়। উক্ত গ্যালারিতে ৪(চার)টি ভিন্ন ভিন্ন ডিওরামার মাধ্যমে কক্সবাজারের সামুদ্রিক পরিবেশ, পাহাড়ি পরিবেশ, সমতল ভূমি ও চা বাগান প্রভৃতি উপস্থাপন করা হয়েছে।

## ২০২৩-২০২৪ অর্থবছরে সংগ্রহভুক্ত উল্লেখযোগ্য নিদর্শনের আলোকচিত্র



বাংলা নাম- বেলেপাথর (স্যান্ডস্টোন)
সংগ্রহ নম্বর- ০১.০৪.৪০১.২০২৪.০০০৪৭



বাংলা নাম- বাঘের ছেদন দাঁত
সংগ্রহ নম্বর- ০১.০৪.৪০২.২০২৪.০০০৭৪

## ২০২৩-২০২৪ অর্থবছরে সংরক্ষণকৃত নিদর্শন



বিলুপ্ত প্রজাতির বুনো মহিষের শিং: ইংরেজি নাম: Horns of the extinct Wild Buffalo, বৈজ্ঞানিক নাম: Bubalus arnee
সংগ্রহ নম্বর: ০১.০৪.৪০২.২০২৪.০০০৩৬



বিলুপ্ত প্রজাতির বুনো মহিষের শিং: ইংরেজি নাম: Horns of the extinct Wild Buffalo, বৈজ্ঞানিক নাম: Bubalus arnee
সংগ্রহ নম্বর: ০১.০৪.৪০২.২০২৪.০০০৩৬

## ২০২৩-২০২৪ অর্থবছরে টেক্সিডার্মিকৃত প্রাণিজ নিদর্শন



'কুড়া ঈগল পাখি' নিদর্শন
সংগ্রহ নম্বর: ০১.০৪.৪০২.২০২৪.০০০৪৬ এর টেক্সিডার্মি কাজ করা হয়েছে।

## সংরক্ষণ রসায়নাগার বিভাগ

সংরক্ষণ রসায়নাগার ১৯৭৪ খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশ জাতীয় জাদুঘরের কিউরেটরিয়াল বিভাগমূহ থেকে প্রেরিত নিদর্শনের বৈজ্ঞানিকভাবে সংরক্ষণ ও পুনরানয়নের কাজ সম্পাদন করে থাকে। এ বিভাগ নিদর্শনের সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে গ্যালারি এবং স্টোরসমূহের আর্দ্রতা, তাপমাত্রা, ক্ষতিকর আলোকরশ্মি, কীটপতঙ্গ এবং বায়ুমণ্ডলীয় গ্যাস নিয়ন্ত্রণের বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করার পাশাপাশি জাদুঘর কর্মীদের জন্য সংরক্ষণ ও পুনরানয়নের উপর প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার এবং বক্তৃতার আয়োজন করে থাকে। এছাড়াও শাখা জাদুঘরসমূহের নিদর্শন সংরক্ষণ ও অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা জাদুঘরের নিদর্শন সংরক্ষণ কাজে সহায়তা প্রদান করে থাকে।

### কর্মকর্তাদের নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **মো.আকছারুজ্জামান নুরী**<br>কীপার<br>সংরক্ষণ রসায়নাগার বিভাগ<br>ফোন নম্বর: ০২২২৩৩৬৫০৫৭ |  |
| ২ | **মো. আনিছুল ইসলাম**<br>সহকারী রসায়নবিদ<br>সংরক্ষণ রসায়নাগার বিভাগ<br>ফোন নম্বর: ০১৭৪৫৪১৮০৭৫ |  |
| ৩ | **শাহ মো. রোকনুজ্জামান**<br>সহকারী রসায়নবিদ<br>সংরক্ষণ রসায়নাগার বিভাগ<br>ফোন নম্বর: ০১৭১৬৩৪০২১৬ |  |

### ২০২৩-২০২৪ অর্থবছরে সর্বমোট সংরক্ষণ ট্রিটমেন্টকৃত নিদর্শনের তথ্য

এই বিভাগ হতে ২০২৩-২০২৪ অর্থবছরে বিভাগ ও শাখা জাদুঘরসমূহের ৩৫৫ (তিনশত পঞ্চান্ন)টি নিদর্শনের সংরক্ষণ ট্রিটমেন্ট কাজ সম্পন্ন করে সংশ্লিষ্ট বিভাগ ও শাখা জাদুঘরে ফেরত প্রদান করা হয়। এছাড়া ০৪ (চার) টি কিউরেটরিয়াল বিভাগের নিদর্শন স্টোর, গ্যালারি, লাইব্রেরি ও মিলনায়তনসমূহ পরিদর্শন করে সংরক্ষণ (preventive conservation) প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়।

### বিভাগ ও শাখা জাদুঘরভিত্তিক সংরক্ষণ ট্রিটমেন্টকৃত নিদর্শনের তথ্য

(ক) ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের নিম্নলিখিত ৮৪ (চুরাশি)টি নিদর্শনের সংরক্ষণ ট্রিটমেন্ট কাজ সম্পন্ন করে সংশ্লিষ্ট বিভাগকে ফেরত প্রদান করা হয়েছে।

| ক্র. নং. | সংগ্রহ নং | নিদর্শনের বিবরণ | সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | ৭৭.২০০১.১-১১ | পোড়ামাটির নিদর্শন: লিপিযুক্ত ইট | ০১ টি |
| ০২. | ৭৯.১৪৯১ | পোড়ামাটির নিদর্শন: লিপিযুক্ত ইট | ০১ টি |
| ০৩. | ৯৭.৯০৩ | পোড়ামাটির নিদর্শন: প্রদীপ | ০১ টি |
| ০৪. | ৭৬.৮৩৯ | পোড়ামাটির নিদর্শন: পিলসুজ | ০১ টি |
| ০৫. | ৯৭.৯০৪ | পোড়ামাটির নিদর্শন: প্রদীপ | ০১ টি |
| ০৬. | ৭৬.৮৪৪ | পোড়ামাটির নিদর্শন: পিলসুজ | ০১ টি |
| ০৭. | ৭৬.৯৮৭ | পোড়ামাটির নিদর্শন: নলযুক্ত পাত্র | ০১ টি |
| ০৮. | ৭৬.৭৫৩ | পোড়ামাটির নিদর্শন: ড্যাবর | ০১ টি |
| ০৯. | ৭৬.৯৩০ | ভস্মীভূত কাঠ | ০১ টি |
| ১০. | ৭৬.৯০৩ | পোড়ামাটির নিদর্শন: নিবেদন স্তূপ | ০১ টি |
| ১১. | ৭৬.৯০৪ | পোড়ামাটির নিদর্শন: নিবেদন স্তূপ | ০১ টি |

| ক্র. নং. | সংগ্রহ নং | নিদর্শনের বিবরণ | সংখ্যা |
|---|---|---|---|
| ১২. | ৭৬.৯৮৯ | পোড়ামাটির নিদর্শন: ক্ষুদ্র পাত্র | ০১ টি |
| ১৩. | ৭৬.৯৮৮ | পোড়ামাটির নিদর্শন: ক্ষুদ্র পাত্র | ০১ টি |
| ১৪. | ৭৬.৯৯২ | পোড়ামাটির নিদর্শন: পুতুল | ০১ টি |
| ১৫. | ৭৬.৯৯১ | পোড়ামাটির নিদর্শন: পুতুল | ০১ টি |
| ১৬. | ৭৬.৯৯০ | পোড়ামাটির নিদর্শন: বল | ০১ টি |
| ১৭. | ৭৬.৭৬০ | পোড়ামাটির নিদর্শন: গোলক | ০১ টি |
| ১৮. | ৭৬.৯১৮ | পোড়ামাটির নিদর্শন: কলস | ০১ টি |
| ১৯. | ৭৬.৯১৬ | পোড়ামাটির নিদর্শন: ঘটি | ০১ টি |
| ২০. | ৭৬.৯১৭ | পোড়ামাটির নিদর্শন: ঘটি | ০১ টি |
| ২১. | ই-১৩৫ | আরবি শিলালিপি | ০১ টি |
| ২২. | ই-২০২২.১৪৪ | বৌদ্ধ ভাস্কর্য | ০১ টি |
| ২৩. | সংগ্রহ নম্বর বিহীন | পার্বতি | ০১ টি |
| ২৪. | সংগ্রহ নম্বর বিহীন | গড়ুর | ০১ টি |
| ২৫. | ০১.৯৩৭০ | তাম্র মুদ্রা: এক পাই সিক্কা | ০১ টি |
| ২৬. | ০১.৯৩৭১ | তাম্র মুদ্রা: এক পাই সিক্কা | ০১ টি |
| ২৭. | ০১.৯৩৭২ | তাম্র মুদ্রা: এক পাই সিক্কা | ০১ টি |
| ২৮. | ০১.৯৩৭৩ | তাম্র মুদ্রা: এক পাই সিক্কা | ০১ টি |
| ২৯. | ০১.৯৩৭৪ | তাম্র মুদ্রা: এক পাই সিক্কা | ০১ টি |
| ৩০. | ০১.১৯৯৬.২৬৮ | স্বর্ণমণ্ডিত মুদ্রা: বাদশাহ শাহ আলম | ০১ টি |
| ৩১. | ০১.১৯৯৬.২৬৯ | স্বর্ণমণ্ডিত মুদ্রা: বাদশাহ শাহ আলম | ০১ টি |
| ৩২. | ০১.১৯৯৬.২৭০ | স্বর্ণমণ্ডিত মুদ্রা: বাদশাহ শাহ আলম | ০১ টি |
| ৩৩. | ০১.১৯৯৬.২৭১ | স্বর্ণমণ্ডিত মুদ্রা: বাদশাহ শাহ আলম | ০১ টি |
| ৩৪. | ০১.১৯৯৬.২৭২ | স্বর্ণমণ্ডিত মুদ্রা: বাদশাহ শাহ আলম | ০১ টি |
| ৩৫. | ২০১৮.১২৫৩ | সংবিধান মুদ্রণযন্ত্র | ০১ টি |
| ৩৬. | ০১.১৯৯৯.৩০৮ | বেগম রোকেয়ার স্বহস্তে লিখিত পত্র | ০১ টি |
| ৩৭. | ০১.১৯৮৯.৬৭৮ | কাজী নজরুল ইসলামের গানের খাতা | ০১ টি |
| ৩৮-৮৩. | ১৯৭৮.২৫০-১৯৭৮.২৯৫ | রৌপ্যমুদ্রা: ছাপাঙ্কিত | ৪৬ (ছিচল্লিশ) টি |
| ৮৪. | আ-৯২.৬২ | পানি শোধনের যন্ত্র, চিনামাটি ও ধাতব | ০১ (এক) টি |

(খ) জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের নিম্নলিখিত মোট ৬৫ (পয়ষট্টি) টি নিদর্শনের সংরক্ষণ ট্রিটমেন্ট কাজ সম্পন্ন করে সংশ্লিষ্ট বিভাগকে ফেরত প্রদান করা হয়েছে।

| ক্র. নং. | সংগ্রহ নং | নিদর্শনের বিবরণ | সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | সংগ্রহ নম্বর বিহীন | আফতাবা | ০১ টি |
| ০২. | সংগ্রহ নম্বর বিহীন | গাছপাত্র | ০১ টি |
| ০৩. | সংগ্রহ নম্বর বিহীন | পরী আকৃতির হুক্কা স্ট্যান্ড | ০১ টি |
| ০৪. | সংগ্রহ নম্বর বিহীন | হাঁসের অনুকৃতি | ০১ টি |
| ০৫. | জ-৭৬.২৩৫.১ | পিঠার ছাঁচ | ০১ টি |
| ০৬. | সংগ্রহ নম্বর বিহীন | মাছ ধরার ট্যাপাই (বাঁশের তৈরি) | ০১ টি |
| ০৭. | জ.৮৬.৬৮১০ | শাড়ী | ০১ টি |
| ০৮. | ৯৬৫ | শাড়ী | ০১ টি |
| ০৯. | ৮১০ | শাড়ী | ০১ টি |
| ১০. | ৮১৪ | গায়ের চাদর | ০১ টি |
| ১১. | ৭৩.৮৭৩ | প্রদীপ (পিতলের তৈরি) | ০১ টি |
| ১২. | ৭৩.৮৭৫ | প্রদীপ (পিতলের তৈরি | ০১ টি |
| ১৩. | ৭৩.৮৬২ | প্রদীপ (পিতলের তৈরি | ০১ টি |
| ১৪. | ৭৩.৮৭৪ | প্রদীপ (পিতলের তৈরি | ০১ টি |
| ১৫. | ৭৩.৮৩৬ | প্রদীপ (পিতলের তৈরি | ০১ টি |

| ক্র. নং. | সংগ্রহ নং | নিদর্শনের বিবরণ | সংখ্যা |
|---|---|---|---|
| ১৬. | ৭৩.৯৩৯ | প্রদীপ (পিতলের তৈরি | ০১ টি |
| ১৭. | ৭৩.৮৩৪ | প্রদীপ (পিতলের তৈরি | ০১ টি |
| ১৮. | ৭৩.৮৮২ | প্রদীপ (পিতলের তৈরি | ০১ টি |
| ১৯. | ৭৩.৮৬৬ | প্রদীপ (পিতলের তৈরি | ০১ টি |
| ২০. | ৭৩.৯৩৮ | প্রদীপ (পিতলের তৈরি | ০১ টি |
| ২১. | ৭৩.৮৩৩ | প্রদীপ (পিতলের তৈরি | ০১ টি |
| ২২. | ৭৩.৮৩৩ | প্রদীপ (পিতলের তৈরি) | ০১ টি |
| ২৩. | ৭৩.৮৬৫ | প্রদীপ (পিতলের তৈরি) | ০১ টি |
| ২৪. | ৭৩.৮৭০ | প্রদীপ (পিতলের তৈরি) | ০১ টি |
| ২৫. | ৭৩.৮৯১ | প্রদীপ (পিতলের তৈরি) | ০১ টি |
| ২৬. | ৭৩.৮৬৮ | প্রদীপ (পিতলের তৈরি) | ০১ টি |
| ২৭. | ৭৩.৮৭৭ | প্রদীপ (পিতলের তৈরি) | ০১ টি |
| ২৮. | ৭৩.৮৯৩ | প্রদীপ (পিতলের তৈরি) | ০১ টি |
| ২৯. | ৭৩.৮৭৬ | প্রদীপ (পিতলের তৈরি) | ০১ টি |
| ৩০. | ৭৩.৮৮৫ | প্রদীপ (পিতলের তৈরি) | ০১ টি |
| ৩১. | ৭৩.৮৩৮ | প্রদীপ (পিতলের তৈরি) | ০১ টি |
| ৩২. | ৭৩.৭৮ | প্রদীপ (পিতলের তৈরি) | ০১ টি |
| ৩৩. | সংগ্রহ নম্বর বিহীন | লোহার সিন্দুক | ০১ টি |
| ৩৪. | জ-৮৭.৭৩৭১.১-২ | গ্রামোফোন | ০১ টি |
| ৩৫. | বি-১৫৩০ | (শিংযুক্ত মানুষের মাথা) | ০১ টি |
| ৩৬. | বি-১৫২৮ | গদা (শিংযুক্ত গরুর মাথা) | ০১ টি |
| ৩৭. | বি-১৫৭৪ | উরুস্ত্রাণ | ০১ টি |
| ৩৮. | বি-১৫৭৬ | উরুস্ত্রাণ | ০১ টি |
| ৩৯. | বি-১৫৯১ | বাহুস্ত্রাণ | ০১ টি |
| ৪০. | বি-১৫৯৪ | বাহুস্ত্রাণ | ০১ টি |
| ৪১. | ২৭১৩ | শ্বেত পাথরের সাইড টেবিল | ০১ টি |
| ৪২. | ২৭১২ | শ্বেত পাথরের সাইড টেবিল | ০১ টি |
| ৪৩. | বি-৬২০.১-২ | চিনামাটির শিল্পকর্ম | ০১ টি |
| ৪৪. | বি-২৭৮২ | চিনামাটির শিল্পকর্ম | ০১ টি |
| ৪৫. | বি-২৩৭৬ | চিনামাটির শিল্পকর্ম | ০১ টি |
| ৪৬. | বি-২৭৮৪ | চিনামাটির শিল্পকর্ম | ০১ টি |
| ৪৭. | বি-৬৪৩ | চিনামাটির শিল্পকর্ম | ০১ টি |
| ৪৮. | বি-৬৪৮ | চিনামাটির শিল্পকর্ম | ০১ টি |
| ৪৯. | বি-২৩৭৫ | চিনামাটির শিল্পকর্ম | ০১ টি |
| ৫০. | ডব-১৩০৮ | চিনামাটির শিল্পকর্ম | ০১ টি |
| ৫১. | বি-৬৬৬ | চিনামাটির শিল্পকর্ম | ০১ টি |
| ৫২. | ডব-২৭৯২ | চিনামাটির শিল্পকর্ম | ০১ টি |
| ৫৩. | জ-৮৯.১০৯৫ | সিরামিকের থালা | ০১ টি |
| ৫৪. | জ-৬৭.২৯১ | সিরামিকের পাত্র | ০১ টি |
| ৫৫. | জ-৭৮.১৭৬৩.২ | চিনামাটির ফুলদানি | ০১ টি |
| ৫৬. | ডব-৬৩২ | চিনামাটির ফুলদানি | ০১ টি |
| ৫৭. | সংগ্রহ নম্বর বিহীন | সিরামিকের জার | ০১ টি |
| ৫৮. | জ-৬৭.২৯৬.১ | সিরামিকের থালা | ০১ টি |
| ৫৯. | জ-১৩২৬ | সিরামিকের থালা | ০১ টি |
| ৬০. | জ-১৩২৭ | সিরামিকের থালা | ০১ টি |
| ৬১. | জ-৭৬.২৩৩.৪ | সিরামিকের কাপ | ০১ টি |
| ৬২. | জ-১৩১০ | সিরামিকের বড় থালা | ০১ টি |
| ৬৩. | জ-১৩০২ | চিনামাটির জার | ০১ টি |
| ৬৪. | ১৯৭৭.১১৩৯ | সিরামিকের ছোট জার | ০১ টি |
| ৬৫. | বি-১৩৪২ | সিরামিকের প্লেট (আরবি লিপিযুক্ত) | ০১ টি |

(গ) সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগের নিম্নলিখিত মোট ৩০ (ত্রিশ)টি নিদর্শনের সংরক্ষণ ট্রিটমেন্ট কাজ সম্পন্ন করে সংশ্লিষ্ট বিভাগকে ফেরত প্রদান করা হয়েছে।

| ক্র. নং. | সংগ্রহ নং | নিদর্শনের বিবরণ | সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | স-৮৪.২৮২৯ | মানুষ-২ | ০১ টি |
| ০২. | স-৮৬.৯৪৬ | বিদ্রোহী | ০১ টি |
| ০৩. | স-৯০.৩৮৩৪ | মুক্তিযোদ্ধা | ০১ টি |
| ০৪. | স-৯০.৩৮৩৫ | মুক্তিযোদ্ধা | ০১ টি |
| ০৫. | স-৯০.৩৮৩৬ | মুক্তিযোদ্ধা | ০১ টি |
| ০৬. | সংগ্রহ নম্বর বিহীন | ল্যান্ডস্কেপ | ০১ টি |
| ০৭. | সংগ্রহ নম্বর বিহীন | স্টিল লাইফ | ০১ টি |
| ০৮. | সংগ্রহ নম্বর বিহীন | মুক্তিযোদ্ধা | ০১ টি |
| ০৯. | সংগ্রহ নম্বর বিহীন | মোমেন্টাম | ০১ টি |
| ১০. | সংগ্রহ নম্বর বিহীন | বঙ্গবন্ধু | ০১ টি |
| ১১. | সংগ্রহ নম্বর বিহীন | ভিক্টরি | ০১ টি |
| ১২. | সংগ্রহ নম্বর বিহীন | নেতাজি সুভাষ চন্দ্র বসু | ০১ টি |
| ১৩. | সংগ্রহ নম্বর বিহীন | রবীন্দ্রনাথ | ০১ টি |
| ১৪. | সংগ্রহ নম্বর বিহীন | সলিডারিটি | ০১ টি |
| ১৫. | সংগ্রহ নম্বর বিহীন | ডাবল এনার্জি | ০১ টি |
| ১৬. | সংগ্রহ নম্বর বিহীন | শেখ হাসিনা | ০১ টি |
| ১৭. | সংগ্রহ নম্বর বিহীন | শিলাইদহ কুঠিবাড়ি | ০১ টি |
| ১৮. | সংগ্রহ নম্বর বিহীন | তীব্রগতি | ০১ টি |
| ১৯. | সংগ্রহ নম্বর বিহীন | ব্যাংলা | ০১ টি |
| ২০. | সংগ্রহ নম্বর বিহীন | বুল ফাইট | ০১ টি |
| ২১. | সংগ্রহ নম্বর বিহীন | এস্কেপ | ০১ টি |
| ২২. | সংগ্রহ নম্বর বিহীন | নেচার | ০১ টি |
| ২৩. | সংগ্রহ নম্বর বিহীন | দুই কন্যা | ০১ টি |
| ২৪. | সংগ্রহ নম্বর বিহীন | চেজ | ০১ টি |
| ২৫. | সংগ্রহ নম্বর বিহীন | সেল্ফ পোর্ট্রেট | ০১ টি |
| ২৬. | সংগ্রহ নম্বর বিহীন | রিফিউজি | ০১ টি |
| ২৭. | ০১.০৩.১০১.১৯৮৮.০১৪৮০ | রমণীর প্রতিকৃতি | ০১ টি |
| ২৮. | স-৮৪.২৮২৭ | ক্ষীপ্রতা | ০১ টি |
| ২৯. | স-৮৪.২৮২৮ | মানুষ-১ | ০১ টি |
| ৩০. | ০১.০৩.১০১.২০০০.০০৪৭০ | বাংলাদেশ-১৯৭১ | ০১ টি |

(ঘ) প্রাকৃতিক ইতিহাস বিভাগ নিম্নলিখিত সর্বমোট ০১ (এক) টি নিদর্শনের সংরক্ষণ ট্রিটমেন্ট কাজ সম্পন্ন করে সংশ্লিষ্ট শাখা জাদুঘরকে বুঝিয়ে দেয়া হয়েছে।

| ক্র. নং. | সংগ্রহ নং | নিদর্শনের বিবরণ | সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | সংগ্রহ নম্বর বিহীন | এক জোড়া বুনো মহিষের শিং, কাঠের মাথার সাথে সংযুক্ত | ০১ টি |

(ঙ) ময়মনসিংহস্থ শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালার নিম্নলিখিত সর্বমোট ০৭ (সাত) টি নিদর্শনের সংরক্ষণ ট্রিটমেন্ট কাজ সম্পন্ন করে সংশ্লিষ্ট শাখা জাদুঘরকে বুঝিয়ে দেয়া হয়েছে।

| ক্র. নং. | সংগ্রহ নং | নিদর্শনের বিবরণ | সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | জ.আ ২০০৫.১ | শম্ভুগঞ্জ ঘাট | ০১ টি |
| ০২. | জ.আ ২০০৮.১ | প্রতিকৃতি | ০১ টি |
| ০৩. | জ.আ ২০০৫.৫৬ | পেইন্টিং | ০১ টি |
| ০৪. | ০৫.০০.০০৯.২০১৮.০০০৩৭ | সম্মাননা সনদ(বুলবুল ললিতকলা একাডেমি, হাতে লেখা) | ০১ টি |
| ০৫. | জ.আ-২০০৫.২১ | কাজী নজরুল ইসলাম | ০১ টি |
| ০৬. | জ.আ-২০০৫.৫৯ | পেইন্টিং | ০১ টি |
| ০৭. | জ.আ-২০০৫.৬০ | বাস্তুহারা | ০১ টি |

(চ) আহসান মঞ্জিল জাদুঘরের নিম্নলিখিত সর্বমোট ৩১ (একত্রিশ) টি নিদর্শনের সংরক্ষণ ট্রিটমেন্ট কাজ সম্পন্ন করে সংশ্লিষ্ট শাখা জাদুঘরকে বুঝিয়ে দেয়া হয়েছে।

| ক্র. নং. | সংগ্রহ নং | নিদর্শনের বিবরণ | সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | ৯০.১৩০৮ | ল্যাম্পস্ট্যান্ড, ধাতব | ০১ টি |
| ০২. | ৯০.১৩৫০ | ওয়াল ব্রাকেট, ধাতব | ০১ টি |
| ০৩. | ৯০.১৩৫১ | ওয়াল ব্রাকেট, ধাতব | ০১ টি |
| ০৪. | ৯০.১৩৫২ | ওয়াল ব্রাকেট, ধাতব | ০১ টি |
| ০৫. | ৯০.১৩০৯ | ল্যাম্পস্ট্যান্ড, ধাতব | ০১ টি |
| ০৬. | ৯০.১৩১০ | ল্যাম্পস্ট্যান্ড, ধাতব | ০১ টি |
| ০৭. | ৯০.১৩৫৩ | ওয়াল ব্রাকেট, ধাতব | ০১ টি |
| ০৮. | ৯০.১৩৫৯ | পিকদান, ধাতব | ০১ টি |
| ০৯. | ৯০.১৩৬০ | আতরদান, ধাতব | ০১ টি |
| ১০. | ৯০.১৩৬৩ | ঢাকনা, ধাতব | ০১ টি |
| ১১. | ৯০.১৩৬৪ | ঢাকনা | ০১ টি |
| ১২. | ৯০.১৩৬৫ | ঢাকনা | ০১ টি |
| ১৩. | আ-৯২.৬২ | পানি শোধনের যন্ত্র, চিনামাটি ও থাকব | ০১ টি |
| ১৪. | আ-৮৮.১ | ক্রিস্টাল চেয়ার, ধাতব ও ক্রিস্টাল | ০১ টি |
| ১৫. | আ-৮৮..২ | ক্রিস্টাল চেয়ার, ধাতব ও ক্রিস্টাল | ০১ টি |
| ১৬. | আ-৮৮.৭ | অলংকৃত চেয়ার, ধাতব ও কাঠ | ০১ টি |
| ১৭. | আ-৯০.১৩১৮ | কেরোসিন বাতি, ধাতব | ০১ টি |
| ১৮. | আ-৯০.১৩১৬ | হারিকেন, ধাতব | ০১ টি |
| ১৯. | আ-৯০.১৩১৭ | কেরোসিন বাতি, ধাতব | ০১ টি |
| ২০. | আ-৯০.১৩১৯ | কেরোসিন বাতি, টিন | ০১ টি |
| ২১. | আ-৯০.১৩২০ | কেরোসিন বাতি, টিন | ০১ টি |
| ২২. | আ-৯০.১২৮৪ | পানির ড্রাম, ধাতব ট্যাপযুক্ত | ০১ টি |
| ২৩. | আ-৯০.১৭০২ | হারিকেন, ধাতব | ০১ টি |
| ২৪. | আ-৯০.১৮৩ | কেরোসিন চালিত পাখা, ধাতব | ০১ টি |
| ২৫. | আ-৯০.১২৯২ | কারি ডিশ, ধাতব | ০১ টি |
| ২৬. | আ-৯০.১৩১২ | ল্যাম্প স্ট্যান্ড, ধাতব | ০১ টি |
| ২৭. | আ-৯০.১৩১৩ | ল্যাম্প স্ট্যান্ড, ধাতব | ০১ টি |
| ২৮. | আ-৯০.১৩৩০ | বাতির যন্ত্রাংশ, ধাতব | ০১ টি |
| ২৯. | আ-৯০.১৩১১ | ল্যাম্প স্ট্যান্ড, ধাতব | ০১ টি |
| ৩০. | আ-৯০.১৩৩৬ | কেরোসিনের বাতির যন্ত্রাংশ, ধাতব | ০১ টি |
| ৩১. | আ-৯০.১৩৫৪ | ওয়াল ব্রাকেট, ধাতব ও কাঠ | ০১ টি |

(ছ) ওসমানী জাদুঘরে নিম্নলিখিত সর্বমোট ১৪ (চৌদ্দ) টি নিদর্শনের সংরক্ষণ ট্রিটমেন্ট কাজ সম্পন্ন করে সংশ্লিষ্ট শাখা জাদুঘরকে বুঝিয়ে দেয়া হয়েছে।

| ক্র. নং. | সংগ্রহ নং | নিদর্শনের বিবরণ | সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | ও-৮৬.৮০ | ক্যাপ, সামরিক (নীল) | ০১ টি |
| ০২. | ও-৮৬.৮১ | ক্যাপ, সামরিক (নীল) | ০১ টি |
| ০৩. | ও-৮৬.১০৮ | জুতা, সামরিক বুট | ০১ টি |
| ০৪. | ও-৮৬.১০৯ | জুতা, সামরিক বুট | ০১ টি |
| ০৫. | ও-৮৬.১১০ | জুতা কালো | ০১ টি |
| ০৬. | ও-৮৬.১১১ | জুতা (বাদামী) | ০১ টি |
| ০৭. | ও-৮৬.১১৭ | কারি ডিশ (ঢাকনাসহ) | ০১ টি |
| ০৮. | ও-৮৬.১১৯ | হাফ প্লেট, চীনামাটি | ০১ টি |
| ০৯. | ও-৮৬.১২০ | হাফ প্লেট, চীনামাটি | ০১ টি |
| ১০. | ও-৮৬.১২১ | হাফ প্লেট, চীনামাটি | ০১ টি |
| ১১. | ও-৮৬.১২২ | হাফ প্লেট, চীনামাটি | ০১ টি |
| ১২. | ও-৮৬.১২৩ | হাফ প্লেট, চীনামাটি | ০১ টি |
| ১৩. | ও-৮৬.১২৮ | ফুল প্লেট, চীনামাটি | ০১ টি |
| ১৪. | ও-৮৭.২ | স্বাধীনতা পদক (স্বর্ণপদক) | ০১ টি |

(জ) জিয়া স্মৃতি জাদুঘর নিম্নলিখিত সর্বমোট ১০ (দশ) টি নিদর্শনের সংরক্ষণ ট্রিটমেন্ট কাজ সম্পন্ন করে সংশ্লিষ্ট শাখা জাদুঘরকে বুঝিয়ে দেয়া হয়েছে।

| ক্র. নং. | সংগ্রহ নং | নিদর্শনের বিবরণ | সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | জি-৯৬.৪১ | রেডিও কনসোল | ০১ টি |
| ০২. | জি-৯৬.৪০(১-৩) | রেডিও মাইক্রোফোন | ০১ টি |
| ০৩. | জি-৯৬.৪১ | ঘূর্ণায়মান চেয়ার | ০১ টি |
| ০৪. | জি-৯৬.৪(১-৩) | টেবিল, কাঠ ও ধাতব | ০১ টি |
| ০৫. | ই-৯২.৮৬৬ | মুক্তিযুদ্ধে ব্যবহৃত অস্ত্র | ০১ টি |
| ০৬. | ই-৭২৮৭২ | মুক্তিযুদ্ধে ব্যবহৃত অস্ত্র | ০১ টি |
| ০৭. | জি-৯৩.২১১ | পুলিশ ক্রেস্ট, কাঠ ও ধাতব | ০১ টি |
| ০৮. | জি-৯৩.৩৩৯ | স্ট্রেচার | ০১ টি |
| ০৯. | জি-৯৩.৪১(১-২) | বেয়নেট, ধাতব | ০১ টি |
| ১০. | জি-৯৩.৩৮ | সিগারেট কেস | ০১ টি |

(ঝ) কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর নিম্নলিখিত সর্বমোট ০১ (এক) টি নিদর্শনের সংরক্ষণ ট্রিটমেন্ট কাজ সম্পন্ন করে সংশ্লিষ্ট শাখা জাদুঘরকে বুঝিয়ে দেওয়া হয়েছে।

| ক্র. নং. | সংগ্রহ নং | নিদর্শনের বিবরণ | সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | সংগ্রহ নম্বর বিহীন | কাঙাল হরিনাথ মজুমদার ব্যবহৃত প্রেস মেশিন | ০১ টি |

(ঞ) নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ী জাদুঘর নিম্নলিখিত সর্বমোট ১১২ (একশত বার) টি নিদর্শনের সংরক্ষণ ট্রিটমেন্ট কাজ সম্পন্ন করে সংশ্লিষ্ট শাখা জাদুঘরকে বুঝিয়ে দেয়া হয়েছে।

| ক্র. নং | সংগ্রহ নং | নিদর্শনের বিবরণ | সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | সংগ্রহ নম্বর বিহীন | গোলাপপাশ | ০১টি |
| ০২. | সংগ্রহ নম্বর বিহীন | মোমদান | ০১টি |
| ০৩. | সংগ্রহ নম্বর বিহীন | সুরাপাত্র | ০১টি |
| ০৪. | সংগ্রহ নম্বর বিহীন | সুরাপাত্র | ০১টি |
| ০৫. | সংগ্রহ নম্বর বিহীন | সুরাপাত্র | ০১টি |
| ০৬. | সংগ্রহ নম্বর বিহীন | সুরাপাত্র | ০১টি |
| ০৭. | সংগ্রহ নম্বর বিহীন | সুরমাদানি | ০১টি |
| ০৮. | সংগ্রহ নম্বর বিহীন | থালা (পিতল) | ০১টি |
| ০৯. | সংগ্রহ নম্বর বিহীন | পানদান (পিতল) | ০১টি |
| ১০. | সংগ্রহ নম্বর বিহীন | ছোট পাত্র (স্টেইনলেস স্টীল) | ০১টি |
| ১১. | সংগ্রহ নম্বর বিহীন | নকশাকৃত ছোট পাত্র (স্টেইনলেস স্টীল) | ০১টি |
| ১২. | সংগ্রহ নম্বর বিহীন | কাঁচের জার | ০১টি |
| ১৩. | সংগ্রহ নম্বর বিহীন | কাঁচের সুরাদানি | ০১টি |
| ১৪. | সংগ্রহ নম্বর বিহীন | কাঁচের জার | ০১টি |
| ১৫. | সংগ্রহ নম্বর বিহীন | কাঁচের (বৃহৎ) সুরাপাত্র | ০১টি |
| ১৬. | সংগ্রহ নম্বর বিহীন | কাঁচের কেরোসিনের ল্যাম্প | ০১টি |
| ১৭. | সংগ্রহ নম্বর বিহীন | হাফপ্লেট (সিরামিক) | ০১টি |
| ১৮. | সংগ্রহ নম্বর বিহীন | হাফপ্লেট (সিরামিক) | ০১টি |
| ১৯. | সংগ্রহ নম্বর বিহীন | ফুলপ্লেট (সিরামিক) | ০১টি |
| ২০. | সংগ্রহ নম্বর বিহীন | সিরামিক বোল/বাটি | ০১টি |
| ২১. | সংগ্রহ নম্বর বিহীন | বাটি (সিরামিক-পাকিস্তান) | ০১টি |
| ২২. | সংগ্রহ নম্বর বিহীন | বাটি (সিরামিক-নকশাকৃত) | ০১টি |
| ২৩. | সংগ্রহ নম্বর বিহীন | রাইস বোল (সিরামিক) | ০১টি |
| ২৪. | সংগ্রহ নম্বর বিহীন | রাইস বোল (সিরামিক বেকার এন্ড কো.) | ০১টি |
| ২৫. | সংগ্রহ নম্বর বিহীন | ফুলপ্লেট (সিরামিক-ব্রাউন নকশা) | ০১টি |
| ২৬. | সংগ্রহ নম্বর বিহীন | ফুলপ্লেট (সিরামিক-ব্রাউন নকশা) | ০১টি |

| ক্র. নং | সংগ্রহ নং | নিদর্শনের বিবরণ | সংখ্যা |
|---|---|---|---|
| ২৭. | সংগ্রহ নম্বর বিহীন | ফুলপ্লেট (সিরামিক-ব্রাউন নকশা) | ০১টি |
| ২৮. | সংগ্রহ নম্বর বিহীন | ফুলপ্লেট (সিরামিক-ব্রাউন নকশা) | ০১টি |
| ২৯. | সংগ্রহ নম্বর বিহীন | ফুলপ্লেট (সিরামিক-ব্রাউন নকশা) | ০১টি |
| ৩০. | সংগ্রহ নম্বর বিহীন | ফুলপ্লেট (সিরামিক-ব্রাউন নকশা) | ০১টি |
| ৩১. | সংগ্রহ নম্বর বিহীন | ফুলপ্লেট (সিরামিক-লা প্লেক্স ইংল্যান্ড) লাল রঙের | ০১টি |
| ৩২. | সংগ্রহ নম্বর বিহীন | ফুলপ্লেট (সিরামিক-লা প্লেক্স ইংল্যান্ড) লাল রঙের | ০১টি |
| ৩৩. | সংগ্রহ নম্বর বিহীন | ফুলপ্লেট (সিরামিক-লা প্লেক্স ইংল্যান্ড) সবুজ রঙের | ০১টি |
| ৩৪. | সংগ্রহ নম্বর বিহীন | ফুলপ্লেট (সিরামিক-লা প্লেক্স ইংল্যান্ড) সবুজ রঙের | ০১টি |
| ৩৫. | সংগ্রহ নম্বর বিহীন | ফুলপ্লেট (সিরামিক-সবুজ বর্ডার) | ০১টি |
| ৩৬. | সংগ্রহ নম্বর বিহীন | চিনিপাত্র (বোন চায়না) | ০১টি |
| ৩৭. | সংগ্রহ নম্বর বিহীন | দুগ্ধ পাত্র (বোন চায়না) | ০১টি |
| ৩৮. | সংগ্রহ নম্বর বিহীন | দুগ্ধ পাত্র (বেঙ্গল পটারিজ-ইন্ডিয়া) | ০১টি |
| ৩৯. | সংগ্রহ নম্বর বিহীন | চিনিপাত্র | ০১টি |
| ৪০. | সংগ্রহ নম্বর বিহীন | চিত্রিত চিনিপাত্র | ০১টি |
| ৪১. | সংগ্রহ নম্বর বিহীন | দুগ্ধ পাত্র (বেঙ্গল পটারিজ-ইন্ডিয়া) | ০১টি |
| ৪২. | সংগ্রহ নম্বর বিহীন | দুগ্ধ পাত্র (জে এন্ড জি ইংল্যান্ড) | ০১টি |
| ৪৩. | সংগ্রহ নম্বর বিহীন | চা পাত্র (ফুল নকশাকৃত) | ০১টি |
| ৪৪. | সংগ্রহ নম্বর বিহীন | চা পাত্র (বেঙ্গল পটারিজ-ইন্ডিয়া) | ০১টি |
| ৪৫. | সংগ্রহ নম্বর বিহীন | ফুলপ্লেট (সিরামিক-সবুজ বর্ডার) | ০১টি |
| ৪৬. | সংগ্রহ নম্বর বিহীন | সিরামিক ল্যাম্প শেড (খণ্ডিতাংশ) | ০১টি |
| ৪৭. | সংগ্রহ নম্বর বিহীন | উষ্ণ পরিবেশন পাত্র (J. Defries & Sons Manufactures) | ০১টি |
| ৪৮. | সংগ্রহ নম্বর বিহীন | রাইস বোল (টিন) | ০১টি |
| ৪৯. | সংগ্রহ নম্বর বিহীন | রাইস বোল (টিন) | ০১টি |
| ৫০. | সংগ্রহ নম্বর বিহীন | রাইস ডিশ (ডিম্বাকৃতির) | ০১টি |
| ৫১. | সংগ্রহ নম্বর বিহীন | প্লেট (টিন) | ০১টি |
| ৫২. | সংগ্রহ নম্বর বিহীন | প্লেট (টিন) | ০১টি |
| ৫৩. | সংগ্রহ নম্বর বিহীন | প্লেট (টিন) | ০১টি |
| ৫৪. | সংগ্রহ নম্বর বিহীন | পানের বাটা | ০১টি |
| ৫৫. | সংগ্রহ নম্বর বিহীন | ফিল্টার, সিরামিক (The Berkfeld Filter Co. London), তিন অংশ বিশিষ্ট, কলযুক্ত | ০১টি |
| ৫৬. | সংগ্রহ নম্বর বিহীন | ল্যাম্প শেড, সিরামিক (দুই অংশ) | ০১টি |
| ৫৭. | সংগ্রহ নম্বর বিহীন | সিন্দুক (সবুজ রঙের, লোহা) | ০১টি |
| ৫৮. | সংগ্রহ নম্বর বিহীন | থালা (তামা) | ০১টি |
| ৫৯. | সংগ্রহ নম্বর বিহীন | কাঠের টুল (জালিকা নকশা) | ০১টি |
| ৬০. | সংগ্রহ নম্বর বিহীন | কাঠের টুল | ০১টি |
| ৬১. | সংগ্রহ নম্বর বিহীন | কাঠের টুল | ০১টি |
| ৬২. | সংগ্রহ নম্বর বিহীন | চশমা | ০১টি |
| ৬৩. | সংগ্রহ নম্বর বিহীন | তসবি (লাল রঙের) | ০১টি |
| ৬৩. | সংগ্রহ নম্বর বিহীন | কড়ি (১১টি) | ০১টি |
| ৬৪. | সংগ্রহ নম্বর বিহীন | খাট (নবাব ফয়জুন্নেছা চৌধুরাণী এই খাটে জন্মগ্রহণ করেন) | ০১টি |
| ৬৫. | সংগ্রহ নম্বর বিহীন | পার্শ্ব টেবিল | ০১টি |
| ৬৬. | সংগ্রহ নম্বর বিহীন | ক্যাশ বাক্স | ০১টি |
| ৬৭. | সংগ্রহ নম্বর বিহীন | ডাইনিং টেবিল | ০১টি |
| ৬৮. | সংগ্রহ নম্বর বিহীন | ড্রেসিং টেবিল | ০১টি |
| ৬৯. | সংগ্রহ নম্বর বিহীন | খাট | ০১টি |
| ৭০. | সংগ্রহ নম্বর বিহীন | বৃটিশ মুদ্রা | ০১টি |

| ক্র. নং | সংগ্রহ নং | নিদর্শনের বিবরণ | সংখ্যা |
|---|---|---|---|
| ৭১. | সংগ্রহ নম্বর বিহীন | দেয়াল ঘড়ি | ০১টি |
| ৭২ | সংগ্রহ নম্বর বিহীন | টেলিফোন সেট | ০১টি |
| ৭৩. | সংগ্রহ নম্বর বিহীন | আলনা | ০১টি |
| ৭৪ | সংগ্রহ নম্বর বিহীন | আলনা | ০১টি |
| ৭৫. | সংগ্রহ নম্বর বিহীন | ল্যাম্প (কাচ, মেটাল) | ০১টি |
| ৭৬. | সংগ্রহ নম্বর বিহীন | অলংকৃত ট্রে (পিতল) | ০১টি |
| ৭৭. | সংগ্রহ নম্বর বিহীন | শোপিস (কাঠ) | ০১টি |
| ৭৮. | সংগ্রহ নম্বর বিহীন | শোপিস, নারী-পুরুষ (ধাতব ও সিরামিক) | ০১টি |
| ৭৯. | সংগ্রহ নম্বর বিহীন | শোপিস (রমণী) | ০১টি |
| ৮০. | সংগ্রহ নম্বর বিহীন | শোপিস (০৪টির এক সেট) | ০১টি |
| ৮১. | সংগ্রহ নম্বর বিহীন | ল্যাম্প শেড (কাচ) | ০১টি |
| ৮২. | সংগ্রহ নম্বর বিহীন | মোহাম্মদ লেখা পিতলের শোপিস | ০১টি |
| ৮৩. | সংগ্রহ নম্বর বিহীন | অলংকৃত রাউন্ড টেবিল (ছোট) | ০১টি |
| ৮৪. | সংগ্রহ নম্বর বিহীন | অলংকৃত চেয়ার (ছোট) | ০১টি |
| ৮৫. | সংগ্রহ নম্বর বিহীন | অলংকৃত সিঙ্গেল টেবিল | ০১টি |
| ৮৬ | সংগ্রহ নম্বর বিহীন | লবণদানী (০৪ টির এক সেট) (মেটাল ও গ্লাস) | ০১টি |
| ৮৭ | সংগ্রহ নম্বর বিহীন | ট্র্যাংক (মেটাল ও কাঠ) | ০১টি |
| ৮৮ | সংগ্রহ নম্বর বিহীন | নকশী ডিস (ছোট) | ০১টি |
| ৮৯ | সংগ্রহ নম্বর বিহীন | নকশী ডিস (বড়) | ০১টি |
| ৯০ | সংগ্রহ নম্বর বিহীন | হট প্লেট (প্লেইন) | ০১টি |
| ৯১ | সংগ্রহ নম্বর বিহীন | হট প্লেট (বর্ডার  হট প্লেট (বর্ডার যুক্ত) | ০১টি |
| ৯২ | সংগ্রহ নম্বর বিহীন | নকশাযুক্ত স্টেইনলেস ডিস | ০১টি |
| ৯৩ | সংগ্রহ নম্বর বিহীন | স্টেইনলেস বড় ডিস (প্লেইন) | ০১টি |
| ৯৪ | সংগ্রহ নম্বর বিহীন | চামচ (বড়) | ০১টি |
| ৯৫-৯৭ | সংগ্রহ নম্বর বিহীন | লবণ বাটি (সিরামিক) | ০৩টি |
| ৯৮-৯৯ | সংগ্রহ নম্বর বিহীন | নকশাযুক্ত ছোট সিরামিক বাটি | ০২টি |
| ১০০ | সংগ্রহ নম্বর বিহীন | গোলাপজল দানী | ০১টি |
| ১০১ | সংগ্রহ নম্বর বিহীন | ল্যাম্প ক্যাপ (কাচ) | ০১টি |
| ১০২ | সংগ্রহ নম্বর বিহীন | সিরামিকের পানির গ্যালন | ০১টি |
| ১০৩ | সংগ্রহ নম্বর বিহীন | নকশাযুক্ত কাঠের ল্যাম্প স্ট্যান্ড | ০১টি |
| ১০৪ | সংগ্রহ নম্বর বিহীন | ফয়জুন্নেছার বাবার বাড়ীর প্রধান কাঠের দরজা ০২ টি পাল্লা ( এক জোড়া) | ০১টি |
| ১০৫-১০৭ | সংগ্রহ নম্বর বিহীন | ঘাটলা খনন কালে পাওয়া স্টেইনলেস চামচ | ০৩টি |
| ১০৮-১০৯ | সংগ্রহ নম্বর বিহীন | পোস্ট অফিসের নিক্তি | ০২টি |
| ১১০ | সংগ্রহ নম্বর বিহীন | লোহার সিন্ধুক | ০১টি |
| ১১১ | সংগ্রহ নম্বর বিহীন | ডাক বাক্স | ০১টি |
| ১১২ | সংগ্রহ নম্বর বিহীন | ছবি (আয়াজ আলী চৌধুরীর দাদা) | ০১টি |

**ইন্টার্নশীপ, প্রশিক্ষণ ও অন্যান্য কার্যক্রম:** বাংলাদেশ জাতীয় জাদুঘরের সংরক্ষণ রসায়নাগারে ২৬ সেপ্টেম্বর ২০২৩ হতে একজন ইন্টার্ন প্রশিক্ষণে রয়েছেন। এ বিভাগের মাধ্যমে ২০২৩-২০২৪ অর্থবছরে বর্ডার গার্ড বাংলাদেশ-এর সদর দপ্তরে স্থাপিত বর্ডার গার্ড জাদুঘরের নিদর্শন সংরক্ষণ বিষয়ে বিশেষজ্ঞ প্রতিবেদন প্রদান করা হয়েছে এবং বাংলাদেশ ব্যাংকের নিয়ন্ত্রণাধীন টাকা জাদুঘরে নিদর্শন সংরক্ষণ ট্রিটমেন্টের কার্যক্রম চলমান রয়েছে।

## ২০২৩-২০২৪ অর্থবছরে সংরক্ষণ ট্রিটমেন্টকৃত কিছু নিদর্শনের আলোকচিত্র

### (ক) ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের সংরক্ষণ ট্রিটমেন্টকৃত নিদর্শনের আলোকচিত্রঃ



সংগ্রহ নং: ০১.৯৩৭০(মুদ্রা)
(সংরক্ষণ ট্রিটমেন্টের পূর্বে আলোকচিত্র)



সংগ্রহ নং: ০১.৯৩৭০(মুদ্রা)
(সংরক্ষণ ট্রিটমেন্টের পরে আলোকচিত্র)



সংগ্রহ নং: ০১.৯৩৭৪(মুদ্রা)
(সংরক্ষণ ট্রিটমেন্টের পূর্বে আলোকচিত্র)



সংগ্রহ নং: ০১.৯৩৭৪(মুদ্রা)
(সংরক্ষণ ট্রিটমেন্টের পরে আলোকচিত্র)

### (খ) জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের সংরক্ষণ ট্রিটমেন্টকৃত নিদর্শনের আলোকচিত্রঃ



সংগ্রহ নং: ৭৩.৮৯১
(সংরক্ষণ ট্রিটমেন্টের পূর্বে আলোকচিত্র)



সংগ্রহ নং: ৭৩.৮৯১
(সংরক্ষণ ট্রিটমেন্টের পরে আলোকচিত্র)



সংগ্রহ নং: ৭৩.৮৮৫
(সংরক্ষণ ট্রিটমেন্টের পূর্বে আলোকচিত্র)



সংগ্রহ নং: ৭৩.৮৮৫
(সংরক্ষণ ট্রিটমেন্টের পরে আলোকচিত্র)

## (গ) সমকালীন শিল্পকলা ও বিশ্বসভ্যতা বিভাগের সংরক্ষণ ট্রিটমেন্টকৃত নিদর্শনের আলোকচিত্রঃ



সংগ্রহ নং: ৮৪.২৮২৮
(সংরক্ষণ ট্রিটমেন্টের পূর্বে আলোকচিত্র)



সংগ্রহ নং: ৮৪.২৮২৮
(সংরক্ষণ ট্রিটমেন্টের পরে আলোকচিত্র)



সংগ্রহ নং: ৮৪.২৮২৭
(সংরক্ষণ ট্রিটমেন্টের পূর্বে আলোকচিত্র)



সংগ্রহ নং: ৮৪.২৮২৭
(সংরক্ষণ ট্রিটমেন্টের পরে আলোকচিত্র)

## জনশিক্ষা বিভাগ

বাংলাদেশ জাতীয় জাদুঘরের জনশিক্ষা বিভাগ একটি গুরুত্বপূর্ণ বিভাগ। জনশিক্ষা বিভাগ সর্বসাধারণের জন্য অনানুষ্ঠানিক শিক্ষামূলক কার্যক্রম পরিচালনার দায়িত্বে নিয়োজিত। জাদুঘরের মূল অর্গানোগ্রাম অনুযায়ী এ বিভাগের অধীনে রয়েছে শিক্ষা শাখা, ডিসপ্লে শাখা, অডিটোরিয়াম শাখা, শ্রুতিচিত্রণ শাখা, গ্রন্থাগার শাখা, প্রকাশনা শাখা ও ফটোগ্রাফি শাখা।

(১) **শিক্ষা শাখা:** শিক্ষা শাখা প্রদর্শক প্রভাষক সেবা, স্কুল শিক্ষা কার্যক্রম, সেমিনার, সিম্পোজিয়াম, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, ভ্রাম্যমাণ প্রদর্শনী, বিষয়ভিত্তিক বিশেষ প্রদর্শনী শিক্ষা শাখা নিয়মিত আয়োজন করে থাকে। বিশেষ চাহিদা সম্পন্নদের হুইল চেয়ার সেবা এবং প্রাথমিক চিকিৎসা সেবা শিক্ষা শাখা নিয়মিত প্রদান করে।

(২) **ডিসপ্লে শাখা:** ডিসপ্লে শাখা জাদুঘরের গ্যালারিতে নিদর্শন উপস্থাপনা ও গ্যালারি ব্যবস্থাপনার কাজ করে থাকে (বর্তমানে ডিসপ্লে শাখা সচিব মহোদয়ের নিয়ন্ত্রণে রয়েছে)।

(৩) **অডিটোরিয়াম শাখা:** অডিটোরিয়াম শাখায় তিনটি মিলনায়তন ও একটি প্রদর্শনী গ্যালারির মাধ্যমে মিলনায়তন সেবা প্রদান করে। মিলনায়তন বরাদ্দ ও ব্যবস্থাপনা সংক্রান্ত কাজ শাখায় করা হয়ে থাকে।

(৪) **শ্রুতিচিত্রণ শাখা:** শ্রুতিচিত্রণ শাখা জাদুঘরে অনুষ্ঠিত সকল অনুষ্ঠানের ভিডিও চিত্র ধারণ ও সংরক্ষণ এবং বরেণ্য ব্যক্তিবর্গের সাক্ষাৎ গ্রহণ কাজ করে থাকে।

(৫) **গ্রন্থাগার শাখা:** গ্রন্থাগারে সংগৃহীত বই, জার্নাল, সাময়িকী, মানচিত্র, পাণ্ডুলিপি, সংবাদপত্র ইত্যাদির মাধ্যমে পণ্ডিত, গবেষক, ছাত্র-ছাত্রী এবং বাংলাদেশের ইতিহাস, সংস্কৃতি ও ঐতিহ্যের বিষয়ে আগ্রহী পাঠকদের মাঝে জ্ঞান ও তথ্য সরবরাহ করে থাকে।

(৬) **প্রকাশনা শাখা:** বাংলাদেশ জাতীয় জাদুঘর কর্তৃক প্রকাশিত সব ধরণের প্রকাশনার কাজ করে থাকে।

(৭) **ফটোগ্রাফি শাখা:** ফটোগ্রাফি শাখা জাদুঘরে আয়োজিত সেমিনার, সিম্পোজিয়াম, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, গুরুত্বপূর্ণ নিদর্শনের ছবি, দেশি-বিদেশি ও রাষ্ট্রীয় অতিথিবৃন্দকে জাদুঘর পরিদর্শনের স্থির চিত্র ধারণ করে।

### কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১. | **আসমা ফেরদৌসি**<br>কীপার<br>জনশিক্ষা বিভাগ<br>ফোন নম্বর: ০১৭১৬-১৯৭৫৭৫ |  |

## শিক্ষা শাখা

শিক্ষা শাখা বাংলাদেশ জাতীয় জাদুঘরের একটি গুরুত্বপূর্ণ শাখা। দেশী বিদেশী দর্শকদের কাছে জাদুঘরের নিদর্শনের ইতিহাস তুলে ধরা শিক্ষা শাখার মূল কাজ। এছাড়াও, বছরব্যাপী সেমিনার, সিম্পোজিয়াম, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, ভ্রাম্যমাণ প্রদর্শনী, বিষয়ভিত্তিক বিশেষ প্রদর্শনী শিক্ষা শাখা নিয়মিত আয়োজন করে থাকে। মূলত শিক্ষা শাখা প্রাণহীন জাদুঘরকে সারা বছর প্রাণবন্ত করে রাখে। এ ছাড়া বছরব্যাপী বিভিন্ন প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান বিশেষ চাহিদা সম্পন্নদের হুইল চেয়ার সেবা, প্রাথমিক চিকিৎসা সেবা শিক্ষা শাখা নিয়মিত প্রদান করে। জাদুঘরের প্রাণবন্ত, উদ্যমী প্রদর্শক প্রভাষকগণ আন্তরিকতার সাথে কাজগুলি সম্পন্ন করে। বলা যায় প্রাণহীন জাদুঘরের প্রাণ সঞ্চালন করে শিক্ষা শাখা।

### কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **সাইদ সামসুল করীম**<br>উপকীপার (ই) (রু.দা.) ও শিক্ষা অফিসার<br>জনশিক্ষা বিভাগ<br>ফোন নম্বর: ০১৫৫২-৩৭৫৬৪৭ |  |

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

২০২৩-২০২৪ অর্থবছরে বিনা টিকিটে ১৪২টি শিক্ষা প্রতিষ্ঠানের ১৩,৭৭৭ জন শিক্ষার্থীকে জাদুঘর পরিদর্শন করানো হয়।

## শিক্ষার্থীদের জাদুঘর পরিদর্শন



১১ জুলাই ২০২৩ তারিখে বীরশ্রেষ্ঠ মুন্সি আব্দুর রউফ পাবলিক স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীরা গ্যালারি পরিদর্শন করে।



এসএফএক্স গ্রিনহেরাল্ড ইন্টারন্যাশনাল স্কুল, মোহাম্মদপুর, ঢাকা এর ২৫৩ জন শিক্ষার্থী ১৩ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে জাদুঘর পরিদর্শন করে।



২৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে PLAYPEN স্কুলের ১১৮ জন শিক্ষার্থী বাংলাদেশ জাতীয় জাদুঘরের গ্যালারি পরিদর্শন করে।



ক্যামব্রিয়ান স্কুল এন্ড কলেজ, কালাচাদপুর, নদ্দা, ঢাকা থেকে আগত ছাত্রী-শিক্ষকসহ ৬৭ জন বাংলাদেশ জাতীয় জাদুঘরের গ্যালারি পরিদর্শন করেন।



আগা খান একাডেমি, ঢাকা-এর ৭৬ জন শিক্ষার্থী ৬ মার্চ ২০২৪ তারিখে জাদুঘর পরিদর্শন করে।




২৫ জুলাই ২০২৩ সাংবাদিক কাঙ্গাল হরিনাথ মজুমদারের ১৯০ তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে মূল প্রবন্ধ উপস্থাপন করেন চারণ সাংস্কৃতিক কেন্দ্রের সহ-সভাপতি কবি কামরুজ্জামান ভূঁইয়া।




০৭ আগস্ট ২০২৩ বাংলাদেশ জাতীয় জাদুঘরের ১১০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে 'জাদুঘর বা সংগ্রহশালার ইতিহাস ও বিবর্তন: পরিপ্রেক্ষিত বাংলাদেশ জাতীয় জাদুঘর' শীর্ষক সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইতিহাসবিদ ও বাংলাদেশ জাতীয় জাদুঘর পর্ষদ সদস্য অধ্যাপক ড. সোনিয়া নিশাত আমিন।




১৯ সেপ্টেম্বর ২০২৩ তারিখে 'শাহাবুদ্দিনের শিল্প: রক্তের রাগ ও অশ্রুর দাগ' শীর্ষক সেমিনার মুখ্য আলোচক হিসেবে বক্তব্য প্রদান করেন বিশিষ্ট শিল্পসমালোচক অধ্যাপক মইনুদ্দীন খালেদ।




৩০ সেপ্টেম্বর ২০২৩ ইউনেস্কোর কনভেনশন ২০০৩-এর ২০ বছর পূর্তি উপলক্ষ্যে ICH-এর জাতীয় ইনভেন্টরি উদ্বোধন করা হয়। এ উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং পশ্চিম বঙ্গের Rural Craft and Culture Hub যৌথভাবে 'সম্পদ দুই বাংলার কারুশিল্প উৎসব' শিরোনামে বিশেষ প্রদর্শনীর আয়োজন করে।




২৮ অক্টোবর ২০২৩ ‘অবিভক্ত ভারতবর্ষে ব্রিটিশ বিরোধী আন্দোলনে স্বদেশী তরুণদের অবদান, শাহাদাত বরণ ও জীবন উৎসর্গ’ শীর্ষক সেমিনার ও আলোচনা সভা এবং ‘সেলুলার জেল’, ‘পোর্ট্রেট অফ অ্যান অ্যাকট্রেস’ ও ‘মাতঙ্গিনী হাজরা’ তথ্যচিত্রের বিশেষ প্রদর্শনী আয়োজনে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ভারতের বিশিষ্ট চলচ্চিত্র নির্মাতা শিলা দত্ত।




২৭ নভেম্বর ২০২৩ অধ্যাপক মুনীর চৌধুরীর জন্মদিবস উপলক্ষ্যে জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়নে সেমিনার ও আলোচনা সভার আয়োজনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ড. সৈয়দ আজিজুল হক।




২৯  নভেম্বর ২০২৩ 'স্যার জগদীশ চন্দ্র বসু মুক্ত দর্শনের বিজ্ঞানী' শীর্ষক সেমিনার  ও আলোচনা সভার আয়োজনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্যাথলজি বিভাগের সহকারী অধ্যাপক ডা. সৌমিত্র চক্রবর্তী।




০২ ডিসেম্বর ২০২৩ তারিখে 'পটুয়া কামরুল হাসানের জীবন ও কর্ম' শীর্ষক আয়োজিত সেমিনার ও আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন শিল্পী শাওন আকন্দ।




১৩ ডিসেম্বর ২০২৩, শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষ্যে সেমিনার, আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজনে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা, একুশে পদকপ্রাপ্ত সাংবাদিক ও কলাম লেখক জনাব অজয় দাশগুপ্ত।




০১ জানুয়ারি ২০২৪ পল্লীকবি জসীম উদ্‌দীনের জন্মদিবস উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘরে 'জসীম উদ্‌দীন: মানবিকতার মহান কবি' শীর্ষক সেমিনার ও আলোচনায় প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের সাবেক অধ্যাপক ড. কাজল বন্দ্যোপাধ্যায়।




০২ জানুয়ারি ২০২৪ বাংলাদেশ জাতীয় জাদুঘর ও কথা সাহিত্যিক শওকত ওসমান স্মৃতি পরিষদ যৌথভাবে কবি সুফিয়া কামাল মিলনায়তনে বরেণ্য কথাশিল্পী শওকত ওসমানের ১০৭ তম জন্মদিবস উদযাপন উপলক্ষ্যে সেমিনার ও আলোচনা সভার আয়োজন করা হয়।




৩১ জানুয়ারি ২০২৪ স্থপতি ও কবি রবিউল হুসাইনের ৮২ তম জন্মদিন উপলক্ষ্যে 'রবিউল হুসাইন: প্রতি কবিতার শেষ কণ্ঠস্বর' শীর্ষক সেমিনার আলোচনায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন কবি ও প্রাবন্ধিক জনাব রেজাউদ্দিন স্টালিন।




১২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে ‘উন্নত শিক্ষার অগ্রযাত্রায় শিক্ষার্থীদের করণীয়’ শীর্ষক সেমিনার ও আলোচনা অনুষ্ঠান প্রবন্ধ উপস্থাপন করেন অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব তাসমানিয়া-এর শিক্ষার্থী গাজী মোঃ ওয়াসি-উল-হক ইউশা।




১৪ ফেব্রুয়ারি ২০২৪ কবি রফিক আজাদের ৮৩ তম জন্মদিবস উপলক্ষ্যে ‘কবি রফিক আজাদ: পূর্ববঙ্গের প্রেম ও পরিবেশ প্রিয় কবি’ শীর্ষক সেমিনার ও আলোচনায় শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন কবি রফিক আজাদ স্মৃতি পর্ষদের উপদেষ্টা কবি দিলারা হাফিজ।




২১ ফেব্রুয়ারি ২০২৪ শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘরে 'বঙ্গবন্ধু, রাষ্ট্রভাষা ও বাংলাদেশ' শীর্ষক সেমিনার ও আলোচনায় একুশের কবিতা আবৃত্তি করেন আবৃত্তিকার বেলায়েত হোসেন।




৩০ মার্চ ২০২৪ তারিখে বাংলাদেশ জাতীয় জাদুঘর ও আইকম বাংলাদেশ (ICOM) যৌথভাবে Museum for all: Strategy of Sustainability of National Museum of Korea শীর্ষক সেমিনার ও আলোচনায় কীনোট উপস্থাপন করেন Department of anthropology, Hanyang University, South Koren-এর ইমিরেটাস অধ্যাপক Dr Kidong Bae.




বাংলাদেশ জাতীয় জাদুঘর ৩০ মার্চ ২০২৪ 'সত্যেন সেন: সোনা রংয়ের সোনার মানুষ' শীর্ষক সেমিনারে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সুপারনিউমেরারি অধ্যাপক বেগম আকতার কামাল।




০২ এপ্রিল ২০২৪ তারিখে 'অন্নদাশঙ্কর রায়: জীবন ও সাহিত্যদৃষ্টি' শীর্ষক আয়োজিত সেমিনার ও আলোচনায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের সহকারী অধ্যাপক মীর মোহাম্মদ মারুফ মিয়া।




বাংলাদেশ জাতীয় জাদুঘর ও জাতীয় জাদুঘর পর্ষদ সদস্য জনাব শামীম আমিনুর রহমান যৌথভাবে ২৭ এপ্রিল ২০২৪ তারিখে ১৬ দিনব্যাপী কলের গান 'সেকাল-একাল' শীর্ষক বিশেষ প্রদর্শনীর উদ্বোধন ও আলোচনায় স্বাগত বক্তব্য প্রদান করেন স্থপতি ও লেখক জনাব শামীম আমিনুর রহমান।



২৯ এপ্রিল ২০২৪ আন্তর্জাতিক নৃত্য দিবস উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর ও নৃত্য শিল্পী ফাউন্ডেশন বাংলাদেশ যৌথভাবে জাদুঘরে 'নব আনন্দে জাগো' শিরোনামে অভিষেক ও নৃত্যউৎসব আয়োজন করা হয়।




০৪ মে ২০২৪ বাংলাদেশ জাতীয় জাদুঘর ও বৃহত্তর ময়মনসিংহ গবেষণা ফাউন্ডেশন এর যৌথ উদ্যোগে জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে 'কেদারনাথ মজুমদার: নির্মাণ-বিনির্মাণের আখ্যান' শীর্ষক স্মারক বক্তৃতা অনুষ্ঠান আয়োজন করা হয়।




১০ মে ২০২৪ তারিখ শিল্পী কলিম শরাফীর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর ও আলিয়া শরাফী এর যৌথ উদ্যোগে আলোচনা সভা, প্রামাণ্যচিত্র প্রদর্শন এবং সঙ্গীতানুষ্ঠান আয়োজন করা হয়।




১৪ মে ২০২৪ তারিখে বাংলাদেশ জাতীয় জাদুঘর ও কথাশিল্পী শওকত ওসমান স্মৃতি পরিষদ যৌথভাবে জাদুঘরে 'প্রজন্ম থেকে প্রজন্মে শওকত ওসমান' প্রামাণ্য চিত্র প্রদর্শন এবং আলোচনা সভার আয়োজন করা হয়।




আন্তর্জাতিক জাদুঘর দিবস উদযাপন উপলক্ষ্যে ১৮ মে ২০২৪ তারিখে আয়োজিত সেমিনার ও আলোচনা সভা অনুষ্ঠানে অতিথিবৃন্দ।



২৬ মে ২০২৪ তারিখে জাতীয় পর্যায়ে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৫তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ০৩ দিনব্যাপী বাংলাদেশ জাতীয় জাদুঘরে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে দ্বিতীয় দিন আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।




০৫ জুন ২০২৪ তারিখে বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে 'নারী শিক্ষার অগ্রদূত নওয়াব ফয়জুন্নেসার জীবন ও জনহিতকর কর্ম' শীর্ষক সেমিনার ও আলোচনায় প্রবন্ধ উপস্থাপন করেন বিশিষ্ট লেখক ও সাহিত্যিক কবি কামরুজ্জামান ভূঁইয়া।




৩০ জুন ২০২৪ বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে 'অধ্যাপক কবীর চৌধুরী: জীবন ও কর্ম' শীর্ষক সেমিনার ও আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সাবেক বিভাগীয় প্রধান অধ্যাপক মাহবুবুল মোকাদ্দেম আকাশ।




৩০ জনু ২০২৪ বাংলাদেশ জাতীয় জাদুঘরের 'বিপ্লবী মাস্টার দা সূর্যসেন ও তাঁর স্বদেশ প্রেম' শীর্ষক সেমিনার ও আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক ড. আব্দুর রাজ্জাক।

# বিশিষ্ট ব্যক্তিবর্গ কর্তৃক জাদুঘর পরিদর্শন



০১ নভেম্বর ২০২৩ তারিখে তাইওয়ানের ৩৫ জন শিক্ষক, চিকিৎসক ও প্রকৌশলী বাংলাদেশ জাতীয় জাদুঘরের মুক্তিযুদ্ধ গ্যালারিসমূহ বিশেষ আগ্রহ নিয়ে পরিদর্শন করেন।



বাংলাদেশে নিযুক্ত জাপানের মান্যবর রাষ্ট্রদূত জনাব ইওয়ামা কিমিনোরি ১০ জানুয়ারি ২০২৪ তারিখে বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মো. কামরুজ্জামান মহোদয়ের সঙ্গে সৌজন্য সাক্ষাত করেন।



০৫ মার্চ ২০২৪ তারিখে দেশি-বিদেশি সামরিক বাহিনীর সদস্যবৃন্দ বাংলাদেশ জাতীয় জাদুঘরের গ্যালারি পরিদর্শন করেন।



২৭ এপ্রিল ২০২৪ বাংলাদেশ ইন্সটিটিউট অফ পিস সাপোর্ট অপারেশন সেন্টারে প্রশিক্ষণে আমেরিকার ২৩ জন সেনা কর্মকর্তা বাংলাদেশ জাতীয় জাদুঘরের গ্যালারি পরিদর্শন করেন।

# ডিসপ্লে শাখা

জাদুঘরের প্রতিষ্ঠালগ্ন থেকেই ডিসপ্লে শাখা নিদর্শন উপস্থাপনা ও গ্যালারি ব্যবস্থাপনার কাজ করে আসছে। জাদুঘরের কর্মপরিকল্পনার মূল ৫টি নীতি বা প্রতিপাদ্য বিষয়ের (নিদর্শন সংগ্রহ, সংরক্ষণ, গবেষণা, প্রদর্শন ও নিদর্শনের নিরাপত্তা) মধ্যে 'প্রদর্শন' অত্যন্ত গুরুত্ব বহন করে। জাদুঘরের সংগৃহীত নিদর্শনের প্রকাশ পায় প্রদর্শনীর মাধ্যমে। বহুবিধ নিদর্শনের ঐতিহাসিক গুরুত্ব, তার আকার আকৃতি, রং এবং এর মাধ্যমগত বিষয়ের উপর নির্ভর করে উপস্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করতে হয়। জাদুঘরের সংগৃহীত নিদর্শন উপস্থাপন করার ক্ষেত্রে সমসাময়িক ভাবনার প্রয়োগ করতে হয়। নিদর্শন ডিসপ্লের মাধ্যমে দর্শক ও গবেষকদের আকৃষ্ট করে এবং নিদর্শনের স্বকীয়তা ফুটে ওঠে। বিশ্বের যে কোন জাদুঘরের জন্য নিদর্শন উপস্থাপন/ ডিসপ্লে একটি প্রকাশনামূলক উপস্থাপন। নিদর্শন উপস্থাপনের ব্যবস্থাপনা ডিসপ্লে শাখা কর্তৃক হয়ে থাকে। শাখার জনবল অর্গানোগ্রাম অনুযায়ী ৫ জন। জাদুঘরের বিশেষ প্রদর্শনী, বিভিন্ন জাতীয় দিবসগুলোতে সাজসজ্জা ও দেশে বিদেশে জাদুঘরের শাখা/কর্ণার উপস্থাপনার কাজ ডিসপ্লে শাখা নিয়োজিত থাকে। বর্তমানে শাখাটি সচিবের দপ্তরের অধীনে কাজ করছে।

## কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **সুবাস আহমেদ**<br>ডিসপ্লে অফিসার (রুটিন দায়িত্ব)<br>ডিসপ্লে শাখা<br>ফোন নম্বর: ০১৭৫১০৯৪৭২৬ |  |

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

- ৭ই আগস্ট বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে ১২টি কাপড়ের ফেস্টুন তৈরি করা হয়েছে।
- বরেণ্য চিত্র শিল্পী শাহাবুদ্দীন আহমেদ এর বিশেষ প্রদর্শনীর আয়োজনের সাজ-সজ্জার কাজ করা হয়েছে।
- দুই বাংলার যৌথ আয়োজনে 'সম্পদ' কারুকলা উৎসব প্রদর্শনীর সাজ-সজ্জার কাজ করা হয়েছে।
- বাংলাদেশ জাতীয় জাদুঘরের শাখা জাদুঘরে রূপান্তরিত 'নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ী জাদুঘর', লাকসাম, কুমিল্লা সাজ-সজ্জা ও উদ্বোধনী আয়োজনের কাজ করা হয়েছে।
- চিত্রশিল্পী রফিকুন্নবী স্যারের বিশেষ চিত্র প্রদর্শনীর কাজ করা হয়েছে।
- ০৯/০১/২০২৪ থেকে ১৭/০১/২০২৪ তারিখ পর্যন্ত সিলভীয়া পান্ডিত ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের যৌথ আয়োজনে প্যালেস্টাইনের অসহায় মানুষের সাহায্যার্থে ফান্ড সংগ্রহের নিমিত্তে বিশেষ প্রদর্শনীর কাজ করা হয়েছে।
- ৩০/০১/২০২৪ বাংলাদেশ জাতীয় জাদুঘেরর ভ্রাম্যমাণ বাস সাজ-সজ্জার কাজ করা হয়েছে।
- ০৫/০২/২০২৪ ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগ এর আয়োজনে ৩৮ নম্বর গ্যালারিতে লাইট এন্ড সাউন্ড শো আয়োজনের সাজ-সজ্জার কাজ করা হয়েছে।
- মাসব্যাপী অমর একুশে বইমেলার স্টলের কাজ করা হয়েছে।
- অমর একুশে ফেব্রুয়ারি পালন উপলক্ষ্যে আল্পনা, ককশিটে অক্ষর কাটিং ও জাদুঘরের সামনে অস্থায়ী অক্ষর মিনার তৈরি কাজ করা হয়েছে।
- ২৫/০৩/২০২৪ স্বাধীনতা পদক অনুষ্ঠান উপলক্ষ্যে ওসমানি স্মৃতি মিলনায়তনে আসন বিন্যাস এর স্ট্যান্ড দেওয়া ও নেওয়ার কাজ করা হয়েছে।
- ২৬/০৩/২০২৪ মহান স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর সাজ-সজ্জার কাজ করা হয়েছে।
- ৩০/০৩/২০২৪ 'সত্যেন সেন: সোনা রংয়ের সোনার মানুষ' শীর্ষক সেমিনার ও আলোচনা সভার অনুষ্ঠানের ব্যানার ও সাজ-সজ্জার কাজ করা হয়েছে।
- পহেলা বৈশাখ ১৪৩১ উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠান ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের বর্হিঙ্গনে সাজ-সজ্জার কাজ করা হয়েছে।
- ০২/০৪/২০২৪ ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের ৩৮ নং গ্যালারিতে বাংলাদেশের প্রথম শহীদ মিনার উপস্থাপনের কাজ করা হয়েছে।
- ২১/০৪/২০২৪ থেকে ২৭/০৪/২০২৪, নলিনীকান্ত ভট্টশালী গ্যালারিতে অনুষ্ঠিত কলের গান: সেকাল-একাল সংগীত রেকর্ড ও প্রযুক্তি শীর্ষক প্রদর্শনীর সাজ-সজ্জার কাজ করা হয়েছে।
- ০২/০৫/২০২৪ শহীদ জননী জাহানারা ইমাম জাদুঘর, বাংলাদেশ জাতীয় জাদুঘরের শাখা জাদুঘর রূপান্তরিত করার উদ্বোধনী অনুষ্ঠানে সাজ-সজ্জার কাজ করা হয়েছে।
- ১৮ মে আন্তর্জাতিক জাদুঘর দিবস উপলক্ষ্যে ব্যানার, ফেস্টুন ও সাজ-সজ্জার কাজ করা হয়েছে এবং হ্যান্ড ফেস্টুন, পতাকা বিতরণের কাজ করা হয়েছে।
- ২৫/০৫/২০২৪ থেকে ২৭/০৫/২০২৪ জাতীয় পর্যায়ে কবি কাজী নজরুল ইসলামের ১২৫তম জন্মবার্ষিকী উদযাপন অনুষ্ঠানের বিভিন্ন সাজ-সজ্জার কাজ করা হয়েছে।
- ২৮/০৫/২০২৪ জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের উদ্যোগে নলিনীকাকান্ত ভট্টশালী গ্যালারিতে দেশের স্মরণীয়-বরণীয় ব্যক্তিবর্গের স্মৃতি নিদর্শন নিয়ে 'স্মৃতি চিরন্তন' প্রদর্শনীর কাজ করা হয়েছে।
- বাংলাদেশ জাতীয় জাদুঘরের জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের তত্ত্বাবধানে ২৫নং গ্যালারি নতুন করে নিদর্শন উপস্থাপন ও উদ্বোধনীর অনুষ্ঠানের কাজ করা হয়েছে।

## অডিটোরিয়াম শাখা

অডিটোরিয়াম শাখা বাংলাদেশ জাতীয় জাদুঘরের জনশিক্ষা বিভাগের অন্তর্ভুক্ত। মিলনায়তন শাখার অধীনে রয়েছে তিনটি মিলনায়তন ও একটি প্রদর্শনী গ্যালারি। ১. বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মিলনায়তন, ২.কবি সুফিয়া কামাল মিলনায়তন, ৩.সিনেপ্লেক্স মিলনায়তন, এবং ৪. নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারি। সকল মিলনায়তন ও প্রদর্শনী গ্যালারিতে জাদুঘরের নিজস্ব অনুষ্ঠান ছাড়াও ভাড়ার বিনিময়ে দেশি-বিদেশি প্রতিষ্ঠানের সেমিনার, সিম্পোজিয়াম ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়।

### কর্মকর্তাদের নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **সাইমা ফারজানা**<br>অডিটোরিয়াম ম্যানেজার<br>জনশিক্ষা বিভাগ<br>ফোন নম্বর: ০১৯১৮-৭৪৪৮৮৬ |  |
| ২ | **ইমরুল কায়েস**<br>সহকারী অডিটোরিয়াম ম্যানেজার<br>জনশিক্ষা বিভাগ<br>ফোন নম্বর: ০১৭২২-৯৭২৪০৪ |  |

### মিলনায়তনসমূহে আয়োজিত অনুষ্ঠানের সংখ্যা

| মাসের নাম | বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মিলনায়তন | কবি সুফিয়া কামাল মিলনায়তন | নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারি | সিনেপ্লেক্স |
|---|---|---|---|---|
| জুলাই | ০২ টি অনুষ্ঠান (০২ শিফট) | ১০ টি অনুষ্ঠান (১০ শিফট) | ০১ টি প্রদর্শনী (০২ দিন) | ০১ টি অনুষ্ঠান (০৪ শিফট) |
| আগস্ট | ০৫ টি অনুষ্ঠান (০৭ শিফট) | ১১ টি অনুষ্ঠান (১০ শিফট) | ০৩ টি প্রদর্শনী (২১ দিন) | -- -- -- |
| সেপ্টেম্বর | ০৬ টি অনুষ্ঠান (০৮ শিফট) | ১১ টি অনুষ্ঠান (১১ শিফট) | ০১ টি প্রদর্শনী (১৪ দিন) | -- -- -- |
| অক্টোবর | ০৩ টি অনুষ্ঠান (০৫ শিফট) | ১৪ টি অনুষ্ঠান (১৪ শিফট) | ০১ টি প্রদর্শনী (০৩ দিন) | -- -- -- |
| নভেম্বর | ০৬ টি অনুষ্ঠান (০৮ শিফট) | ১০ টি অনুষ্ঠান (১০ শিফট) | ০১ টি প্রদর্শনী (২২ দিন) | -- -- -- |
| ডিসেম্বর | ০৫ টি অনুষ্ঠান (০৫ শিফট) | ১২ টি অনুষ্ঠান (১১ শিফট) | ০২ টি প্রদর্শনী (২৩ দিন) | -- -- -- |
| জানুয়ারি | ১০ টি অনুষ্ঠান (১৮ শিফট) | ১৩ টি অনুষ্ঠান (২১ শিফট) | ০১ টি প্রদর্শনী (০৫ দিন) | ০৯ টি অনুষ্ঠান (১৭ শিফট) |
| ফেব্রুয়ারি | ০৫ টি অনুষ্ঠান (০৫ শিফট) | ২১ টি অনুষ্ঠান (২০ শিফট) | ০২ টি প্রদর্শনী (০৮ দিন) | ০২ টি অনুষ্ঠান (০৫ শিফট) |
| মার্চ | ০৩ টি অনুষ্ঠান (০৩ শিফট) | ১১ টি অনুষ্ঠান (১১ শিফট) | ০১ টি প্রদর্শনী (০২ দিন) | ০২ টি অনুষ্ঠান (১০ শিফট) |
| এপ্রিল | ০৩ টি অনুষ্ঠান (০৪ শিফট) | ০৬ টি অনুষ্ঠান (০৬ শিফট) | ০৩ টি প্রদর্শনী (০৮ দিন) | -- -- -- |
| মে | ১১ টি অনুষ্ঠান (১৩ শিফট) | ১৪ টি অনুষ্ঠান (১৪ শিফট) | ০৩ টি প্রদর্শনী (১৯ দিন) | -- -- -- |
| জুন | ০৫ টি অনুষ্ঠান (০৮ শিফট) | ১৪ টি অনুষ্ঠান (১৫ শিফট) | ০১ টি প্রদর্শনী (০২ দিন) | -- -- -- |

এছাড়াও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মিলনায়তন এর লবিতে ০১ টি প্রদর্শনী (০২ দিন)।

- বাংলাদেশ জাতীয় জাদুঘরের মিলনায়তনসমূহের ২০২৩-২০২৪ অর্থবছরের ভাড়া বাবদ আয় হয়েছে ২৪,৩৫,১৩৫/- (চব্বিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার একশত পঁয়ত্রিশ) টাকা মাত্র।

## বাংলাদেশ জাতীয় জাদুঘরের ০৪ টি মিলনায়তন



কবি সুফিয়া কামাল মিলনায়তন



বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মিলনায়তন



সিনেপ্লেক্স



নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারি

## শ্রুতিচিত্রণ শাখা

শ্রুতিচিত্রণ শাখা বাংলাদেশ জাতীয় জাদুঘরের একটি গুরুত্বপূর্ণ শাখা। এ শাখা ১৯৮৬ সাল থেকে দেশের শিল্প সাহিত্য-সংস্কৃতিকে নিয়ে জাদুঘরে অনুষ্ঠিত সকল অনুষ্ঠানের ভিডিও ধারণ ও সংরক্ষণ করে থাকে। বিভিন্ন পর্যায়ের প্রতিথযশা বরেণ্য ব্যক্তিবর্গের জীবনী কথ্য ইতিহাস প্রকল্পের মাধ্যমে ধারণ ও সংরক্ষণ করা এবং ভবিষ্যৎ প্রজন্মের নিকট তুলে ধরা এই শাখার একটি অন্যতম কাজ। বিশিষ্ট ব্যক্তিগণের স্মরণানুষ্ঠানে প্রামাণ্যচিত্র তৈরি করে জাদুঘরের লবিতে প্রদর্শন করা হয়। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস,মহান বিজয় দিবস, মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, পহেলা বৈশাখের অনুষ্ঠান, ১৮ মে আন্তর্জাতিক জাদুঘর দিবসের ধারাবাহিক অনুষ্ঠানমালা ভিডিও রেকর্ড করে সংরক্ষণ করা হয়। এ ছাড়াও ঐতিহাসিক এবং প্রত্নতাত্ত্বিক স্থান, সাংস্কৃতিক ঐতিহাসিক স্থাপত্য নিদর্শনের চিত্র ভিডিও ধারণ করে সংরক্ষণ করা হয়। জাদুঘরে আগত বিদেশি প্রতিনিধি বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধান, সেনাপ্রধানগণের জাদুঘর পরিদর্শনকালীন ভিডিওচিত্র ধারণ করা হয়। এছাড়াও জাতীয় অনুষ্টানসমূহ ঐতিহাসিক ৭ই মার্চ দিবস, ২১শে পদক প্রদান অনুষ্ঠান ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত অন্যান্য অনুষ্টানও ভিডিও রেকর্ড করা হয়।

## কর্মকর্তাদের নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **সেলিনা বেগম**<br>উপ-কীপার(রু.দা) ও অডিও ভিজুয়াল প্রোগ্রাম অফিসার<br>জনশিক্ষা বিভাগ<br>ফোন নম্বর: ০১৫৫৬৬৩০৫১৭ |  |

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ২ | **ফেরদৌসী আক্তার**<br>ফিল্ম এ্যাসিসট্যান্ট লাইব্রেরিয়ান<br>জনশিক্ষা বিভাগ<br>ফোন নম্বর: ০১৯১৩১৩৪৮৭৭ |  |
| ৩ | **সুবীর সিকদার**<br>মুভি ক্যামেরাম্যান<br>জনশিক্ষা বিভাগ<br>ফোন নম্বর: ০১৭১৮৯৫৯৫৪৪ |  |

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

বাংলাদেশ জাতীয় জাদুঘরের শ্রুতিচিত্রণ শাখার দায়িত্ব ও কাজ হলো বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্যের উপর প্রামাণ্য চিত্র তৈরি করে জনসম্মুখে প্রদর্শন এবং জাতীয় জাদুঘরে অনুষ্ঠিত সাংস্কৃতিক অনুষ্ঠান, সেমিনার, আলোচনা সভা ও নিদর্শনাদির অস্থায়ী প্রদর্শনী ভিডিও ক্যামেরায় ধারণ করা। দেশের প্রখ্যাত গুণীজনের মুখ থেকে কথ্য-ইতিহাস অডিওর মাধ্যমে রেকর্ড করে সংগ্রহ করা হয়। জাতীয় দিবসগুলোতে জাদুঘর আয়োজিত শিশু-কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা বিতর্ক প্রতিযোগিতা এবং সুন্দর বাংলা হাতের লেখা প্রতিযোগিতার ভিডিওচিত্র ধারণ করা হয়। এছাড়া কর্তৃপক্ষের নির্দেশে দেশি-বিদেশি সংস্থা, পণ্ডিত ও সহযোগী সংস্থাকে শ্রুতিচিত্রণ যন্ত্রপাতি দিয়ে সহায়তা করা হয়। ফিল্ম লাইব্রেরিতে কথ্য ইতিহাস, সাংস্কৃতিক অনুষ্ঠানের ক্যাসেট, সিডি, ডিভিডি ও প্রামাণ্যচিত্র সংরক্ষণ করা হয়।

## কথ্য ইতিহাস হিসেবে কৃতি সন্তানদের সংগৃহীত সাক্ষাৎকার গ্রহণের আলোকচিত্র



০৯ সেপ্টেম্বর ২০২৩ তারিখে বীর মুক্তিযোদ্ধা ও বিশিষ্ট চিত্রশিল্পী শাহাবুদ্দিন আহমেদ-এর সাক্ষাৎকার গ্রহণ করছেন বিশিষ্ট চিত্রসমালোচক মাইনুদ্দিন খালেদ।




২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখে বীর মুক্তিযোদ্ধা ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব জনাব গোলাম কুদ্দুছ-এর সাক্ষাৎকার গ্রহণ করছেন বিশিষ্ট ফোকলোরবিদ, কবি ও লেখক ড. শিহাব শাহরিয়ার।



২২ অক্টোবর ২০২৩ তারিখে বিশিষ্ট শিক্ষাবিদ, কথাসাহিত্যিক ও শিল্প-সমালোচক অধ্যাপক ড. সৈয়দ মনজুরুল ইসলাম-এর সাক্ষাৎকার গ্রহণ করছেন কবি মারুফুল ইসলাম।




০৬ এপ্রিল ২০২৩ তারিখে প্রখ্যাত নাট্য এবং টেলিভিশন অনুষ্ঠান নির্মাতা নওয়াজীশ আলী খান-এর সাক্ষাৎকার গ্রহণ করছেন বিশিষ্ট ফোকলোরবিদ, কবি ও লেখক ড. শিহাব শাহরিয়ার।




০৩ ডিসেম্বর ২০২৩ তারিখে বিশিষ্ট ক্রীড়াবিদ ও বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক, জনাব রকিবুল হাসান-এর সাক্ষাৎকার গ্রহণ করছেন মো. কামরুজ্জামান, মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর।



২৪ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে বীর মুক্তিযোদ্ধা ও বিশিষ্ট সাংবাদিক জনাব হারুন হাবীব-এর সাক্ষাৎকার গ্রহণ করছেন বিশিষ্ট ফোকলোরবিদ, কবি ও লেখক ড. শিহাব শাহরিয়ার।




২৫ জুন ২০২৪ তারিখে বিশিষ্ট নৃত্যশিল্পী শামীম আরা নিপা-এর সাক্ষাৎকার গ্রহণ করছেন গবেষক ও উপস্থাপক জনাব শাহাদত হোসেন নিপু।

# গ্রন্থাগার শাখা

বাংলাদেশ জাতীয় জাদুঘর গ্রন্থাগার একটি শিক্ষা কেন্দ্র। গ্রন্থাগারে সংগৃহীত বই, জার্নাল, সাময়িকী, মানচিত্র, পাণ্ডুলিপি, সংবাদপত্র ইত্যাদির মাধ্যমে পণ্ডিত, গবেষক, ছাত্র-ছাত্রী এবং বাংলাদেশের ইতিহাস, সংস্কৃতি ও ঐতিহ্যের বিষয়ে আগ্রহী পাঠকদের মাঝে জ্ঞান ও তথ্য সরবরাহ করে থাকে। গ্রন্থাগারের সংগ্রহে রয়েছে প্রাগৈতিহাসিক, ইতিহাস, প্রাকৃতিক ইতিহাস, শিল্পকলা, প্রত্নতত্ত্ব, নৃবিদ্যা, লিপি, মুদ্রা, ভাস্কর্য, জাদুঘরবিদ্যা, সংরক্ষণ, স্থাপত্য, মৃৎশিল্প, দারুশিল্প, ধাতবশিল্প, চিত্রশিল্প, হস্তশিল্প, আসবাবপত্র, বয়নশিল্প, পোশাক-পরিচ্ছদ, লোকসংস্কৃতি, লোকশিল্প, উৎসব এবং অন্যান্য সাংস্কৃতিক তাৎপর্যময় বিষয়ের ওপর দুস্প্রাপ্য গ্রন্থ ও জার্নাল। জাদুঘরের সংগৃহীত নিদর্শনের ওপর গবেষণার মাধ্যমে এর কার্যক্রমকে সমৃদ্ধ ও শক্তিশালী করা, গবেষণাকে জীবনের একটি অবিচ্ছেদ্য অংশে পরিণত করা এ গ্রন্থাগারের প্রধান উদ্দেশ্য। অটোমেশন কার্যক্রমের আওতায় বাংলাদেশ জাতীয় জাদুঘর লাইব্রেরির অনলাইন ক্যাটালগিং এর কাজ সম্পন্ন হওয়ায় পাঠক ও গবেষকগণ চাহিদা মোতাবেক তথ্য সেবা গ্রহণ করতে পারে। গবেষক ও শিক্ষার্থীগণ জাদুঘর কর্তৃপক্ষ বরাবর আবেদন করে অনুমোদন সাপেক্ষে লাইব্রেরি ব্যবহারের সুবিধা গ্রহণ করতে পারে। বর্তমানে শাখাটি সচিবের দপ্তরের অধীনে কাজ করছে।

## কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি, ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **লুৎফুন নাহার**<br>লাইব্রেরিয়ান<br>জনশিক্ষা বিভাগ<br>ফোন নম্বর: ০১৭৯০২২০৮৫৭ |  |

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

- ১৩১ জন পাঠক/গবেষককে গ্রন্থাগারে পাঠ সেবা প্রদান করা হয়।
- গ্রন্থাগার এর প্রায় ৪৭৫০০ বই সামগ্রী এর স্টক টেকিং করে পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করা হয়।
- ৮৯ টি বই গ্রন্থাগার থেকে ইস্যু ও ৮৬ টি বই জমা নেয়া হয় ।
- ১০৭ টি বই গ্রন্থাগারের সংযোজন রেজিস্টারে সংযোজন করা হয় ।
- ১০৭ টি বইয়ের ক্লাসিফিকেশন করা হয়।
- ৩৩৮ টি বইয়ের স্টিকার লাগানো হয়েছে।
- কোহা সফটওয়্যারে ২৯৯ টি বই এন্ট্রি করা হয়।
- ৪১০ টি জার্নাল পরিস্কার-পরিচ্ছন্ন করে সেল্ফে সাজানো হয়।
- ১৭,১০০ টি বই পরিস্কার করে সেল্ফে সাজানো হয়।

## ২০২৩-২০২৪ অর্থবছরে গ্রন্থাগারে সংযোজনকৃত উল্লেখযোগ্য বইয়ের তালিকা

| ক্র. নং. | শিরোনাম | লেখক/সম্পাদক | প্রকাশক | প্রকাশনার স্থান | প্রকাশনার বৎসর |
|---|---|---|---|---|---|
| ১ | ইতিহাস ঐতিহ্যে ঘুঘুডাঙ্গার জমিদার | আজহারুল আজাদ জুয়েল | অজয় কুমার রায় | ঢাকা | ২০২১ |
| ২ | বেঙ্গলহোর্ড প্রথম সংখ্যা জানুয়ারি ২০২৩ | ড. মোকাম্মেল এইচ ভূঁইয়া | ড. মোকাম্মেল এইচ ভূঁইয়া | ঢাকা | ২০২৩ |
| ৩ | সংঘনায়ক শুদ্ধানন্দ মহাথের কৃতি ও কীর্তি | অধ্যাপক ড. সুকোমল বড়ুয়া | বুদ্ধিস্ট সেন্টারফর হেরিটেজ এন্ড কালচার, বিডি<br>ঢাকা বিশ্ববিদ্যালয় | ঢাকা | ২০১৬ |
| ৪ | নারী শিক্ষার অগ্রদূত নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী | ডক্টর এস এম ইলিয়াছ | এম এস দোহা | ঢাকা | ২০২২ |
| ৫ | সংস্কৃতির উন্নয়নে বাংলাদেশ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ঢাকা | ২০২৩ |

| ক্র. নং. | শিরোনাম | লেখক/সম্পাদক | প্রকাশক | প্রকাশনার স্থান | প্রকাশনার বৎসর |
|---|---|---|---|---|---|
| ৬ | শিশু থেকে শিশু প্রশিক্ষক প্রশিক্ষণ ও কার্যক্রম নির্দেশনা | রেজা সেলিম | আই ইউ সি এন বাংলাদেশ | ঢাকা | ২০০৫ |
| ৭ | টোকাই | রনবী | প্রতীক প্রকাশনা সংস্থা | ঢাকা | ১৯৯৪ |
| ৮ | লুৎফা | মো: আব্দুল হামিদ সরকার | সময়ের সুর প্রকাশন | বগুড়া | ২০২২ |
| ৯ | রক্ত কাজল | মো: আব্দুল হামিদ সরকার | মৌ প্রকাশনী | ঢাকা | ২০২০ |
| ১০ | ভালবাসার রঙধনু | মো: আব্দুল হামিদ সরকার | সিয়াম প্রকাশনী | ঢাকা | ২০১৬ |
| ১১ | প্রাত্যহিক জীবনে বয়নশিল্পের ব্যবহার এবং এর ঐতিহ্য | শামীমা রসুল | সুলতানা রাজিয়া | ঢাকা | ২০২২ |
| ১২ | চোখজোড়া প্রজাপতি | সাইফুজ্জামান | বিভাস | ঢাকা | ২০১৯ |
| ১৩ | অনামী অহংকার | দেওয়ান গোলাম মোর্তাজা | ফারজানা পাবলিশার্স | হবিগঞ্জ | ১৯৮৯ |
| ১৪ | স্মৃতির দর্পণে হজ | আলহাজ্ব এম এ ওয়ারিশ | প্রিয় বাংলা প্রকাশন | ঢাকা | ২০২২ |
| ১৫ | আলাপচারিতায় সাবির আহমেদ চৌধুরী | কাজী সালাহউদ্দীন | গদ্যপদ্য | ঢাকা | ২০২১ |
| ১৬ | শিক্ষাই আমার প্রথম চাওয়া | শফি আহমেদ ও রাশেদা কে চৌধূরী | গণসাক্ষরতা অভিযান | ঢাকা | ২০১৩ |
| ১৭ | উপনিবেশবাদ ও বাঙালির সংস্কৃতি | হেদায়েতুল্লাহ আল মামুন | জার্নিম্যান বুকস | ঢাকা | ২০২৩ |
| ১৮ | উত্তালমার্চ ১৯৭১ পূর্বাপর ঘটনাপ্রবাহ ঢাকা টিভি স্টেশনের অবিস্মরণীয় দিনগুলো | ফারুক আলমগীর | জার্নিম্যান বুকস | ঢাকা | ২০২৩ |
| ১৯ | মহা পৃথিবী | জীবনানন্দ দাশ | প্রতীক প্রকাশনা সংস্থা | ঢাকা | ২০১৭ |
| ২০ | কিলো ফ্লাইট | আলমগীর সাত্তার | জার্নিম্যান বুকস | ঢাকা | ২০২৩ |
| ২১ | শহীদ ধীরেন্দ্রনাথ দত্তের আত্মকথা | আনিসুজ্জামান | জার্নিম্যান বুকস | ঢাকা | ২০২০ |
| ২২ | দেশভাগের গল্প তামিল, ইংরেজি, পাঞ্জাবী, মারাঠি, কানাড়ি, মালয়ালাম | জাভেদ ইকবাল, মোস্তফা আজিজ জয় | জার্নিম্যান বুকস | ঢাকা | ২০২০ |
| ২৩ | দেশভাগের গল্প হিন্দি | জাভেদ ইকবাল, মোস্তফা আজিজ জয় | জার্নিম্যান বুকস | ঢাকা | ২০২৪ |
| ২৪ | দেশভাগের গল্প সিন্ধি | জাভেদ ইকবাল, মোস্তফা আজিজ জয় | জার্নিম্যান বুকস | ঢাকা | ২০২৪ |
| ২৫ | দেশভাগের গল্প | সাদাত হাসান মান্টো | জার্নিম্যান বুকস | ঢাকা | ২০২৩ |
| ২৬ | চাঁদের দেশে ইনস্পেক্টর মাতাদীন, ব্যঙ্গ গল্প ও অন্যান্য | হরিশংকর পারসাই | জার্নিম্যান বুকস | ঢাকা | ২০২৪ |
| ২৭ | দশম দিনের বাঘ ও অন্যান্য গল্প | যাকারিয়া তামের | জার্নিম্যান বুকস | ঢাকা | ২০২৪ |
| ২৮ | দেশভাগের উপন্যাস পিঞ্জর | অমৃতা প্রীতম | জার্নিম্যান বুকস | ঢাকা | ২০২৪ |
| ২৯ | দেশভাগের গল্প | গুলজার | জার্নিম্যান বুকস | ঢাকা | ২০২৩ |
| ৩০ | দেশভাগের গল্প উর্দু | জাভেদ ইকবাল, মোস্তফা আজিজ জয় | জার্নিম্যান বুকস | ঢাকা | ২০২৪ |
| ৩১ | দেশ এগিয়ে চলেছে | কাজী খলীকুজ্জামান আহমদ | চতুরঙ্গ | ঢাকা | ২০২৩ |
| ৩২ | দানের ক্ষমতা | মাবরুর মাহমুদ | আই এফ ডি পাবলিকেশনস | ঢাকা | ২০২১ |
| ৩৩ | বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতিকথা ১৯৭১ | বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতিকথা ১৯৭১ প্রকাশনা কমিটি | উপজেলা পরিষদ,ঘিউর, মানিকগঞ্জ | ঢাকা | ২০২৩ |

# প্রকাশনা শাখা

প্রকাশনা শাখা বাংলাদেশ জাতীয় জাদুঘরে সংগৃহীত বিভিন্ন নিদর্শনের গবেষণালব্ধ পাণ্ডুলিপি ও জাদুঘর সম্পৃক্ত অন্যান্য বিষয়াদির পাণ্ডুলিপি দিয়ে বিজ্ঞজনের মতামত নিয়ে বিভিন্ন ধরণের গবেষণা গ্রন্থ, স্মারকগ্রন্থ, জার্নাল, বই, ক্যাটালগ, অ্যালবাম, বার্ষিক প্রতিবেদন প্রভৃতি প্রকাশ করে থাকে। এ শাখার মাধ্যমে পরিচালিত 'শুভেচ্ছা স্মারক বিপণি' থেকে জাদুঘরে আগত দর্শনার্থীরা বিভিন্ন ধরণের প্রকাশনা ও স্মারকদ্রব্য ক্রয় করতে পারেন। জাদুঘরের প্রকাশনা শাখার বিভিন্ন প্রকাশনা 'পাঠক সমাবেশ', ঢাকা ও 'বাতিঘর', চট্টগ্রাম এর মাধ্যমে বিক্রয় করা হয়। এছাড়া বিভিন্ন সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক প্রকাশনা বিক্রয় করা হয়। জাদুঘরের প্রকাশনা নিয়ে 'আন্তর্জাতিক কলকাতা পুস্তক মেলা' এবং বাংলা একাডেমির 'অমর একুশে বইমেলা'তে প্রকাশনা শাখা নিয়মিত অংশগ্রহণ করে।

## কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **মো. মোজাহার রহমান শাহ্**<br>সহকারী কীপার (জ) ও প্রকাশনা অফিসার (সাময়িক দায়িত্ব)<br>প্রকাশনা শাখা<br>ফোন নম্বর: ০১৭৪৩৪৬৯৮৪৪ |  |

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

১. বাংলাদেশ জাতীয় জাদুঘরের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন মুদ্রণ।
২. বাংলাদেশ জাতীয় জাদুঘরের ২০২৪ সালের ডায়েরি ও ক্যালেন্ডার মুদ্রণ।
৩. অমর একুশে বইমেলা ২০২৪-এ বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রকাশনা শাখার অংশগ্রহণ, প্রকাশনা বিক্রয় ও প্রদর্শন। এ ছাড়াও বিভাগীয় বইমেলা, প্রকাশনা বিক্রয় ও প্রদর্শন।
৪. দুটি ক্যাটালগসহ তিনটি গবেষণামূলক বই প্রকাশ করা হয়েছে।
৫. বাংলাদেশ জাতীয় জাদুঘরের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য বিভিন্ন ফরম-স্টেশনারি মুদ্রণ।
৬. বাংলাদেশ জাতীয় জাদুঘর পরিচিতি (উন্নতমান ও সাধারণ মান) মুদ্রণ।
৭. বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়ন্ত্রণাধীন শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা এবং জিয়া স্মৃতি জাদুঘরের প্রবেশ টিকিট ও বিভিন্ন ফরমস-স্টেশনারি মুদ্রণ।
৮. বাংলাদেশ জাতীয় জাদুঘরের কর্মচারীদের বার্ষিক গোপনীয় ফরম মুদ্রণ।
৯. বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রধান লবিতে প্রকাশনা শাখার শুভেচ্ছা স্মারক বিপণিতে প্রকাশনা এবং স্মারক দ্রব্য বিক্রয়।







কলকাতা আর্ন্তজাতিক বইমেলা ২০২৪-এ বাংলাদেশ জাতীয় জাদুঘরের অংশগ্রহণ।




অমর একুশে বইমেলা ২০২৪-এ বাংলাদেশ জাতীয় জাদুঘরের স্টল

## বিক্রয়যোগ্য প্রকাশনার তালিকা

| ক্র. নং. | প্রকাশনার নাম | প্রকাশকাল | মূল্য |
|---|---|---|---|
| ১ | বই: বাংলাদেশের ইসলামী শিল্পকলা | ১৯৯২ | ২৫.০০ |
| ২ | বাংলাদেশ ললিত কলা, ভলিউম-২, নম্বর-১, ১৯৯৪ | ১৯৯৪ | ১০০.০০ |
| ৩ | ক্যাটালগ: বাংলাদেশের উপজাতীয় সংস্কৃতি, ঐতিহ্য ও জীবনযাত্রা, বিশেষ প্রদর্শনী ১৪০০ সাল | ১৯৯৪ | ১০.০০ |
| ৪ | বই: The Aesthetics & Vocabulary of Nakshi Kantha | ১৯৯৭ | ৫৫০.০০ |
| ৫ | বই: বিস্মৃত সুরশিল্পী কে, মল্লিক : অপ্রকাশিত আত্মকথা | ২০০১ | ১০০.০০ |
| ৬ | জার্নাল: The Journal of Bangladesh National Museum, No. 4, 2005 | ২০০৫ | ১৫০.০০ |
| ৭ | বই: মহাস্থান | ২০০৬ | ৭৭৫.০০ |
| ৮ | বই: Iconography of Buddhist & Brahmanical Sculptures in the Dacca Museum | ২০০৮ | ৮০০.০০ |
| ৯ | বই: Bangladesh Kantha Art in the Indo - Gangetic Matrix | ২০০৯ | ২৫০.০০ |
| ১০ | ক্যাটালগ: শিল্পাচার্য জয়নুল আবেদিনের ৯৫ তম জন্মদিন উপলক্ষ্যে বিশেষ প্রদর্শনী | ২০১০ | ২৫.০০ |
| ১১ | ক্যাটালগ: বাংলাদেশ জাতীয় জাদুঘরের দ্বারোদঘাটন দিবস উপলক্ষ্যে কারুশিল্প মেলা ২০১০ | ২০১০ | ২৫.০০ |
| ১২ | পোস্টার: শিল্পাচার্য জয়নুল আবেদিন | ২০১০ | ২০.০০ |
| ১৩ | পোস্টার: এস. এম. সুলতান | ২০১০ | ২০.০০ |
| ১৪ | পোস্টার: কামরুল হাসানের শিল্পকর্ম | ২০১০ | ২০.০০ |
| ১৫ | পরিচিতি: শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা | ২০১০ | ১৫.০০ |
| ১৬ | পরিচিতি: বাংলাদেশ জাতীয় জাদুঘর | ২০১১ | ২০.০০ |
| ১৭ | ক্যাটালগ: বিশেষ অলংকার প্রদর্শনী ২০১২ | ২০১২ | ৩০.০০ |
| ১৮ | পুস্তিকা: স্বাধীনতা সংগ্রাম | ২০১২ | ৫০.০০ |
| ১৯ | পুস্তিকা: ভাষা আন্দোলন | ২০১২ | ৫০.০০ |
| ২০ | পুস্তিকা: মুক্তিযুদ্ধ | ২০১২ | ৫০.০০ |
| ২১ | পুস্তিকা: স্বাধীন বাংলাদেশ | ২০১২ | ৫০.০০ |

| ক্র. নং. | প্রকাশনার নাম | প্রকাশকাল | মূল্য |
|---|---|---|---|
| ২২ | পুস্তিকা: কবি সুফিয়া কামাল মিলনায়তন ব্যবহার নীতিমালা | ২০১২ | ২৫.০০ |
| ২৩ | পুস্তিকা: প্রধান মিলনায়তন ব্যবহার নীতিমালা | ২০১২ | ২৫.০০ |
| ২৪ | পুস্তিকা: নলিনীকান্ত ভট্টাশালী প্রদর্শনী গ্যালারি ব্যবহার নীতিমালা | ২০১২ | ২৫.০০ |
| ২৫ | ক্যাটালগ: মুক্তিযুদ্ধ ভিত্তিক শিল্পকর্ম প্রদর্শনী ২০১৩ | ২০১৩ | ৩০০.০০ |
| ২৬ | ক্যাটালগ: দুর্লভ বই ও সাময়িকীর বিশেষ প্রদর্শনী ২০১৩ | ২০১৩ | ৭৫.০০ |
| ২৭ | ক্যাটালগ: বিশেষ প্রদর্শনী ২০১৩ (চারটি কিউরেটরিয়াল বিভাগের সংগৃহীত নিদর্শন) | ২০১৩ | ২০০.০০ |
| ২৮ | বই: Centenary Commemorative Volume(স্মারক গ্রন্থ) | ২০১৩ | ১,০০০.০০ |
| ২৯ | জার্নাল: বাংলাদেশ জাতীয় জাদুঘর পত্রিকা | ২০১৩ | ৫০০.০০ |
| ৩০ | বই: বাংলাদেশের আধুনিক চিত্রকলা: স্বাধীনতার আগে ও পরে | ২০১৪ | ৬০০.০০ |
| ৩১ | ক্যাটালগ: জয়নুল আবেদিনের জন্মশতবার্ষিকী ২০১৪ | ২০১৪ | ১০০.০০ |
| ৩২ | ফোল্ডার: গণহত্যা ও নির্যাতন ১৯৭১ (ইংরেজি) | ২০১৪ | ২০.০০ |
| ৩৩ | ক্যাটালগ: আন্তর্জাতিক জাদুঘর দিবস উদযাপন উপলক্ষ্যে বা.জা.জা. সংগৃহীত<br>শিল্পকর্মের বিশেষ<br>প্রদর্শনী- ২০১৪ | ২০১৪ | ২০০.০০ |
| ৩৪ | পোস্টার: ১৮ মে আন্তর্জাতিক জাদুঘর দিবস ২০১৪ | ২০১৪ | ৫০.০০ |
| ৩৫ | পোস্টার: গণহত্যা ও নির্যাতন ১৯৭১ | ২০১৪ | ২০.০০ |
| ৩৬ | অ্যালবাম: চিত্রধারায় বঙ্গবন্ধু | ২০১৪ | ১০০.০০ |
| ৩৭ | ভিউ কার্ড: জয়নুল আবেদিনের জন্মবার্ষিকী ২০১৪ | ২০১৫ | ১০০.০০ |
| ৩৮ | বই: জয়নুল আবেদিন: শিল্পী ও শিল্পকর্ম-২০১৫ | ২০১৫ | ৯০০.০০ |
| ৩৯ | জার্নাল: The Journal of Bangladesh National Museum Vol. -5, 2013 | ২০১৬ | ৩০০.০০ |
| ৪০ | বই: বাংলাদেশের দারুশিল্প | ২০১৬ | ২,৫০০.০০ |
| ৪১ | বই: A Revered Offering To Nalini Kanta Bhattasali: A Versatile Scholar | ২০১৬ | ৮০০.০০ |
| ৪২ | ক্যাটালগ: ইতালীয় শিল্পী, স্থপতি ও অধ্যাপক তারশিতো নিকোলা স্ট্রিপলি | ২০১৬ | ৫০০.০০ |
| ৪৩ | ক্যাটালগ: রবীন্দ্রনাথ ঠাকুরের চিত্রকর্ম প্রদর্শনী ২০১৬ | ২০১৬ | ১০০.০০ |
| ৪৪ | Descriptive Catalogue of the Arabic and Persian Inscriptions in The Bangladesh National Museum, Volume - 01/2016 | ২০১৬ | ১,০০০.০০ |
| ৪৫ | Descriptive Catalogue of the Terracotta Objects in The Bangladesh National Museum, Volume - 02/2016 | ২০১৬ | ৩,০০০.০০ |
| ৪৬ | Descriptive Catalogue of Mollusc Shell in The Bangladesh National Museum, Volume - 03/2016 | ২০১৬ | ৩,০০০.০০ |
| ৪৭ | Descriptive Catalogue of the textile Objects in The Bangladesh National Museum, Volume -04/2016 | ২০১৬ | ৩,০০০.০০ |
| ৪৮ | Descriptive Catalogue of the Coins of the Bengal Sultans in The Bangladesh National Museum, Volume -05(Part-2) | ২০১৭ | ৩,০০০.০০ |
| ৪৯ | ভিউ কার্ড: কামরুল হাসান | ২০১৭ | ১০০.০০ |
| ৫০ | ভিউ কার্ড: এস. এম সুলতান | ২০১৭ | ১০০.০০ |
| ৫১ | ভিউ কার্ড: শিল্পী কাইয়ুম চৌধুরী | ২০১৭ | ১০০.০০ |
| ৫২ | অ্যালবাম: বাংলাদেশের কারেন্সি নোট সেট | ২০১৭ | ২,৩০০.০০ |
| ৫৩ | অ্যালবাম: বাংলাদেশের স্ট্যাম্প সেট | ২০১৭ | ২০০.০০ |
| ৫৪ | অ্যালবাম: Master Artists of Bangladesh Zainul Abedin | ২০১৭ | ১,৫০০.০০ |
| ৫৫ | সার্ধশত জন্মবার্ষিকী স্মারকগ্রন্থ দীনেশচন্দ্র সেন | ২০১৭ | ১০০.০০ |
| ৫৬ | পোস্ট কার্ড: আহসান মঞ্জিল জাদুঘর | | ৫.০০ |
| ৫৭ | পোস্ট কার্ড: বাংলাদেশ জাতীয় জাদুঘর | | ৫.০০ |
| ৫৮ | বই: ২১ ফেব্রুয়ারি ১৯৫২ ছাত্র হত্যাকাণ্ড: এলিস কমিশন রিপোর্ট | ২০১৮ | ৬০০.০০ |
| ৫৯ | Descriptive Catalogue of the Sanskrit and Bengali Manuscripts in The Bangladesh National Museum, Volume -06 (Part-1) | ২০১৮ | ৩,০০০.০০ |
| ৬০ | Descriptive Catalogue of the Sanskrit and Bengali Manuscripts in The Bangladesh National Museum, Volume -06 (Part-2) | ২০১৮ | ৩,০০০.০০ |
| ৬১ | Descriptive Catalogue of the Ancient Coins of Bangladesh in The Bangladesh National Museum, Volume -07 | ২০১৮ | ৩,০০০.০০ |
| ৬২ | বই: Women In Bangladesh Liberation War Rediscovered in Madonna Series | ২০১৮ | ১০০.০০ |

| ক্র. নং. | প্রকাশনার নাম | প্রকাশকাল | মূল্য |
|---|---|---|---|
| ৬৩ | বই: Traditional Jamdani Design | ২০১৮ | ৩,০০০.০০ |
| ৬৪ | বই: Islamic Art Heritage of Bangladesh(২য় সংস্করণ) | ২০১৮ | ২,৫০০.০০ |
| ৬৫ | বই: নজরুল পাণ্ডুলিপি | ২০১৮ | ১,০০০.০০ |
| ৬৬ | অ্যালবাম: আলোকচিত্রে সেকালের ঢাকা (৩য় সংস্করণ) | ২০১৮ | ৩,০০০.০০ |
| ৬৭ | ক্যাটালগ: বঙ্গবন্ধু : মৃত্যুঞ্জয়ী মহানায়ক | ২০১৮ | ৪০০.০০ |
| ৬৮ | ক্যাটালগ: বঙ্গবন্ধু : নির্ভীক রাষ্ট্রনায়ক | ২০১৮ | ৫০০.০০ |
| ৬৯ | ক্যাটালগ: তুলির আঁচরে ও সুই সুতায় (হাসুমনির বাংলাদেশ) | ২০১৮ | ৩০০.০০ |
| ৭০ | ক্যাটালগ: বঙ্গবন্ধু মুক্তির অগ্রনায়ক | ২০২২ | ২৫০.০০ |
| ৭১ | বই: যাত্রাপালার ইতিহাস | ২০২২ | ৬০০.০০ |
| ৭২ | Catalogue: Shahabuddin: A Retrospective 1973-2023 | ২০২৩ | ৫০০০.০০ |
| ৭৩ | Bangladesh National Museum: Role & Furter Scope of Development | ২০২৪ | ২০০০.০০ |
| ৭৪ | কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরে মূল মুদ্রণযন্ত্রটি প্রতিস্থাপন প্রক্রিয়া | ২০২৪ | ৩৫০.০০ |
| ৭৫ | ক্যাটালগ: কলের গান: সেকাল-একাল | ২০২৪ | ২০০.০০ |
| ৭৬ | Modernism in Bangladeshi Art: Rashid Chowdhury, Murtaja Baseer & Debdas Chakraborty | ২০২৪ | ২৫০.০০ |

## ফটোগ্রাফি শাখা

ফটোগ্রাফি শাখা বাংলাদেশ জাতীয় জাদুঘরের বিভিন্ন বিভাগে সংগৃহীত নিদর্শনের আলোকচিত্র ধারণ করে সংরক্ষণের জন্য স্ব-স্ব বিভাগে সরবরাহ করে। দেশি-বিদেশি অতিথি, স্কুল-কলেজের শিক্ষার্থীদের জাদুঘর পরিদর্শন, প্রদর্শনী, সেমিনার এবং শিল্প সাহিত্য ও সংস্কৃতি নিয়ে বাংলাদেশ জাতীয় জাদুঘর আয়োজিত সকল অনুষ্ঠানাদির আলোকচিত্র ধারণ করে ফটোগ্রাফি শাখায় সংরক্ষণ করা হয়। এছাড়াও প্রকাশনার কাজের জন্য দেশের প্রত্নতাত্ত্বিক স্থানসমূহ, মসজিদ-মন্দির ও ঐতিহাসিক ইমারতাদির আলোকচিত্র ধারণ করে থাকে। নিদর্শনের সংরক্ষণের পূর্বে ও পরে আলোকচিত্র ধারণ করা হয় ও জাতীয় জাদুঘর থেকে বিভিন্ন জেলায় নিদর্শন সংগ্রহ করার সময় আলোকচিত্র ধারণ করা হয়ে থাকে।

### কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **মো. আছাদুজ্জামান**<br>মাইক্রোফিল্ম কাম মাইক্রোফিস ফটোগ্রাফার<br>জনশিক্ষা বিভাগ<br>ফোন নম্বর: ০১৭১৬২৬৩৬৫৫ |  |

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

১. বিভিন্ন জাতীয়, আন্তর্জাতিক দিবস, জাদুঘরের সভা, সেমিনার ও অনুষ্ঠানাদি মিলে ২০২৩-২০২৪ অর্থবছরে ১৮৪ (একশত চুরাশি)টি কর্মসূচীর আলোকত্র ধারণ ও সংরক্ষণ করা হয়েছে।
২. কিউরেটরিয়াল বিভাগের মোট ২৯৩টি সংগৃহীত আলোকচিত্র ধারণ।
৩. নিদর্শনের সংরক্ষণের পূর্বে ও পরে আলোকচিত্র ধারণ।
৪. প্রকাশনার কাজের জন্য আলোকচিত্র ধারণ।
৫. দেশি-বিদেশি অতিথি, স্কুল-কলেজের শিক্ষার্থীদের জাদুঘর পরিদর্শনের আলোকচিত্র ধারণ।

# পঞ্চম অধ্যায়

## বিশেষ প্রদর্শনী



৩০ জুলাই ২০২৩ তারিখ থেকে ০২ আগস্ট ২০২৩ তারিখ পর্যন্ত মোট ০৪(চার) দিনব্যাপী বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রাকৃতিক ইতিহাস বিভাগ এবং মনসিজ ক্রাফট এর যৌথ উদ্যোগে নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারিতে সমুদ্রে শিল্পের খোঁজ' শীর্ষক বিশেষ প্রদর্শনীর আয়োজন করা হয়।



বাংলাদেশ জাতীয় জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারিতে ১৫ আগস্ট ২০২৩ থেকে ৩১ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ পর্যন্ত বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধভিত্তিক স্মৃতি নিদর্শন, আলোকচিত্র এবং গ্রন্থসমূহের সমন্বয়ে বিশেষ প্রদর্শনীর আয়োজন করা হয়।



আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ও বীর মুক্তিযোদ্ধা শিল্পী শাহাবুদ্দিন আহমেদের শিল্পকর্ম নিয়ে বাংলাদেশ জাতীয় জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী গ্যালারিতে ১৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. থেকে ১৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. পর্যন্ত 'শাহাবুদ্দিনঃ এ রেট্রোস্পেক্টিভ ১৯৭৩-২০২৩' শিরোনামে বিশেষ প্রদর্শনী আয়োজন করা হয়।



দেশ বরেণ্য শিল্পী রফিকুন নবীর অশীতিতম জন্মবার্ষিক উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী গ্যালারিতে ০৫ নভেম্বর ২০২৩ খ্রি. থেকে ৩০ নভেম্বর ২০২৩ খ্রি. পর্যন্ত রেট্রসপেকটিভ প্রদর্শনী আয়োজনে সার্বিক সহযোগিতা প্রদান ও বিভাগে সংগ্রহীত নিদর্শনও উক্ত প্রদর্শনীতে উপস্থাপন করা হয়।




বাংলাদেশ জাতীয় জাদুঘর ও শিল্পী এস এম আসাদুল্লাহ এর যৌথ উদ্যোগে শিল্পীর শিল্পকর্ম দিয়ে ০৪ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ থেকে ১৩ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ ডিসেম্বর পর্যন্ত নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারিতে প্রদর্শনী আয়োজন করা হয়।



'বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বিজয়' শীর্ষক বিশেষ প্রদর্শনী বাংলাদেশ জাতীয় জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারিতে ১৬ ডিসেম্বর ২০২৩ থেকে ৩১ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ পর্যন্ত আয়োজন করা হয়।



বাংলাদেশ জাতীয় জাদুঘর ও আমেরিকা প্রবাসী শিল্পী সিলভীয়া পান্ডিত এর যৌথ উদ্যোগে বীরাঙ্গনা নারী ও প্যালেস্টাইনের অসহায় মানুষের সাহায্যার্থে শিল্পীর আঁকা চিত্রকর্ম দিয়ে ১২ থেকে ১৬ জানুয়ারি ২০২৪ খ্রি. পর্যন্ত নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারিতে বিশেষ প্রদর্শনী আয়োজন করা হয়।



বাংলাদেশ জাতীয় জাদুঘর পর্ষদ সদস্য জনাব আমিনুর রহমান, স্থপতি ও লেখক এবং বাংলাদেশ জাতীয় জাদুঘর-এর যৌথ উদ্যোগে ২৭ এপ্রিল থেকে ১৫ মে ২০২৪ খ্রি. পর্যন্ত নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারিতে 'কলের গান: সেকাল-একাল' শিরোনামে বিশেষ প্রদর্শনী আয়োজন করা হয়।



০৩ জুন ২০২৪ তারিখে দেশের স্মরণীয় বরণীয় কৃতি সন্তানদের স্মৃতি নিদর্শন নিয়ে ১৫ দিনব্যাপী 'স্মৃতি চিরন্তন' শিরোনামে প্রদর্শনী আয়োজন করা হয়।



০৩ জুন ২০২৪ তারিখে দেশের স্মরণীয় বরণীয় কৃতি সন্তানদের স্মৃতি নিদর্শন নিয়ে ১৫ দিনব্যাপী 'স্মৃতি চিরন্তন' প্রদর্শনীটি পরিদর্শন করছেন আগত অতিথিবৃন্দ।

# গ্যালারি সংস্কার, আধুনিকায়ন ও উন্নয়ন




০৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে বাঙালি, বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ শীর্ষক ৩৮ নম্বর গ্যালারিতে 'লাইট অ্যান্ড সাউন্ড শো' উদ্বোধন করা হয়।




প্রাকৃতিক ইতিহাস বিভাগের অধীন 'গ্রামীণ বাংলাদেশ' শীর্ষক ২ নম্বর গ্যালারিটি সংস্কার, উন্নয়ন ও আধুনিকায়ন কাজ শেষে ২৯ জানুয়ারি ২০২৪ তারিখে বাংলাদেশ জাতীয় জাদুঘর পর্ষদ সভাপতি অধ্যাপক ড. আ.আ.ম.স. আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শুভ উদ্বোধন করেন।



২ নম্বর গ্যালারির সংস্কার, উন্নয়ন ও আধুনিকায়নের পূর্বের অবস্থা।



২ নম্বর গ্যালারির সংস্কার, উন্নয়ন ও আধুনিকায়নের পরের অবস্থা।



জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা বিভাগের অধীন 'চীনামাটির শিল্পকর্ম' শীর্ষক ২৫ নম্বর গ্যালারিটি আধুনিকায়ন করা হয়েছে।



২৫ নম্বর গ্যালারি আধুনিকায়নের পূর্বের অবস্থা



২৫ নম্বর গ্যালারি আধুনিকায়নের পরের অবস্থা

## গ্যালারিতে উপস্থাপিত নিদর্শন

### ২০২৩-২০২৪ অর্থবছরে বাংলাদেশ জাতীয় জাদুঘরের গ্যালারিভিত্তিক উপস্থাপিত নিদর্শনের তালিকা

| গ্যালারি | গ্যালারির নাম | উপস্থাপিত নিদর্শনের সংখ্যা | মডেল/আলোকচিত্র/অন্যান্য (সংগ্রহ নম্বর বহির্ভূত) |
|---|---|---|---|
| ১. | মানচিত্রে বাংলাদেশ | ---- | ১০টি |
| ২. | গ্রামীণ বাংলাদেশ | ---- | ৭০টি |
| ৩. | সুন্দরবন | ৩০ টি | ৩ টি |
| ৪. | শিলা ও খনিজ | ১৩০ টি | ১ টি |
| ৫. | বাংলাদেশের গাছপালা | ০৮ টি | ১৮২ টি |
| ৬. | ফুল-ফল, লতা-পাতা | ---- | ৩৩৭টি |
| ৭. | জীবজন্তু | ৯০ টি | ১৭০ টি |
| ৮. | পাখি | ১০৩ টি | ---- |
| ৯. | বাংলাদেশের স্তন্যপায়ী প্রাণী | ১১ টি | ৪ টি |
| ১০. | হাতি | ০৪ টি | ৯ টি |
| ১১. | বাংলাদেশের জনজীবন | ২২৫ টি | ৮ টি |
| ১২. | বাংলাদেশের নৌকা | ৬০ টি | ---- |
| ১৩. | বাংলাদেশের ক্ষুদ্র নৃগোষ্ঠী-১ | ৮১ টি | ---- |
| ১৪. | বাংলাদেশের ক্ষুদ্র নৃগোষ্ঠী-২ | ৭৮ টি | ---- |
| ১৫. | বাংলাদেশের মাটির পাত্র | ১৬০ টি | ---- |
| ১৬. | প্রত্নতাত্ত্বিক নিদর্শন | ১৮৪ টি | ---- |
| ১৭. | ভাস্কর্য-১ | ৮৫ টি | ---- |
| ১৮. | ভাস্কর্য-২ | ৬০ টি | ---- |
| ১৯. | স্থাপত্য | ০৮ টি | ১৩ টি |
| ২০. | লেখমালা | ২৩ টি | ১৬ টি |
| ২১. | মুদ্রা | উপস্থাপন চলমান | ---- |
| ২২. | হাতির দাঁতের শিল্পকর্ম | ১৩৩ টি | ---- |
| ২৩. | অস্ত্রশস্ত্র | ১৮৬ টি | ---- |
| ২৪. | ধাতব শিল্পকর্ম | ২২৮ টি | ---- |
| ২৫. | চিনামাটির শিল্পকর্ম | ০৩ টি (উপস্থাপন চলমান) | ---- |
| ২৬. | বিশ্রাম কক্ষ | ---- | ---- |
| ২৭. | কাচ ও কাচপণ্য | ২৪৩ টি | ১২৩ টি |
| ২৮. | বাদ্যযন্ত্র | ১২৫ টি | ---- |
| ২৯. | বস্ত্র ও পোশাক পরিচ্ছদ | ৩৬ টি | ---- |
| ৩০. | নকশিকাঁথা | ৮৫ টি | ---- |
| ৩১. | কাঠের শিল্পকর্ম-১ | ২৪ টি | ---- |
| ৩২. | কাঠের শিল্পকর্ম-২ | ২৭ টি | ---- |
| ৩৩. | পাণ্ডুলিপি ও দলিলপত্র | ৫৪ টি | ---- |
| ৩৪. | সমকালীন শিল্পকলা-১ | ৩৮ টি | ---- |
| ৩৫. | শিল্পাচার্য জয়নুল আবেদিন গ্যালারি | ৬০ টি | ---- |
| ৩৬. | সমকালীন শিল্পকলা-২ | ১৪৬ টি | ---- |
| ৩৭. | বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম: বাঙালি বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ | ৪৩ টি | ৯২ টি |
| ৩৮. | বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম: বাঙালি বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ | ১৮৪ টি | ৫০২ টি |
| ৩৯. | বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম: বাঙালি বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ | ১২৬ টি | ১৪৭ টি |
| ৪০. | বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম: বাঙালি বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ | ৬০ টি | ১২৫ টি |
| ৪১. | বিশ্বসভ্যতা | ২২১ টি | ---- |
| ৪২. | (ক) বিশ্বশিল্পকলা ও (খ) পটুয়া কামরুল হাসান | ৮৩ টি | ৬০ টি |
| ৪৩. | মানব সভ্যতার ইতিহাস | ---- | ৭৮ টি |
| ৪৪. | কোরিয়ান কর্নার, ইরানি কর্নার,সুইজারল্যান্ড কর্নার ও চাইনিজ কর্নার | ২৮৫ টি | ২০ টি |
| ৪৫. | প্রাচীন ভারতীয় সভ্যতা | ৬৯ টি | ২৯ টি |
| ৪৬. | পুতুল গ্যালারি | উপস্থাপন চলমান | ---- |

# ষষ্ঠ অধ্যায়

## শাখা জাদুঘরসমূহের কার্যক্রম

### আহসান মঞ্জিল জাদুঘর, নওয়াব বাড়ি, ঢাকা



আঠার শতকের প্রথমদিকে জালালপুর পরগণার (বর্তমান ফরিদপুর-বরিশাল) জমিদার শেখ ইনায়েতউল্লাহ আহসান মঞ্জিলের স্থানে এক বাগান বাড়ি তৈরি করেন। শেখ ইনায়েত উল্লাহর মৃত্যুর পর তাঁর পুত্র শেখ মতিউল্লাহ সেটি ফরাসী বণিকদের নিকট বিক্রি করে দেন। ফরাসীরা এখানে তাদের বাণিজ্যকুঠি নির্মাণ করে। নওয়াব আবদুল গনির পিতা খাজা আলীমুল্লাহ ১৮৩০ সালে ফরাসীদের নিকট থেকে কুঠিটি ক্রয় পূর্বক সংস্কারের মাধ্যমে নিজ বাসভবনের উপযোগী করেন। পরবর্তীতে এর আকৃতি অনেক পরিবর্তন ও পরিবর্ধনের ফলে পুরনো সে ভবনের কোন অস্তিত্ব বর্তমানে নেই। নওয়াব আবদুল গনি ১৮৬৯ সালে প্রাসাদটি পুনঃনির্মাণ করেন এবং প্রিয় পুত্র খাজা আহসানুল্লাহর নামানুসারে নামকরণ করেন 'আহসান মঞ্জিল'। ১৯৮৫ সালের ৩ নভেম্বর আহসান মঞ্জিল প্রাসাদ ও তৎসংলগ্ন চত্বরসহ ৫.৬৫ একর ভূমি ও ভবনসমূহ সরকার অধিগ্রহণ করলে সেখানে জাদুঘর স্থাপনের কাজ শুরু হয়। বর্তমানে জাদুঘরের আওতায় ৪.৯৬ একর ভূমি রয়েছে। ১৯৯২ সালের ২০ সেপ্টেম্বর আহসান মঞ্জিল জাদঘুরের আনুষ্ঠানিক উদ্বোধন ও জনসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত করে দেয়া হয়।

**জাদুঘরে ভবনসমূহ :** ক) প্রাসাদভবন, খ) অন্দরমহল

**জাদুঘর ভবনে গ্যালারিসমূহ :** প্রসাদভবনের ৩১টি কক্ষের মধ্যে ২৫টি কক্ষকে প্রদর্শনী গ্যালারি হিসেবে প্রস্তুত করে নিদর্শন উপস্থাপন করা হয়েছে। ২৫টি কক্ষের মধ্যে ৯টি কক্ষ লন্ডনের ইন্ডিয়া অফিস লাইব্রেরিতে প্রাপ্ত আলোকচিত্রের সাথে মিলিয়ে সাজানো হয়েছে। আহসান মঞ্জিলের তোষাখানা ও ক্রোকারিজ কক্ষে থাকা তৈজসপত্র এবং নওয়াব এস্টেটের পুরোনো অফিস 'এডওয়ার্ড হাউজ' থেকে প্রাপ্ত বিভিন্ন নিদর্শন সংরক্ষণ করে প্রদর্শন করা হয়েছে। ১৭ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে অন্দর মহলের দ্বিতীয় তলায় ১২ টি গ্যালারি সজ্জিত করে দর্শকদের জন্য উন্মুক্ত করে দেয়া হয়েছে। বর্তমানে মোট গ্যালারি সংখ্যা ৩৭টি এবং নিবন্ধিত নিদর্শনের সংখ্যা ৩,৮৩২টি।





আহসান মঞ্জিল জাদুঘরের গ্যালারি

## প্রাসাদভবন গ্যালারির নিদর্শনের হিসাব

| ক্র. নং. | গ্যালারি নম্বর | গ্যালারির নাম | নিদর্শন সংখ্যা | অনিবন্ধিত নিদর্শন সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | ০ | সূচনা গ্যালারি (পুরাতন লাগেজ কাউন্টার) | ২৫ টি | - |
| ২. | ১. | আহসান মঞ্জিল পরিচিতি-১ | ২৩ টি | - |
| ৩. | ২. | আহসান মঞ্জিল পরিচিতি-২ | ১৪ টি | ০৮ টি |
| ৪. | ৩. | প্রাসাদ ডাইনিং কক্ষ | ২৭৮ টি | ৫২ টি |
| ৫. | ৪. | গোলঘর (নীচতলা) | ২১ টি | - |
| ৬. | ৫ | প্রধান সিড়িঁঘর (নীচতলা) | ৩৬ টি | ০৩ টি- |
| ৭. | ৬. | আহসানুল্লাহ মেমোরিয়াল হাসপাতাল | ৩০ টি | ০৩ টি |
| ৮. | ৭. | মুসলিম লীগ কক্ষ | ৫৩ টি | ০৬ টি |
| ৯. | ৮. | বিলিয়ার্ড কক্ষ | ১৩ টি | ১৭ টি |
| ১০. | ৯. | সিন্দুক কক্ষ | ০৯ টি | ০৫ টি |
| ১১. | ১০ | নওয়াব পরিচিতি | ০২ টি | ০১ টি |
| ১২. | ১০ ক. | সিঁড়িঘর (দক্ষিণ পশ্চিম) | ৪২ টি | ০৩ টি |
| ১৩. | ১১. | প্রতিকৃতি-১ | ১৮ টি | ২৫ টি |
| ১৪. | ১২. | সলিমুল্লাহ স্মরণে | ১৫ টি | ৬ টি |
| ১৫. | ১৩. | প্রতিকৃতি-২ | ২২ টি | ২০ টি |
| ১৬. | ১৪. | হিন্দুস্থানি কক্ষ | ৪৫ টি | ৩৯ টি |
| ১৭. | ১৫. | সিঁড়িঘর (দোতলা) | ০৮ টি | ১৫ টি |
| ১৮. | ১৬. | লাইব্রেরি কক্ষ | ২২ টি | ২০ টি |
| ১৯. | ১৭. | কার্ডরুম | ১১০ টি | ১৫ টি |
| ২০ | ১৮. | পানীয় জল, ঢাকার নওয়াবদের অবদান | ২৮ টি | - |
| ২১. | ১৯. | স্টেট বেডরুম | ১০ টি | ১০ টি |
| ২২. | ২০. | নওয়াবদের অবদান, বিদ্যুৎ | ৫০ টি | ৬ টি |
| ২৩. | ২১. | প্রসাদ ড্রইং কক্ষ | ৫৮ টি | ৬০ টি |
| ২৪. | ২২. | গোলঘর (দোতলা) | ১৩ টি | - |
| ২৫. | ২৩. | নাচঘর | ১২ টি | ২১ টি |
| | | মোট = | **৯৫৭টি** | **৩৩৫ টি** |

## অন্দর মহলের গ্যালারির নিদর্শনের হিসাব

| ক্র. নং. | গ্যালারি নম্বর | গ্যালারির নাম | নিদর্শন সংখ্যা |
|---|---|---|---|
| ২৬. | ১. | নওয়াবদের জমিদারির দলিল দস্তাবেজ | ৮ টি |
| ২৭. | ২. | নওয়াব পরিবারের খ্যাতনামা পুরুষগণ | ৬ টি |
| ২৮. | ৩. | ঢাকার পঞ্চয়েত সরদার; ইতিহাস ও কর্মকান্ড | ২৫ টি |
| ২৯. | ৪. | নওয়াব পরিবারের খ্যাতনামা নারীগণ | ৩১ টি |
| ৩০. | ৫. | নওয়াবদের যানবাহন(ডিওরমা) | - |
| ৩১. | ৬. | নওয়াবদের তৈজষপত্র ও গৃহসজ্জার নিদর্শন | ১৭ টি |
| ৩২. | ৭. | নওয়াবদের বাগান বাড়ি সমূহ | - |
| ৩৩. | ৮. | নওয়াবদের ক্রীড়া, সংস্কৃতি ও সাহিত্য চর্চা | ১০ টি |
| ৩৪. | ৯. | নওয়াবদের সংশ্লিষ্ট কর্মচারী ও তৎকালিন শ্রমজীবী | ১৪ টি |
| ৩৫. | ১০. | নওয়াবদের সময়কার উৎসব ও মেলা | - |
| ৩৬. | ১১. | নওয়াবদের শয়ণ কক্ষের পরিবেশ (ডিওরমা) | - |
| ৩৭. | ১২. | নওয়াবদের হাম্মামখানা (বাথরুম) | - |
| | | মোট= | **১১১ টি** |

## কর্মকর্তাদের নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **ড. বিজয় কৃষ্ণ বণিক**<br>কীপার<br>আহসান মঞ্জিল জাদুঘর<br>ফোন নম্বর : ০১৭১১-৩৯৭৮৮০ |  |
| ২ | **মো. সেরাজুল ইসলাম**<br>উপকীপার<br>আহসান মঞ্জিল জাদুঘর<br>ফোন নম্বর : ০১৭১-৬৬৩৯৫২ |  |
| ৩ | **মো. মোস্তফা কামাল**<br>ডিসপ্লে অফিসার<br>আহসান মঞ্জিল জাদুঘর<br>ফোন নম্বর : ০১৮৩২৭১৭০১৭ |  |
| ৪ | **মো. রুবেল মিঞা**<br>উপসহকারী প্রকৌশলী<br>আহসান মঞ্জিল জাদুঘর<br>ফোন নম্বর : ০১৭৩২-০৬৮৪৬৪ |  |

## অনুষ্ঠানমালা




শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষ্যে ২১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দে শিশু-কিশোরদের রচনা প্রতিযোগিতা অনুষ্ঠান।





মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে ২৬ মার্চ ২০২৪ খ্রি. রচনা প্রতিযোগিতা, আলোচনা সভা ও শিশু-কিশোরদের বিভিন্ন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান।

# শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা, ময়মনসিংহ




শিল্প ভাবনাকে উৎসাহিত করতে এবং চিত্রকলার আন্দোলনকে বিকেন্দ্রীকরণ অর্থাৎ ঢাকার বাইরে ছড়িয়ে দেবার লক্ষে স্বপ্রনোদিত জয়নুল তাঁর মনের ক্যানভাসের আর্ট গ্যালারিটি শৈশবের স্মৃতিঘেরা শহরে প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করেন। তাঁর এই উদ্যোগ সাধারণের দাবীতে পরিণত হলে ময়মনসিংহের সাংস্কৃতিক ব্যক্তিত্ব, গুণীজন, বিভিন্ন শ্রেণি পেশার মানুষ এবং ময়মনসিংহ জেলা প্রশাসন সম্মিলিতভাবে সংগ্রহশালাটি প্রতিষ্ঠা করেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের তৎকালীন মহামান্য উপ-রাষ্ট্রপতি জনাব সৈয়দ নজরুল ইসলাম ০১ বৈশাখ ১৩৮২ বঙ্গাব্দ (১৫ এপ্রিল ১৯৭৫ খ্রিস্টাব্দ) 'শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা'-এর শুভ উদ্বোধন করেন। সংগ্রহশালাটি পরিচালনার জন্য ১৯৭৫ সালের ১৯ জুলাই ময়মনসিংহের তৎকালীন জেলা প্রশাসককে সভাপতি করে ৪৬ সদস্য বিশিষ্ট একটি পরিচালনা পরিষদ গঠিত হয়। ২১ জুন ১৯৮৬ সালে সংগ্রহশালা পরিচালনা পরিষদের বিলোপ ঘটিয়ে স্থানীয় জেলা প্রশাসককে সভাপতি করে ১৯ সদস্য বিশিষ্ট একটি ট্রাস্টি বোর্ড গঠিত হয়। প্রাকৃতিক সৌন্দর্যমন্ডিত এ স্থানটিকে আরও আকর্ষণীয় করার জন্য এলাকার জমি অধিগ্রহণ করে ভরাট করা, ভবনের সংস্কার, নিদর্শন সংরক্ষণ করে নতুনভাবে সংগ্রহশালাটি সজ্জিত করা হয়। ২০০৪ সালের জুলাই মাসে নতুনভাবে সজ্জিত সংগ্রহশালা দর্শকদের জন্য উন্মুক্ত করে দেয়া হয়। এখানে নিয়মিত দেশী ও বিদেশী পর্যটক এবং অসংখ্য দর্শনার্থী ভ্রমণ করেন। বর্তমানে সংগ্রহশালাটি ময়মনসিংহ তথা বাংলাদেশের একটি ঐতিহ্যবাহী পর্যটন কেন্দ্র।

## কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **মুকুল দত্ত**<br>উপকীপার (রুটিন দায়িত্ব)<br>শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা, ময়মনসিংহ<br>ফোন নম্বর: ০১৭১৭-২৭৬১৫০ |  |



শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালার গ্যালারি

## ২০২২-২০২৩ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

**গ্যালারি:** সংগ্রহশালার দ্বিতীয় তলায় ০৩টি গ্যালারি রয়েছে। শিল্পাচার্যের অঙ্কিত শিল্পকর্ম এবং ব্যক্তিগত স্মৃতি নিদর্শনসহ মোট **১৮৯**টি (একশত উননব্বই)টি নিদর্শন রয়েছে। এছাড়াও শিল্পাচার্যের আলোকচিত্র ৫৩টি, শিল্পাচার্যের জীবনবৃত্তান্ত ০১টি, কী-লেবেল ০১টি, শিল্পাচার্যের প্রতিকৃতি ০১টি এবং শিল্পকলা থেকে মুদ্রিত শিল্পাচার্যের দুর্ভিক্ষ সিরিজের চিত্রকর্মের প্রতিলিপি রয়েছে। ০২টি গ্যালারিতে ডিসপ্লে মনিটরের মাধ্যমে শিল্পাচার্যের তথ্যচিত্রও প্রদর্শন করা হচ্ছে। যার মাধ্যমে দর্শনার্থীগণ জয়নুলের জীবন ও তাঁর শিল্পকর্ম সম্পর্কে ধারনা পাচ্ছেন।

**প্রবেশ টিকিট:** শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালার ২০২৩-২০২৪ অর্থবছরে ৩২,৯৫৮টি টিকিট বিক্রয় বাবদ ৬,৩৪,১৯০/- (ছয় লক্ষ চৌত্রিশ হাজার এক শত নব্বই) টাকা মাত্র আয় হয়েছে।

**বিক্রয় কেন্দ্র:** সংগ্রহশালায় একটি বিক্রয় কেন্দ্র রয়েছে। সংগ্রহশালা ও প্রদর্শনীর তথ্য সম্বলিত নির্দেশিকা ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের বিভিন্ন প্রকাশনা বিক্রয় করা হয়। ২০২৩-২০২৪ অর্থবছরে প্রকাশনা বিক্রয় বাবদ ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা মাত্র আয় হয়েছে।

**কটেজ:** শিল্পী, সাহিত্যিক, সরকারি ও স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তাদের দাপ্তরিক কাজ ও অবকাশ যাপনের জন্য একটি তিন কক্ষ বিশিষ্ট কটেজ আছে।

**মিলনায়তন:** শীতাতপ নিয়ন্ত্রিত একটি মিলনায়তন রয়েছে। এখানে ভাড়ার বিনিময়ে বিশেষ প্রদর্শনী, সেমিনার ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা যায়।

**শিক্ষা কার্যক্রম:** পূর্বানুমতি সাপেক্ষে ছাত্র/ছাত্রীদের বিনামূল্যে সংগ্রহশালা দেখার ব্যবস্থা রয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরে **১৭** (সতেরো) টি স্কুলের **১**,৪৭৮ জন ছাত্র/ছাত্রীদের বিনামূল্যে সংগ্রহশালার গ্যালারি দর্শন করে।

**জয়নুল শিশু চারুপীঠ:** জয়নুল শিশু চারুপীঠে শিশু-কিশোরদের সৃজনশীল প্রতিভা বিকাশ এবং চারুকলা শিক্ষার ব্যবস্থা রয়েছে। প্রথম শ্রেণি থেকে দশম শ্রেণির ছাত্র/ছাত্রীদের চারুকলা বিষয়ে শিক্ষা প্রদান করা হয়।

## ২০২৩-২০২৪ অর্থবছরে শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালার দর্শক সংখ্যা

| ক্র. নং. | মাসের নাম | দেশি দর্শক সংখ্যা | সার্কভুক্ত দেশের দর্শক সংখ্যা | বিদেশি/ অন্যান্য দর্শক সংখ্যা | শিশু দর্শক সংখ্যা | সৌজন্য দর্শক সংখ্যা | শিক্ষার্থী/ প্রশিক্ষণার্থী দর্শক সংখ্যা | প্রতিবন্ধী দর্শক সংখ্যা | ভিআইপি/গুরুত্বপূর্ণ দর্শক সংখ্যা | মোট দর্শক সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | জুলাই/২৩ | ২৮৫৭ | ০ | ১ | ২৯৫ | ০ | ০ | ০ | ৪২ | ৩১৯৫ |
| ২. | আগস্ট/২৩ | ২৩৮০ | ০ | ০ | ২১০ | ০ | ০ | ০ | ০ | ২৫৯০ |
| ৩. | সেপ্টেম্বর/২৩ | ২১০৬ | ১ | ০ | ২৪৬ | ০ | ৮২ | ০ | ১৩ | ২৪৪৮ |
| ৪. | অক্টোবর/২৩ | ২৫২৪ | ১ | ৫ | ২৬৫ | ০ | ০ | ০ | ০ | ২৭৯৫ |
| ৫. | নভেম্বর/২৩ | ১৬১০ | ০ | ০ | ৫৭ | ০ | ১২০ | ০ | ০ | ১৭৮৭ |
| ৬. | ডিসেম্বর/২৩ | ৩৬৪০ | ০ | ০ | ৪৭৬ | ১০৯ | ১১৯ | ৯ | ০ | ৪৩৫৩ |
| ৭. | জানুয়ারি/২৪ | ২৩৬৪ | ০ | ২ | ২৭৩ | ০ | ০ | ০ | ০ | ২৬৩৯ |
| ৮. | ফেব্রুয়ারি/২৪ | ২৯৭২ | ১ | ২ | ৩৬০ | ২৩০ | ৭০৩ | ১১ | ০ | ৪২৭৯ |
| ৯. | মার্চ/২৪ | ১৭৬৫ | ২ | ১ | ১৯১ | ৯০ | ৪৫৪ | ১০ | ২৯ | ২৫৪২ |
| ১০. | এপ্রিল/২৪ | ২৮৫৯ | ০ | ০ | ২৬১ | ২৮৯ | ০ | ১১ | ০ | ৩৪২০ |
| ১১. | মে/২৪ | ২৩৮০ | ০ | ০ | ২৩০ | ০ | ০ | ০ | ০ | ২৬১০ |
| ১২. | জুন/২৪ | ২৩২০ | ০ | ০ | ৩০১ | ০ | ০ | ০ | ৫ | ২৬২৬ |
| | **সর্বমোট =** | **২৯৭৭৭** | **৫** | **১১** | **৩১৬৫** | **৭১৮** | **১৪৭৮** | **৪১** | **৮৯** | **৩৫২৮৪** |

## ২০২৩-২০২৪ অর্থবছরে আয়োজিত অনুষ্ঠান




মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর ২০২৩ খ্রি. সংগ্রহশালায় ড্রপ ডাউন ব্যানার স্থাপন, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।




শিল্পাচার্য জয়নুল আবেদিনের ১০৯তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে র‍্যালি, পুষ্পস্তবক অর্পণ ও জয়নুল শিশু চারুপীঠের শিক্ষার্থীদের ০৭ দিনব্যাপী চিত্রকর্ম প্রদর্শনী অনুষ্ঠিত হয়।




মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উপলক্ষ্যে সংগ্রহশালার কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ২১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে ভাষা শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে ময়মনসিংহ কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন।



মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে ২৬ মার্চ ২০২৪ তারিখে শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালায় শিশু-কিশোরদের আবৃত্তি, রচনা প্রতিযোগিতা, আলোচনা সভা এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।



শিল্পাচার্য জয়নুল আবেদিনের ৪৮তম মৃত্যুবার্ষিকী পালন উপলক্ষ্যে সংগ্রহশালায় চিত্রাঙ্কন প্রতিযোগিতা, পুষ্পার্ঘ অর্পণ, দোয়া মাহফিল, জয়নুল স্মরণ সভা এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

# ওসমানী জাদুঘর, সিলেট




মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা যুদ্ধের প্রধান সেনাপতি (সি.ইন.সি) ছিলেন বঙ্গবীর জেনারেল মহম্মদ আতাউল গণি ওসমানী। ১৬ ফেব্রুয়ারি ১৯৮৪ সালে মৃত্যুর পর সিলেটস্থ 'নূর মঞ্জিল' বাড়িটি তাঁরই নামে 'ওসমানী জাদুঘর' নামকরণ করা হয়। জাদুঘরটি নগরীর নাইওরপুল এলাকায় টিন শেডের চার চালা একটি ঐতিহাসিক বাংলো বাড়ি। বাংলাদেশ জাতীয় জাদুঘরের সাবেক মহাপরিচালক ড. এনামুল হক এবং তৎকালীন রাষ্ট্রপতি ও সাবেক সেনাপ্রধান লে. জেনারেল হোসাইন মোহাম্মদ এরশাদ এর প্রচেষ্টায় সিলেট শহরের নাইওরপুল এলাকায় ০.৫৪ একর জমির উপর স্থাপিত হয় ওসমানী জাদুঘর। জাদুঘরের তিনটি গ্যালারিতে সুবিন্যস্তভাবে সাজিয়ে রাখা আছে জেনারেল ওসমানীর ব্যবহৃত বেশ কিছু দূর্লভ নির্দশন সামগ্রী। ওসমানী জাদুঘরে ০৩ (তিন) টি গ্যালারি ও স্টোরসহ বর্তমানে নিদর্শন সংখ্যা ৪৭৯ টি।

## কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১. | **মো. আমিনুল ইসলাম**<br>সহকারী কীপার (রুটিন দায়িত্ব)<br>ওসমানী জাদুঘর, সিলেট<br>ফোন নম্বর: ০১৭১৬-৩২৬৭৭৪ |  |





ওসমানী জাদুঘরের গ্যালারির ছবি

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

**উন্নয়ন কাজঃ** ২০২৩-২০২৪ অর্থবছরে বাৎসরিক অফিসের কাজে ব্যবহারের জন্য (ক) ষ্টেশনারী ক্রয় (খ) ইলেকট্রিক সামগ্রী (গ) হার্ডওয়্যার সামগ্রী ক্রয় (ঘ) ফায়ার এক্সটিংগুইসার রিফিলিং এবং ফায়ার এক্সটিংগুইসার ক্রয় (ঙ) মৌসুমী ফুলের চারা রোপন (চ) স্যানিটারি আইটেম ক্রয় এবং (ছ) জাদুঘরের অফিস ও পরিদর্শন বাংলোর দরজা-জানালার পর্দা ক্রয় করা হয়েছে।

**নতুন সংযোজনঃ** (ক) ডিজিটাল মনিটর স্থাপন (খ) আর্চওয়ে মেটাল ডিটেক্টর গেট স্থাপন এবং (গ) ৬টি সিসি ক্যামেরা সংযোজন।

## ২০২৩-২০২৪ অর্থবছরে আয়োজিত অনুষ্ঠান

(১) ১৫ আগস্ট ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর মৃত্যুবার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে শিশু-কিশোরদের রচনা প্রতিযোগিতা, আলোচনা সভা, দোয়া মাহফিল ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।

(২) ১ সেপ্টেম্বর ২০২৩ বঙ্গবীর জেনারেল মহম্মদ আতাউল গনি ওসমানীর জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে স্কুল ও কলেজ পর্যায়ে ছাত্র/ছাত্রীদের জন্য চিত্রাংকন প্রতিযোগীতার আয়োজন করা হয়েছে।

(৩) বঙ্গবীর জেনারেল মহম্মদ আতাউল গনি ওসমানীর ১০৫ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে খতমে কোরআন, আলোচনা সভা, ও দোয়া মাহফিল আয়োজন করা হয়েছে।

(৪) ১৬ ডিসেম্বর ২০২৩ মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে স্কুল, কলেজ পর্যায়ে ছাত্র/ছাত্রীদের জন্য চিত্রাংকন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরনী এবং অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

(৫) ১৬ ফেব্রুয়ারী ২০২৪ বঙ্গবীর জেনারেল মহম্মদ আতাউল গনি ওসমানীর ৪০ তম মৃত্যুবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা, দিনব্যাপী খতমে কোরআন, আলোচনা সভা, দোয়া মাহফিল এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।

(৬) ২১ ফেব্রুয়ারী ২০২৪ মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষ্যে ওসমানী জাদুঘরে স্কুল, কলেজ পর্যায়ে ছাত্র/ছাত্রীদের জন্য সুন্দর বাংলা হাতের লেখা প্রতিযোগীতা, অনুষ্ঠানের ব্যানার তৈরি করা এবং আলোচনা সভা ও পুরষ্কার বিতরণীর আয়োজন করা হয়েছে।

(৭) ১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিন ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষ্যে ওসমানী জাদুঘরে স্কুল, পর্যায়ে ছাত্র/ছাত্রীদের জন্য সুন্দর করে জাতীয় সংগীত লেখা প্রতিযোগিতা, আলোচনা সভা, দোয়া মাহফিল এবং পুরষ্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

(৮) ২৬ মে মার্চ ২০২৪ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে ওসমানী জাদুঘরে স্কুল, কলেজ পর্যায়ে ছাত্র-ছাত্রীদের জন্য রচনা প্রতিযোগিতা, অনুষ্ঠানের ব্যানার তৈরি করা, আলোচনা সভা এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।

**অবসরোত্তর ছুটিঃ** জনাব মো. আফতাব উদ্দিন (বাচ্চু), মালি, ওসমানী জাদুঘর গত ১৬/১১/২০২৩ তারিখ অবসরোত্তর ছুটিতে গমন করেছেন।



১৬ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে জেনারেল ওসমানী-এর মৃত্যু বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতার পুরস্কার বিতরণ, খতমে কোরআন, আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করা হয়।




২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

## ২০২৩-২০২৪ অর্থবছরে দর্শক সংখ্যা

| দেশি দর্শক সংখ্যা | বিদেশি দর্শক | | শিশু দর্শক সংখ্যা | বিশিষ্ট অতিথি | শিক্ষার্থী/ প্রশিক্ষণার্থী দর্শক সংখ্যা | সুবিধা বঞ্চিত শিশু | প্রতিবন্ধি | মোট দর্শক সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | সার্কভূক্ত দেশ | অন্যান্য দেশ | | | | | | |
| ৩৩৫৭ | ১৫ | ৮ | ৫৩২ | ৯ | ৬৩৫ | ৪৪ | ৫ | ৪৬০৫ |

## ২০২৩-২০২৪ অর্থবছরে আয়-ব্যয়ের হিসাব

| (ক) রাজস্ব বরাদ্দ | | (খ) নিজস্ব আয় | |
|---|---|---|---|
| বরাদ্দ | ৬৭,০০০০০/- | টিকেট বিক্রি | ৮০,৯৬০/- |
| ব্যয় | ৬০,০৪১৮৫/- | রেস্ট হাউজ ভাড়া আদায় | ২৪০/- |
| ফেরত | ৬,৯৫,৮৪২/- | **মোট আয়** | **৮১,২০০/-** |
| | | ব্যয় | **১৮,৯১০/-** |
| | | জমা | **৬২,২৯০/-** |

# জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম



চট্টগ্রাম শহরের প্রাণকেন্দ্রে কাজির দেউড়ি নামক স্থানে এক অনুচ্চ টিলার ওপর ৩.১৭ একর জায়গা নিয়ে জিয়া স্মৃতি জাদুঘরটির অবস্থান। ১৯১৩ সালে ব্রিটিশরাজ তথা ভারত সম্রাট ঐতিহ্যবাহী দৃষ্টিনন্দন ইমারতটি নির্মাণ করেন। বৃটিশ আমলে এটি 'লাট সাহেবের কুঠি' নামে পরিচিত ছিলো। স্থাপত্যেশৈলির দিক দিয়ে চট্টগ্রামের এই পুরানো সার্কিট হাউসটি (জিয়া স্মৃতি জাদুঘর) এক অনন্য বৈশিষ্ট্যের দাবিদার। ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের সময় এই সার্কিট হাউস পাকিস্তান হানাদার বাহিনীর ঘাঁটি ছিলো। এটি মূলত হানাদার পাকিস্তানি বাহিনীর টর্চারসেল। এখানে একটি টর্চার মেশিন (পীড়নযন্ত্র) ছিলো, যা এখন বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকায় প্রদর্শিত হচ্ছে। ১৯৮১ সালের ৩০ মে বিভীষিকাময় কালরাত্রিতে চট্টগ্রাম সার্কিট হাউসে এক সামরিক অভ্যুত্থানে তৎকালীন রাষ্ট্রপতি জিয়াউর রহমান নির্মমভাবে নিহত হন। ১৯৮১ সালে ৩ জুন অনুষ্ঠিত মন্ত্রিসভায় রাষ্ট্রপতি জিয়ার স্মৃতি বিজড়িত চট্টগ্রাম সার্কিট হাউসকে জিয়া স্মৃতি জাদুঘরে রূপান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়। ১৯৯৩ সালের ৬ সেপ্টেম্বর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তৎকালীন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া 'জিয়া স্মৃতি জাদুঘর' উদ্বোধন করেন।

## কর্মকর্তাদের নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি, ফোন নম্বর ও ছবি | ছবি |
|---|---|---|
| ১. | **এ. কে.এম সাইফুজ্জামান**<br>উপকীপার<br>জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম<br>ফোন নম্বর: ০২৪১৩৬১০১২ |  |
| ২. | **অর্পিতা দাশ গুপ্তা**<br>প্রশাসনিক-কাম-নিরাপত্তা অফিসার<br>জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম<br>ফোন নম্বর: ০১৭১৬-৭৫৪৯৩৯ |  |
| ৩. | **মো. আহাম্মদ হোসেন**<br>উপ-সহকারী প্রকৌশলী<br>জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম<br>ফোন নম্বর: ০১৭২৫৯৭৯৯৩২ |  |

জিয়া স্মৃতি জাদুঘরের গ্যালারির ছবি

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

(১) ০৭ (সাত) টি স্কুল প্রোগ্রাম অয়োজিত হয়েছে ও দর্শনার্থীদের গ্যালারিতে গাইড করা হয় সর্বমোট: ৪৫১৪ জন।

(২) নিদর্শনাদির ট্রিটমেন্টের লক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর সংরক্ষণ রসায়নাগার বিভাগের মাধ্যমে ১৪ (চৌদ্দ)টি নির্দশনের ট্রিটমেন্টের কাজ করানো হয়েছে।

(৩) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ প্রতিবেদন দপ্তর/সংস্থায় দাখিল, ওয়েবসাইট ও Social Media-তে যথাসময়ে তথ্য আপলোড করা হয়েছে।

(৪) Honourable Charge D'Affairs Embassy of the Federal Republic of Germany Mr. Jan- Rolf Janowski ১৩/১১/২০২৩ তারিখে ০৬ (ছয়) জন সফর সঙ্গীসহ জিয়া স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন।

(৫) জিয়া স্মৃতি জাদুঘর এর সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হয়েছে।

(৬) জিয়া স্মৃতি জাদুঘরের সংস্কার ও উন্নয়নমূলক কর্মসূচিতে জাদুঘরের মূল ভবন ও আবাসিক কোয়ার্টারে স্যানিটারী ও প্লাম্বিং এবং বিদ্যুৎ লাইনের কাজ করা হয়েছে।

(৭) অগ্নি নির্বাপন যন্ত্র রিফিলিং এর কাজ সম্পন্ন করানো হয়েছে।

(৮) গ্যালারিতে প্রদর্শনের জন্য একটি স্থায়ী নিদর্শন 'মেট্রোপলিটন শিল্ড' সংগ্রহ নং জি ৯৩.৫৭, উপহারদাতা: টোকিও গভর্ণমেন্ট ১৫ নং গ্যালারিতে উপস্থাপন করা হয়েছে।

(৯) জিয়া স্মৃতি জাদুঘরের মূলভবনে দর্শকদের বিশুদ্ধ পানি সরবরাহের নিমিত্ত স্থাপিত পানির ফিল্টারটি ০৩/০৬/২০২৪ তারিখ মেরামত ও সংস্কারের কাজ করা হয়েছে।

(১০) ০৬/০৫/২০২৪ তারিখে ঘূর্ণিঝড়ের আঘাতে জিয়া স্মৃতি জাদুঘর এলাকায় প্রায় শতবর্ষী একটি বড় সেগুন গাছ শিকড় উপড়ে আনসার ব্যারাকের উপর হেলে পড়ে। বাংলাদেশ জাতীয় জাদুঘর ও চট্টগ্রাম উত্তর বন-বিভাগের পরামর্শ মোতাবেক ০৪/০৬/২০২৪ তারিখ স্থানীয় কাঠুরিয়া দল দ্বারা গাছটি কর্তন ও খণ্ডনের কাজ সম্পন্ন করা হয়েছে।

## ২০২৩-২০২৪ অর্থবছরে জিয়া স্মৃতি জাদুঘরের দর্শক সংখ্যা

| দেশী দর্শক সংখ্যা | শিশু দর্শক সংখ্যা | শিক্ষার্থী/প্রশিক্ষণার্থী | সৌজন্য দর্শক | বিশিষ্ট দর্শক |
|---|---|---|---|---|
| ৬৩,৫০২ জন | ৩,৯৮৩ জন | ৪,৫১৪ জন | ৪১১ জন | ০১ (এক)জন |

## ২০২৩-২০২৪ অর্থবছরে আয়োজিত উল্লেখযোগ্য অনুষ্ঠান

| ক্র. নং. | অনুষ্ঠানের নাম | তারিখ | অনুষ্ঠানের বিবরণ |
|---|---|---|---|
| ১ | মহান বিজয় দিবস পালন | ১৬/১২/২০২৩ | মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে বিজয় দিবসের তাৎপর্য সম্পন্ন শ্লোগান দিয়ে ড্রপ ডাউন ব্যানার টাঙানো হয় এবং দর্শনার্থীদের জন্য গ্যালারি খোলা রাখা হয়। |
| ২ | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১/০২/২০২৪ | অমর একুশে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষ্যে কালো ব্যাজ ধারণ, জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয় এবং দর্শনার্থীদের জন্য গ্যালারি খোলা রাখা হয়। |
| ৩ | ২৫ মার্চ কালো রাত্রি | ২৫/০৩/২০২৪ | ২৫ মার্চ কালো রাত্রিতে রাত ১১:০১ মিনিটে ব্ল্যাক-আউট পালন করা হয়। বীর মুক্তিযোদ্ধা ও শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ড্রপ ডাউন ব্যানার টাঙানোা হয়। |
| ৪ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ | ২৬/০৩/২০২৪ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে শিশু-কিশোদের নির্ধারিত রচনা লেখা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা শেষে আলোচনা সভা ও বিজয়ীদের পুরষ্কার বিতরণ করা হয়। |
| ৫ | বাংলা নববর্ষ ১৪৩১ | ১৪/০৪/২০২৪ | বাংলা নববর্ষ ১৪৩১ উদযাপন উপলক্ষ্যে গ্যালারি খোলা রাখা হয়। |

## ২০২৩-২০২৪ অর্থবছরে আয়-ব্যয়ের হিসাব বিবরণী

| | |
|---|---|
| রাজস্ব প্রাপ্তি | ১৩৪,১৫,০০০.০০ |
| রাজস্ব ব্যয় | ১১০,৯৬,৬৭৪.০০ |
| ফেরত | ২৩,১৮,৩২৬.০০ (বাংলাদেশ জাতীয় জাদুঘরে) |
| নিজস্ব আয় | ১৪,২৭,৪২৮.০০ |
| ব্যয় | ২৬,৪৪,৩১২.০০ |
| | (-) ১২,১৬,৮৮৬.০০ পূর্ববর্তী স্থিতি থেকে অতিরিক্ত ব্যয় |



Honourable Charge D'Affairs Embassy of the Federal Republic of Germany Mr. Jan-Rolf Janowski ১৩/১১/২০২৩ তারিখে তাঁর ০৬ জন সফরসঙ্গীসহ জিয়া স্মৃতি জাদুঘর গ্যালারি পরিদর্শন করেন।



জিয়া স্মৃতি জাদুঘরে ০১/১০/২০২৩ তারিখে সহজ পাঠ ফুলকি বিদ্যালয়ের শিক্ষার্থীরা শিক্ষা সফরে আসেন।



০৩/১০/২০২৪ তারিখে মানিকছড়ি ইংলিশ স্কুল, মানিকছড়ি, খাগড়াছড়ি এর শিক্ষা সফরের শিক্ষার্থীদল জিয়া স্মৃতি জাদুঘরের গ্যালারি পরিদর্শন করেন।



মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে জিয়া স্মৃতি জাদুঘর কর্তৃক আয়োজিত শিশু-কিশোরদের রচনা লেখা প্রতিযোগিতা, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান।



নিদর্শনের সংরক্ষণ ট্রিটমেন্ট কাজের আলোকচিত্র

# সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর, কুষ্টিয়া



বাংলাদেশের প্রেক্ষাপটে কাঙ্গাল হরিনাথ মজুমদার একজন উল্লেখযোগ্য ও আলোচিত মানুষের মধ্যে অন্যতম। তাঁর জীবদ্দশায় কর্মকান্ড বিজড়িত স্মৃতি ধরে রাখার একান্ত প্রয়াসে কুষ্টিয়াবাসীর দীর্ঘদিনের দাবীর প্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্পের আওতায় ২০১৩ সালে ভিডিও কনফারেন্সের মাধ্যমে জাদুঘরটি উদ্ভোধন করেন। জাদুঘরটি সংস্কৃতি মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়ন্ত্রণাধীন একটি শাখা জাদুঘর। কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরটি ০৯ ডিসেম্বর ২০১৭ সালে দর্শকদের জন্য উন্মুক্ত করা হয়। কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরটি ২৮ শতক জমির উপর দ্বিতল বিশিষ্ট ভবন। জদুঘরটিতে একটি গ্যালারি আছে, গ্যালারিতে ১৭০টি নিদর্শন, একটি মিলনায়তন ও একটি পাঠাগার আছে।

## কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১. | **ওবায়দুল্লাহ্**<br>এক্সপ্লোরেশন অফিসার, বাংলাদেশ জাতীয় জাদুঘর<br>ইনচার্জ, সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর, কুষ্টিয়া<br>ফোন নম্বর : ০১৭২১-০০৫৩৮৩ |  |



সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরের গ্যালারির ছবি

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

**১৮ জুলাই ২০২৩:** কাঙ্গাল হরিনাথ মজুমদারের ব্যবহৃত ঐতিহাসিক প্রেস মেশিনটি তাঁর বাস্তুভিটা থেকে কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরের গ্যালারিতে প্রদর্শনির জন্য স্থানান্তর করা হয়।

**২০ জুলাই ২০২৩:** কাঙ্গাল হরিনাথ মজুমদারের ১৯০তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে পুষ্পস্তবক অর্পণ, কবিতা আবৃত্তি প্রতিযোগিতা, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান করা হয়।

**০৫ আগস্ট ২০২৩:** বাংলাদেশ জাতীয় জাদুঘরের সংরক্ষণ রসায়ন বিভাগের কীপার টিমসহ ০৫/০৮/২০২৩ হতে ০৮/০৮/২০২৩ তারিখ পর্যন্ত কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন। তারা কাঙ্গাল হরিনাথ মজুমদার কর্তৃক ব্যবহৃত ঐতিহাসিক প্রেস মেশিনটি সংরক্ষণের জন্য ট্রিটমেন্ট করেন। তাঁদের উক্ত কাজে সার্বিক ও সার্বক্ষণিক সহযোগিতা করা হয়।

**০২ সেপ্টেম্বর ২০২৩:** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক জনাব চন্দন কুমার দে তাঁর সহকর্মী ও পরিবারবর্গসহ ১২জন সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন।

**২৩ সেপ্টেম্বর ২০২৩:** বাংলাদেশ জাতীয় জাদুঘরের ডিসপ্লে অফিসার জনাব মোঃ নাসির উদ্দীন আহমেদ খান তাঁর টিমসহ ২৩/০৯/২০২৩ হতে ৩০/০৯/২০২৩ তারিখ পর্যন্ত কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন। তারা কাঙ্গাল হরিনাথ মজুমদার কর্তৃক ব্যবহৃত ঐতিহাসিক প্রেস মেশিনটি সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরের গ্যালারিতে উপস্থাপনের যাবতীয় কাজ করেন এবং গ্যালারি পূণঃসজ্জার কাজ করা হয়।

**১০ অক্টোবর ২০২৩:** ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের নদীয়া জেলার ঐতিহাসিক কৃষ্ণনগর পত্রিকার সম্পাদক জনাব তন্ময় বিশ্বাস তাঁর সহকর্মীসহ ১০জন সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন।

**১৯ অক্টোবর ২০২৩:** বাংলাদেশ জাতীয় জাদুঘরের পর্ষদ সভাপতি জনাব অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মোঃ কামরুজ্জামান, স্থাপত্য অধিদপ্তরের অতিরিক্ত প্রধান স্থাপতি জনাব আসিফুর রহমান ভূঁইয়া, সাংস্কৃতিক সংগঠন চারণ-এর সহ-সভাপতি জনাব কামরুজ্জামান ভূঁইয়া, গণপূর্ত বিভাগ কুষ্টিয়া এর নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ জাহিদুর রহমানসহ গণপূর্ত বিভাগের তিনজন সহকারী প্রকৌশলী সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন।

**২০ অক্টোবর ২০২৩:** ভারতের কলকাতা হতে বিশিষ্ট কবি ও আর্টিস্ট জনাব সুব্রত বসুসহ ০৫ জন শিল্পী সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন।

এছাড়া, গোপালগঞ্জ শেখ ফজিলাতুন্নেসা সরকারি মহিলা কলেজের রাস্ট্রবিজ্ঞান বিভাগের আয়োজনে শিক্ষা সফর-২০২৩ উপলক্ষ্যে শিক্ষক-কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীসহ মোট ৪৫জন সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন।

**২৮ নভেম্বর ২০২৩:** খুলনা বিশ্ববিদ্যালয়ের গনযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ০৪জন শিক্ষকের নেতৃত্বে ৪০জন ছাত্র-ছাত্রী সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন।

**১৬ ডিসেম্বর ২০২৩:** মহান বিজয় দিবস পালন উপলক্ষ্যে সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরের পক্ষ হতে বীর শহীদদের স্মৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ, জাতীয় পতাকা উত্তোলন, মহান বিজয় দিবসের শ্রদ্ধাঞ্জলি সম্বলিত ড্রপডাউন ব্যানার জাদুঘরের দৃশ্যমান স্থানে প্রদর্শন এবং কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরের ভবন আলোকসজ্জায়-সজ্জিতকরণ করা হয়।

**১৭ ফেব্রুয়ারি ২০২৪:** ভারতের উত্তরবঙ্গ কাঁচরাপাড়ার ঈশ্বর গুপ্ত পরিষদের সম্পাদক জনাব রনজয় মালাকার তাঁর ০৬জন সহকর্মীসহ সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন।

**২১ ফেব্রুয়ারি ২০২৪:** মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরে যথাযথ মর্যাদায় জাতীয় পতাকা অর্ধনমিত এবং শহিদ মিনারে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়।

**২৫ মার্চ ২০২৪:** পোলান্ডের পেলোস্কা থেকে বিশিস্ট ব্যাবসায়ী মি. জিমনিসান সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন।

**২৬ মার্চ ২০২৪:** মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালন উপলক্ষ্যে কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরে রচনা প্রতিযোগিতা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

**১৮ এপ্রিল ২০২৪:** গ্রামীণ সাংবাদিকতার পথিকৃৎ, নারী শিক্ষার অগ্রদূত, সাধক, বাউল শিল্পি ও সাহিত্যিক কাঙ্গাল হরিনাথ মজুমদারের **১২৮**তম প্রয়াণ দিবস পালন উপলক্ষ্যে সেমিনার/আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে কুষ্টিয়া-৪ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা জনাব আব্দুর রউফ এমপি মহোদয়সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। কাঙ্গাল হরিনাথ মজুমদারের **১২৮**তম প্রয়াণ দিবস পালন উপলক্ষ্যে সেমিনার/আলোচনা সভা অনুষ্ঠান থেকে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা ও জাতীয় শিশু দিবস-২০২৪ উপলক্ষ্যে বাংলাদেশের জাতীয় সংগীত সুন্দর করে লেখা প্রতিযোগিতার পুরস্কার প্রদান অনুষ্ঠান করা হয়। পুরস্কার প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুমারখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব এস এম মিকাইল ইসলাম, কুষ্টিয়া সরকারি কলেজের অধ্যক্ষ জনাব শিশির কুমার রায়, মেহেরপুর সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ জনাব স্বপন কুমার রায়, কুমারখালী মুক্তিযোদ্ধা কল্যাণ সমিতির সভাপতি জনাব এটিএম আবুল মনসুর মজনু, বিশিষ্ট বাউল গবেষক এডভোকেট লালিম হক, কুমারখালী প্রেসক্লাবের সভাপতি ও সাধারণ সম্পাদক প্রমুখ।

**১৫ মে ২০২৪:** ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-এর বাংলা বিভাগের প্রফেসর ড. সরওয়ার মুর্শেদ ও কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর শ্রীজিৎ ভট্টাচার্য্য পরিবার ও সহকর্মীসহ **১১**জন কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন।

**২১ মে ২০২৪:** কুমারখালী উপজেলার ফায়ার সার্ভিসের একটি দল কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরের অগ্নিনিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন করেন। পরিদর্শনকালে তারা জাদুঘরের কর্মীদের ফায়ার এক্সটিংগুইজার এর ব্যবহার ও অন্যান্য নিরাপত্তা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন।



১৯ অক্টোবর ২০২৩ তারিখে বাংলাদেশ জাতীয় জাদুঘরের পর্ষদ সভাপতি, বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক ও স্থাপত্য অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাগণ সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন।



২১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরে যথাযথ মর্যাদায় জাতীয় পতাকা অর্ধনমিত এবং শহিদ মিনারে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়।



১৬ ডিসেম্বর ২০২৩ তারিখে মহান বিজয় দিবস পালন উপলক্ষ্যে সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরের পক্ষ হতে বীর শহীদদের স্মৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়।



২৬ মার্চ ২০২৪ তারিখে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালন উপলক্ষ্যে কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরে রচনা প্রতিযোগিতা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

# স্বাধীনতা জাদুঘর, সোহরাওয়ার্দী উদ্যান, ঢাকা



ঢাকা শহরের প্রাণ কেন্দ্রে অবস্থিত সোহরাওয়ার্দী উদ্যান ইতিহাসের অনেক ঐতিহাসিক ঘটনার সাক্ষী। বাঙালির স্বাধীকার আন্দোলনের ঐতিহাসিক বিবর্তনের ধারায় সোহরাওয়ার্দী উদ্যানে বিভিন্ন সময়ে ঐতিহাসিক সম্মেলন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। লাখো শহীদের আত্মদানের বিনিময়ে বাঙালির মুক্তিযুদ্ধের বিজয় দলিল একাত্তরের ১৬ ডিসেম্বর এই প্রান্তরেই স্বাক্ষরিত হয়েছিল। স্বাধীনতাকে বাস্তবে প্রতিষ্ঠা এই প্রান্তরে হওয়ায় এই উদ্যান স্বাধীনতা পীঠস্থান হিসেবে নন্দিত হবে যুগের পর যুগ। স্বাধীনতার এই ঐতিহ্য চেতনাকে চিরন্তনভাবে লালন করার প্রয়াসেই সোহরাওয়ার্দী উদ্যানে ভূগর্ভে স্থাপিত হয় 'স্বাধীনতা জাদুঘর' বা Museum of Independence.

## কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **মো. গোলাম কাউছার**<br>সহকারী কীপার (ই) ও পরিচালনার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা স্বাধীনতা জাদুঘর, ঢাকা<br>ফোন নম্বর: ০১৭৪৬৭৬৩২৪৫ |  |





স্বাধীনতা জাদুঘরের গ্যালারির ছবি

## ২০২৩-২০২৪ অর্থবছরে দর্শক সংখ্যা

২.১ গণপূর্ত অধিদপ্তর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সমন্বয়ে স্বাধীনতা জাদুঘরের ছাদ/চাতালের সংস্কার কাজ চলমান থাকায় সাধারণ দর্শকগণ জাদুঘরে প্রবেশ করতে না পারায় দর্শক কম হয়েছে।

| তারিখ | মোট দর্শক সংখ্যা | পূর্ণ বয়স্ক | শিশু | সার্কভূক্ত দেশের পর্যটক | অন্যান্য বিদেশি পর্যটক | সৌজন্য টিকিট | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|
| জুলাই ২০২৩ | ২,৯৩৪ জন | ১,৭৯৩ জন | ১,১৩৯ জন | ০২ জন | - | - | ৪৭,৮৫০/- |
| আগস্ট ২০২৩ | ২,৫৮৫ জন | ১,৩৯৮ জন | ৩৮১ জন | ০১ জন | - | ২০৫ জন | ৩৮,০৭০/- |
| সেপ্টেম্বর ২০২৩ | ২,৬৩০ জন | ১,৫৭১ জন | ১,০৫৫ জন | ০৪ জন | - | - | ৪৩,১৭০/- |
| অক্টোবর ২০২৩ | ২,০০৬ জন | ১,২০৫ জন | ৭৯৮ জন | ০৩ জন | - | - | ৩২,৯৮০/- |
| নভেম্বর ২০২৩ | ১,৮৯১ জন | ১,১৩৪ জন | ৭৫৬ জন | ০১ জন | - | - | ৩০,৫৪০/- |
| ডিসেম্বর ২০২৩ | ৪,৭৬২ জন | ২,৬৯৯ জন | ১,৭১১ জন | ০১ জন | - | ৩৫১ জন | ৭১,৩৯০/- |
| জানুয়ারি ২০২৪ | ৩,৯৫০ জন | ২,৩০০ জন | ১,৬৪৪ জন | ০৫ জন | ০১ জন | - | ৬৪,৪৪০/- |
| ফেব্রুয়ারি ২০২৪ | ৪,৭১২ জন | ২,৭২৭ জন | ১,৭০৯ জন | - | - | ২৭৬ জন | ৭১,৬৩০/- |
| মার্চ ২০২৪ | ১,৪৪২ জন | ৮৪৫ জন | ৫৩৯ জন | - | - | ৫৮ জন | ২২,২৯০/- |
| এপ্রিল ২০২৪ | ১,৬৫২ জন | ৯২৬ জন | ৪২৩ জন | ০১ জন | - | ৩০২ জন | ২৩,০৫০/- |
| মে ২০২৪ | ১,৪৪০ জন | ৮০৬ জন | ৬৩৩ জন | ০১ জন | - | - | ২২,৭৫০/- |
| জুন ২০২৪ | ১,৪০৭ জন | ৮২২ জন | ৫৮৩ জন | ০২ জন | - | - | ২২,৮৭০/- |
| **সর্বমোট=** | **৩১,৪১১ জন** | **১৮,২২৬ জন** | **১১,৯৭১ জন** | **২১ জন** | **০১ জন** | **১,১৯২ জন** | **৪,৯১,০৩০/-** |

সর্বমোট দর্শক সংখ্যা ৩১,৪১১ জন এবং সর্বমোট টাকার পরিমাণ ৪,৯১,০৩০/- টাকা।

### সম্মানিত দেশি অতিথি মোট ৬০৫ (ছয়শত পাঁচ) জনের বিররণ:

ক) ১৩/০৮/২০২৩ তারিখ স্বাধীনতা জাদুঘরের ছাদ/চাতালের সংস্কার কাজ পর্যবেক্ষণ করার জন্য গণপূর্ত অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাসহ ১২(বার) জন সম্মানিত অতিথি স্বাধীনতা জাদুঘর পরিদর্শন করেন।

খ) ১১/০৯/২০২৩ তারিখ বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক, জনাব মো. কামরুজ্জামান মহোদয়, বাংলাদেশ জাতীয় জাদুঘরের ডিসপ্লে অফিসার, জনাব নাছির উদ্দিন আহমেদ খান, বাংলাদেশ জাতীয় জাদুঘরের উপসহকারী প্রকৌশলী (সিভিল), জনাব মোহাম্মদ শাহাদাৎ হোসেন এবং গণপূর্ত অধিদপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তাসহ ২০(বিশ) জন সম্মানিত অতিথি স্বাধীনতা জাদুঘর পরিদর্শন করেন।

গ) ১৮/০৯/২০২৩ তারিখ সোমবার সকাল ১০.৩০ ঘটিকায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয়, গণপূর্ত অধিদপ্তরের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক মহোদয়সহ স্বাধীনতা জাদুঘর এবং সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত স্বাধীনতা জাদুঘরের আশেপাশে এবং জাদুঘরের অভ্যন্তরে পরিদর্শন করে বিবিধ সমস্যাদি নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৩২(বত্রিশ) জন সম্মানিত অতিথি স্বাধীনতা জাদুঘর পরিদর্শন করেন।

ঘ) স্বাধীনতা জাদুঘরে গত ২৩/০৯/২০২৩ তারিখ শনিবার ১২.৩০ ঘটিকায় সোহরাওয়ার্দী উদ্যানের প্রকল্প পরিচালক, গণপূর্ত অধিদপ্তরের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালকসহ স্বাধীনতা জাদুঘর এবং সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত স্বাধীনতা জাদুঘরের আশেপাশে এবং জাদুঘরের অভ্যন্তর পরিদর্শন করেন। এ সময় সোহরাওয়ার্দী উদ্যান এবং স্বাধীনতা জাদুঘরের সৌন্দর্য বর্ধন ও দৃষ্টিনন্দনকরণ এবং দর্শনার্থীগণ যেন জাদুঘর পরিদর্শন করে স্বাচ্ছন্দবোধ করেন সে বিষয়ে কিছু নির্দেশনা প্রদান করেন। উক্ত পরিদর্শনে ৩৫(পঁয়ত্রিশ) জন সম্মানিত অতিথি স্বাধীনতা জাদুঘর পরিদর্শন করেন।

ঙ) ০৮/১০/২০২৩ তারিখ রবিবার সকাল ১০.৩০ ঘটিকায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব খলিল আহমদ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণায়ের অতিরিক্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, সোহরাওয়ার্দী উদ্যানের প্রকল্প পরিচালক, গণপূর্ত অধিদপ্তরের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালকসহ স্বাধীনতা জাদুঘর এবং সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত স্বাধীনতা জাদুঘরের আশেপাশে এবং জাদুঘরের অভ্যন্তরে পরিদর্শনকরে বিবিধ সমস্যাদি নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৫০(পঞ্চাশ) জন সম্মানিত অতিথি স্বাধীনতা জাদুঘর পরিদর্শন করেন।

চ) স্বাধীনতা জাদুঘরে গত ১৫/১০/২০২৩ তারিখ রবিবার ১২.৩০ ঘটিকায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব খলিল আহমদ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণায়ের অতিরিক্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, সোহরাওয়ার্দী উদ্যানের প্রকল্প পরিচালক, গণপূর্ত অধিদপ্তরের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালকসহ স্বাধীনতা জাদুঘর এবং সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত

স্বাধীনতা জাদুঘরের আশেপাশে এবং জাদুঘরের অভ্যন্তর পরিদর্শন করেন। এ সময় উপস্থিত সবাই সোহরাওয়ার্দী উদ্যান এবং স্বাধীনতা জাদুঘরের সৌন্দর্য বর্ধন ও দৃষ্টিনন্দনকরণ এবং দর্শনার্থীগণ যেন জাদুঘর পরিদর্শন করে স্বাচ্ছন্দবোধ করেন সে বিষয়ে কিছু নির্দেশনা প্রদান করেন। উক্ত পরিদর্শনে ৪০(চল্লিশ) জন সম্মানিত অতিথি স্বাধীনতা জাদুঘর পরিদর্শন করেন।

ছ) ০৮/১১/২০২৩ তারিখ বুধবার বেলা ২.৩০ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব খলিল আহমদ ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক মহোদয় স্বাধীনতা জাদুঘর ও স্বাধীনতা স্তম্ভ এবং সোহরাওয়ার্দী উদ্যানে চলমান কাজের বাস্তবায়ন অগ্রগতি দেখার জন্য স্বাধীনতা জাদুঘরের আশেপাশে এবং জাদুঘরের অভ্যন্তর সরেজমিনে পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনে ১৫(পনের) জন সম্মানিত অতিথি স্বাধীনতা জাদুঘর পরিদর্শন করেন।

জ) ১৫/১১/২০২৩ তারিখ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং গণপূর্ত অধিদপ্তরের উচ্চপদস্থ কর্মকর্তাগণ-এর সাথে ১০(দশ) জন স্বাধীনতা জাদুঘর এবং চাতালের কাজ পরিদর্শন করেন।

ঝ) ১৬/১২/২০২৩ তারিখ মহান বিজয় দিবসের দিন ১২২ (একশত বাইশ) জন সম্মানিত মুক্তিযোদ্ধা স্বাধীনতা জাদুঘর পরিদর্শন করেন।

ঞ) ২০/০১/২০২৪ তারিখ স্বাধীনতা জাদুঘরের ছাদ/চাতালের সংস্কার কাজ পর্যবেক্ষণ করার জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব মহোদয় ও গণপূর্ত অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাসহ ১২(বার) জন সম্মানিত অতিথি স্বাধীনতা জাদুঘর পরিদর্শন করেন।

ট) ২০/০২/২০২৪ তারিখ স্বাধীনতা জাদুঘরের মিলনায়তন সংস্কার কাজ পর্যবেক্ষণ করার জন্য গণপূর্ত অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাসহ ১৫(পনের) জন সম্মানিত অতিথি স্বাধীনতা জাদুঘর পরিদর্শন করেন।

ঠ) ০২/০৪/২০২৪ তারিখ মঙ্গলবার ১২.০০ ঘটিকায় বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উচ্চপদস্থ কর্মকর্তাগণ, সোহরাওয়ার্দী উদ্যানের প্রকল্প পরিচালক, গণপূর্ত অধিদপ্তরের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত স্বাধীনতা জাদুঘর, স্বাধীনতা স্তম্ভ-এর আশেপাশে এবং জাদুঘরের অভ্যন্তর পরিদর্শন করেন। এ সময় উপস্থিত সবাই সোহরাওয়ার্দী উদ্যান এবং স্বাধীনতা জাদুঘরের সৌন্দর্য বর্ধন ও দৃষ্টিনন্দন এবং দর্শনার্থীগণ যেন জাদুঘর পরিদর্শন করে স্বাচ্ছন্দবোধ করেন সে বিষয়ে কিছু সিদ্ধান্ত গ্রহণ ও নির্দেশনা প্রদান করেন। উক্ত পরিদর্শনে প্রায় ৪০(চল্লিশ) জন সম্মানিত অতিথি স্বাধীনতা জাদুঘর পরিদর্শন করেন।

ড) ১৫/০৫/২০২৪ তারিখ বুধবার বিকাল ০৩.০০ ঘটিকায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিবগণ, বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক মহোদয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উচ্চপদস্থ কর্মকর্তাগণ, সোহরাওয়ার্দী উদ্যানের প্রকল্প পরিচালক, গণপূর্ত অধিদপ্তরের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ স্বাধীনতা জাদুঘর এবং সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত স্বাধীনতা জাদুঘর, স্বাধীনতা স্তম্ভ-এর আশেপাশে সংস্কার ও আধুনিকায়ন কাজ এবং জাদুঘরের অভ্যন্তর পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনে প্রায় ১২০ (একশত) জন সম্মানিত অতিথি স্বাধীনতা জাদুঘর পরিদর্শন করেন।



১৫ মে ২০২৪ তারিখ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিবগণ ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক মহোদয় জাদুঘর পরিদর্শন করেন।

ঢ) ২৮/০৫/২০২৪ তারিখ মঙ্গলবার সকাল ৯.৩০ ঘটিকায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উচ্চপদস্থ কর্মকর্তাগণ, সোহরাওয়ার্দী উদ্যানের প্রকল্প পরিচালক, গণপূর্ত অধিদপ্তরের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ স্বাধীনতা জাদুঘর এবং সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত স্বাধীনতা জাদুঘর, স্বাধীনতা স্তম্ভ-এর আশেপাশে সংস্কার ও আধুনিকায়ন কাজ এবং জাদুঘরের অভ্যন্তর পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনে প্রায় ৩০ (ত্রিশ) জন সম্মানিত অতিথি স্বাধীনতা জাদুঘর পরিদর্শন করেন।

ণ) ৩০/০৫/২০২৪ তারিখ বৃহস্পতিবার বিকাল ৩.০০ ঘটিকায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সমন্বয়ে গঠিত দুইটি কমিটির সম্মানিত সকল সদস্যবৃন্দ সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত স্বাধীনতা জাদুঘর, স্বাধীনতা স্তম্ভ-এর আশেপাশে সংস্কার ও আধুনিকায়ন কাজ এবং জাদুঘরের অভ্যন্তর পরিদর্শন করেন। এ সময় বিবিধ সমস্যা চিহ্নিতকরণ এবং সমাধানের আলোকে বিবিধ আলোচনা করেন। উক্ত পরিদর্শনে প্রায় ৫০ (পঞ্চাশ) জন সম্মানিত অতিথি স্বাধীনতা জাদুঘর পরিদর্শন করেন।

ত) ২৬/০৬/২০২৪ তারিখ স্বাধীনতা জাদুঘরের অভ্যন্তরে পানি পড়া সরেজমিনে পরিদর্শন করার জন্য গণপূর্ত অধিদপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তাসহ ১২(বার) জন সম্মানিত অতিথি স্বাধীনতা জাদুঘর পরিদর্শন করেন।

## ছাত্র-ছাত্রীর পরিদর্শন: ২০২৩-২০২৩ অর্থবছরে স্বাধীনতা জাদুঘরে আগত ঢাকা শহরের আশে পাশের ০৫(পাঁচ) টি শিক্ষা প্রতিষ্ঠানের সর্বমোট ৩৯০ (তিনশত নব্বই) জন ছাত্র-ছাত্রী স্বাধীনতা জাদুঘর পরিদর্শন করেন।

১। **কর্মচারী:** স্বাধীনতা জাদুঘরে সরাসরি নিয়োগকৃত ১(এক) জন কর্মচারী জাতীয় জাদুঘরে কর্মরত আছে। স্বাধীনতা জাদুঘরে দৈনিক হাজিরাভিত্তিতে ৩(তিন) জন কর্মচারী কর্মরত আছে। স্বাধীনতা জাদুঘরে আউটসোর্সিং-এ ১৪(চৌদ্দ) জন কর্মচারী নিয়োগপ্রাপ্ত হলেও ১০(দশ) জন কর্মচারী কর্মরত আছে। স্বাধীনতা জাদুঘর অধীনে ১৮(আঠার) জন কর্মচারী নিয়োজিত থাকলেও বাংলাদেশ জাতীয় জাদুঘরে ৪(চার) জন ও শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালায় ১(এক) কর্মরত এবং ১৪(চৌদ্দ) জন কর্মচারী দিয়ে স্বাধীনতা জাদুঘর পরিচালনা করা হচ্ছে।

২। **স্বাধীনতা জাদুঘর পরিচালনা:** বাংলাদেশ জাতীয় জাদুঘরের সহকারী কীপার (ই) জনাব মোঃ গোলাম কাউছার স্বাধীনতা জাদুঘরের পরিচালনার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে জাদুঘর পরিচালনা করছেন।

৩। **আনসার:** স্বাধীনতা জাদুঘরে ৭(সাত) জন আনসার কর্মরত রয়েছেন।

৪। **রচনা প্রতিযোগিতা:** মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত স্বাধীনতা জাদুঘরে ২৬ মার্চ ২০২৪ রোজ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকায় শিশু-কিশোরদের 'রচনা প্রতিযোগিতা' আয়োজন করা হয়। রচনা প্রতিযোগিতায় ১২(বার) জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

৫। **সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা:** শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত স্বাধীনতা জাদুঘরে ২০ শে ফেব্রুয়ারি ২০২৪ রোজ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকায় শিশু-কিশোরদের 'সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা' আয়োজন করা হয়। সুন্দর হাতের লেখা প্রতিযোগিতায় ২৪(চব্বিশ) জন শিশু-কিশোর, শিক্ষার্থী অংশগ্রহণ করেন।



শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে শিশু-কিশোরদের 'সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা' আয়োজন করা হয়।

৬। **আলোকসজ্জায় সজ্জিতকরণ:**

(ক) মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে ১৫/১২/২০২৩ থেকে ১৬/১২/২০২৩ তারিখ পর্যন্ত ২(দুই) দিন স্বাধীনতা জাদুঘরের উত্তর-দক্ষিণ দেয়াল আলোকসজ্জায় সজ্জিতকরণ করা হয়।

(খ) মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে স্বাধীনতা জাদুঘরের ছাদের উত্তর দক্ষিণ দেয়ালে ২৬/০৩/২০২৪ থেকে ২৭/০৩/২০২৪ তারিখ পর্যন্ত মোট ২(দুই) দিন আলোকসজ্জায় সজ্জিতকরণ করা হয়।

৭। **আলোচনা সভা ও দোয়া আয়োজন:** ২৬/০৩/২০২৪ তারিখ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে স্বাধীনতা জাদুঘওে 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' বিষয়ে আলোচনা সভা আয়োজন করা হয়।

৮। **মুক্তিযুদ্ধের পোস্টার/আলোকচিত্র প্রদর্শনীঃ** মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে ১৬/১২/২০২৩ তারিখ স্বাধীনতা জাদুঘরে মুক্তিযুদ্ধের ইতিহাস ও ঐতিহ্য ভিত্তিক পোস্টার/আলোকচিত্র প্রদর্শনী করা হয়।

৯। **ড্রপডাউন ব্যানার:** ২৬/০৩/২০২৪ তারিখ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে স্বাধীনতা জাদুঘরের দেয়ালে ড্রপডাউন ব্যানার লাগানো হয়।

১০। **সৌজন্য প্রবেশ টিকিট:** মহান বিজয় দিবস ২০২৩, মহান ২১ ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ পালন, মহান স্বাধীনতা দিবস ২০২৪ উদযাপন, বাংলা নববর্ষ ১৪৩১ বঙ্গাব্দ উদযাপন উপলক্ষে সর্বমোট ১,১৯২ (এক হাজার দুইশত বিরানব্বই) জন শিশু-কিশোর, শিক্ষার্থী, শারীরিক প্রতিবন্ধী, বুদ্ধি প্রতিবন্ধী এবং সিনিয়র সিটিজেনদের সৌজন্য প্রবেশ টিকেটে স্বাধীনতা জাদুঘর পরিদর্শন করেন।

১১। বাংলাদেশ জাতীয় জাদুঘরের স্মারক নম্বর ৪৩.২২.০০০০.০০৪.০৪.৩৯৪.২৩.৭৯১, তারিখঃ ১৬/০৮/২০২৩ খ্রিস্টাব্দ অফিস আদেশ মোতাবেক আউট সোর্সিং পদ্ধতিতে নিয়োগকৃত জনাব রাকিব মিয়া, নিরাপত্তা প্রহরী-কে স্বাধীনতা জাদুঘরে ন্যস্ত করা হয়।

১২। ১৯/০৮/২০২৩ তারিখ স্বাধীনতা জাদুঘরের নিরাপত্তা সরঞ্জামাদি (আর্চওয়ে গেট, ফায়ার ব্লাংকেট, মাস্ক, হ্যান্ড মেটাল ডিটেক্টর, ব্যাগেজ কাউন্টারের জন্য কাঠের সেলফ তৈরি) ও অন্যান্য যন্ত্রপাতি সরবরাহ ও সংস্থাপন কাজের প্রাক্কলন সংক্রান্ত বিষয়ে মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর বরাবর পত্র প্রেরণ করা হয়।

১৩। ১২/০৯/২০২৩ তারিখ মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর কর্তৃক প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা বরাবর ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত 'স্বাধীনতা জাদুঘর'-এর ছাদ থেকে পানি পড়া বন্ধ, মিলনায়তন সংস্কার, এসি এবং ত্রুটিপূর্ণ বৈদ্যুতিক লাইন সংস্কার করা প্রসঙ্গে পত্র প্রেরণ করা হয়।

১৪। বাংলাদেশ জাতীয় জাদুঘরের নম্বর ৪৩.২২.০০০০.০০৪.০৪.৩৯৪.২৩.১১৩৮, তারিখ: ১৭/০৯/২০২৩ খ্রিষ্টাব্দ অফিস আদেশ মোতাবেক আউট সোর্সিং পদ্ধতিতে নিয়োগকৃত ২(দুই) জন ১) জনাব মো. মুশফিকুর রহমান, নিরাপত্তা প্রহরী ২) জনাব মনিরুজ্জামান, নিরাপত্তা প্রহরী-কে স্বাধীনতা জাদুঘরে ন্যস্ত করা হয়।

১৫। ১৮/০৯/২০২৩ তারিখ ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত 'স্বাধীনতা জাদুঘর'-এর অভ্যন্তরে বিদ্যমান মিলনায়তন সংস্কারের সম্ভাব্য প্রাক্কলন সংক্রান্ত বিষয়ে মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর বরাবর পত্র প্রেরণ করা হয়।

১৬। ১৯/০৯/২০২৩ তারিখ ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত 'স্বাধীনতা জাদুঘর'-এর অভ্যন্তর ও বাহির অংশে সংস্কার কাজের জন্য আগামী ২৩/০৯/২০২৩ তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ৮.৩০ ঘটিকা থেকে সন্ধ্যা ৬.০০ ঘটিকা পর্যন্ত এবং সাপ্তাহিক বন্ধের দিন জাদুঘর খোলা রাখা সংক্রান্ত বিষয়ে মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর বরাবর পত্র প্রেরণ করা হয়।

১৭। বাংলাদেশ জাতীয় জাদুঘরের নম্বর ৪৩.২২.০০০০.০৩৩.০২.০১৩.২৩.১১৮৪, তারিখ: ২০/০৯/২০২৩ খ্রিষ্টাব্দ অফিস আদেশ মোতাবেক ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত 'স্বাধীনতা জাদুঘর'-এর অভ্যন্তর ও বাহির অংশে সংস্কার কাজের জন্য ২৩/০৯/২০২৩ তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ৮.৩০ ঘটিকা থেকে সন্ধ্যা ৬.০০ ঘটিকা পর্যন্ত এবং সাপ্তাহিক বন্ধের দিন জাদুঘর খোলা রাখা হয়।

১৮। ২৫/০৯/২০২৩ তারিখ ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত 'স্বাধীনতা জাদুঘর'-এর অভ্যন্তরে বিদ্যমান মিলনায়তন সংস্কারের জন্য আগামী ৩০/০৯/২০২৩ তারিখ পর্যন্ত তিদিন সকাল ৯.০০ ঘটিকা থেকে রাত ১০.০০ ঘটিকা পর্যন্ত এবং সাপ্তাহিক বন্ধের দিন জাদুঘর খোলা রাখা সংক্রান্ত বিষয়ে মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর বরাবর পত্র প্রেরণ করা হয়।

১৯। বাংলাদেশ জাতীয় জাদুঘরের নম্বর ৪৩.২২.০০০০.০৩৩.০২.০১৩.২৩.১২৭১, তারিখ: ২৭/০৯/২০২৩ খ্রিষ্টাব্দ অফিস আদেশ মোতাবেক ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত 'স্বাধীনতা জাদুঘর'-এর অভ্যন্তরে বিদ্যমান মিলনায়তন সংস্কার কাজের জন্য ৩০/০৯/২০২৩ তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা থেকে রাত ১০.০০ ঘটিকা পর্যন্ত এবং সাপ্তাহিক বন্ধের দিন জাদুঘর খোলা রাখা হয়।

২০। স্বাধীনতা জাদুঘরের প্রবেশ এবং বাহির পথের ছাদের টেম্পার্ড গ্লাস পরিবর্তন, সার্ভার কক্ষে এ.সি সংস্থাপন ও বিবিধ সরবরাহ ও সংস্থাপন কাজ কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে।

২১। বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়ন্ত্রণাধীন স্বাধীনতা জাদুঘরের নিরাপত্তা সরঞ্জামাদি আর্চওয়ে গেট, ফায়ার ব্লাংকেট, হ্যান্ড মেটাল ডিটেক্টর, ব্যাগেজ কাউন্টারের জন্য কাঠের সেলফ তৈরি ও অন্যান্য যন্ত্রপাতি সরবরাহ ও সংস্থাপন কাজ কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার কর্তৃক যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে।

২২। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক স্বাধীনতা জাদুঘরের ছাদের গ্লাস পরিবর্তন করা হয়েছে।

২৩। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক স্বাধীনতা জাদুঘরের চাতালের প্রবেশ পথের লাইটসমূহ লাগানো হয়েছে। পানি পড়া বন্ধের জন্য লেকের পাশে সংস্কার কাজ চলমান রয়েছে।

২৪। বাংলাদেশ জাতীয় জাদুঘরের স্মারক নম্বর ৪৩.২২.০০০০.০০৪.০১.৪৮(২).২৩.২২৭৯, তারিখ: ৩০/১২/২০২৩ খ্রিষ্টাব্দ অফিস আদেশ মোতাবেক জনাব ইকরাম মাহমুদ, হিসাব রক্ষক (অস্থায়ী) ও জনাব মো. নাসির উদ্দিন, প্রদর্শক প্রভাষক (অস্থায়ী)-কে স্বাধীনতা জাদুঘরে পদায়ন করা হয়। পদায়নকৃত ২(দুই) জন কর্মচারী ০১/০১/২০২৪ তারিখ পূর্বাহ্নে স্বাধীনতা জাদুঘরে যোগদান করেন।

২৫। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক স্বাধীনতা জাদুঘরের মিলনায়তন সংস্কার ও আধুনিকায়ন কাজ চলমান রয়েছে।

২৬। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক স্বাধীনতা জাদুঘরের অভ্যন্তরে পানি পড়া বন্ধের জন্য লেকের পাশে সংস্কার কাজ চলমান রয়েছে।

২৭। ১৭/০২/২০২৪ তারিখ বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়ন্ত্রণাধীন স্বাধীনতা জাদুঘরের মাল্টিমিডিয়া সিস্টেম-এর আওতায় প্রজেক্টের, সাউন্ড সিস্টেম এবং পিএ সিস্টেম চালুকরণসহ বিবিধ মালামাল সরবরাহ ও সংস্থাপন কাজের সম্ভাব্য প্রাক্কলন সংক্রান্ত বিষয়ে মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর বরাবর পত্র প্রেরণ করা হয়।

২৮। ০২/০৩/২০২৪ তারিখ মহান মুক্তিযুদ্ধে ব্যবহৃত নিদর্শন ১২(বার) টি অস্ত্রসমূহ বাংলাদেশ জাতীয় জাদুঘর হতে স্বাধীনতা জাদুঘরে স্থানান্তর করা হয়। ১২(বার) টি নিদর্শনসমূহ স্বাধীনতা জাদুঘরের গ্যালারিতে অবস্থিত শোকেসসমূহে উপস্থাপন করা হয়।

২৯। বাংলাদেশ জাতীয় জাদুঘরের স্মারক নম্বর ৪৩.২২.০০০০.০০৪.০৪.৩৯৪(২).২৪.৩০১৩, তারিখ: ১০/০৩/২০২৪ খ্রিষ্টাব্দ অফিস আদেশ মোতাবেক আউট সোর্সিং পদ্ধতিতে নিয়োগকৃত জনাব মো. আরিফ হোসেন, নিরাপত্তা প্রহরী-কে স্বাধীনতা জাদুঘরে ন্যস্ত করা হয়।

৩০। বাংলাদেশ জাতীয় জাদুঘরের স্মারক নম্বর ৪৩.২২.০০০০.০০৪.০৪.৩৯৪(২).২৪.৩১৮৪, তারিখ: ৩০/০৩/২০২৪ খ্রিষ্টাব্দ অফিস আদেশ মোতাবেক আউট সোর্সিং পদ্ধতিতে নিয়োগকৃত জনাব আতিকুর রহমান, নিরাপত্তা প্রহরী-কে স্বাধীনতা জাদুঘরে ন্যস্ত করা হয়।

৩১। বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়ন্ত্রণাধীন স্বাধীনতা জাদুঘরের মাল্টিমিডিয়া সিস্টেম এর আওতায় প্রজেক্টর, সাউন্ড সিস্টেম এবং পিএ সিস্টেম চালুকরণসহ বিবিধ মালামাল সরবরাহ ও সংস্থাপন কাজ কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে।

৩২। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক স্বাধীনতা জাদুঘরের অভ্যন্তরে অশ্রুপ্রপাত (ফোয়ারা)-এর উপরের অংশের সংস্কার কাজ চলমান রয়েছে।

৩৩। বাংলাদেশ জাতীয় জাদুঘরের নম্বর ৪৩.২২.০০০০.০০৪.০৪.৩৯৪(২).২৪.৩৬৩২, তারিখ: ১১/০৫/২০২৪ খ্রিষ্টাব্দ অফিস আদেশ মোতাবেক আউট সোর্সিং পদ্ধতিতে নিয়োগকৃত জনাব আবু নাঈম, নিরাপত্তা প্রহরী-কে স্বাধীনতা জাদুঘরে ন্যস্ত করা হয়।

৩৪। বাংলাদেশ জাতীয় জাদুঘরের নম্বর ৪৩.২২.০০০০.০০৪.০৪.০৩৪.২৪.৩৬৪৪, তারিখ: ১২/০৫/২০২৪ খ্রিষ্টাব্দ অফিস আদেশ মোতাবেক জনাব নাসির উদ্দিন, প্রদর্শক প্রভাষক-কে স্বাধীনতা জাদুঘর সোহরাওয়ার্দী উদ্যান, ঢাকা থেকে বাংলাদেশ জাতীয় জাদুঘরের পর্ষদ শাখায় বদলি/সংযুক্ত করা হয়।

৩৫। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক স্বাধীনতা জাদুঘরের মিলনায়তন সংস্কার ও আধুনিকায়ন কাজ বর্তমানে বন্ধ রয়েছে।

৩৬। **সাপ্তাহিক পরিষ্কার-পরিচ্ছন্ন:** স্বাধীনতা জাদুঘরে নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন কাজ করানো হয়।

৩৭। **পোকামাকড় দূরীকরণ:** ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত ভূ-গর্ভস্থ স্বাধীনতা জাদুঘরে পোঁকামাকড় দূরীকরণের জন্য নিয়মিত এরোসল, ফিনাইল, এয়ারফ্রেশনার, কার্বোলিক এসিড দেয়া হয়।

## পল্লীকবি জসীম উদ্‌দীন জাদুঘর ও লোক সাংস্কৃতিক কেন্দ্র, ফরিদপুর



পল্লীকবি জসীম উদদীন জাদুঘর ও লোক সাংস্কৃতিক কেন্দ্রটি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়াধীন বাংলাদেশ জাতীয় জাদুঘরের একটি শাখা। ফরিদপুর সদর উপজেলার অম্বিকাপুর গ্রামে পল্লীকবি জসীম উদদীন এর বাড়ী সংলগ্ন কুমার নদ এর তীরে অবস্থিত। উক্ত প্রকল্পটির কাজ ২০০৬ সালে আরম্ভ হয়ে ২০১৪ সালে শেষ হয় এবং ফরিদপুর গণপূর্ত বিভাগ, ফরিদপুর কর্তৃক ১৬/১০/২০১৯ তারিখ আনুষ্ঠানিক ভাবে হস্তান্তর করেন। পল্লীকবি জসীম উদদীন জাদুঘর ও লোক সাংস্কৃতিক কেন্দ্রটি মাননীয় প্রধানমন্ত্রী গত ২৯ মার্চ, ২০১৭ খ্রিঃ শুভউদ্বোধন ঘোষনা করেছেন। ০৯ ডিসেম্বর ২০১৭ সালে পরীক্ষামূলক ভাবে দর্শকদের জন্য গ্যালারি খুলে দেয়া হয় যা অদ্যাবধি চলছে। জাদুঘরটি ০৪ (চার) একর জমির উপর নির্মিত । জাদুঘরে মোট ৪ টি ভবন রয়েছে। গ্যালারি ভবন, অফিস ভবন, লাইব্রেরী ভবন, ও ডরমেটরি ভবন। তাছাড়া পল্লীকবি জসীম উদদীন রচিত ও বিভিন্ন অনুষ্ঠান মালা আয়োজনের জন্য একটি উন্মুক্ত মঞ্চ রয়েছে।

### কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **মুকেশ চন্দ্র রায়**<br>সহকারী কীপার( সম) এবং ইনচার্জ পল্লীকবি জসীম উদ্‌দীন জাদুঘর ও লোক সাংস্কৃতিক কেন্দ্র, ফরিদপুর<br>ফোন নম্বর: ০১৭১৩৭৭৮৮২৬ |  |





পল্লীকবি জসীম উদ্‌দীন জাদুঘর ও লোক সাংস্কৃতিক কেন্দ্র-এর গ্যালারির ছবি

## পল্লীকবি জসীম উদ্‌দীন জাদুঘর ও লোক সাংস্কৃতিক কেন্দ্রের ২০২৩-২০২৪ অর্থবছরের দর্শক সংখ্যা।

| দেশি দর্শক সংখ্যা | শিশু দর্শক সংখ্যা | সৌজন্য দর্শক সংখ্যা | মোট দর্শক সংখ্যা |
|---|---|---|---|
| ১২,২২৪ | ২,৪১৭ | ৪০৯ | ১৫,০৫৬ |

**মোট আয় : ২,৭০,৬৫০/-**

## ২০২৩-২০২৪ অর্থবছরে আয়োজিত অনুষ্ঠান

| ক্র. নং. | অনুষ্ঠানের নাম | অনুষ্ঠানের বিবরণ |
|---|---|---|
| ০৩. | মহান বিজয় দিবস- ২০২৩ উদ্‌যাপন। | জাতীয় পতাকা উত্তোলন, বিজয় দিবসের শুভেচ্ছা জানিয়ে ড্রপডাউন ব্যানার টানানে হয়। |
| ০৪. | পল্লীকবি জসীম উদ্‌দীন এর জন্মদিন উদ্‌যাপন। | পল্লীকবি জসীম উদ্‌দীন এর কবরে ফুলেল শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়। |
| ০৫. | মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ উদ্‌যাপন। | আলোচনা সভা , সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ করা হয়। |
| ০৬. | পল্লীকবি জসীম উদ্‌দীন এর মৃত্যুবার্ষিকী পালন। | পল্লীকবি জসীম উদ্‌দীন এর কবরে ফুলেল শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়। |
| ০৮. | মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস-২০২৪ উদ্‌যাপন। | ড্রপডাউন ব্যানার তৈরি করে সজ্জিতকরণ, আলোচনা সভা এবং রচনা প্রতিযোগিতা আয়োজন করা হয়। |




মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস-২০২৪ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা এবং রচনা প্রতিযোগিতা আয়োজন করা হয়।

# নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ি জাদুঘর, কুমিল্লা



নবাব ফয়জুন্নেছা চৌধুরানী ছিলেন দক্ষিণ এশিয়ার একমাত্র প্রজাহৈতেষী নবাব। তৎকালীন কুমিল্লা মহকুমার অর্ন্তগত লাকসামের পশ্চিমগাঁও এলাকায় ১৮৩৪ খ্রি. জন্ম গ্রহণ করেন। নবাবী আমলের পুরো সময় তিনি প্রজাদের সেবায় নিয়োজিত ছিলেন। প্রজাদের কল্যাণে বহু মসজিদ, মাদ্রাসা ও দাতব্য চিকিৎসালয় স্থাপন করেন। বিশুদ্ধ পানির জন্য প্রতিটি মৌজায় পুকুর খনন করেন এবং রাস্তা-ঘাট তৈরী করেন। এই মহিয়ষী নারী নবাব ফয়জুন্নেছা ১৯০৩ খ্রি. তার নির্মিত মসজিদের পাশে চির নিন্দ্রায় শায়িত হন। তার স্মৃতি রক্ষার্থে নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়িকে বাংলাদেশ জাতীয় জাদুঘরের শাখা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়।

## কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন নম্বর | ছবি |
|---|---|---|
| ১ | **মো. আনোয়ার হোসেন**<br>সহকারী নিরাপত্তা পরিদর্শক ও ইনচার্জ নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ি জাদুঘর, লাকসাম, কুমিল্লা<br>ফোন নম্বর: ০১৭৫৩৬৬১৫৩০ |  |



নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ি জাদুঘরের গ্যালারির ছবি

## ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

১। **নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ি জাদুঘরের শুভ উদ্বোধন:** বাংলাদেশ জাতীয় জাদুঘরের শাখা হিসেবে কুমিল্লার লাকসামে ০৬ নভেম্বর ২০২৩ তারিখ নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ি জাদুঘরের শুভ উদ্বোধন ঘোষণা করা হয়। সংস্কৃতি বিষয়ক মন্ত্রালয়ের সচিব, বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক, অন্যান্য সিনিয়র সরকারি কর্মকর্তা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তির উপস্থিতিতে উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।




নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ি জাদুঘরের শুভ উদ্বোধন করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী জনাব মো. তাজুল ইসলাম, এমপি।

২। **নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ি জাদুঘর স্থাপনের চুক্তি স্বাক্ষর:** ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখে নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়িকে জাদুঘরের শাখা হিসেবে স্থাপনের উদ্দেশ্যে বাংলাদেশ সচিবালয়ে ঐতিহাসিক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব খলিল আহমদ এর উপস্থিতিতে (MoU) সমঝোতা চুক্তিতে স্বাক্ষর করেন জাতীয় জাদুঘরের মহাপরিচালক মো. কামরুজ্জামান ও প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক চন্দন কুমার দে। এছাড়া, ২৭ মে ২০২৪ তারিখে 'নবাব ফয়জুন্নেছা চৌধুরানী ওয়াকফ এস্টেট' বিষয়ে বাংলাদেশ ওয়াকফ প্রশাসন এবং বাংলাদেশ জাতীয় জাদুঘরের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।



প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সাথে বাংলাদেশ জাতীয় জাদুঘরের সমঝোতা স্মারক স্বাক্ষর



বাংলাদেশ ওয়াকফ প্রশাসন সাথে বাংলাদেশ জাতীয় জাদুঘরের সমঝোতা স্মারক স্বাক্ষর

৩। **জনবল:** নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ি জাদুঘরে ০১ জন ইনচার্জ, ০২ জন অফিস সহায়ক (দৈ:ভিঃ) ও ০৩ জন (দৈ:ভিঃ) নিরাপত্তা প্রহরীসহ মোট ০৬ জন কর্মরত রয়েছেন।

৪। **নিদর্শন:** বাংলাদেশ জাতীয় জাদুঘরের ইতিহাস ধ্রুপদী ও শিল্পকলা বিভাগের সহযোগিতায় নবাব পরিবার গুলো থেকে সংগৃহিত (ক্রমিকে) ৭৪ (চুয়াওর) টি নিদর্শন গ্যালারিতে ডিসপ্লে করা হয়েছে। এবং শতাধিক নিদর্শন সংগৃহিত আছে।

৫। **টিকেট:** নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ি জাদুঘরে ০১/১২/২০২৩ থেকে ৩০/০৬/২০২৪ খ্রিঃ পর্যন্ত ৩০৪৪ জন শিশু-কিশোর, ১১,৩৭৯ জন দেশী ও ০৪ জন বিদেশী সহ মোট ১৪,৪২৭ জন দর্শক গ্যালারিসমূহ পরিদর্শন করেন। বাংলাদেশ জাতীয় জাদুঘরের উদ্যগে আরও ০২টি গ্যালারি তৈরীর কাজ চলছে।

৬। **জাতীয় দিবস উদযাপন:** নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ি জাদুঘরে বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং জাতীয় দিবসগুলো উদযাপন করা হয়েছে।

৭। **পরিষ্কার-পরিচ্ছন্নতা:** নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ি জাদুঘর নিয়মিত ও সাপ্তাহিক ছুটির দিন পরিষ্কার-পরিচছন্ন রাখার কাজ করা হয়।

৮। **পূর্ত ও সংস্কার কাজ:**

ক) বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রচেষ্ঠায় এবং লাকসাম পৌরসভার সহযোগিতায় নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ী জাদুঘরে ০৯টি সোলার লাইট স্থাপন করা হয়েছে।

খ) লাকসাম পৌরসভার আর্থক সহযোগিতায় জাদুঘরের অভ্যন্তরে নান্দনিক রাস্তা তৈরি, পুকুর খনন এবং পুকুরের চারপাশে নান্দনিক হাটার পথ (ওয়াকওয়ে) তৈরির কাজ চলমান।

গ) গণস্বাস্থ্য প্রকৌশক শাখা লাকসাম আর্থক সহযোগিতায় ০১টি পাবলিক টয়লেট ও ০১টি বিশুদ্ধ পানির কর্নার স্থাপনের কাজ চলমান।

ঘ) বাংলাদেশ জাতীয় জাদুঘর কতৃক নবাব ফয়জুন্নেছা জাদুঘরের রংমহলকে গেস্ট হাউজ তৈরি কল্পে ভবন সংস্কারের কাজ প্রায় শেষ।

ঙ) নবাব ফয়জুন্নেছা ভবনের ২য় তলায় বসবাসরত সৈয়দা রেহানা হককে পূনঃবাসন করার জন্য লাকসাম পৌরসভার আর্থিক সহযোগিতায় ফয়জুন্নেছা মসজিদের পাশে ভবন সংস্কারের কাজ ৯৫% শেষ।



নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়িকে বাংলাদেশ জাতীয় জাদুঘরের একটি শাখা জাদুঘর হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে ২৬ অক্টোবর ২০২৩ তারিখে বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মো. কামরুজ্জামান মহোদয় জাদুঘরের কাজের অগ্রগতি পরিদর্শন করেন।

## শহীদ জননী জাহানারা ইমাম স্মৃতি জাদুঘর, এলিফ্যান্ট রোড, ঢাকা

বাংলাদেশের প্রেক্ষাপটে শহীদ জননী জাহানারা ইমাম একজন উল্লেখযোগ্য ও আলোচিত মানুষদের মধ্যে অন্যতম। তিনি ছিলেন একাধারে শিক্ষাবিদ, লেখিকা, কথা সাহিত্যিক ও একাত্তরের মহান মুক্তিযুদ্ধের মহীয়সী নারী। একাত্তরের স্মৃতি কথা নিয়ে তাঁর উল্লেখযোগ্য গ্রন্থ 'একাত্তরের দিনগুলি' দেশ জুড়ে পাঠক নন্দিত। জাহানারা ইমাম ও তাঁর ছেলে শহীদ রুমির স্মৃতি সংরক্ষণে ঢাকার এলিফ্যান্ট রোডে গড়ে তোলা হয় শহীদ জননী জাহানার ইমাম স্মৃতি জাদুঘর। একটি বড় গ্যালারি ও অফিস কক্ষের সমন্বয়ে স্বল্প পরিসরে তৈরি করা হয়েছে জাহানারা ইমাম জাদুঘরটি। ইমাম পরিবারের নানা স্মৃতি চিহ্ন ও ব্যবহার্য জিনিসপত্র সর্ব সাধারনের প্রদর্শনীর জন্য রাখা হয়েছে। মুক্তিযুদ্ধের সময় ক্র্যাক প্লাটুনের সদস্য থাকা শহীদ জননীর ছেলে জনাব শাফী ইমাম রুমীর স্বাধীনতা অর্জনে অসামান্য অবদানের কথাও তুলে ধরা হয়েছে এই জাদুঘরে। বর্তমানে এটি বাংলাদেশ জাতীয় জাদুঘরের একটি শাখা জাদুঘর। জাদুঘরটি বর্তমানে শনিবার ও মঙ্গলবার বিনা টিকেটে দর্শকদের জন্য উন্মুক্ত রাখা হয়। জাদুঘরটির অবস্থান বাসা নং- ৩৫৫, শহীদ জননী জাহানারা ইমাম সরণী, পুরাতন এলিফ্যান্ট রোড, নিউমার্কেট, ঢাকা।

### কর্মকর্তার নাম, পদবি, ফোন নম্বর ও ছবি

| ক্র. নং. | নাম, পদবি ও ফোন | ছবি |
|---|---|---|
| ১ | **তাহমিদুন নবী**<br>সহকারী কীপার (ই), বাংলাদেশ জাতীয় জাদুঘর ও<br>ইনচার্জ শহীদ জননী জাহানারা ইমাম স্মৃতি জাদুঘর<br>ফোন নম্বর : ০১৭১৯৩৪৪৮০১ |  |

**শহীদ জননী জাহানারা ইমাম স্মৃতি জাদুঘরের গ্যালারিঃ**

ভবনের ২টি কক্ষের মধ্যে ১টি কক্ষে প্রদর্শনী গ্যালারি হিসেবে প্রস্তুত করে নিদর্শন উপস্থাপন করা হয়েছে। অপর কক্ষ লাইব্রেরি, নিদর্শন স্টোর ও অফিস কক্ষ হিসেবে ব্যবহার করা হয়।





শহীদ জননী জাহানারা ইমাম স্মৃতি জাদুঘরের গ্যালারির ছবি

### ২০২৩-২০২৪ অর্থবছরের সংক্ষিপ্ত কার্যক্রম

১। **শহীদ জননী জাহানারা ইমাম স্মৃতি জাদঘুরের আনুষ্ঠানিক উদ্বোধনঃ** ২০২৪ সালের ৪ মে শহীদ জননী জাহানারা ইমাম স্মৃতি জাদুঘরের আনুষ্ঠানিক উদ্বোধন ও জনসাধারণের পরিদর্শনের জন্য বিনা টিকেটে উন্মুক্ত করে দেয়া হয়।

২। **জাদুঘর হস্তান্তরঃ** ২০২৪ সালের ৪ মে, শহীদ জননী জাহানারা ইমাম স্মৃতি জাদুঘর হস্তান্তর অনুষ্ঠান আয়োজন।

৩। **নিদর্শন পরিচর্যাঃ** শহীদ জননী জাহানারা ইমাম জাদুঘরের নিদর্শনাদির নিয়মিত পরিচর্যা, রক্ষণাবেক্ষণ, জাদুঘরের পরিস্কার-পরিচ্ছন্নতা বজায় রাখাসহ বিভিন্ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।



৪ মে ২০২৪ তারিখে শহীদ জননী জাহানারা ইমাম স্মৃতি জাদুঘর হস্তান্তর অনুষ্ঠান।



৪ মে ২০২৪ তারিখে শহীদ জননী জাহানারা ইমাম স্মৃতি জাদুঘর হস্তান্তর অনুষ্ঠানে আগত অতিথিবৃন্দ।

## বাংলাদেশ জাতীয় জাদুঘরের শাখা জাদুঘরসমূহ



আহসান মঞ্জিল জাদুঘর, নওয়াব বাড়ি, ঢাকা



ওসমানী জাদুঘর, নাইওরপুর, সিলেট



শিল্পাচার্য জয়নুল আবেদিন সংগ্রহশালা, সাহেব কোয়ার্টার, ময়মনসিংহ



জিয়া স্মৃতি জাদুঘর, কাজির দেউড়ি, চট্টগ্রাম



পল্লীকবি জসীম উদ্‌দীন জাদুঘর ও লোক সাংস্কৃতিক কেন্দ্র, অম্বিকাপুর, ফরিদপুর



সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর, কুমারখালী, কুষ্টিয়া




স্বাধীনতা জাদুঘর, সোহরাওয়ার্দী উদ্যান, ঢাকা



আব্দুল হক চৌধূরী স্মৃতিকেন্দ্র/সংগ্রহশালা, রাউজান, চট্টগ্রাম



নবাব ফয়জুন্নেছা জমিদার বাড়ি জাদুঘর, পশ্চিমগাঁও, লাকসাম, কুমিল্লা



শহীদ জননী জাহানারা ইমাম স্মৃতি জাদুঘর, এলিফ্যান্ট রোড, ঢাকা

# জাদুঘর পরিদর্শন করুন
# নিজের গৌরবময় ইতিহাস-ঐতিহ্যকে জানুন

## জাদুঘর পরিদর্শনের সময়সূচি

শনিবার থেকে বুধবার
সকাল ১০:৩০ টা থেকে বিকাল ৫:৩০ টা
শুক্রবার বিকাল ৩:০০ টা থেকে রাত ৭:৩০ টা

**বৃহস্পতিবার সাপ্তাহিক ছুটি**
এবং অন্যান্য সরকারি ছুটির দিনে জাদুঘর বন্ধ থাকে

জাদুঘর পরিদর্শনে দেশি-বিদেশি দর্শক ও
শিক্ষার্থীদের জন্য গাইড সেবার ব্যবস্থা রয়েছে
অপারগ এবং প্রতিবন্ধী দর্শকদের জন্য
হুইল চেয়ার সেবা প্রদান করা হয়
জাদুঘরের সময়সূচি অনুযায়ী বিক্রয় কেন্দ্র খোলা থাকে


# বাংলাদেশ জাতীয় জাদুঘর

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
শাহবাগ, ঢাকা-১০০০

ফোন : পিএবিএক্স: +৮৮-০২-৫৮৬১৪৮৪২, +৮৮-০২-৫৮৬১৪৮৮০, +৮৮-০২-৫৮৬১৫০১২-৩, ফ্যাক্স: +৮৮-০২-৯৬৬৭৩৮১
ই-মেইল: info@bnm.gov.bd, ওয়েবসাইট: www.bangladeshmuseum.gov.bd